৫২ ধারা। যে কার্য্যকারক রেজিষ্টরী করেন আড়কাটী প্রত্যেক বিদেশ গমনেচ্ছু প্রজাকে রেজিষ্টরী করিবার নিমিত্ত উহাকে ১॥০ দেড় টাকার অনধিক ফী দিবেন ইতি।

53 The provisions of the five preceding sections shall be applicable to all natives of India engaged by recruiters within the town of Calcutta except that they shall be brought for registration before the superin-

Registration of emigrants engaged in Calcutta. — বিদেশ গমনেচ্ছু যাহারা কলিকাতায় ধৃত হয় তাহাদের বিষয়ে সেই বিধি খাটিবার কথা।

৫৩ ধারা। মজুর সংগ্রাহকেরা কলিকাতা নগরের ভিতরে দেশস্থ লোকের সঙ্গে করার করে তাহার পূর্ব্ব পাঁচ ধারার বিধান তাহাদের প্রতি খাটিবে। বিশেষ এই যে তাহাদিগকে রেজিষ্টরী

tendent of emigration having authority in that town and not before a magistrate

54 Every native of India who shall by any recruiter be brought or induced to come from any province or district not under the control of the Lieutenant Governor of Bengal for the purpose of entering into a contract in a district under such control shall be produced by the recruiter for medical examination and registry under sections 48 and 49 at some place within the district subject to the control of the said Lieutenant Governor into which such native shall first come after having been engaged

Emigrant recruited in districts not in Bengal

55 Every recruiter who forwards or accompanies any native of India from the district or town in which he has been recruited or into which under the last preceding section he has first come, or who induces any such native to leave such district or town for the purpose of proceeding to a labor district without being duly registered as above required or who forwards accompanies or induces any such native to proceed to any depot other than the depot registered under section 49 shall be punished in respect of every such native so forwarded accompanied or induced, with a fine which may extend to fifty rupees or with imprisonment of either description for a term which may extend to one month or with both

Penalty for forwarding emigrants without registration

56 All emigrants proceeding to a depot shall be accompanied throughout the journey by the recruiter himself or by a competent person appointed by him with the approval of the magistrate by whom such emigrants have been registered The magistrate shall give to the person so appointed a certificate under his signature stating that he has been appointed for the journey to the depot

[illegible margin note]

57 Every recruiter by whom any emigrant is forwarded or accompanied to a depot shall throughout the journey provide such emigrant with proper and sufficient food and lodging If any such emigrant is not so provided with lodging or food he may complain to a magistrate of any class at any place where the recruiter fails to make such provision

[illegible margin note]

করিবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে না আনিয়া ঐ নগরের মধ্যে বিদেশগমনকার্য্যের যে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের ক্ষমতা থাকে তাঁহার নিকট আনা যাইবে ইতি।

৫৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন নয় এমত প্রদেশ কি জিলা হই তে কোন মজুর সংগ্রাহক ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে ঐ শাসনাধীন জিলায় চুক্তি করিবার নিমিত্ত আনিলে কি আসিতে প্রবৃত্তি দিলে ঐ দেশীয় ব্যক্তি করার করিলে পর উক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন যে জিলার মধ্যে প্রথমে আইসে মজুর সংগ্রাহক সেই জিলার অন্তর্গত কোন স্থানে ৪৮ ও ৪৯ ধারার বিধানমতে ডাক্তরের দেখিবার ও রেজিষ্টরী করিবার জন্যে তাহাকে উপস্থিত করিবে ইতি।

যেং জিলা বঙ্গদেশের অন্তর্গত নয় সেইং জিলায় গমনেচ্ছু ব্যক্তিদিগকে সংগ্রহ করিবার কথা।

৫৫। ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে যে জিলায় কি নগরে সংগ্রহ করিয়া আনা যায় তথাহইতে কিম্বা ইহার পূর্ব্ব ধারামতে সে প্রথমে যে জিলায় আইসে তথা হইতে যে কেহ মজুর সংগ্রাহক পূর্ব্ব বিধানমতে নিয়মিতরূপে রেজিষ্টরী না করিয়া তাহাকে চালান করিলে কি সঙ্গে করিয়া আনিলে কিম্বা মজুরী করিবার জিলায় যাইবার নিমিত্ত ঐ জিলা কি নগর ছাড়িয়া আসিতে প্রবৃত্তি দিলে কিম্বা ৪৯ ধারামতে যে আড্ডা রেজিষ্টরী করা যায় তদ্ভিন্ন কোন আড্ডায় যেতে সেই ব্যক্তিকে চালান করিলে কি সঙ্গে করিয়া আনিলে কি যাইতে প্রবৃত্তি দিলে, যত জনকে তদ্রূপ চালান করা যায় কি সঙ্গে করিয়া আনা যায় কি প্রবৃত্তি দেওয়া যায় তাহাদের প্রতি জনের নিমিত্ত ঐ চর পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা এক মাস পর্য্যন্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা এ উভয়দণ্ড হইবে ইতি।

গমনেচ্ছু ব্যক্তিদিগকে রেজিষ্টরী না করাইয়া চালান করিবার দণ্ডের কথা।

৫৬ ধারা। বিদেশগমনেচ্ছু ব্যক্তিদের আড্ডায় যাইবার সময়ে মজুর সংগ্রাহক আপনি তাহাদের সঙ্গেং সমুদয় পথ যাইবে কিম্বা যে মাজিষ্ট্রেট সাহেব ঐ গমনেচ্ছু ব্যক্তিদিগকে রেজিষ্টরী করিলেন তিনি ঐ মজুর সংগ্রাহক নিযুক্ত যে লোককে অনুমোদন করেন সেই লোক তাহাদের সঙ্গে যাইবে। তদ্রূপে যে ব্যক্তি নিযুক্ত হয় সে আড্ডাপর্য্যন্ত সমুদয় পথ যাইতে নিযুক্ত হইয়াছে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে এই মর্ম্মের সর্টিফিকট দিবেন ইতি।

গমনেচ্ছু ব্যক্তিদের সঙ্গে মজুর সংগ্রাহকের আড্ডা পর্য্যন্ত যাইবার কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের অনুমোদিত ব্যক্তিকে পাঠাইবার কথা।

৫৭ ধারা। যে মজুর সংগ্রাহক গমনেচ্ছু কোন ব্যক্তিকে আড্ডায় চালান করে কি সঙ্গে করিয়া লইয়া যায় সে গমনেচ্ছু ঐ ব্যক্তির সমুদয় পথে প্রয়োজনমত ও উপযুক্ত আহার পাইবার ও থাকিবার স্থানের বিধান করিবে। ঐ গমনেচ্ছু ব্যক্তির থাকিবার স্থানের ও আহারের বিধান করা না গেলে মজুর সংগ্রাহক যে স্থানে তদ্রূপ বিধান করি

পথের মধ্যে গমনেচ্ছু ব্যক্তিদের আহারের ও থাকিবার বিধান মজুর সংগ্রাহকের করিবার কথা।

and such recruiter shall be punished by any such magistrate with fine which may extend to fifty rupees The whole or any portion of such fine may be awarded to such emigrant as compensation If the fine be not paid within twenty four hours the recruiter shall be punished with imprisonment which may extend to one month, and such magistrate may cancel the engagement

বার ত্রুটি করে বিদেশগমনেচ্ছু ব্যক্তি সেই স্থানের কোন শ্রেণীর মাজিষ্ট্রেটের নিকট নালিশ করিতে পারিবে। ও সেই মাজিষ্ট্রেট ঐ মজুর সংগ্রাহকের পঞ্চাশ টাকার অনধিক জরীমানা করিবেন। সেই জরীমানার সমুদয় টাকা কি তাহার একাংশ ক্ষতিপূরণস্বরূপ ঐ গমনেচ্ছু ব্যক্তিকে দেওয়া যাইতে পারিবে। চব্বিশ ঘন্টার মধ্যে ঐ জরীমানার টাকা না দেওয়া গেলে মজুর সংগ্রাহকের এক মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে ও সেই মাজিষ্ট্রেট গমনেচ্ছু ব্যক্তির সঙ্গে ঐ করার বাতিল করিতে পারিবেন ইতি

Chapter 6 —*Depot*

৬ পরিচ্ছেদ।—আড্ডার কথা।

Contractor to report arrival of emigrants

58 Within twenty-four hours after the arrival at any depôt of any emigrant, the contractor by whom such depot is maintained shall give to the superintendent of emigration a notice in writing of such arrival which notice shall be in such form and shall contain such particulars as the superintendent shall prescribe

বিদেশগমনেচ্ছু ব্যক্তিরা পহুছিলে কন্‌ট্রাকটরের রিপোর্ট করিবার কথা।

৫৮ ধারা। বিদেশগমনেচ্ছু লোক কোন আড্ডায় পহুছিলে পর যে কনট্রাকটর ঐ আড্ডা রাখে সে চব্বিশ ঘন্টার মধ্যে বিদেশগমন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে তাহাদের পহুছিবার নোটিস লিখিয়া দিবেন। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ নোটিস লিখিবার যে পাঠ নির্দ্দিষ্ট করেন ও তন্মধ্যে যে২ কথা লিখিবার আদেশ করেন নোটিস সেই পাঠে লেখা যাইবে ও তন্মধ্যে সেই২ বর্ণনা থাকিবে ইতি।

Emigrants to be inspected on arrival

59 The copy of the registration and the medical certificate of every emigrant received by the superintendent as above provided shall be shown to the medical inspector and all emigrants shall be inspected by the medical inspector as soon as may be after their arrival at the depôt If he be satisfied of the fitness of an emigrant to journey to and labor in a labor district he shall countersign the copy of the registration if he be not satisfied thereof he shall give a certificate to that effect to the superintendent

বিদেশগমনেচ্ছু লোক পহুছিলেই তাহাদিগকে পরিদর্শনকারি ডাক্তর সাহেবের দেখিবার কথা।

৫৯ ধারা। পূর্ব্বলিখিত বিধানমতে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব বিদেশগমনেচ্ছু প্রত্যেক জনের রেজিষ্টারির কথার যে নকল ও ডাক্তরের যে সর্টিফিকট পান তাহা পরিদর্শনকারি ডাক্তর সাহেবকে দেখান যাইবে। এবং গমনেচ্ছু ব্যক্তিরা আড্ডায় পহুছিলে পর যত শীঘ্র হইতে পারে পরিদর্শনকারি ডাক্তর সাহেব তাহাদের সকলকে ভাল করিয়া দেখিবেন। গমনেচ্ছু কোন ব্যক্তি মজুরী করিবার জিলায় গিয়া কর্ম্ম করিবার যোগ্য তিনি ইহা হৃদ্বোধমতে জানিলে রেজিষ্টরী কথার নকলে আড়সহী করিবেন। তাহা হৃদ্বোধমতে না জানিলে তিনি সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন।

Medical inspector to examine emigrants if medical certificate not given

The medical inspector shall examine any emigrant in regard to whom a medical certificate is not forthcoming and shall certify whether such emigrant is in his opinion in a fit state of health and able in point of physical condition to journey to and work for hire in a labor district and if satisfied of his fitness he shall countersign the copy of the registration

ডাক্তরের সর্টিফিকট না দেওয়া গেলে গমনেচ্ছু ব্যক্তিকে পরিদর্শনকারি ডাক্তরের দেখিতে হই বার কথা।

গমনেচ্ছু কোন ব্যক্তির বিষয়ে ডাক্তরের সর্টিফিকট দেখান না গেলে পরিদর্শনকারি ডাক্তর সাহেব তাহাকে দেখিবেন ও তাহার বিবেচনামতে ঐ গমনেচ্ছু ব্যক্তির স্বাস্থ্য বিবেচনায় সে মজুরী করিবার জিলায় যাইতে ও তাহার শারীরিক অবস্থা বিবেচনায় সে মজুরী লইয়া কর্ম্ম করিতে সক্ষম কি না ইহার সর্টিফিকট লিখিবেন এবং সে উপযুক্ত লোক তিনি ইহা হৃদ্বোধমতে জানিলে ঐ রেজিষ্টরী কথার নকলে আড়সহী করিবেন ইতি।

62 Every emigrant who is passed by the medical inspector as in a fit state of health and able to journey to and labor in a labor district, shall be required to execute a contract before he is forwarded from the depot. The contract shall be executed in duplicate in the presence of the superintendent of emigration by the emigrant and by the employer to whom he is engaged or his agent, and shall be attested by the superintendent, and one copy thereof shall be given to the emigrant and the other copy thereof to the employer or his agent. The contract may be written or printed or partly written and partly printed, and shall be on substantial paper.

If m g t i p d ly med l p t r t t b c t d [illegible]

Provided that no contract shall be executed by an emigrant until the superintendent has satisfied himself by personal explanation of the condition of the contract and by examination of such emigrant that the emigrant comprehends the nature of the contract and is willing to bind himself to abide by the conditions thereof.

after [illegible]

An abstract of every such contract shall be entered in a register to be kept by the superintendent for the purpose, and a copy of such entry or of the contract authenticated by himself shall be forwarded by him within seven days to the magistrate of the labor district to which such emigrant is to proceed.

Co t ct t be e t red n r h t d py t t mag st t fl bor d t [illegible]

63 Either copy of the contract or the authenticated abstract forwarded by the superintendent, shall be deemed to be primary evidence in any court of the contents of the contract.

Proof of contract.

64 Any emigrant who without reasonable cause refuses to execute such contract shall, if the terms of it correspond with those entered in the register of the magistrate of the district in which he was engaged, be punished with a fine equal in amount to the entire cost incurred by or on behalf of the contractor or the garden sirdar as the case may be in engaging, registering and conveying him to the depot, and in default of payment of such fine, with imprisonment with or without hard labor, which may extend to two months and such

Penalty on emigrant for refusing to execute contract.

৬২ ধারা। পরিদর্শনকারি ডাক্তর সাহেব গমনেচ্ছু যে ব্যক্তিকে স্বাস্থ্য বিবেচনায় মজুরী করিবার জিলায় যাত্রা ও কর্ম্ম করিবার উপযুক্ত ও সক্ষম বলিয়া গ্রাহ্য করেন তাহাকে আডডাহইতে চালান করিবার পূর্ব্বে চুক্তিপত্র করিয়া দিবার আজ্ঞা হইবে। গমনেচ্ছু ব্যক্তি ও যে কর্ত্তার নিকট সে করারবদ্ধ হইয়াছে তিনি কিম্বা তাহার এজেন্ট সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের সাক্ষাতে দোহর চুক্তিপত্রে স্বাক্ষর করিয়া দিবেন ও সুপরিন্টেণ্ডেন্ট সাহেব সাক্ষীস্বরূপ তাহাতে স্বাক্ষর করিবেন ও গমনেচ্ছু ব্যক্তিকে তাহার এককেতা ও সেই কর্ত্তাকে কি তাঁহার এজেন্টকে অন্য কেতা দেওয়া যাইবে। সেই চুক্তিপত্র উত্তম কাগজে ছাপা কি লেখা যাইতে কিম্বা তাহার একাংশ লেখা একাংশ ছাপা হইতে পারিবে।

পরিদর্শনকারি ডাক্তর গমনেচ্ছু ব্যক্তিকে গ্রাহ্য করিলে চুক্তি করিতে হইবার কথা।

কিন্তু গমনেচ্ছু ব্যক্তি সেই চুক্তির ভাব বুঝিয়াছে ও আপনি তাহার নিয়ম মানিতে বদ্ধ হইতে ইচ্ছুক আছে সুপরিন্টেণ্ডেন্ট সাহেব আপনি তাহাকে চুক্তিপত্রের নিয়ম বুঝাইয়া দিয়া ও সেই গমনেচ্ছু ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিয়া ইহা স্ববোধমতে না জানিলে গমনেচ্ছু ব্যক্তি চুক্তিপত্রে স্বাক্ষর করিবে না।

সুপরিন্টেণ্ডেন্ট সাহেব আপনি জিজ্ঞাসা করিলে পর স্বাক্ষর হইবার কথা।

সুপরিন্টেণ্ডেন্ট সাহেব ঐ চুক্তিপত্র লিখিয়া রাখিবার একখান রেজিস্টরী বহী রাখিবেন তন্মধ্যে উক্ত প্রত্যেক চুক্তিপত্রের চুম্বক লিখিবেন ও গমনেচ্ছু সেই ব্যক্তি মজুরী করিবার যে জিলায় যাইবে সাত দিনের মধ্যে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট ঐ লিখিত কথার নকল কিম্বা আপনার স্বাক্ষর করা ঐ চুক্তিপত্রের নকল পাঠাইবেন ইতি।

চুক্তিপত্র রেজিষ্টরী বহীতে লিখিবার ও তাহার নকল মজুরী করিবার জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবার কথা।

৬৩ ধারা। সুপরিন্টেণ্ডেন্ট সাহেব চুক্তিপত্রের যে নকল কিম্বা আপনার স্বাক্ষর করা ঐ পত্রের যে চুম্বক পাঠান কোন আদালতে তাহাই ঐ চুক্তিপত্রের মর্ম্মের আদিম প্রমাণ বলিয়া জ্ঞান হইবে ইতি।

চুক্তিপত্রের প্রমাণের কথা।

৬৪ ধারা। যুক্তিসিদ্ধ কারণ না থাকিলেও গমনেচ্ছু কোন ব্যক্তি তদ্রূপ চুক্তিপত্র করিয়া দিতে স্বীকার না করিলে তাহার সঙ্গে যে জিলায় করার করা গেল সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের রেজিস্টরী বহীর লিখিত কথার সঙ্গে যদি সেই চুক্তির নিয়ম মিলে তবে উক্ত ব্যক্তির সঙ্গে করার করিতে ও রেজিস্টরী করিতে ও তাহাকে আডডায় চালান করিতে কনট্রাক্টর কিম্বা বিষয়বিশেষে বাগানের সরদারের দ্বারা কি তাহার পক্ষে সর্ব্বসুদ্ধ যত টাকা খরচ হইয়াছে, সেই ব্যক্তির সম্পূর্ণ তত টাকা জরীমানা হইবে ও সেই জরীমানার টাকা

গমনেচ্ছু ব্যক্তি চুক্তিপত্র করিয়া দিতে স্বীকার না করিলে তাহার দণ্ডের কথা।

emigrant shall forthwith be discharged from such depôt. A certificate signed by the superintendent that reasonable cause for refusing to execute the contract has not been shown, shall be admissible as *prima facie* evidence in any proceeding taken under this section. Every fine levied under the provisions of this section shall be paid to the contractor or garden sirdar by whom or on whose behalf the person from whom such fine shall have been levied was originally registered.

Penalty on contractor failing to produce contract.

65. If within thirty days after the arrival of any emigrant at a depôt the contractor by whom or on whose behalf such emigrant shall have been registered does not tender to him for execution such contract as under the provisions of the preceding sections he would be bound to execute, or if such contractor or the employer of the garden sirdar without the consent of the superintendent refuses to be bound by the agreement made by the recruiter or garden sirdar with the emigrant, the superintendent may order the contractor or garden sirdar to pay to such emigrant such sum of money as to the superintendent shall seem necessary to enable such emigrant to return to the place where he was registered, and in such case such emigrant shall not be bound to execute any contract.

Superintendent may file suit on behalf of emigrant for breach of contract.

66. The superintendent may in any case in which it seems to him proper to do so, institute a suit on behalf of the emigrant against the contractor or the employer of the garden sirdar for the recovery of damages for any breach of contract. In every such suit the contract entered into by the recruiter shall be deemed to have been entered into by and to be binding on the contractor or the employer of the garden sirdar as the case may be.

Recovery of sums ordered to be paid by superintendent.

67. If any contractor or garden sirdar who may be ordered under the provisions of sections 60, 61 and 65 to pay any sum of money shall for twenty four hours omit to comply with such order, it shall be lawful for the superintendent to advance the amount so ordered to be paid to the person named in such order, and to recover from such contractor or garden sirdar or his employer the sum so advanced with interest at the rate of twelve per cent per annum from the date of such advance.

না দিলে তাহার দুই মাসপর্য্যন্ত কঠিন পরিশ্রম সহিত কি তদ্ব্যতীত কারাদণ্ড হইবে ও তাহাকে তৎক্ষণাৎ সেই আড্ডাহইতে বিদায় করিয়া দেওয়া যাইবে। এই ধারামতে মোকদ্দমাঘটিত কোন কার্য্য হইলে ঐ ব্যক্তির চুক্তিপত্র কবুল দিতে অস্বীকার করিবার যুক্তিসিদ্ধ কোন কারণ প্রকাশ হয় নাই সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের স্বাক্ষর করা এই মর্ম্মের সর্টিফিকট আদি দৃষ্ট প্রমাণ স্বরূপ গ্রাহ্য হইবে। এই ধারার বিধানমত জরীমানার টাকা আদায় হইলে ঐ জরীমানার টাকা যে ব্যক্তির স্থানে আদায় করা যায় তাহাকে প্রথমে যে কনট্রাকটরের কি বাগানের যে সরদারের দ্বারা কি যাহার পক্ষে রেজিস্টরী করা গেল তাহাকেই ঐ টাকা দেওয়া যাইবে ইতি।

কনট্রাকটর চুক্তির বিধান করিতে ত্রুটি করিলে দণ্ডের কথা।

৬৫ ধারা। পূর্ব্বোক্ত কএক ধারার বিধানমতে বিদেশগমনেচ্ছু ব্যক্তির যে চুক্তি করিয়া দিতে হইবে যাহার দ্বারা কি যাহার পক্ষে তাহাকে রেজিস্টরী করা যায় সেই কনট্রাকটর যদি ঐ গমনেচ্ছু ব্যক্তির আড্ডায় পঁহুছিবার পর ত্রিশ দিনের মধ্যে তাহার সহী করিবার নিমিত্ত সেই চুক্তিপত্র না দেয় কিম্বা গমনেচ্ছু ঐ ব্যক্তির সঙ্গে মজুরস গ্রাহক কি বাগানের সরদার যে করার করিয়া থাকে তাহাতে যদি সেই কনট্রাকটর কি বাগানের সরদারের কর্ত্তা সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতি বিনাও বদ্ধ থাকিতে স্বীকার না করে তবে ঐ ব্যক্তিকে যে স্থানে রেজিস্টরী করা যায় তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার নিমিত্ত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের বিবেচনায় যত টাকা আবশ্যক হয় সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ গমনেচ্ছু ব্যক্তিকে কনট্রাকটরের কি বাগানের সরদারের তত টাকা দিতে আজ্ঞা করিবেন। এমত স্থলে বিদেশগমনেচ্ছু ঐ ব্যক্তি কোন চুক্তি করিতে বদ্ধ হইবে না ইতি।

চুক্তিভঙ্গ হইলে গমনেচ্ছু ব্যক্তির পক্ষে সুপারিন্টেণ্ডেণ্ট সাহেবের নালিশ করিতে পারিবার কথা।

৬৬ ধারা। চুক্তি কোন প্রকারে ভঙ্গ হইলে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব কোন স্থলে উচিত বোধ করিলে ঐ গমনেচ্ছু ব্যক্তির পক্ষ হইয়া কনট্রাকটরের কিম্বা বাগানের সরদারের কর্ত্তার নামে ক্ষতিপূরণের দাবীর নালিশ উপস্থিত করিতে পারিবেন। উক্ত প্রত্যেক মোকদ্দমায় মজুরস গ্রাহক যে চুক্তি করে তাহা ঐ কনট্রাকটর কিম্বা বিষয় বিশেষে বাগানের সরদারের কর্ত্তা করিয়াছেন ও তিনি তাহাতে বদ্ধ আছেন বলিয়া জ্ঞান হইবে ইতি।

সুপরিন্টেণ্ডেণ্ট যে টাকা দিবার আজ্ঞা করেন তাহা আদায় করিবার কথা।

৬৭ ধারা। কোন কনট্রাকটরের কি বাগানের সরদারের প্রতি ৬০ ও ৬১ ও ৬৫ ধারার বিধানমতে টাকা দিবার আজ্ঞা হইলে সে যদি চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ আজ্ঞামতে টাকা না দেয় তবে উক্ত আজ্ঞাপত্রে যে ব্যক্তির নাম উল্লেখ হইয়াছে তাহাকে যত টাকা দিবার আজ্ঞা হইল সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তত টাকা আগাম দিতে পারিবেন ও ঐ কনট্রাকটরের কি বাগানের সরদারের কি তাহার কর্ত্তার স্থানে সেই আগাম দেওয়ার তারিখঅবধি বৎসর শতকরা ১২ টাকার হিসাবে সুদশুদ্ধ সেই আগাম টাকা আদায় করিতে পারি

exceeding four annas per emigrant shall be paid for every such license, and it shall be in the discretion of the embarkation agent to whom application is made to grant or withhold any such license. Such license shall be in force for only one voyage to one or more of the labor districts, and shall specify the number of emigrants which the vessel is licensed to carry, and the number of persons (including the crew) other than emigrants whom such vessel is licensed to carry.

Fee for license.

Penalty for carrying without license.

The master of any vessel, in which at one time more than twenty emigrants are conveyed without a license having been obtained as aforesaid, shall be punished with fine which may extend to five hundred rupees.

Penalty for delay in despatching vessel.

71. Such license shall state the date on which the vessel shall leave the place at which the emigrants are to embark. If the vessel does not leave such place and proceed on its voyage on the day fixed, the master thereof shall be punished with a fine which may extend to five hundred rupees for each day during which the vessel remains at or within five miles of the place of embarkation. Provided that such penalty shall not be incurred if the master has previously obtained the sanction of the embarkation agent to the delay.

Fraudulent alteration of vessel after grant of certificate.

72. If the master of any vessel, after having obtained a license as aforesaid, fraudulently does or suffers to be done any act or thing whereby the state of the vessel is altered so that such vessel is unfit, in the opinion of the magistrate, for the accommodation of the number of emigrants mentioned in such license, such master shall be liable to fine.

Penalty for receiving on board more passengers than number specified in license.

73. The master of any vessel licensed to carry emigrants, who receives on board his vessel a greater number of emigrants, or of other persons than the number specified in his license, shall be liable to a fine for every emigrant and other person so received in excess of the licensed number. In computing under this Act the number of emigrants or other persons on board of any vessel, two children under the age of ten years shall be reckoned as one person only.

গমনেচ্ছু কুড়ি জনের অধিক লইয়া যাইতে পারিবেন। উক্ত প্রত্যেক লাইসেন্সের নিমিত্তে গমনেচ্ছু একং জন প্রতি ।০ আনার অনধিক ফী দিতে হবে। নৌকা দিতে চড়াইবার যে এজেন্ট সাহেবের নিকট লাইসেন্স পাইবার প্রার্থনা করা যায় তিনি আপনার বিবেচনামতে ঐ লাইসেন্স দিবেন বা না দিবেন। মজুরীকরবার এক কি একএক জিলায় কেবল একবার যাওবার নিমিত্ত ঐ লাইসেন্স দেওয়া যাইবে। নৌকাদিতে বিদেশগমনেচ্ছু যত ব্যক্তিকে লইবার অনুমতি হয় এবং গমনেচ্ছু ব্যক্তিভিন্ন ঐ জাহাজে খালাসীশুদ্ধ যত ব্যক্তিকে লইবার অনুমতি থাকে তাহা ঐ লাইসেন্সপত্রে নির্দিষ্ট থাকিবে।

লাইসেন্সের ফীর কথা।

নৌকাদির অধ্যক্ষ পূর্ব্বোক্তমত লাইসেন্স না পাইয়া কোন নৌকাদিতে একি সময়ে গমনেচ্ছু কুড়ীজনের অধিক লইয়া গেলে তাহার পাঁচ শত টাকা পর্য্যন্ত জরীমানা হইবে ইতি।

লাইসেন্স বিনা লইয়া যাইবার দণ্ডের কথা।

৭১ ধারা। বিদেশ গমনেচ্ছু ব্যক্তিরা যে স্থানে নৌকাদিতে উঠিবে সেই স্থান হইতে ঐ নৌকাদি যে তারিখে খুলিয়া যাইবে তাহা ঐ লাইসেন্সপত্রে লেখা থাকিবে। সেই তারিখে যদি নৌকাদি সেই স্থান হইতে খুলিয়া যাত্রা না করে তবে নৌকাদিতে উঠিবার স্থানে কি তথা হইতে পাঁচ মাইলের মধ্যে ঐ নৌকাদি যত দিন থাকে তাহার দিন প্রতি অধ্যক্ষের পাঁচ শত টাকা পর্য্যন্ত জরীমানা হইবে। কিন্তু যদি অধ্যক্ষ নৌকাদিতে চড়াইবার এজেন্ট সাহেবের স্থানে বিলম্ব করিবার অনুমতি পাইয়া থাকেন তবে তাঁহার সেই জরীমানা হইবে না ইতি।

নৌকাদি খুলিয়া যাইবার বিলম্ব হইলে দণ্ডের কথা।

৭২ ধারা। নৌকাদির অধ্যক্ষ পূর্ব্বোক্তমতে লাইসেন্স পাইলে পর যদি প্রতারণাক্রমে এমত কোন কার্য্য বা বিষয় করেন কি অন্যকে করিতে দেন ও লাইসেন্সপত্রে গমনেচ্ছু ব্যক্তিদের যে সংখ্যা লেখা আছে উক্ত প্রকারে পরিবর্ত্তন হওয়া প্রযুক্ত যদি মাজিষ্ট্রেটের বিবেচনায় সেই সংখ্যার লোকদের থাকিবার সুবিধা না হয় তবে সেই কাপ্তানের জরীমানা হইতে পারিবে ইতি।

সর্টিফিকট দেওয়া গেলে পর প্রতারণাক্রমে নৌকাদি পরিবর্ত্তন করিবার কথা।

৭৩ ধারা। বিদেশগমনেচ্ছু ব্যক্তিদিগকে লইবার নিমিত্তে যে নৌকাদির লাইসেন্স দেওয়া গেল ঐ লাইসেন্সপত্রে বিদেশগমনেচ্ছু কি অন্য যত ব্যক্তির সংখ্যা লেখা আছে যদি অধ্যক্ষ ঐ নৌকাদিতে তদধিক ব্যক্তিকে লন তবে লাইসেন্সপত্রের লিখিত সংখ্যার অধিক বিদেশগমনেচ্ছু কি অন্য যত ব্যক্তিকে নৌকাদিতে লওয়া যায় তাহাদের জনপ্রতি কাপ্তানের জরীমানা হইতে পারিবে। কোন নৌকাদিতে বিদেশগমনেচ্ছু ও অন্য যে ব্যক্তিরা থাকে তাহারদিগকে এই আইনমতে গণিতে হইলে দশ বৎসরের কম বয়সের দুই বালককে এক জন বলিয়া ধরিতে হইবে ইতি।

লাইসেন্সপত্রে যে সংখ্যা লেখা আছে তাহার অধিক চড়নদারকে নৌকাদিতে লইলে দণ্ডের কথা।

[Government Gazette 18th March 1873.]

74 The master of any vessel whether licensed or not, shall not take on board any emigrant if the number of such emigrants exceeds twenty, unless such emigrant or some person accompanying him shall show the pass prescribed by section 69 countersigned by the embarkation agent The master shall be liable to a fine not exceeding ten rupees for every emigrant taken on board without a pass

[Margin: Emigrants not to be taken on board without pass]

75 The master of a licensed vessel carrying emigrants shall not proceed on the voyage towards a labor district until he has received from the embarkation agent a list of all the emigrants on board

[Margin: Prohibition against master to proceed without list of emigrants on board]

Such list shall contain all the particulars noted in the pass of each such emigrant but if all the emigrants whose names are entered in any one pass embark on board the same vessel it shall be sufficient if the number and date of such pass are noted in the list The embarkation agent and the master of the vessel shall together personally ascertain that the number of emigrants on board corresponds with the number entered in such list

[Margin: List what to contain]

[Margin: To be compared with emigrants by agent and master]

If the master of such vessel allows any emigrant not entered in such list to proceed in the vessel he shall be punished with fine which may extend to five hundred rupees

[Margin: Penalty for admitting emigrant not in list]

The embarkation agent shall send a copy of the said list or an extract from it to the magistrate of the labor district to which any of the emigrants are proceeding

[Margin: Copy of list to be sent to magistrate]

76 The master of any vessel carrying emigrants who leaves a place of embarkation in progress to a labor district without having taken on board such supplies of provisions clothing, medical drugs, and other stores and such medical and other officers, and such

[Margin: Penalty for master proceeding without required supplies and officers]

৭৪ ধারা। বিদেশ গমনেচ্ছু কুড়ি জনের অধিক হইলে ৬৯ ধারায় যে পাস নির্দ্দিষ্ট হইয়াছে যদি গমনেচ্ছু প্রত্যেক ব্যক্তি কিম্বা তাহার সঙ্গি অন্য ব্যক্তি নৌকাদিতে চড়াইবার এজেন্ট সাহেবের আজ্ঞাসহী করা সেই পাস না দেখায় তবে ঐ নৌকাদির লাইসেন্স হউক বা নাই হউক অধ্যক্ষ সেই ব্যক্তিকে নৌকাদিতে লইবেন না। পাস বিনা যত জনকে নৌকাদিতে গ্রহণ করা যায় তাহাদের জন প্রতি কাপ্তানের দশ টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[Margin: বিদেশগমনেচ্ছু কোন ব্যক্তিকে পাস বিনা নৌকাদিতে না লইবার কথা।]

৭৫ ধারা। লাইসেন্স প্রাপ্ত যে নৌকাদিতে বিদেশ গমনেচ্ছু ব্যক্তিরা যাইবে সেই নৌকাদিতে গমনেচ্ছু যত জন থাকে অধ্যক্ষ নৌকাদিতে চড়াইবার এজেন্ট সাহেবের স্থানে তাহারদের এক নির্ঘণ্টপত্র না পাইলে মজুরী করিবার জিলায় যাইবার উদ্দেশে যাত্রা করিবেন না।

[Margin: বিদেশগমনেচ্ছু যত ব্যক্তি নৌকাদিতে থাকে অধ্যক্ষকে তাহারদের নির্ঘণ্টপত্র নৌকাদিতে চড়াইবার এজেন্ট সাহেবের দিবার কথা।]

বিদেশগমনেচ্ছু প্রত্যেক ব্যক্তির পাসে যে বিবরণ লেখা থাকে ঐ নির্ঘণ্টপত্রেও তাহা লেখা থাকিবে। কিন্তু এক পাসে গমনেচ্ছু অনেক ব্যক্তির নাম লেখা থাকিলে ও সকলে এক নৌকাদিতে উঠিলে ঐ নির্ঘণ্টপত্রে ঐ পাসের নম্বর ও তারিখ লেখা থাকিলেই চলতে পারিবে। নৌকাদিতে বিদেশগমনেচ্ছু যে ব্যক্তিরা থাকে তাহারদের সংখ্যা সেই নির্ঘণ্টপত্রের লিখিত সংখ্যার সঙ্গে মিলে নৌকাদিতে চড়াইবার এজেন্ট সাহেব ও অধ্যক্ষ আপনি হইয়া দেখিয়া নিশ্চয়মতে জানিয়া লইবেন।

[Margin: ঐ নির্ঘণ্টপত্রে যাহা লেখা থাকিবে তাহার কথা।]

[Margin: গমনেচ্ছু ব্যক্তিদের সঙ্গে এজেন্টের ও অধ্যক্ষের ঐ নির্ঘণ্টপত্র মিলাইয়া দেখিবার কথা।]

বিদেশগমনেচ্ছু যে ব্যক্তির কথা ঐ নির্ঘণ্টপত্রে লেখা না থাকে ঐ নৌকাদির অধ্যক্ষ এমত ব্যক্তিকে নৌকাদিতে যাইতে দিলে তাহার পাঁচশত টাকা পর্য্যন্ত জরীমানা হইবে।

[Margin: বিদেশগমনেচ্ছু যে ব্যক্তিদের কথা নির্ঘণ্টপত্রে লেখা না থাকে এমত ব্যক্তিগণকে যাইতে দিবার দণ্ডের কথা।]

বিদেশগমনেচ্ছু কোন ব্যক্তি মজুরী করিবার যে জিলায় যাইবে নৌকাদিতে চড়াইবার এজেন্ট সাহেব সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট ঐ নির্ঘণ্টপত্রের নকল কি তাহাহইতে গৃহীত কথা পাঠাইবেন ইতি।

[Margin: মাজিষ্ট্রেট সাহেবের নিকট নির্ঘণ্টপত্রের নকল পাঠাইবার কথা।]

৭৬ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নির্দ্দিষ্ট বিধিতে আহারীয় যত ও যে প্রকারের দ্রব্য ও বস্ত্র ও ঔষধপ্রভৃতি ও অন্য সরঞ্জাম ও যে ডাক্তর ও অন্য কর্ম্মকারক ও পাচক ও অন্যং চাকর নৌকাদিতে লইবার আজ্ঞা থাকে যে

[Margin: প্রয়োজনমত আহারীয় দ্রব্য ও ঔষধাদি ও ডাক্তর ও অন্যং কার্য্যকারক ও চাকরপ্রভৃতি না লইয়া চলিয়া গেলে অধ্যক্ষের দণ্ডের কথা।]

cooks and other attendants as are required under the rules prescribed by the Lieutenant Governor, shall be punished with imprisonment of either description for a term which may extend to three months or with fine which may extend to five hundred rupees

77 No vessel carrying two hundred emigrants shall be allowed to proceed on the voyage unless a medical officer, who is a licentiate in medicine, or who is declared to be qualified for such charge by order of the Lieutenant Governor has been appointed to the charge of such emigrants

V l carrying 00 m g t must ca y a qu li fied med cal ffi

78 If the master of any licensed vessel carrying emigrants save as hereinafter is provided voluntarily or negligently causes or permits any emigrant finally to leave such vessel at any place other than that named in his pass as the destination of such emigrant such master shall be liable to fine not exceeding one hundred rupees for each emigrant so disembarked Provided always that this section shall not be deemed to prevent the master of any vessel from permitting emigrants to disembark at any place or places on the voyage so long as such disembar[illegible] is not intended or known to be likely to be [illegible] nor to prevent the final disembarkation of any emigrants in case of accident or other unavoidable necessity, if such accident or necessity be forthwith reported to the embarkation agent by whom the license of such vessel was granted and to the nearest magistrate in the district within which such accident may occur or necessity arise

F ig a t n t all w d to l l t y p are t e tl that ment ned in p ss

79 The master of any licensed vessel carrying emigrants shall stop at every place in which a magistrate is stationed intermediate between the places of embarkation and disembarkation of such emigrants and shall immediately on arrival report to the magistrate the number of emigrants on board, the general state of their health, and the number of deaths (if any) which have occurred among the

Maste to repo t arrival f m grants t v ry inter medi te tat n where there is a magistr te

[Government Gazette 18th March 1873]

নৌকাদিতে গমনেচ্ছু ব্যক্তি। যে হইতে উদ্যত সেই নৌকাদির অধ্যক্ষ সেই সকল দ্রব্যাদি নৌকাদিতে না লইয়া মজুরী করিবার জিলায় যাইবার নিমিত্ত চড়িবার স্থানহইতে খুলিয়া গেলে তাহার তিন মাস পর্য্যন্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

৭৭ ধারা। যে নৌকাদিতে বিদেশগমনেচ্ছু দুই শত ব্যক্তি যাইবে চিকিৎসা কার্য্যের লাইসেনশ্যাট বলিয়া কোন ডাক্তর কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের আজ্ঞাক্রমে ক্ষমতাপন্ন বলিয়া যাহাকে প্রকাশ করা যায় এমত ব্যক্তি গমনেচ্ছু সেই ব্যক্তিদের চিকিৎসা করিবার কার্য্যে নিযুক্ত না হইলে ঐ নৌকাদি যাত্রা করিতে পারিবে না ইতি।

বিদেশগমনেচ্ছু ২০০ ব্যক্তি যে নৌকাদিতে যায় তন্মধ্যে ক্ষমতাপন্ন ডাক্তরকে লইবার কথা।

৭৮ ধারা। বিদেশগমনেচ্ছু কোন ব্যক্তির যাইবার লক্ষিত স্থান বলিয়া তাহার পাসে যে স্থানের নাম লেখা থাকে বিদেশগমনেচ্ছু ব্যক্তিদিগকে লইয়া যাইবার লাইসেন্স প্রাপ্ত কোন নৌকাদির অধ্যক্ষ পশ্চাৎ লিখিত বিধানের নির্দ্দিষ্ট স্থলভিন্ন কোন স্থলে ইচ্ছাপূর্ব্বক কি তাচ্ছল্যক্রমে উক্ত কোন ব্যক্তিকে সেই স্থানাভিন্ন কোন স্থানে নৌকাদিহইতে নামাইয়া দিলে কি চলিয়া যাইতে দিলে বিদেশগমনেচ্ছু যত ব্যক্তিকে উক্তরূপে নৌকাদিহইতে নামান যায় তাহারদের প্রত্যেক ব্যক্তির নিমিত্ত সেই অধ্যক্ষের এক শত টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। কিন্তু কোন নৌকাদির অধ্যক্ষ পথের মধ্যে কোন এক কি কএক স্থানে বিদেশগমনেচ্ছু সেই ব্যক্তিদিগকে নামিতে অনুমতি দিবেন না, এই ধারার এমত অর্থ জানিতে হইবে না, কেবল যেন নামিয়া একেবারে চলিয়া যাওয়ার অভিপ্রায় না থাকে ও সম্ভাবনা বোধ না হয়। অথবা কোন বিপত্তি হইলে কিম্বা অগত্যাগতিকে বিদেশগমনেচ্ছু ব্যক্তিদের যে একেবারে নামিয়া যাওয়া নিষেধ হইল এই ধারার এমত ভাব জানিতে হইবে না। কিন্তু নৌকাদিতে চড়াইবার যে এজেন্ট সাহেবের স্থানে ঐ নৌকাদির লাইসেন্স পাওয়া গেল তাহার নিকট এবং যে জিলায় সেই বিপত্তি কি অগত্যা গতিক হইয়াছিল সেই জিলার যে মাজিস্ট্রেট নিকটে থাকেন তাঁহার নিকট অবিলম্বে সেই বিপত্তির কি অগত্যা গতিকের রিপোর্ট করিতে হইবে ইতি

পাসে যে স্থান লেখা থাকে তদ্ভিন্ন কোন স্থানে বিদেশগমনেচ্ছু ব্যক্তির নৌকাদি ছাড়িয়া যাইতে না পারিবার কথা।

৭৯ ধারা। বিদেশগমনেচ্ছু ব্যক্তিরা যে স্থানে নৌকাদিতে উঠে ও শেষে যে স্থানে নামিয়া যাইবে এই দুইয়ের মধ্যে অন্য যে কোন স্থানে মাজিস্ট্রেট সাহেব থাকেন বিদেশগমনেচ্ছু ব্যক্তিদিগকে [illegible] প্রাপ্ত নৌকাদি সেই স্থানে [illegible] থামিয়া থাকিবেন ও নৌকাদিতে [illegible] ব্যক্তি আছে ও [illegible]

মধ্যে যে কোন স্থানে মাজিস্ট্রেট থাকেন সেই স্থানে পহুছিলেই অধ্যক্ষের রিপোর্ট করিবার কথা।

persons who embarked on such vessel and shall await the answer of the magistrate

ও সেই নৌকাদিতে যাহারা উঠিয়াছিল তাহারদের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু হইলে কত জন মরিল মাজিষ্ট্রেট সাহেবের নিকট অগ্রে এই সকল কথার রিপোর্ট করিয়া তাঁহার উত্তরের অপেক্ষায় থাকিবেন ইতি

80 A magistrate may at any time go on board of any such licensed vessel carrying emigrants within the local limits of his jurisdiction and may inspect the vessel, the emigrants and all persons on board The master and officers of such vessel shall be bound to afford to such magistrate all reasonable facility for such inspection and to give him all such information respecting the emigrants or other persons on board as may be reasonably required and respecting any deaths which may have occurred on board and respecting any other facts which may affect the health of the emigrants

Mag tr te may at any t me in p ct sel

Mast l d t g e ll nt m t eq ed

৮০ ধারা। বিদেশগমনেচ্ছু ব্যক্তিদিগকে লইয়া লাইসেন্সপ্রাপ্ত নৌকাদি কোন মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের মধ্যে আইলে তিনি কোন সময়ে সেই নৌকাদিতে উঠিয় ঐ নৌকাদি ও বিদেশগমনেচ্ছু ব্যক্তিদিগকে ও নৌকাদিতে যত ব্যক্তি থাকে তাহারদের সকলকে দেখিতে পারিবেন। মাজিষ্ট্রেট সাহেব অনায়াসে উক্ত প্রকারে দেখিতে পারেন এই কারণে ঐ নৌকাদির অধ্যক্ষ ও কর্ম্মকারকেরা যুক্তিমতে তাঁহার সর্ব্বপ্রকারে সাহায্য করিবেন ও তিনি বিদেশগমনেচ্ছু ব্যক্তিদের ও নৌকাদিগত অন্য ব্যক্তিদের বিষয়ে এবং কোন ব্যক্তির মৃত্যু হইলে সেই মৃত্যুর বিষয়ে এবং বিদেশগমনেচ্ছু ব্যক্তিদের স্বাস্থ্যঘটিত অন্য বৃত্তান্ত বিষয়ে যুক্তিমতে যেং সন্ধান জানিতে চাহেন তাহা জানাইবেন।

কোন সময়ে মাজিষ্ট্রেটের নৌকাদিতে গিয়া দেখিতে পারিবার কথা।

যে সন্ধান জানিতে চাহেন অধ্যক্ষের তাহা জানাইবার কথা।

Any master or other officer who wilfully or negligently omits to give any such information to the magistrate shall be punished with fine which may extend to five hundred rupee

l alty f r om on

কোন অধ্যক্ষ কি অন্য কর্ম্মকারক মাজিষ্ট্রেট সাহেবকে ইচ্ছাপূর্ব্বক কি অমনোযোগ হেতুক উক্ত কোন বিষয়ের সন্ধান না জানাইলে তাহার পাঁচ শত টাকা পর্য্যন্ত জরীমানা হইবে ইতি।

ন জানাইবার দণ্ডের কথা।

81 On the arrival of such vessel, or at any time during the detention of it within the local limits of his jurisdiction the magistrate may regulate the communication between such vessel and the land and may prohibit all persons from leaving the vessel and all persons on land from proceeding on board

Mag t ate n v egul t t u icatiou between v sl a d l d

৮১ ধারা। উক্ত প্রকারের নৌকাদি মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানের মধ্যে পঁহুছিলে কিম্বা আটক থাকিবার কোন সময়ে মাজিষ্ট্রেট সাহেব ঐ নৌকাদির ও ডাঙ্গার মধ্যে যাওয়া আসার বিধান করিতে পারিবেন এবং কোন ব্যক্তি নৌকা হইতে ডাঙ্গায় নামিয়া আসিতে পারিবে না ও ডাঙ্গা হইতে কোন ব্যক্তি [illegible]কাদিতে উঠিয়া যাইতে পারিবে না এমত নিষেধ করিতে পারিবেন ইতি।

নৌকাদির ও ডাঙ্গার মধ্যে গমনাগমনের বিধান মাজিষ্ট্রেট সাহেবের করিবার কথা।

82 A magistrate may require the civil medical officer of the district or other qualified medical officer, to inspect and report on the health of the emigrants on board of any vessel within the local limits of his jurisdiction and may for that purpose detain such vessel if he has reason to believe that any such emigrants are affected or are likely to be affected with any infectious or contagious disease

Mag t at may r q r med l ffi e t n p t l f th t purpose m y d tai ve sel

৮২ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানের মধ্যে কোন নৌকাদিতে বিদেশগমনেচ্ছু যে ব্যক্তিরা থাকে তিনি জিলার সিবিল ডাক্তর সাহেবকে কিম্বা ক্ষমতাপন্ন অন্য ডাক্তরকে সেই ব্যক্তিদিগকে দেখিয়া স্বাস্থ্য পক্ষে তাহারদের অবস্থার বিষয়ে রিপোর্ট করিতে আজ্ঞা দিতে পারিবেন এবং বিদেশগমনেচ্ছু উক্ত কোন ব্যক্তিদের সংক্রামক কি স্পর্শাক্রামক কোন রোগ আছে কি হইবার সম্ভাবনা থাকে কোন কারণে ইহা বোধ করিলে তিনি ডাক্তর সাহেবের দেখিবার জন্যে ঐ জাহাজ আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

ডাক্তরের প্রতি দেখিবার আজ্ঞা করিতে ও তদর্থে নৌকাদি আটকাইয়া রাখিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।

83 A magistrate may for a similar rea on de tain a party of emigrants proceeding by land to a labor district, and may re quire such medical officer to examine them, and to report on the state of their health

Magistrate may detain emigrants proceeding by land

*

84 If in any case it appears to the magistrate expedient with reference to the state of health of any such emigrants that one or more of them should not be allowed to proceed towards a labor district he may order the disembarkation and detention of any such person and in such case he shall cause all necessary arrangements to be made for their accommodation support and medical treatment

Magistrate may detain sick emigrants

All necessary expenses incurred by him in respect of emigrants so detained shall be recovered from the contractor or the employer by whom the garden sirdar is accredited by or for whom such emigrants have been engaged If any emigrant is removed under the provisions of this section from any vessel, the magistrate shall determine what proportion of the amount paid or to be paid for the conveyance of such emigrant shall be refunded and may recover such amount if paid from the master of such vessel If the amount has not been paid, the contract to pay shall be modified in accordance with such order

Expenses to be recovered

85 If it appears to a magistrate making an inspection of any such vessel that the number of emigrants on board is larger than the number specified in the license he may remove the excess number and detain them until another opportunity of forwarding them to their destination is found The necessary expense of maintaining such emigrants and of conveying them to their destination shall be recovered from the master of such vessel

Measures to be taken if excess in number of emigrants is found on board

৮৩ ধারা। বিদেশগমনেচ্ছু ব্যক্তিদের দল স্থলপথে মজুরী করিবার জিলায় যাইতেছে এমন সময়ে মাজিষ্ট্রেট সাহেব সেই কারণে তাহাদিগকে আটক করিয়া রাখিতে পারেন এবং উক্ত ডাক্তার সাহেবকে তাহাদিগকে দেখিয়া স্বাস্থ্যপক্ষে তাহাদের অবস্থার বিষয়ে রিপোর্ট করিতে আদেশ দিতে পারিবেন ইতি।

বিদেশগমনেচ্ছু যে ব্যক্তিরা স্থলপথে যায় তাহাদিগকে মাজিষ্ট্রেট সাহেবের আটকাইয়া রাখিতে পারিবার কথা।

৮৪ ধারা। স্বাস্থ্যপক্ষে বিদেশগমনেচ্ছু সেই ব্যক্তিদের অবস্থা লক্ষ করিয়া তাহাদের এক কি অধিক জনকে মজুরী করিবার জিলায় যাইতে না দেওয়া উচিত, কোন স্থলে মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করেন, তিনি সেই ব্যক্তির নৌকা হইতে নামিবার ও আটক থাকিবার আজ্ঞা দিতে পারেন। এ স্থলে তাহাদের থাকিবার স্থানের ও আহারাদির ও চিকিৎসার যে নিয়ম আবশ্যক তিনি সেই সকল নিয়ম করাইয়া দিবেন।

বিদেশগমনেচ্ছুক ব্যক্তি পীড়িত হইলে মাজিষ্ট্রেটের আটকাইয়া রাখিতে পারিবার কথা।

তাহাদের থাকিবার স্থানের ও চিকিৎসার নিয়ম করিবার কথা।

বিদেশগমনেচ্ছু যে ব্যক্তিদিগকে উক্তরূপে আটক করিয়া রাখা যায় তাহাদের নিমিত্ত তাহার আবশ্যকমত যত খরচ লাগে ঐ বিদেশগমনেচ্ছু ব্যক্তিদের সঙ্গে যে কনট্রাক্টর কি বাগানের সরদার করার করিয়াছেন কিম্বা সেই কনট্রাক্টর কি বাগানের সরদারের কর্তৃত্বে যিনি নিযুক্ত হন সেই কর্তার স্থানে ঐ খরচ ফিরিয়া লইবেন।

খরচ ফিরিয়া পাইবার কথা।

নৌকাদির ভাড়ার এক অংশ ফেরাইয়া দিবার কথা।

এই ধারার বিধানমতে বিদেশগমনেচ্ছু কোন ব্যক্তিকে কোন নৌকাদি হইতে নামাইয়া আনিলে তাহার যাইবার নিমিত্ত ভাড়া বলিয়া যত টাকা দেওয়া গিয়াছে কি যত দিতে হইবে তাহার কোন অংশ ফিরিয়া লইতে হইবে মাজিষ্ট্রেট সাহেব ইহা নির্ণয় করিবেন এবং সেই টাকা পূর্ব্বে দেওয়া গেলে ঐ নৌকাদির অধ্যক্ষের স্থানে সেই অংশ ফিরিয়া লইতে পারিবেন। পূর্ব্বে না দেওয়া গেলে ঐ ভাড়া দিবার চুক্তি সেই আজ্ঞানুসারে মতান্তর করা যাইবে ইতি।

৮৫ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব উক্তরূপ কোন নৌকাদি দেখিতে গিয়া লাইসেন্স পত্রে যত জন নির্দিষ্ট থাকে নৌকাদিতে তাহার অধিক দেখিতে পাইলে তিনি ঐ সংখ্যার অধিক সকল লোককে নামাইয়া লক্ষিত স্থানে তাহারদিগকে চালান করিবার অন্য সুযোগের অপেক্ষায় রাখিবেন। বিদেশগমনেচ্ছু সেই ব্যক্তিদিগকে আহারাদি দিয়া রাখিবার ও লক্ষিত স্থানে চালান করাইবার যে খরচ আবশ্যক হয় তাহা ঐ নৌকাদির অধ্যক্ষের স্থানে ফিরিয়া লওয়া যাইবে ইতি।

বিদেশগমনেচ্ছু ব্যক্তিদের সংখ্যার অধিক জন নৌকাদিতে পাওয়া গেলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

[Government Gazette, 18th March 1873]

93 Every medical officer who is required to make a report under the provisions of this Part shall submit such report to the magistrate and shall enter therein the name and age of each emigrant the name of his father, the place of his destination, and the name of his employer as set forth in the list prepared by the embarkation agent under the provisions of section 75

Particulars to be entered in the reports of medical officers

94 Every magistrate shall make a detailed report to the superintendent of emigration of the arrival of all emigrants and of all proceedings taken and orders passed by him under the provisions of this chapter and shall forward with such report a copy of every report made to him by a medical officer relating to emigrants proceeding to a labor district He shall also forward to the superintendent any observation which he or the medical officer may think fit to make in regard to the state of health and general condition of the emigrants When ever such reports or observations relate to emigrants carried in a licensed vessel the magistrate shall forward them to the embarkation agent by whom such emigrants were despatched and the agent shall transmit them to the superintendent with any remarks which he may desire to record

Magistrate to report arrival of all emigrants and all proceedings to the superintendent of emigration

[Reports on emigrants] ... through the embarkation agent

95 The magistrate of a district or of a division of a district may depute any subordinate magistrate to exercise the powers or perform the duties vested in a magistrate under the provisions of this Part

Magistrate may depute a subordinate magistrate to discharge the functions of the magistrate

96 Every master of a vessel or medical officer in charge of emigrants on board of any vessel carrying emigrants who shall wilfully or negligently refuse or neglect to obey or to enforce on board of such vessel any rule which is prescribed in this Part, or which may from time to time be prescribed by the Lieutenant Governor as aforesaid shall be punished with fine which may extend to five hundred rupees

Penalty on master or medical officer neglecting to enforce rules

[*Government Gazette* 18*th March* 1873]

৯৩ ধারা। এই অধ্যায়ের বিধানমতে কোন ডাক্তরের প্রতি রিপোর্ট করিবার আজ্ঞা হইলে তিনি মাজিষ্ট্রেট সাহেবকে রিপোর্ট দিবেন। ৭৫ ধারার বিধানমতে নৌকাদিতে চড়াইবার এজেন্ট সাহেবের নির্ঘন্টপত্র মতে ঐ ডাক্তরের রিপোর্টে বিদেশগমনেচ্ছু প্রত্যেক ব্যক্তির নাম ও বয়স ও পিতার নাম ও তাহার যাইবার লক্ষিত স্থান ও কর্ত্তার নাম লেখা থাকিবে ইতি

ডাক্তরের রিপোর্টে যেং কথা লিখিতে হইবে তাহার কথা।

৯৪ ধারা। মজুরী করিবার জিলায় গমনেচ্ছু ব্যক্তিরা পঁহুছিলে, প্রত্যেক জন মাজিষ্ট্রেট সাহেব বিদেশ গমন কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট তাহাদের পঁহুছিবার কথার ও তিনি এই পরিচ্ছেদের বিধানমতে যে সকল কার্য্য করিয়াছেন ও যে আজ্ঞা করিয়াছেন তাহার বিস্তারিত রিপোর্ট করিবেন। এবং ডাক্তর সাহেব তাহার নিকট ঐ ব্যক্তিদের বিষয়ে যে রিপোর্ট করেন তাহার নকলও আপনার রিপোর্টের সঙ্গে পাঠাইবেন আরো তিনি কিম্বা ডাক্তর সাহেব ঐ গমনেচ্ছু ব্যক্তিদের স্বাস্থ্যের অবস্থা কি সাধারণ গতিক বিষয়ে মন্তব্য কোন কথা লেখা উচিত বোধ করিলে তাহাও সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবেন। বিদেশগমনেচ্ছু যে ব্যক্তিরা লাইসেন্স প্রাপ্ত নৌকাদিতে যায় সেই ব্যক্তিদের বিষয়ে ঐ রিপোর্ট কি মন্তব্য কথা হইলে, নৌকাদিতে চড়াইবার যে এজেন্ট সাহেবের দ্বারা ঐ লোকদিগকে চালান করা যায় মাজিষ্ট্রেট সাহেব তাঁহার নিকট ঐ রিপোর্ট পাঠাইবেন, ও তিনি সেই বিষয়ে যে কোন কথা লিখিতে চাহেন তাহা লিখিয়া ঐ রিপোর্টের সঙ্গে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবেন ইতি।

বিদেশগমনেচ্ছু ব্যক্তিরা পঁহুছিলে বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট মাজিষ্ট্রেট সাহেবের সেই কথা ও সমস্ত ঘটনা রিপোর্ট করিবার কথা।

স্থলবিশেষে নৌকাদিতে চড়াইবার এজেন্ট সাহেবের দ্বারা পাঠাইবার কথা।

৯৫ ধারা। এই অধ্যায়ের বিধানমতে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি যে সকল ক্ষমতা প্রদান ও যে সকল কর্ম্ম অর্পণ করা গেল জিলার কিম্বা জিলার খণ্ডের মাজিষ্ট্রেট সাহেব সেই ক্ষমতামতে সেই কার্য্য করিবার জন্যে নিম্নতর মাজিষ্ট্রেটকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

মাজিষ্ট্রেট সাহেবের কর্ম্ম করিবার জন্যে নিম্নতর মাজিষ্ট্রেটকে নিযুক্ত করিবার কথা।

৯৬ ধারা। এই অধ্যায়ে যে বিধি করা গিয়াছে কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব পূর্ব্বোক্ত মতে সময়ং যে বিধি করেন বিদেশগমনেচ্ছু ব্যক্তিদিগকে লইয়া গমনশীল কোন নৌকাদির অধ্যক্ষ কিম্বা ঐ ব্যক্তিদের চিকিৎসা কার্য্যে নিযুক্ত ডাক্তর যদি ইচ্ছাক্রমে কি তাচ্ছল্য করিয়া তন্মধ্যে কোন বিধি মানিতে কিম্বা নৌকাদির মধ্যে প্রবল করিতে স্বীকার না করেন কি তাচ্ছল্য করেন তবে তাহার পাঁচ শত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে ইতি।

অধ্যক্ষ কি ডাক্তর বিধি প্রবল না করিলে দণ্ডের কথা।

97 Any offence against any of the provisions of this Act or of any rule to be passed as aforesaid, committed on board of any vessel may be tried by any magistrate exercising jurisdiction in any place at which emigrants may have embarked on board such vessel or may have disembarked from such vessel or in any place in which such vessel may be detained under the provisions of this Act

Trial of offences against this Act committed on board.

98 Any fine imposed on the master of a vessel under the provisions of this Part may be recovered by the attachment and sale of the vessel

Vessel liable for fine imposed on master

99 Any emigrant who deserts while in transit from the district in which he has been registered to the district in which he has engaged to labor may be punished by imprisonment of either description for a period which may extend to three months The charge of such offence may be inquired into and tried in the district in which such emigrant is apprehended or in the district in which the desertion took place or in the district in which he was registered

Punishment of emigrant for desertion

100 Women, children and aged relatives of emigrants may be allowed to accompany them if the recruiter or contractor, or garden sirdar as the case may be consents to undertake the whole expense of their maintenance and transport during their journeys in company with such emigrants to the place in which such emigrants contract to labor Such consent shall be given at the time of the registration of any such emigrant in the form set forth in schedule D annexed to this Act and shall be countersigned by the magistrate by whom the registration is made and shall be binding upon the employer with whom the contract of such emigrant has been made Copies of such document shall be furnished to all persons to whom copies of the registration are required to be furnished

All the preceding sections of this Act which relate to the maintenance, medical care and transport of emigrants shall be applicable to such women children and aged relatives and they shall remain with the emigrant whom they accompany if he be detained under the provisions of section 60 84 88 or 91

Women, children and aged relatives of emigrants accompanying them.

[গবর্ণমেণ্ট গেজেট ৮৭০ । ৮ মই]

৯৭ ধারা। এই আইনের কিম্বা পূর্ব্বোক্তমতে যে বিধি করা যাইবে নৌকাদিতে তাহার বিধানের বিপরীত কোন অপরাধ করা গেলে ঐ বিদেশগমনেচ্ছু ব্যক্তির যে স্থানে নৌকাদিতে উঠিল কিম্বা যে স্থানে নৌকাদি হইতে নামিয়া যায়, কিম্বা এই আইনের বিধানমতে ঐ নৌকাদি যে স্থানে আটক করিয়া রাখা যায় ইহার মধ্যে কোন স্থানে যে মাজিষ্ট্রেটের এলাকা থাকে তিনি সেই অপরাধের বিচার করিতে পারিবেন ইতি।

এই আইনে যে কার্য্য অপরাধ বলিয়া নির্দ্দিষ্ট হয় নৌকাদিতে সেই কার্য্য হইলে বিচার করিবার স্থানের কথা।

৯৮ ধারা। এই অধ্যায়ের বিধানমতে কোন নৌকাদির অধ্যক্ষের জরীমানার আজ্ঞা হইলে ঐ নৌকাদি ক্রোক ও বিক্রয় করিয়া সেই জরীমানা আদায় হইতে পারিবে ইতি।

নৌকাদির অধ্যক্ষের জরীমানার আজ্ঞা হইলে ঐ নৌকাদির দায়ী হইবার কথা।

৯৯ ধারা। বিদেশগমনেচ্ছু কোন ব্যক্তিকে যে জিলায় রেজিষ্টরী করা গেল সেই জিলা হইতে সে যে জিলায় মজুরী করিতে করার করিয়াছে সেই জিলায় যাইতে যদি পথের মধ্যে পলাইয়া যায় তবে তাহার তিন মাসপর্য্যন্ত কোন এক প্রকারের কারাদণ্ড হইতে পারিবে যে জিলায় তাহাকে ধরা যায় কিম্বা যে জিলা হইতে পলাইয়া যায় কিম্বা যে জিলায় তাহাকে রেজিষ্টরী করা গেল ইহার মধ্যে কোন জিলায় তাহার সেই অপরাধের নালিশের তদন্ত ও বিচার হইতে পারিবে ইতি।

বিদেশগমনেচ্ছু ব্যক্তি পলাইলে তাহার দণ্ডের কথা।

১০০ ধারা। বিদেশগমনেচ্ছু ব্যক্তিদের স্ত্রী ও সন্তান ও বৃদ্ধ আত্মীয় সঙ্গে যাইতে চাহিলে বিদেশগমনেচ্ছু সেই ব্যক্তি যে স্থানে মজুরী করিতে চুক্তি করে মজুরসংগ্রাহক কি কন্ট্রাকটর কিম্বা বিষয় বিশেষে বাগানের সরদার যদি সেই স্থানপর্য্যন্ত বিদেশগমনেচ্ছু ঐ ব্যক্তিদের সঙ্গে২ পথে যাইবার সময়ে তাহাদের আহারাদির ও নৌকাদির ভাড়া প্রভৃতি সমস্ত খরচ দিতে সম্মত হয় তবে তাহারা যাইতে পারিবে। বিদেশগমনেচ্ছু সেই ব্যক্তির রেজিষ্টরী করণসময়ে এই আইনের D তফসীলের লিখিত পাঠে ঐ সম্মতির কথা লিখিয়া দিতে হইবে। ও যে মাজিষ্ট্রেট সাহেব রেজিষ্টরী করেন তিনি ঐ পত্রে আদ্যসহী করিবেন এবং বিদেশগমনেচ্ছু ব্যক্তির চুক্তি যে কর্ত্তার সঙ্গে করা যায় তিনি তাহাতে বদ্ধ থাকিবেন। যে সকল ব্যক্তিকে ঐ রেজিষ্টরী কথার নকল দিতে আজ্ঞা হইল তাঁহাদিগকেও ঐ সম্মতি পত্রেরও নকল দিতে হইবে

এই আইনের পূর্ব্বোক্ত যে২ ধারায় বিদেশগমনেচ্ছু ব্যক্তিদের আহারাদির ও চিকিৎসার ও চালান করণের বিধান আছে, উক্ত স্ত্রী ও সন্তানগণের ও বৃদ্ধ আত্মীয়গণের প্রতিও সেই২ ধারা খাটিবে। ও তাহারা গমনেচ্ছু যে ব্যক্তির সঙ্গে যায় তাহাকে ৬০ কি ৮৪ কি ৮৮ কি ৯১ ধারামতে আটক করিয়া রাখা গেলে তাহারাও তাহার সঙ্গে থাকিবে ইতি।

বিদেশগমনেচ্ছু ব্যক্তিদের পরিবার ও সন্তান ও বৃদ্ধ আত্মীয় সঙ্গে গেলে তাহাদের কথা।

PART III

Labor Districts

Chapter 8 —Inland Labor Transport Fund

Annual rate payable by employers

101 The Lieutenant Governor may from time to time, by order published in the *Calcutta Gazette* fix a yearly rate not exceeding one rupee and eight anas per laborer for the purpose of defraying the expenses of carrying out the purposes of this Act and the sum or rate so fixed shall be paid half yearly by each employer on the last day of July and the last day of January in each year for each laborer entered in the last return of laborers furnished by such employer before such date

To be credited to Inland Labor Transport Fund

The amount so realized shall be credited to a fund which shall be called the 'Inland Labor Transport Fund' and such fund shall be at the disposal of the Lieutenant Governor for the purposes of this Act

Payment of rate how to be enforced

102 If any employer fails to pay the amount for which he is liable under the provisions of the last preceding section the magistrate shall notify such default to him and if within one month from the receipt of such notification or such longer period as may under special circumstances appear to the magistrate reasonable such employer fails to pay the amount the magistrate shall levy it by distress and sale of any moveable property which may be found in the possession or under the charge of such employer If the full amount has not been recovered by distress and sale the inspector of labor or the magistrate on behalf of the Government may sue the employer liable for the same in the civil court having jurisdiction at any place where laborers have been employed by such employer

All fees fines forfeitures and penalties to be credited to fund

103 All money realized on account of fees and on account of fines forfeitures and penalties imposed for any offence created by this Act shall save when otherwise provided under this Act, be credited to the Inland Labor Transport Fund

তৃতীয় অধ্যায়।

মজুরী কারবার জিলার কথা।

৮ পরিচ্ছেদ —দেশের মধ্যে মজুরদিগের চালান সম্পর্কীয় ফণ্ডের বিধি।

কর্ত্তারদের বৎসরং যে হিসাবে টাকা দিতে হইবে তাহার কথা।

১০১ ধারা। এই আইনের উদ্দেশ্য সফল করিবার জন্যে যে খরচ লাগে তাহা যোগাইবার নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়ং কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া মজুর প্রতি বৎসর ১। দেড় টাকার অনধিক হার ধার্য্য করিতে পারিবেন। প্রতি বৎসর জুলাই মাসের শেষ দিনের ও জানুয়ারি মাসের শেষ দিনের পূর্ব্বে প্রত্যেক জন কর্ত্তা মজুরদের যে শেষ নিরূপণ দেন তন্মধ্যে যত জন মজুর লেখা থাকে তিনি ছয়ং মাসে সেইং তারিখে জনপ্রতি সেই নিরূপিত হারানুসারে টাকা দিবেন।

ইনলণ্ড লেবর ট্রান্সপর্ট ফণ্ডে সেই টাকা জমা হইবার কথা।

তদ্রূপে যত টাকা আদায় হয় তাহা ইনলণ্ড লেবর ট্রান্সপর্ট ফণ্ডে (অর্থাৎ দেশের মধ্যে মজুরদের চালান কার্য্যের তহবিলে) জমা করিয়া দেওয়া যাইবে। ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যেমন ইচ্ছা করেন তেমনি এই আইনের কার্য্য পক্ষে সেই টাকা খরচা করিতে পারিবেন ইতি।

সেই হারে টাকা দেওয়া যরূপে প্রবল করা যাইতে পারিবে তাহার কথা।

১০২ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কোন কর্ত্তা যত টাকা দেওয়া কর্ত্তব্য তিনি সেই টাকা না দিলে মাজিষ্ট্রেট সাহেব তাঁহাকে সেই ত্রুটির নোটিস দিবেন সেই নোটিস পাইলে পর এক মাসের মধ্যে কিম্বা গতিক বিশেষ মাজিষ্ট্রেট সাহেব সেই মিয়াদ বাড়াইয়া দেওয়া যুক্তিসিদ্ধ জ্ঞান করিলে সেই মিয়াদের মধ্যে যদি ঐ কর্ত্তা ঐ টাকা দিতে ত্রুটি করেন তবে তাহার অধিকারে কি তাহার জিম্মায় অস্থাবর যে দ্রব্য পাওয়া যায় মাজিষ্ট্রেট সাহেব তাহা ক্রোক ও বিক্রয় করিয়া ঐ টাকা আদায় করিবেন। ক্রোক ও বিক্রয় করিয়াও সমুদয় টাকা আদায় না হইলে ঐ কর্ত্তার মজুরেরা যে কোন স্থানে কর্ম্ম করিয়া থাকে সেই স্থানে যে দেওয়ানী আদালতের বিচার করিবার ক্ষমতা থাকে গবর্ণমেণ্টের পক্ষ মজুরদের ইনস্পেক্টর সাহেব কিম্বা মাজিষ্ট্রেট সাহেব সেই আদালতে ঐ টাকার দায়ি কর্ত্তার নামে নালিশ করিতে পারিবেন ইতি।

ফী ও জরীমানা ও সম্পত্তিদণ্ড ও অর্থদণ্ড দ্বারা যে টাকা পাওয়া যায় তাহা ঐ তহবীলে জমা হইবার কথা।

১০৩ ধারা। ফী বলিয়া যত টাকা আদায় হয় এবং এই আইনে যেং অপরাধ নির্দ্দিষ্ট হইল তজ্জন্য জরীমানার ও সম্পত্তিদণ্ডের ও অর্থদণ্ডের দ্বারা যে টাকা আদায় হয়, এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে সেই টাকা ইনলণ্ড লেবর ট্রান্সপর্ট ফণ্ডে জমা করিয়া দেওয়া যাইবে ইতি।

108 Every inspector of laborers shall, once within each of such periods as may be fixed for such purpose by the Lieutenant Governor, visit all lands within the limits of his authority on which there shall be employed any laborers, and inspect every hospital, tent, camp, or building in any way used by any such laborers, and investigate the condition of the laborers employed, and for such purpose the inspector may require that any laborer shall be produced before him with his contract, and may make such inquiries as may to him seem proper

Periodical inspection of laborers to be made by inspector

Every such inspector shall keep books in which, from time to time, shall be entered the number of laborers then under contract with each employer the number who shall then be sick or missing, or who shall have complained of ill treatment the particulars of such complaints, and such other particulars regarding the laborers as the Lieutenant Governor shall from time to time direct

Books to be kept by inspector

Each inspector shall annually make a written report to the Lieutenant Governor through the Commissioner of the division of the aforesaid particulars, and every such report as regards the laborers under any particular employer shall at all reasonable times, be open to the inspection of such employer or any person by him appointed in writing in that behalf, and the person so inspecting shall be entitled to take a copy of the report so far as it relates to such laborers

Annual report

Such report open to inspection by employer

109 It shall be lawful for any magistrate exercising jurisdiction in the district, or any person authorized by him in writing in that behalf at any time to enter and inspect any hospital, tent, or building wholly or partially used by or for laborers and to require that any laborer shall be brought before him, and to make any inquiries which he may think proper touching the condition or treatment of any laborer

Magistrate may at any time inspect labourers buildings used by them &c.

If any employer, or other person acting for or under such employer, wilfully obstructs or impedes any entry, inspection, or enquiry, made under this or the last preceding section, he shall be punished as provided in chapter 10 of the Indian Penal Code.

Penalty for obstructing inspection or enquiry

০৮ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব মজুরদের দেখিবার যেং সময় নিরূপণ করেন মজুরদের ইনস্পেকটর সাহেব সেইং সময়ে আপনার ক্ষমতাধীন ক্ষেত্রের সীমার অন্তর্গত যেং জমীতে কোন মজুরেরা কর্ম্ম করে সেইং জমীতে গিয়া যেং হাস্পাতাল ও তাম্বু ও ছাউনিস্থান ও ঘর মজুরদের দ্বারা ব্যবহার হইয়া থাকে তাহা দেখিবেন ও সেই মজুরদের অবস্থার অনুসন্ধান লইবেন। এই কারণে আপনার সম্মুখে চুক্তিপত্রসহিত কোন মজুরকে আনাইবার আজ্ঞা দিতে পারিবেন ও যদ্রূপ অনুসন্ধান করা বিহিত বোধ করেন তাহা করিতে পারিবেন।

ইনস্পেকটরের নিরূপিত সময়ান্তরে মজুরদিগকে দেখিতে হইবার কথা।

উক্ত প্রত্যেক জন ইনস্পেকটর একং খান বহী রাখিয়া সময়েং প্রত্যেক জন কর্ত্তার নিকট চুক্তিক্রমে যত জন মজুর থাকে ও তৎকালে যত জন পীড়িত আছে কি যত জনের সন্ধান পাওয়া যায় না, ও যত জন অত্যাচারের নালিশ করে ও সেই নালিশের বৃত্তান্ত ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়েং অন্য যে বিবরণ লিখিতে আজ্ঞা করেন তাহা ঐ বহীতে লিখিয়া রাখিবেন।

ইনস্পেকটরদের বহী রাখিবার কথা।

প্রত্যেক জন ইনস্পেকটর সাহেব দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের দ্বারা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট বৎসরং উক্ত সকল বিবরণের রিপোর্ট লিখিয়া পাঠাইবেন।

বৎসরং রিপোর্ট করিবার কথা।

সেই প্রত্যেক রিপোর্টে বিশেষ যেং কর্ত্তার যে মজুরদের কথা থাকে সেইং কর্ত্তা কিম্বা লিখনক্রমে তাহার সপক্ষে নিযুক্ত কোন ব্যক্তি উপযুক্ত কোন সময়ে সেই রিপোর্ট দেখিতে পাইবেন, ও সেই রিপোর্টে সেই মজুরদের যে কথা থাকে তাহা তাঁহার নকল করিয়া লইবার অধিকার থাকিবে ইতি।

কর্ত্তার সেই রিপোর্ট দেখিতে পাইবার কথা।

০৯ ধারা। জিলার মধ্যে যে কোন মাজিস্ট্রেটের বিচারাধিপত্য থাকে তিনি কিম্বা লিখনক্রমে তাহার সপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি মজুরদের ব্যবহারের নিমিত্ত সম্পূর্ণরূপে কি অংশভাবে যে হাস্পাতাল কি তাম্বু কি ঘর থাকে তাহার মধ্যে প্রবেশ করিয়া দেখিতে পারিবেন, এবং আপনার সম্মুখে কোন মজুরকে আনাইবার আজ্ঞা দিতে পারিবেন, ও তাহার দশার ও তাহার প্রতি আচারের বিষয়ে যে কোন কথা জিজ্ঞাসা করা বিহিত বোধ করেন করিতে পারিবেন।

মজুরদিগকে ও তাহারদের গৃহাদি মাজিস্ট্রেট সাহেবের কোন সময়ে দেখিতে পারিবার কথা।

কোন কর্ত্তা কিম্বা তাঁহার পক্ষে কি তাঁহার অধীনে কর্ম্মকারক কোন ব্যক্তি ইচ্ছা করিয়া এই ধারা কি ইহার পূর্ব্ব ধারামতে গৃহাদিতে প্রবেশ করিবার কি দেখিবার কি অনুসন্ধান লইবার বাধা দিলে কি আটক করিলে, ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১০ অধ্যায়ের বিধানমতে তাহার দণ্ড হইতে পারিবে ইতি।

তাঁহার দেখিবার কি জিজ্ঞাসা করিবার বাধা দেওনের দণ্ডের কথা।

[*Government Gazette*, 18*th March* 1873]

If such incapacity extends over a period of fifteen days, the inspector of laborers, on the application of the employer, may determine the rate at which the wages of such laborer shall be paid and may declare that the days during which such incapacity continues shall not be recounted as part of the period of the contract Any order to that effect shall be endorsed on the contract

If such incapacity extends over 15 days

১৫ দিনের অধিক কর্ম্ম করিতে না পারিলে যে হারে বেতন পাইবে মজুরদের ইনস্পেকটর সাহেব কর্ত্তার প্রার্থনামতে ইহা নিরূপণ করিবেন ও সে যত দিন কর্ম্ম করিতে না পারে চুক্তিমতে তাহার মজুরী করিবার মিয়াদের মধ্যে তাহা ধরা যাইবে না ইহা প্রকাশ করিতে পারিবেন। সেই মর্ম্মের আজ্ঞা হইলে তাহা চুক্তি পত্রের পৃষ্ঠে লেখা যাইবে।

১৫ দিনের অধিক কর্ম্ম করিতে না পারিলে তাহার বিধি।

An authenticated copy of the order of the inspector under this section shall be accepted by any court as full evidence of the rate of wages to be paid to the laborer for the days to which such order relates

Proof required in action for arrear of wages

এই ধারামতে ইনস্পেকটর সাহেব যে আজ্ঞা করেন তাহার নকল যথার্থ বলিয়া স্বীকার করা গেলে বেং দিনের বিষয়ে সেইরূপ আজ্ঞা হয় সেইং দিনের নিমিত্ত মজুরকে যে হারে বেতন দিতে হইবে কোন আদালতে ঐ নকলটি ইহার সম্পূর্ণ প্রমাণ হইবে ইতি।

বাকী বেতনের নিমিত্ত নালিশ হইলে যে প্রমাণের প্রয়োজন তাহার কথা।

113 In any action brought by a laborer against his employer for arrears of wages, if it appears to the magistrate that the defendant has refused to pay the wages of the complainant at the rate stipulated in the contract on the ground of incapacity for work except under the rule contained in this section or in accordance with any condition of the contract the magistrate may award to the complainant in addition to the amount decreed as arrears of wages such damages as he may consider just

In action for arrear of wages damages may be awarded.

১১৩ ধারা। মজুর বাকী বেতনের নিমিত্ত কর্ত্তার নামে নালিশ করিলে চুক্তিমতে তাহার যে হারে বেতন পাইবার নিয়ম থাকে সে কর্ম্ম করিতে পারেন না বলিয়া প্রতিবাদী ইহার পূর্ব্ব ধারার লিখিত বিধি কিম্বা চুক্তিপত্রের কোন নিয়মভিন্ন তাহাকে সেই হারে বেতন দিলেন না মাজিষ্ট্রেট সাহেব যদি ইহা দেখিতে পান তবে বাকী বেতন বলিয়া যত টাকা ডিক্রী করেন তদ্ভিন্ন বাদির যে হানিপুরণ পাওয়া ন্যায্য বোধ করেন তাহাও পাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

বাকী বেতনের নিমিত্ত নালিশ হইলে ক্ষতিপূরণের আজ্ঞা হইতে পারিবার কথা।

114 If it shall be found that any laborer has been compelled to perform any kind of labor for which he was at the time unfit by his employer by whom he was so employed shall be liable to fine

Penalty for compelling laborer to perform work for which he is unfit

১১৪ ধারা। কোন মজুর যে সময়ে যে প্রকারের কর্ম্ম করিতে অক্ষম তাহার দ্বারা জোর করিয়া সেই কর্ম্ম করান হইয়াছে, ইহা দৃষ্ট হইলে যে কর্ত্তা তাহার দ্বারা সেই কর্ম্ম করাইলেন তাহার জরীমানা হইতে পারিবে ইতি।

মজুর যে কর্ম্ম করিতে অক্ষম তাহাকে জোর করিয়া সেই কর্ম্ম করাইলে তাহার দণ্ডের কথা।

115 If in the opinion of the inspector of laborers, any laborer shall be permanently incapacitated for the performance of his contract or any material part thereof, the inspector shall certify to that effect in writing and deliver such certificate to the employer of such laborer or some one on his behalf and from the date of such certificate the contract of such laborer shall wholly cease and determine The inspector shall make a return of all such cases of determination of contract in his report under section 108 Every laborer whose contract shall have been determined as aforesaid, shall be entitled to receive from his employer such sum, not exceeding three months wages as the inspector may award, and such sum shall be recoverable before a magistrate in the manner hereinafter provided for the recovery of wages

Discharge of laborers permanently incapacitated

১১৫ ধারা। কোন মজুর আপনার চুক্তিমত কর্ম্ম করিতে কিম্বা সেই কর্ম্মের কোন গুরুতর অংশ করিতে একেবারে অক্ষম হইয়াছে মজুরদের ইনস্পেকটর সাহেবের এই বিবেচনা হইলে, তিনি সেই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া ঐ মজুরের কর্ত্তাকে কিম্বা তাঁহার পক্ষে অন্য ব্যক্তিকে দিবেন। ও সেই সর্টিফিকটের তারিখঅবধি ঐ মজুরের চুক্তি সম্পূর্ণরূপে রহিত ও শেষ হইয়া যাইবে। ইনস্পেকটর সাহেব ১০৮ ধারামতে যে রিপোর্ট দেন তন্মধ্যে চুক্তি রহিত হইবার সেই প্রকারের কথার রিটর্ন করিবেন। কোন মজুরের চুক্তি সেই প্রকারে রহিত করা গেলে, ইনস্পেকটর সাহেব তিন মাসের বেতনের অনধিক তাহার যত টাকা পাইবার আজ্ঞা করেন কর্ত্তার স্থানে তাহার তত টাকা পাইবার অধিকার থাকিবে ও বেতনের টাকা পাইবার যেরূপ বিধান পূর্ব্বে লেখা হইয়াছে সেই টাকাও সেইরূপ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আদায় হইতে পারিবে ইতি।

মজুর একেবারেই কর্ম্ম করিতে অপারক হইলে তাহাকে ছাড়াইয়া দিবার কথা।

[*Government Gazette*, 18*th March* 1873]

Chapter 12 — Necessary Provision for Laborers

Sufficient house accommodation, water supply and sanitary arrangements to be provided

116 Whenever any laborers shall be employed in any labor district the employer of such laborers shall be bound to provide for them sufficient and proper house accommodation water supply and sanitary arrangements He shall also be bound to provide good rice or such other food as the Lieutenant Governor may direct which the laborer will be entitled to purchase at fixed rates

Hospital medicines &c to be provided

117 Every employer shall be bound to provide for his laborers such sufficient hospital accommodation and such medicines of such quality and description, and according to such scale as shall from time to time be fixed by the Lieutenant Governor and if three hundred or more laborers shall be employed by any employer, it shall be the duty of such employer to place in medical charge of such laborers a medical officer holding a medical diploma as licentiate in medicine from some Indian or European collegiate institution authorized to grant diplomas or an officer for the time being licensed by the local Government to act in such medical charge of laborers Such medical officer shall ordinarily reside within ten miles from the lands on which the laborers are employed

Enquiry if reason to suspect that employer has failed to provide as required by the rules

118 If from information or complaint or otherwise an inspector or assistant inspector has reason to suspect that any employer has omitted to provide properly and sufficiently for his laborers in accordance with the rules prescribed by the Lieutenant Governor, he may proceed to investigate the facts and circumstances of the case at any place within his jurisdiction not more than ten miles from the lands of such employer and, if he is vested with any of the powers of a magistrate, may take cognizance of the offence and dispose of the case without any complaint If he is not vested with any of the powers of a magistrate he may prefer a complaint to any competent magistrate All such cases shall be investigated and tried in accordance with the provisions of the Code of Criminal Procedure

Penalty for such failure

119 Any employer who voluntarily or negligently omits to provide properly and sufficiently for his laborers in accordance with the rules prescribed under sections 116 and 117 shall be punished by fine which may extend to five hundred rupees,

১২ পরিচ্ছেদ —মজুরদের আবশ্যক আহারাদির কথা।

থাকিবার উপযুক্ত ঘর ও জলসম্পোষ্য ও স্বাস্থ্যরক্ষার নিয়মের কথা।

১১৬ ধারা। কোন মজুরেরা মজুরী করিবার জিলায় কর্ম্ম পাইলে, তাহারদের আরামে থাকিবার উপযুক্ত ঘর ও জল সম্পোষ্য ও স্বাস্থ্য রক্ষার নিয়ম কর্ত্তার করিয়া দিতেই হইবে। এবং ভাল চাউল কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অন্য যে আহারীয় দ্রব্যের আজ্ঞা করেন তাহাও তাহার যোগাইয়া দিতেই হইবে। মজুর নিদ্ধারিত দরে তাহা ক্রয় করিবে ইতি।

হাস্পাতাল ও ঔষধাদির বিধান করিবার কথা।

১১৭ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ হাস্পাতালে থাকিবার উপযুক্ত যে স্থান ও যে হিসাবমতে যে গুণের যে প্রকারের ঔষধ নিরূপণ করেন মজুরদের নিমিত্ত কর্ত্তার সেই ঔষধাদির বিধান করিতে হইবে। কোন কর্ত্তার নিকট তিন শত কি তাহার অধিক জন মজুর কর্ম্ম করিলে, ভারতবর্ষীয় কি ইউরোপীয় যে কালেজ চিকিৎসা করিবার যোগ্যতাপত্র প্রদান করিতে ক্ষমতাপন্ন হন ঐ কর্ত্তা চিকিৎসা করিবার লাইসেন্সশ্যাট বলিয়া যোগ্যতাপত্র প্রাপ্ত কোন ডাক্তরকে সেই মজুরদিগের চিকিৎসা কর্ম্মের ভার দিয়া নিযুক্ত করিবেন। অথবা স্থানীয় গবর্ণমেণ্ট মজুরদের চিকিৎসা কর্ম্মের ভার গ্রহণার্থে যৎকালে যাহাকে অনুমতিপত্র দেন এমত ব্যক্তিকে নিযুক্ত করিবেন। মজুরেরা যে জমীতে কর্ম্ম করে ঐ ডাক্তর সামান্যত সেই জমীহইতে দশ মাইলের মধ্যে বাস করিবেন ইতি।

কর্ত্তা বিধিমতে উক্ত বিষয়ের বিধান করেন নাই এমত জ্ঞান করিবার কারণ থাকিলে অনুসন্ধান লইবার কথা।

১১৮ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে বিধি নির্দ্দিষ্ট করিলেন, কোন কর্ত্তা সেই বিধি অনুসারে মজুরদের নিমিত্ত উপযুক্তরূপে ও প্রয়োজনমতে বিধান করেন নাই ইনস্পেক্টর সাহেব কিম্বা তাঁহার আসিষ্টান্ট সন্ধান দ্বারা কিম্বা নালিশক্রমে কি অন্য কোন প্রকারে ইহা জানিতে পাইলে, তিনি ঐ কর্ত্তার জমীহইতে দশ মাইলের অদূর আপন এলাকার মধ্য কোন স্থানে ঐ বিষয়ের বৃত্তান্তের ও পূর্ব্বাপর ঘটনার অনুসন্ধান লইতে প্রবর্ত্ত হইবেন আরো তিনি মাজিষ্ট্রেটের ক্ষমতার মধ্যে কোন ক্ষমতা পাইলে নালিশ না হইলেও সেই অপরাধের বিচার ও মোকদ্দমার নিষ্পত্তি করিতে পারিবেন। মাজিষ্ট্রেটের ক্ষমতার মধ্যে কোন ক্ষমতা প্রাপ্ত না হইলে তিনি উপযুক্ত ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেটের নিকট নালিশ করিতে পারিবেন। ফৌজদারী কার্য্যবিধানের আইনের বিধানমতে উক্ত সকল মোকদ্দমার অনুসন্ধান ও বিচার হইবে ইতি।

উক্ত প্রকারের ত্রুটির দণ্ডের কথা।

১১৯ ধারা। ১১৬ ও ১১৭ ধারায় যেং বিধি নির্দ্দিষ্ট হইয়াছে কোন কর্ত্তা ইচ্ছা করিয়া কি তাচ্ছল্যক্রমে সেই বিধি অনুসারে মজুরদের নিমিত্ত উপযুক্তরূপে ও প্রয়োজনমতে বিধান না করিলে, তাঁহার ৫০০ টাকা

and by an additional fine of one hundred rupees for every day during which such omission is continued

Chapter 13 —Localities unfit for the Residence of Laborers

Inspector to report

120 If an inspector of laborers shall at any time have reason to believe that any estate or portion of an estate situated within the limits of his jurisdiction is in a condition so insalubrious or in such a situation as to be unfit for the residence of laborers, he shall report his opinion in writing to the magistrate of the district On the receipt of such information from the inspector of laborers or from any other source which he may deem reliable the magistrate shall forthwith summon a committee to inquire whether such estate or portion of estate is unfit for the residence of laborers Such committee shall consist of the magistrate the inspector of laborers the medical officer of the district and one or more employers of imported laborers when such persons are available If the magistrate is unable to procure the service on such committee of any employer of imported laborers he may with the sanction of the commissioner of the division, appoint one or more persons whom he may deem qualified

Magistrate to summon committee

Proceedings of committee

Such committee shall proceed with as little delay as possible to enquire into the condition of the estate or portion of estate to which the order appointing the committee has reference and shall hear such evidence on the subject as the owner of the estate or portion of estate or the employer or inspector may desire to place before it and if such committee, or the major part in number thereof is of opinion that such estate or portion of estate is in a condition so insalubrious or in such a situation as to be unfit for the residence of laborers it shall record a finding to that effect, and the contract of every laborer who shall have contracted to serve on such estate shall thereupon be void as regards such estate or portion of estate as may be found unfit for the residence of laborers.

If committee finds unfit contract to be void as regards such locality

Proviso as regards other localities

Provided that every such contract shall continue valid with regard to any other portion of such estate or to any other estate belonging to the same employer

পর্য্যন্ত জরীমানা হইবে এবং যত দিন তদ্রূপ ত্রুটি করিতে থাকেন দিন প্রতি তাঁহার আর একং শত টাকা জরীমানা হইবে ইতি।

১৩ পরিচ্ছেদ।—মজুরদের থাকিবার অনুপযুক্ত স্থানের কথা।

ইনস্পেকটরের রিপোর্ট করিবার কথা।

১২০ ধারা। মজুরদের ইনস্পেকটর সাহেবের এলাকার সীমার মধ্যে কোন স্থানের অন্তর্গত কোন মহাল কিম্বা মহালের কোন অংশ অস্বাস্থ্যজনক কি চতুর্দ্দিগের স্থানের দোষপ্রযুক্ত মজুরদের থাকিবার অনুপযুক্ত কোন সময়ে তাঁহার কোন কারণে এমত জ্ঞান থাকিলে, তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট লিখিয়া আপনার সেই অভিমত জানাইবেন। মাজিষ্ট্রেট সাহেব মজুরদের ইনস্পেকটরের স্থানে কিম্বা অন্য যে ব্যক্তির কথা বিশ্বাসযোগ্য জ্ঞান করেন তাঁহার স্থানে উক্ত প্রকারের সম্বাদ পাইলে সেই মহাল কিম্বা মহালের সেই অংশ মজুরদের বাস করিবার উপযুক্ত কি না এই কথার অনুসন্ধান লইবার জন্যে কমিটী করিবেন।

মাজিষ্ট্রেট সাহেবের কমিটী করিবার কথা।

মাজিষ্ট্রেট সাহেবকে এবং মজুরদের ইনস্পেকটর সাহেবকে ও জিলার ডাক্তার সাহেবকে এবং অন্য দেশ হইতে আনীত মজুরদের এক কি কএক জন কর্ত্তা পাওয়া যাইতে পারিলে তাহারদিগকে লইয়া ঐ কমিটী হইবে। অন্য দেশ হইতে আনীত মজুরদের কোন কর্ত্তাকে সেই কমিটীতে নিযুক্ত করিতে না পারিলে মাজিষ্ট্রেট সাহেব দেশবিভাগের কমিশ্যনর সাহেবের অনুমতি লইয়া অন্য যে এক কি কএক জনকে কর্ম্মের উপযুক্ত জ্ঞান করেন তাহাকে কি তাঁহারদিগকে নিযুক্ত করিতে পারিবেন।

কমিটীর কার্য্যের কথা।

যে মহাল কি মহালের যে অংশ লক্ষ করিয়া কমিটী করিবার আজ্ঞা হয় সেই কমিটী সাধ্যমতে গৌণ না করিয়া তাহার অবস্থার অনুসন্ধান লইতে প্রবর্ত্ত হইবেন। এবং ঐ মহালের কি মহালের ঐ অংশের স্বামী কিম্বা কর্ত্তা কিম্বা ইনস্পেকটর সাহেব কমিটীর সম্মুখে যে সাক্ষ্য দিতে চাহেন তাহা শুনিবেন। এবং অস্বাস্থ্যের অবস্থাপ্রযুক্ত কি চতুর্দ্দিগের স্থানের দোষপ্রযুক্ত সেই মহাল কিম্বা মহালের সেই অংশ মজুরদের থাকিবার অনুপযুক্ত ঐ কমিটীর কিম্বা কমিটীর অধিকাংশ লোকের এই অভিমত থাকিলে, তাঁহারা সেই মর্ম্মের নির্ণয়পত্র লিখিয়া দিবেন। তাহা হইলে যত জন মজুর কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে ঐ মহালসম্পর্কে কিম্বা মহালের যে অংশ মজুরদের থাকিবার অনুপযুক্ত বলিয়া জানা গেল সেই অংশসম্পর্কে তাহারদের প্রত্যেক জনের চুক্তি বাতিল হইবে।

কমিটী ঐ স্থান অনুপযুক্ত জ্ঞান করিলে ঐ স্থানসম্পর্কে ঐ চুক্তি বাতিল হইবার কথা।

অন্যং স্থানের বিষয়ে উপবিধি।

কিন্তু সেই কর্ত্তার ঐ মহালের অন্য অংশের পক্ষে কিম্বা অন্য কোন মহালের পক্ষে উক্ত প্রত্যেক চুক্তি বলবৎ থাকিবে ইতি।

[Government Gazette, 18th March 1873]

months, such laborer may be furthermore sentenced at the request of the employer, to rigorous imprisonment for fourteen days

Proviso in case of ill treatment or breach of contract

Provided that ill treatment of such laborer by his employer or the neglect of the employer to fulfil any condition of the contract, may be deemed a reasonable cause for such absence or such neglect or refusal to labor

Deserting may be apprehended without warrant

124 If any laborer deserts or attempts to desert from his employer's service such employer or any other person acting in his behalf may, without first procuring a warrant and without the assistance of any police officer (who nevertheless, shall be bound to give such assistance if called upon to do so) apprehend such laborer wherever he may be found Provided nevertheless, that if such laborer be found in the service of another employer he shall not be arrested without a warrant Provided also that such employer or other person shall within a reasonable time from the time of such apprehension give the said laborer in charge at the nearest police station and there enter the charge upon which he shall have apprehended such laborer

To be taken to nearest magistrate

Any laborer so given in charge shall be conveyed, without delay to the nearest magistrate and if the place from which such laborer is charged with having deserted be within the jurisdiction of such magistrate he shall himself adjudicate upon the charge but if not he shall forward the said laborer under custody to the magistrate within whose jurisdiction such place may be situated, who shall adjudicate upon such charge.

Punishment

125 Every laborer who deserts from his employer's service shall be liable upon conviction to rigorous imprisonment which may extend to one month and every laborer who after having been convicted of desertion, shall again desert from his employer's service shall be liable to rigorous imprisonment for a period which may extend to two months, and every laborer who, after having been twice convicted of desertion, shall again desert, shall be liable to imprisonment which may extend to three months Such punishment may be imposed in addition to the forfeiture to which such laborer is liable under section 123

[*Government Gazette*, 18*th March* 1873]

অপরাধের প্রমাণ হইয়া থাকে তবে কর্ত্তা আদেশ করিলে তাহার সেই দণ্ডভিন্ন কঠিন পরিশ্রমসহিত চৌদ্দ দিন কারাদণ্ড হইতে পারিবে।

অত্যাচার কি চুক্তি ভঙ্গ হইলে তাহার উপবিধি।

কিন্তু মজুরের প্রতি কর্ত্তার অত্যাচার কিম্বা চুক্তির কোন নিয়ম পালন করিতে কর্ত্তার ত্রুটি থাকিলে ঐ মজুরের কর্ম্মে না যাইবার কিম্বা কর্ম্ম করিতে তাচ্ছল্য করিবার কি স্বীকার না করিবার যুক্তিসিদ্ধ কারণ বলিয়া জ্ঞান হইবে ইতি।

পলায়ন করিলে বিনাপরওয়ানায় ধরা যাইতে পারিবার কথা।

১২৪ ধারা। যদি কোন মজুর আপনার কর্ত্তার কর্ম্ম ছাড়িয়া পলায় কি পলাইতে চেষ্টা করে তবে সেই কর্ত্তা কিম্বা তাহার সপক্ষ অন্য ব্যক্তি পরওয়ানা না পাইয়া ও পোলীসের কোন কর্ম্মকারকের সাহায্য না লইয়া যেখানে তাহাকে পান সেইখানে ধরিয়া লইতে পারিবেন। পোলীসের কর্ম্মকারকের নিকট সাহায্য চাহিলে তাহার অবশ্য সাহায্য করিতে হইবে। পরন্তু সেই মজুরকে অন্য কর্ত্তার নিকট কর্ম্ম করিতে দেখা গেলে তাহাকে পরওয়ানা বিনা ধরা যাইতে পারিবে না আরো সেই কর্ত্তা কিম্বা উক্ত অন্য ব্যক্তি সেই মজুরকে ধরিলে পর উচিত সময়ের মধ্যে তাহাকে অতি নিকট পোলীস থানায় অর্পণ করিয়া যে দোষের নিমিত্ত ঐ মজুরকে ধরা গিয়াছিল থানায় তাহা লেখাইয়া দিবেন।

অতি নিকট মাজিষ্ট্রেটের নিকটে লইয়া যাইবার কথা।

কোন মজুরকে সেই প্রকারে পোলীসের হাতে অর্পিয়া দেওয়া গেলে তাহাকে অগৌণে অতিনিকট মাজিষ্ট্রেটের নিকটে লইয়া যাইতে হইবে। ও যে স্থানহইতে পলায়ন করিয়াছে বলিয়া নালিশ হয় সেই স্থানটি ঐ মাজিষ্ট্রেটের এলকার মধ্যে থাকিলে তিনই সেই নালিশের বিচার করিবেন। না থাকিলে তিনি মজুরকে পেয়াদাদের জিম্মা দিয়া ঐ স্থানটি যে মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে থাকে সেই মাজিষ্ট্রেটের নিকট পাঠাইবেন ও তিনিই সেই নালিশের বিচার করিবেন ইতি।

দণ্ডের কথা।

১২৫ ধারা। কোন মজুর আপন কর্ত্তার কর্ম্ম ছাড়িয়া পলাইয়াছে প্রমাণ হইলে তাহার এক মাস পর্য্যন্ত কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইতে পারিবে। ও পলায়নের প্রমাণ হইলে পর আবার কর্ত্তার কর্ম্ম ছাড়িয়া পলাইলে তাহার দুই মাসপর্য্যন্ত কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইতে পারিবে। ও দুইবার পলায়ন দোষ প্রমাণ হইলে পর আরবার পলাইলে তাহার তিন মাস পর্য্যন্ত কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইতে পারিবে। ১২৩ ধারামতে মজুরের যে জরীমানা হইতে পারে তদ্ভিন্নও তাহার সেই দণ্ড হইতে পারিবে ইতি।

126 On the expiry of any sentence of imprisonment for any offence under this Act save as is provided in section 126, it shall be the duty of the magistrate to make over such laborer to any person appointed on the part of his employer to receive charge of him, and no conviction under this Act, or imprisonment under such conviction shall have as aforesaid be held to operate as a release to any laborer from the terms of his contract. Provided nevertheless that the period of imprisonment shall in no case be prolonged by reason of there being no person present on the part of the employer to take charge of the laborer at the expiry of his sentence but such laborer shall in that case be sent to the principal place of business of such employer and the expense of such conveyance shall be levied from the employer in the manner provided in section 102

Co[illegible] t[illegible] t to op[illegible] ate as a [illegible]

127 Whenever any laborer shall have actually suffered imprisonment amounting in the whole to six months for desertion from his employer's service it shall be lawful for the inspector and he is hereby required at the written request of the employer but not otherwise to cancel the contract of such laborer and every such cancellation shall be by the inspector certified on the back of the contract and such laborer shall then be at liberty either to enter into a fresh contract with any employer or to return to the district from which he was recruited

Contract may be cancelled [illegible] of the employer

128 The employer or any person authorized to act for the employer of any laborer imprisoned for any offence under this Act may apply to the magistrate at any time previous to the expiry of such sentence that such laborer be made over to him for the purpose of completing his contract and the magistrate may if he see good cause make over or forward such laborer to his employer and in that case the magistrate shall cancel the remainder of the sentence passed on him, and shall endorse on the contract of such laborer a memorandum signed by him of such cancellation

[illegible]

129 Every employer who obtains an order for the deportation of any laborer who has deserted shall pay the expense incurred in such deportation, and shall before the order is issued deposit with the magistrate such sum as such magistrate may in his

Expense of restoring deserted laborer to be paid by employer

১২৬ ধারা। ২৭ ধারায় যে স্থলের বিধান হই যাছে সেই স্থলছাড়া এই আইনমত কোন অপরাধের নিমিত্ত কারাদণ্ডের মিয়াদ ফুরাইলে কর্ত্তা তাহাকে জিম্মায় লইয়া আনিবার নিমিত্ত যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাহার হাতে সেই মজুরকে সমর্পণ করিয়া দেওয়া মাজিষ্ট্রেটের কর্ত্তব্য এবং এই আইনক্রমে অপরাধের যে প্রমাণ হয় ও প্রমাণক্রমে যে কারাদণ্ড হয় তদ্দ্বারা পূর্ব্বোক্ত স্থলভিন্ন চুক্তির নিয়মহইতে মজুরের মুক্ত হওনরূপ ফল জন্মিবে না। কিন্তু কারাদণ্ডের মিয়াদ ফুরাইলে যদি কর্ত্তার পক্ষে মজুরকে জিম্মায় লইয়া যাইবার লোক উপস্থিত না থাকে তবে সেই কারণে তাহাকে অধিককাল কয়েদ করিয়া রাখিতে হইবে না। তদ্রূপ স্থলে ঐ কর্ত্তার কর্ম্মের যে সদর স্থান থাকে ঐ মজুরকে সেই স্থানে চালান করা যাইবে। ও তাহার চালান করিবার খরচ ১০২ ধারার বিধানমতে কর্ত্তার নিকটে আদায় করিয়া লওয়া যাইবে ইতি।

ঐ দোষ প্রমাণ হইলেও মুক্ত না হওয়ার কথা।

১২৭ ধারা। কোন মজুর কর্ত্তার কর্ম্ম ছাড়িয়া পলায়ন প্রযুক্ত সর্ব্বসুদ্ধ ছয় মাস কারাদণ্ড ভোগ করিলে পর কর্ত্তা লিখিয়া প্রার্থনা করিলে ইনস্পেকটর সাহেব ঐ মজুরের চুক্তি বাতিল করিতে পারিবেন এবং বাতিল করেন তাহার প্রতি এই আদেশ হইল। কিন্তু কর্ত্তা প্রার্থনা না করিলে বাতিল করিবেন না। বাতিল হইলে ইনস্পেকটর সাহেব চুক্তিপত্রের পৃষ্ঠে ঐ কথার সর্টিফিকট লিখিবেন তাহা হইলে সেই মজুর স্বেচ্ছামতে কোন কর্ত্তার সঙ্গে নূতন চুক্তি করিতে পারিবে কিম্বা যে জিলাহইতে তাহাকে আনা গিয়াছিল সেই জিলায় ফিরিয়া যাইতে পারিবে ইতি।

বারং পলায়ন করিলে কর্ত্তার লিখিত প্রার্থনামতে চুক্তি বাতিল হইতে পারিবার কথা।

১২৮ ধারা। এই আইনমতে কোন অপরাধের নিমিত্ত কোন মজুরকে কয়েদ করা গেলে তাহার কয়েদ হইবার মিয়াদ না ফুরাইলেও কর্ত্তা কিম্বা কর্ত্তার পক্ষে কর্ম্ম করিবার ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তি মাজিষ্ট্রেটের নিকট এই প্রার্থনা করিতে পারিবেন যে ঐ মজুর আপন চুক্তিমতে কর্ম্ম নির্ব্বাহ করে এই নিমিত্ত তাহাকে তাঁহার হাতে অর্পণ করা যায়। ও মাজিষ্ট্রেট সাহেব বিশিষ্ট কারণ জানিলে মজুরকে কর্ত্তার হাতে অর্পণ করিতে কিম্বা তাহার নিকট চালান করিতে পারিবেন তাহা হইলে ঐ ব্যক্তির দণ্ডের বাকী সময় রহিত করিবেন এবং ঐ মজুরের চুক্তিপত্রের পৃষ্ঠে তাহার মিয়াদ রহিত হইবার কথা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

কর্ত্তার প্রার্থনামতে দণ্ডের এক অংশ ক্ষমা হইতে পারিবার কথা।

১২৯ ধারা। কোন কর্ত্তার নিকট পলাতক মজুরকে ফিরিয়া আনাইবার আজ্ঞা হইলে তাহাকে ফিরিয়া আনিবার যে খরচ লাগে তাহা ঐ কর্ত্তার দিতে হইবে ও উক্ত মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় তাহাকে ফিরিয়া আনাইবার যত খরচ

মজুর পলাতক হইলে কর্ত্তার নিকট তাহাকে ফিরিয়া পাঠাইবার খরচের কথা।

discretion deem to be sufficient for defraying the expense of such deportation

উপযুক্ত বোধ হয় ঐ আজ্ঞা জারী হইবার পূর্ব্বে ঐ মাজিষ্ট্রেট সাহেবের নিকট তাঁহার তত টাকা গচ্ছিত করিতে হইবে ইতি।

130 The duration of every unlawful absence from labor of which any laborer may be convicted, and every sentence of imprisonment for any offence under this Act shall be endorsed on the contract at the time of its being passed, by the officer passing it, and no such period of imprisonment or unlawful absence so endorsed shall be reckoned as part of the term for which the laborer is bound to serve but such term shall extend to such further period as shall be equivalent to the aggregate amount of the imprisonment and unlawful absence so endorsed

Time of unlawful absence or imprisonment to be excluded from contract period

১৩০ ধারা। কোন মজুরের যত দিন অন্যায়মতে কর্ম্মে না যাওয়া প্রমাণ হয় ও এই আইনমতে কোন অপরাধের নিমিত্ত তাহার যত দিন কয়েদ থাকার আজ্ঞা হয় যে কার্য্যকারক ঐ আজ্ঞা করিলেন তিনি ঐ আজ্ঞা করণসময়ে চুক্তিপত্রের পৃষ্ঠে সেই দিনের সংখ্যা লিখিবেন আর মজুর যত কাল কর্ম্ম করিতে বদ্ধ হয় ঐ পৃষ্ঠলিপির লিখিতমতে তাহার কয়েদ থাকার সেই সময় ও অন্যায়মতে কর্ম্মে না যাইবার সময় সেই২ দিনের মধ্যে ধরা যাইবে না। কিন্তু পৃষ্ঠলিপিমতে মোটে যত দিন কয়েদ ছিল ও অন্যায়মতে কর্ম্মে না গিয়াছিল তাহার কর্ম্ম করিবার মিয়াদ তত দিন বাড়িবে ইতি।

অন্যায়মতে কর্ম্মে না চালাইবার কি কয়েদ থাকিবার সময় চুক্তির মিয়াদ হইতে কাটিবার কথা।

131 Any person who knowingly entices away harbours or employs, or attempts to entice from his employment any laborer before such laborer shall have been lawfully released from his contract shall be liable to a fine the whole or any portion of which may be awarded to the employer of such laborer

Other persons enticing away or harbouring or employing laborer under contract

১৩১ ধারা। কোন মজুর যে চুক্তি করিয়াছে তাহা হইতে তাহার ন্যায্যমতে মুক্ত হইবার পূর্ব্বে যদি কোন ব্যক্তি জানিয়া শুনিয়া তাহাকে সেই কর্ম্ম হইতে ফুসলাইয়া লয় কি আশ্রয় দেয় কি কর্ম্ম দেয় কিম্বা তাহাকে ফুসলাইয়া লইতে চেষ্টা করে, তাহার জরীমানা হইতে পারিবে। ও সেই জরীমানার সমুদয় টাকা কি তাহার একাংশ ঐ মজুরের কর্ত্তাকে দেওয়া যাইতে পারিবে ইতি।

চুক্তিবদ্ধ মজুরকে ফুসলাইয়া লইবার কি আশ্রয় কি কর্ম্ম দিবার দণ্ডের কথা।

Chapter 15 —Complaints made by Laborers

৫ পরিচ্ছেদ —মজুরদের নালিশের কথা।

132 If any laborer states to his employer or to any person acting for such employer that he desires to make a complaint to the inspector of laborers of personal ill usage or breach of any provision of this Act on the part of such employer or other person the person to whom such statement is made shall within forty eight hours send notice thereof in writing to the inspector and in default of so doing such person shall be liable to fine

Employer to give notice to inspector if laborer wishes to complain of personal ill usage or breach of contract

১৩২ ধারা। কর্ত্তা কিম্বা কর্ত্তার পক্ষে কর্ম্মকারি কোন ব্যক্তি আমার প্রতি অত্যাচার করিয়াছেন কিম্বা এই আইনের কোন বিধান লঙ্ঘন করিয়াছেন বলিয়া আমি মজুরদের ইনস্পেক্টর সাহেবের নিকট নালিশ করিতে চাহি কোন মজুর কর্ত্তাকে কিম্বা সেই অন্য ব্যক্তিকে এইরূপ কথা কহিলে যাহার নিকট ঐ কথা কহে তিনি আটচল্লিশ ঘন্টার মধ্যে ইনস্পেক্টর সাহেবের নিকট লিখিয়া ঐ কথার নোটিস দিবেন। না দিলে তাঁহার জরীমানা হইতে পারিবে ইতি।

মজুর অত্যাচারের কি চুক্তিভঙ্গের নালিশ করিতে চাহিলে ইনস্পেক্টরকে কর্ত্তার নোটিস দিবার কথা।

133 Whenever any inspector of laborers receives such notice in writing as aforesaid, or whenever any complaint of personal ill usage or breach of any provision of this Act as aforesaid, is made to him by any laborer against his employer or any person acting for such employer, or whenever the inspector has other reasonable grounds for believing that any such personal ill usage or breach of any provision of this Act as aforesaid has been suffered by a laborer, such inspector shall forthwith, if the place in which such offence has been committed is not situated

Inspector how to proceed on receipt of notice or if complaint is made to him

or if he has reason to believe that there is ground for a complaint.

১৩৩ ধারা। মজুরদের কোন ইনস্পেক্টর সাহেব পূর্ব্বোক্ত প্রকারের লিখিত নোটিস পাইলে, কিম্বা কোন মজুর কর্ত্তার নামে কিম্বা কর্ত্তার নিমিত্ত কর্ম্মকারি কোন ব্যক্তির নামে পূর্ব্বোক্তমতে অত্যাচারের কিম্বা এই আইনের কোন বিধান লঙ্ঘন করার নালিশ করিলে, কিম্বা কোন মজুরের প্রতি পূর্ব্বোক্তমতে অত্যাচার হইয়াছে কিম্বা এই আইনের কোন বিধান লঙ্ঘন হইয়াছে ইনস্পেক্টর সাহেবের এমত জ্ঞান করিবার জন্য যুক্তিসিদ্ধ কারণ থাকিলে ঐ অপরাধ যে স্থানে করা গিয়াছে সেই স্থান তাহার ক্ষমতার সীমার মধ্যে না থাকিলে, যে ইনস্পেক্টরের ক্ষমতার

নোটিস পাইলে কিম্বা তাঁহার নিকট নালিশ হইলে। কিম্বা নালিশ করিবার কারণ আছে জ্ঞান করিলে ইনস্পেক্টরের যাহা কর্ত্তব্য তাহার কথা।

shall award to such laborer the amount which shall appear to be then due to him, and if it is proved that the wages of such laborer are in arrear to an amount exceeding the total of such laborer's wages for two months the magistrate shall award also, by way of compensation, such further sum, not exceeding that amount, as shall appear to the magistrate to be just and in case of default the magistrate shall levy the entire sum by distress and sale of the movable property belonging to or under the charge of the employer

Compensation may be given for arrear of wages for two months

137 If any employer, or any person placed in authority over any laborer by such employer, shall be convicted of any offence causing injury to the person or property of such laborer triable under the Code of Criminal Procedure by the Court of Session or if any such employer, or other person as aforesaid shall be twice convicted of any such offence against such laborer triable under the said Code by a magistrate or if it shall be proved before a magistrate that the wages of such laborer are in arrear to an amount exceeding the total of such laborer's wages for four months or if a magistrate shall on the report of the inspector and after due enquiry upon oath in the presence of the parties, be satisfied that any laborer has been compelled to perform any labor while he was unfit for it or has been subjected to gross ill usage by such employer or any other person placed in authority over the laborer by such employer it shall be lawful for the magistrate if he think fit on the application of the laborer in each of such cases to cancel the contract of such laborer and to award to him compensation not exceeding thirty rupees, and every such cancelment shall be certified by the magistrate on the back of such contract

Contract may be declared cancelled if employer is convicted of an offence by Sessions Court or twice by magistrate

If wages are in arrear for four months

or if gross ill usage is proved

Chapter 16 —*Determination of Contract*

138 Every laborer who has completed the term of his contract shall be forthwith entitled to appear before the inspector in order that the completion of his contract may be registered If an employer detains such laborer after the completion of his contract, or fails to give notice of such completion to the inspector within one month after the

Laborer may appear before the inspector to register completion of contract

Penalty if employer detains or omits to report

ভত টাকা পাইবার আজ্ঞা করিবেন। আরো ঐ মজুরের মোটে দুই মাসের যত টাকা বেতন হয় তাহার অধিক পাওনা আছে বলিয়া প্রমাণ হইলে মাজিষ্ট্রেট সাহেব সেই পাওনা টাকা ও তত টাকার অনধিক যত টাকা ন্যায্য বোধ করেন তাহার হানিপূরণ স্বরূপ আর তত টাকা পাইবার আজ্ঞা করিবেন। সেই টাকা না দেওয়া গেলে ঐ মাজিষ্ট্রেট সাহেব কর্ত্তার কিম্বা তাঁহার জিম্মার মধ্যে অস্থাবর দ্রব্য ক্রোক ও বিক্রয় করিয়া সমুদয় টাকা আদায় করিবেন ইতি।

দুই মাসের বেতন বাকী থাকিলে হানিপূরণ পাইবার কথা।

৩৭ ধারা। কোন মজুরের কিম্বা তাহার দ্রব্যের হানিজনক যে অপরাধ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে সেশন আদালতের বিচার্য্য হয় কর্ত্তা কিম্বা মজুরের উপর ঐ কর্ত্তার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি সেই মজুরের পক্ষে এমত অপরাধ করিয়াছে বলিয়া প্রমাণ হইলে কিম্বা সেই আইনদ্বারা মাজিষ্ট্রেটের বিচার্য্য যে অপরাধ হয় এ মজুরের পক্ষে ঐ কর্ত্তার কিম্বা উক্ত অন্য ব্যক্তির সেই অপরাধ দুইবার প্রমাণ হইলে কিম্বা ঐ মজুরের চার মাসের বেতন মোটে যত টাকা হয় মাজিষ্ট্রেটের সম্মুখে তাহার অধিক টাকা মজুরের পাওনা আছে বলিয়া প্রমাণ হইলে কিম্বা মজুর কোন কর্ম্ম করিবার অনুপযুক্ত থাকিতে তাহার দ্বারা জোর করিয়া সেই কর্ম্ম করান গিয়াছে কিম্বা কর্ত্তা কিম্বা মজুরের উপর সেই কর্ত্তার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তি ঐ মজুরের প্রতি ঘোরতর অত্যাচার করিয়াছে মাজিষ্ট্রেট সাহেব ইনস্পেক্টর সাহেবের রিপোর্টক্রমে এবং উভয় পক্ষের সাক্ষাৎ শপথক্রমে উপযুক্ত অনুসন্ধান লইয়া ইহা হৃদ্বোধমতে জানিলে, উক্ত প্রত্যেক স্থলে মাজিষ্ট্রেট সাহেব মজুরের প্রার্থনামতে ঐ মজুরের চুক্তি বাতিল করিতে ও মজুরের হানিপূরণ স্বরূপ ত্রিশ টাকার অনধিক পাইবার আজ্ঞা করিতে পারিবেন এবং ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ চুক্তি পত্রের পৃষ্ঠে তাহা বাতিল হইবার সার্টিফিকট লিখিবেন ইতি।

সেশন আদালতে কিম্বা দুইবার মাজিষ্ট্রেটের সম্মুখে কর্ত্তার কঠিন ব্যবহারের প্রমাণ হইলে চুক্তি বাতিল বলিয়া প্রকাশ করিবার কথা।

কিম্বা চারি মাসের বেতন বাকী থাকিবার কথা।

কিম্বা গুরুতর অত্যাচারের প্রমাণ হইবার কথা।

১৬ পরিচ্ছেদ।—চুক্তির শেষ হইবার কথা।

৩৮ ধারা। কোন মজুরের চুক্তির মিয়াদ ফুরাইলে আপনার চুক্তি ফুরাইবার কথা রেজিষ্টরী করাইবার নিমিত্ত তাহার অবিলম্বে ইনস্পেক্টর সাহেবের নিকট যাইবার অধিকার থাকিবে। মজুরের চুক্তি ফুরাইলে পর যদি কর্ত্তা তাহাকে আটক করিয়া রাখেন কিম্বা চুক্তি ফুরাইবার তারিখঅবধি একমাসের মধ্যে ইনস্পেক্টর সাহেবকে সেই

চুক্তির মিয়াদ শেষ হইলে তাহা রেজিষ্টরী করিবার জন্যে ইনস্পেক্টরের নিকট মজুরের যাইবার কথা।

কর্ত্তা আটক করিলে কিম্বা রিপোর্ট না করিলে দণ্ডের কথা।

date of such completion such employer shall be liable to fine

কথার নোটিস না দেন তবে ঐ কর্ত্তার জরীমানা হইতে পারিবে ইতি।

Power to redeem contract

139 If any laborer is able and desirous to redeem the unexpired term of his contract of service by payment of a sum equivalent to the value thereof such laborer may demand to be taken or allowed to go before the inspector of laborers within the local limits of whose authority he may be employed and on his depositing such sum in the hands of such inspector, such inspector shall give notice to the employer that such laborer requires him within one week to show cause why the contract of such laborer should not be released and in case no sufficient cause should be shown such inspector shall require the production of the contract of such laborer, and endorse thereon a certificate of release by purchase, and shall hold the sum in deposit on account of the employer of such laborer If any employer or other person authorized to act for the employer shall neglect to comply with such demand as aforesaid such employer or other person as aforesaid, shall be liable to fine

চুক্তি হইতে মুক্তি ক্রয় করিবার কথা।

১৩৯ ধারা। চুক্তিমতে মজুরের মজুরী করিবার যত কাল বাকী থাকে, সে যদি ঐ কালের সমান মূল্য দিয়া মুক্তি পাইতে পারে ও চাহে, তবে মজুরের যে ইনস্পেক্টরের এলাকার সীমার মধ্যে কর্ম্ম করে তাহার সম্মুখ তাহাকে আনা যায় কি যাইবার অনুমতি হয় মজুর এমত দাওয়া করিতে পারিবে। এবং সেই ইনস্পেক্টরের হস্তে উক্ত মূল্য দিলে ইনস্পেক্টর সাহেব কর্ত্তাকে এই মর্ম্মের নোটিস দিবেন যে ঐ মজুরের চুক্তিহইতে মুক্তি না পাইবার কারণ তুমি এক সপ্তাহের মধ্যে দর্শাও মজুরের এই প্রার্থনা যদি উপযুক্ত কারণ দেখান না যায় তবে ইনস্পেক্টর সাহেব সেই মজুরের চুক্তিপত্র দেখাইবার আজ্ঞা দিয়া তাহার পৃষ্ঠে মূল্যদানক্রমে মুক্ত হওয়ার সর্টিফিকট লিখিবেন, ও ঐ মজুরের কর্ত্তার নিমিত্ত সেই টাকা হাতে রাখিবেন। কোন কর্ত্তা কিম্বা কর্ত্তার নিমিত্ত কর্ম্ম করিবার ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তি পূর্ব্বোক্ত দাওয়ামতে কর্ম্ম করিতে তাচ্ছল্য করিলে সেই কর্ত্তার কিম্বা অন্য ব্যক্তির জরীমানা হইতে পারিবে।

Value of unexpired term of contract

The value of the unexpired term of contract shall be deemed to be the aggregate amount of one rupee for every month of the unexpired portion of the first year of three rupees for every such month of the second year and of five rupees for every such month of the third year of the original term of the laborer engagement

চুক্তির বাকী সময়ের মূল্যের কথা।

চুক্তির বাকী সময়ের মূল্য নিরূপণ করিবার নিয়ম এই। মজুরের চুক্তির আসল মিয়াদের প্রথম বৎসরের বাকী সময়ের প্রতিমাসের এক টাকা দ্বিতীয় বৎসরের প্রতি মাসের তিন টাকা, তৃতীয় বৎসরের প্রতি মাসের পাঁচ টাকা একুন করিলে তাহাই তাহার চুক্তি হইতে মুক্তি পাইবার মূল্য জানিতে হইবে ইতি।

Certificate of release on determination of contract

140 Every laborer, the period of whose contract has expired or who has redeemed his contract by purchase or whose contract has been rescinded by the mutual consent of the parties thereto, shall be entitled to receive forthwith from the inspector a certificate of release in such form as may from time to time be prescribed by the Lieutenant Governor

মজুরের চুক্তির মিয়াদ শেষ হইলে তাহাকে সর্টিফিকট দিবার কথা।

১৪০ ধারা। কোন মজুরের চুক্তির মিয়াদ ফুরাইলে কিম্বা মূল্য দিয়া চুক্তিহইতে মুক্তি পাইলে কিম্বা উভয় পক্ষের সম্মতিক্রমে চুক্তি রহিত করা গেলে, ইনস্পেক্টর সাহেবের স্থানে ঐ মজুরের তৎকালেই মুক্তির সর্টিফিকট পাইবার অধিকার আছে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব সময়ে২ যে পাঠ নির্দ্দিষ্ট করেন, ঐ সর্টিফিকট সেই পাঠে লিখিতে হইবে ইতি।

Laborer whose contract has expired or has been released exempted from operation of this Part

141 Every laborer the term of whose contract has expired or who has been legally released from his contract whether such expiry or release has been certified as above required or not shall be deemed to be wholly exempted from the provisions of this Part

চুক্তির মিয়াদ ফুরাইলে কিম্বা অন্য প্রকারে মুক্ত হইলে এই অধ্যায়ের বিধানহইতে মজুরের মুক্ত হইবার কথা।

১৪১ ধারা। কোন মজুরের চুক্তির মিয়াদ ফুরাইলে কিম্বা তাহাকে আইনমতে চুক্তিহইতে মুক্ত করা গেলে পূর্ব্বোক্ত আজ্ঞামতে তাহার মিয়াদ ফুরাইবার কি মুক্ত হইবার কথায় সর্টিফিকট লিখিয়া দেওয়া যাউক কি নাই যাউক সেই মজুর এই অধ্যায়ের বিধানহইতে সম্পূর্ণরূপে মুক্ত হইবে ইতি।

PART IV.—CONTRACTS MADE IN LABOR DISTRICT.

Chapter 17.—Contracts made by time-expired Laborers and locally engaged Servants.

Any person may make contract for labor not exceeding three years.

142. Any laborer whose contract has been so determined or any other person in a labor district, may make a contract for labor with any employer, either in writing or orally. But no such contract shall be deemed valid for a longer period than three years; and no such contract the period of which extends to six months shall be deemed valid unless it has been registered before a magistrate in the manner prescribed in section 62 within three months from the date of its execution.

Every contract for six months or more to be registered.

Fee.

A fee not exceeding one rupee shall be payable for each such registration.

Employer to give notice to inspector of contract for six months.

143. The employer shall be bound to give notice to the inspector of laborers of every contract the period of which extends to six months. Any employer who voluntarily or negligently omits to give such notice to the inspector of laborers within one month from the date of the execution of the contract shall be punished with fine which may extend to fifty rupees.

Penalty for omission.

Persons contracting liable to certain provisions of Act.

144. Whenever such contract has been made for a period which extends to six months, the employer and the servant shall be subject to all the provisions of this Act except those of chapter 14 and section 136.

If contract is for less than six months persons contracting not liable to provisions of Act.

145. Whenever such contract or engagement does not extend to six months the employer and the servant shall not be subject to any of the provisions of this Act except those of chapter 18.

Chapter 18.—Neglect of Work and Arrears of Wages.

Punishment for absence or neglect or refusal to perform service in accordance with contract.

146. Any person not being a laborer as defined in this Act who has contracted with an employer to serve him for any period as a servant in husbandry, or a workman, or in any other manner, who volun-

৪ অধ্যায়।—মজুরী করিবার জিলার মধ্যেই চুক্তির কথা।

১৭ পরিচ্ছেদ।—মজুর দের মেয়াদ ফুরাইলে তাহাদের এবং সেই জিলাতে যে চাকরদিগকে নিযুক্ত করা যায় তাহাদের চুক্তির কথা।

মজুরী করিবার জিলায় কোন ব্যক্তির ৩ বৎসর পর্য্যন্ত মজুরী করিবার চুক্তির কথা।

১৪২ ধারা। কোন মজুরের চুক্তি উক্ত প্রকারে ফুরাইলে সে কিম্বা মজুরী করিবার জিলার মধ্যে অন্য কোন ব্যক্তি কোন কর্ত্তার নিকট মজুরী করিতে লিখন ক্রমে কিম্বা মৌখিক চুক্তি করিতে পারিবে। কিন্তু তদ্রূপ কোন চুক্তি তিন বৎসরের অধিক কালের নিমিত্ত সিদ্ধ বলিয়া জ্ঞান হইবে না। আর ছয় মাসপর্য্যন্ত চুক্তির মিয়াদ হইলে সেই চুক্তি করিবার তারিখ অবধি তিন মাসের মধ্যে তাহা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ৬২ ধারার বিধানমতে রেজিষ্টরী করা না গেলে সিদ্ধ বলিয়া জ্ঞান হইবে না।

ছয়মাসের বা অধিক কালের চুক্তি রেজিষ্টরী করিতে হইবার কথা।

ফীর কথা।

তদ্রূপ রেজিষ্টরী করণের প্রত্যেক বারে এক টাকার অনধিক ফী লাগিবেক।

ছয়মাস মিয়াদে চুক্তি করা গেলে ইনস্পেক্টর সাহেবকে কর্ত্তার নোটিস দিতে হইবার কথা।

না দিবার দণ্ডের কথা।

১৪৩ ধারা। ছয় মাসপর্য্যন্ত মিয়াদের যে চুক্তি করা যায় মজুরদের ইনস্পেক্টর সাহেবকে কর্ত্তার সেই চুক্তির নোটিস দিতেই হইবে। কোন কর্ত্তা তদ্রূপ চুক্তি করিবার তারিখঅবধি এক মাসের মধ্যে ইচ্ছা করিয়া কি অবহেলা ক্রমে মজুরদের ইনস্পেক্টর সাহেবকে তদ্রূপ নোটিস না দিলে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

কোন ব্যক্তি তদ্রূপে চুক্তি করিলে তাহার প্রতি আইনের কোন২ বিধান বর্ত্তিবার কথা।

১৪৪ ধারা। ছয় মাসপর্য্যন্ত মিয়াদের তদ্রূপ কোন চুক্তি করা গেলে কর্ত্তার ও চাকরের প্রতি এই আইনের ১৪ পরিচ্ছেদের ও ১৩৬ ধারার বিধানভিন্ন সমস্তবিধান বর্ত্তিবে ইতি।

ছয় মাসের কম মিয়াদের চুক্তি হইলে চুক্তিকারি ব্যক্তিদের প্রতি এই আইনের বিধান না খাটিবার কথা।

১৪৫ ধারা। যদি তদ্রূপ চুক্তির কি করারের ছয় মাসপর্য্যন্ত মিয়াদ না হয় তবে ঐ কর্ত্তার ও চাকরের প্রতি এই আইনের ১৮ পরিচ্ছেদের বিধানভিন্ন কোন বিধান খাটিবে না, ইতি।

১৮ পরিচ্ছেদ।—কর্ম্মে অবহেলা করিবার ও বাকী বেতনের কথা।

কর্ম্মে না যাইবার কি অবহেলা করিবার কিম্বা চুক্তিমতে কর্ম্ম করিতে স্বীকার না করিবার দণ্ডের কথা।

১৪৬ ধারা। কোন ব্যক্তি এই আইনের অর্থমতে মজুর না হইয়া কোন কালের নিমিত্ত কর্ত্তার নিকট চাষার কি মজুরের কর্ম্ম কি অন্য প্রকারের কর্ম্ম করিতে চুক্তি করিলে তাহার সেই চুক্তির

tailv and without reasonable cau e absents him self from his w rk durin the c ntinuance of his contract r ne l t or refuse t perf rm the service which he ha contract d t perf rm such ervice bein reasonable and proper ervice shall be puni he l with imprisonm nt of eith r de crip tion which ma extend to a term n t exceeding three m nth , or with fine which may extend to four annas for each day durin which such absence or other such breach of contract shall have con tinu d or with both

Provid d that all ill treatment f u h ervant by his employer or the ne lect of the empl y r to fulfil any conditi n of th contract may b deemed a reasonable cau e for such absence or uch refu al t perform service

[illegible]

When any such ervant wh is bound by a written contract i c nvicted of an offenc under this section the c nvictin ma istrate hall ertif on the back f the contra t the number of days durin which u h n glect or refu al t perform service r durin which uch s rvant ha been impri oned h ll have conti nued and the number of days o ertif d hall be add d to the period of the contract

[illegible]

On a second c nviction f an off n e under thi s tion the fine impo d may extend t ei ht an for each day

Sec d [illegible]

147 Th ma istrate shall e competent to entert in complaints made by uch persons f r arrears f wa es and to enforce pay ment of any arrears which shall appear due to any such person under the terms f the contract or if no such contract be established in evidence whether written r oral according to the rate of wa es usually paid in the district to such servant

[illegible]

Such claims shall be preferr d by petition the case shall be enquir d int and tried under the rules applicable to summons cases in th Code of Cri minal Procedure, and an appeal may be made in every such case whether th claim be adjudged wholly or in part or be dismissed, to the court which has appellate jurisdicti n in re pect of cri minal ca es decided by such ma istrate All

Procedur

মিয়াদ চলন সময়ে যদি সে ইচ্ছা করিয়া কিম্বা উপযুক্ত কারণ বিনা আপন কর্ম্মে না যায়, কিম্বা যে কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে তাহা যুক্তিযুক্ত ও উপযুক্ত কর্ম্ম হইলেও যদি তাহা করিতে তাচ্ছল্য করে কি স্বীকার না করে তবে তাহার তিন মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কোন এক প্রকারের কারাদণ্ড হইবে কিম্বা যত দিন কর্ম্মে যায় নাই বা সেই চুক্তি ভঙ্গ করিয়া থাকে তাহার দিনপ্রতি চারি আনা ধরিলে যত টাকা হয় তাহার তত টাকা জরিমানা কিম্বা ঐ দুই দণ্ড হইবে।

কিন্তু যদি কর্ত্তা সেই চাকরের প্রতি অত্যাচার করেন কিম্বা চুক্তির নিয়মের মধ্যে কোন নিয়ম পালন করিতে তাচ্ছল্য করেন তবে তাহাই মজুরের কর্ম্মে না যাইবার কি কর্ম্ম করিতে স্বীকার না করিবার উপযুক্ত কারণ বলিয়া জ্ঞান হইবে।

১২ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনব সাহেবের শাসিত কোন প্রদেশহইতে কিম্বা ঐ প্রদেশদিয়া আসাম কি কাছাড কি ছিলটভিন্ন ব্রিটনীয় ভারতবার্ষর অন্তর্গত অন্য প্রদেশে কি জিলায কিম্বা ভারতবর্ষের অন্তর্গত অন্য কোন স্থানে মজুরী লইযা খাটিবার নিমিত্তে ভারতবর্ষজাত লোক গেলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসিত দেশের মধ্যে যেং কার্য্য কিম্বা যে কোন চুক্তি করিতে হইবে তৎসম্পর্কে এই আইনের বিধানমতে কার্য্য করা যাইবে তিনি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনব জেনবল সাহেবের অনুমতিগ্রহণ পূর্ব্বক সময়েং কলিকাতা গেজেটে এমত আজ্ঞা প্রকাশ করিতে পারিবেন।

উক্ত স্থলে চুক্তি এই আইনের বিধানমতে হইবার ও মুজুর সংগ্রাহক এই আইনেব বিধিমতে দাযী হইবাব কথা।

সেই জ্ঞাপনপত্রে যেং প্রদেশের কি জিলার কি স্থানেব উল্লেখ হয, সেই জ্ঞাপনপত্রের তারিখ অবধি শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবেব শাসিত দেশের মধ্যে ভারতবর্ষজাত কোন লোকের সঙ্গে সেইং প্রদেশে কি জিলায কি স্থানে কর্ম্ম কবিবাব নিমিত্ত এই আইনেব বিধানভিন্ন অন্য কোন বিধানমতে চুক্তি করা যাইবে না, ও তাহারদের সেই প্রদেশে কি জিলায কি স্থানে যাওযার ক্ষমত দেওন কি সাহায্য করা যাইতে পারিবে না। যে ব্যক্তিরা ভারতবর্ষজাত লোকদের সহিত সেই প্রদেশে কি জিলার কি স্থানে মজুরী লইযা খাটিবাব জন্যে যাইবাব করার কি চুক্তি করে, কি যাইবার ক্ষমতা দেয কি সাহায্য করে ও তাহারদের সঙ্গে করার কি চুক্তি করিবার জন্যে যে এজেন্টেরা নিযুক্ত হন তাঁহারা যত কাল শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসিত দেশের মধ্যে থাকেন তত কাল এই আইনেব বিধানমতে দাযী হইবেন ও সেই কর্ম্মের নিমিত্ত সেই ব্যক্তিদের সঙ্গে যে সকল করার ও চুক্তি করা যায তাহা এই আইনেব বিধানমতে করা যাইবে।

যেং স্থানে যাইবাব বিষয়ে তদ্রূপ বিধান করা যায কোনং কার্য্যাক্ষে সেইং স্থান মজুরী করিবার জিলা বলিয়া জ্ঞান হইবার কথা।

এই আইনে মজুরী করিবার জিলা বলিযা যেং স্থান নির্দ্দিষ্ট হইল, উক্ত জ্ঞাপনপত্রে যে কোন প্রদেশের কি জিলার কি স্থানের উল্লেখ হয তাহা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসিত দেশের মধ্যে

কর্ত্তব্য সকল কার্য্যের ও চুক্তির সম্বন্ধে সেই প্রকারের মজুরী করিবার জিলা বলিয়া জ্ঞান হইবে। কিন্তু এই আইনের বিধানমতে মজুরী করিবার জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট যে সকল নোটিস ও নকল পাঠাইবার আজ্ঞা থাকে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব যাহার নিকট তাহা পাঠাইতে আদেশ করেন তাঁহার নিকট পাঠাইতে হইবে ইতি।

মজুর প্রেরণ কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্টদিগকে ও মজুরদের চিকিৎসাসংক্রান্ত পরিদর্শকদিগকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিযুক্ত করিবার কথা।

৩ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যেং স্থান উচিত বোধ করেন এই আইনের কার্য্যপক্ষে সেইং স্থানে মজুর প্রেরণ কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্টদিগকে এবং চিকিৎসাসংক্রান্ত পরিদর্শকদিগকে নিযুক্ত করিতে পারিবেন। কোন সুপরিণ্টেণ্ডেণ্ট কি চিকিৎসাসংক্রান্ত পরিদর্শক তদ্রূপে নিযুক্ত হইলে তাঁহার প্রতি এই আইনক্রমে যে ক্ষমতা ও শক্তি প্রদান করা যায় তদনুসারে তিনি স্বকীয় যে সীমার মধ্যে কার্য্য করিতে পারিবেন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ পূর্ব্বক সেই সীমা নিরূপণ করিবেন। তদ্রূপে সীমা নির্দ্ধারিত হইলে পর অন্য সুপারিণ্টেণ্ডেণ্ট কি চিকিৎসাসংক্রান্ত পরিদর্শকের সেই সীমার মধ্যে ঐ সুপরিণ্টেণ্ডেণ্টের কি চিকিৎসাসংক্রান্ত পরিদর্শকের এই আইনমতে প্রাপ্ত কোন ক্ষমতানুযায়ি কর্ম্ম করিতে পারিবেন না ইতি।

বাগানের সরদার দ্বারা মজুরদের সঙ্গে নিয়ম করিবার কথা।

১১ ধারা। কোন কর্ত্তা যে ভূমির অধ্যক্ষ হন বাগানের সরদারদ্বারা কিম্বা তৎকরণক সেই ভূমিতে মজুরী পাইয়া খাটিবার জন্যে উক্ত কোন প্রদেশে যাইবার নিমিত্তে ভারতবর্ষবাসি এদেশীয় ব্যক্তিদের সংহত নিয়ম করিতে পারিবেন ইতি।

কন্ট্রাক্টরদিগকে সুপরিণ্টেণ্ডেণ্টের অনুমতিপত্র দিতে পারিবার কথা।

৫ ধারা। এই আইনমতে যে সুপরিণ্টেণ্ডেণ্ট নিযুক্ত হন তিনি যাহাদিগকে উপযুক্ত বোধ করেন তাহারদিগকে এই আইনের A তফসীলের নির্দ্দিষ্ট পাঠে উক্ত সকল কি অন্যতর প্রদেশে মজুরী পাইয়া খাটিবার জন্যে লোকদিগের সঙ্গে নিয়ম করিবার কিম্বা লোকদিগকে যুটাইবার কন্ট্রাক্টরের কর্ম্ম করিবার অনুমতিপত্র দিতে পারিবেন। যে সুপরিণ্টেণ্ডেণ্ট ঐ অনুমতিপত্র দেন বঙ্গদেশের গবর্ণমেণ্ট প্রত্যেক পত্রের জন্যে সময়েং এক শত টাকার অনধিক যত

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ৬ মে।]

বিদেশে যাইবার তত্ত্বাবধারকের ও নৌকাদিতে চড়াইবার এজেণ্টের ও পরিদর্শনকারি চিকিৎসকদের নিযুক্ত হইবার কথা।

১৩ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব বিদেশে যাইবার কার্য্যের তত্ত্বাবধারণ করিবার জন্যে কলিকাতায় সুপরিণ্টেণ্ডেণ্ট বলিয়া উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন এবং যেং স্থানে উচিত বোধ করেন সেইং স্থানে বিদেশগামি ব্যক্তিদিগকে নৌকাদিতে চড়াইবার এজেন্টদিগকে ও পরিদর্শনকারি ডাক্তরদিগকে নিযুক্ত করিতে পারিবেন ও উক্ত প্রত্যেক জন কার্য্যকারককে এই আইনমতে যে শক্তি ও ক্ষমতা দেওন যায় তাঁহারা যে স্থানের সীমার মধ্যে সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন তাহাও নিরূপণ করিবেন। তিনি কোন সময়ে উক্ত কোন কার্য্যকারকে সসপেণ্ড কি অবসর করিতে পারিবেন।

উক্ত কর্ম্মকারকদের রাজকীয় কর্ম্মকারক হওয়ার কথা।

বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট ও বিদেশগামি ব্যক্তিদিগকে নৌকাদিতে চড়াইবার প্রত্যেক এজেন্ট ও তাহারদের দেখিবার প্রত্যেক ডাক্তর ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থমতে রাজকীয় কার্য্যকারক হইবেন।

বিদেশগামি ব্যক্তিদিগকে নৌকাদিতে চড়াইবার প্রত্যেক এজেন্ট সাহেবের ও তাহারদের দেখিবার প্রত্যেক ডাক্তর সাহেবের প্রতি বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যে সকল আদেশ করেন তাহা তাঁহাদের মানিতে হইবে ও তাঁহারদের কর্ম্মসম্পর্কীয় যে সকল রিপোর্ট ও রিটর্ণ দিতে আজ্ঞা করেন তাহা তাঁহাদের দিতে হইবে ইতি।

বাগানের সরদারের দ্বারা কর্ত্তার মজুর সংগ্রহ করবার কথা।

৪ ধারা। ভারতবর্ষজাত ব্যক্তিরা মজুরী করিবার জিলায় কোন কর্ত্তার জমীতে গিয়া মজুরীর নিমিত্ত খাটে এই উদ্দেশে ঐ কর্ত্তা বাগানের সরদারের দ্বারা কিম্বা কন্ট্রাক্টরের দ্বারা তাহারদের সঙ্গে করার করিতে পারিবেন ইতি।

কন্ট্রাক্টরদিগকে ও মজুর সংগ্রাহকদিগকে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের লাইসেন্স দিবার কথা।

৫ ধারা। ভারতবর্ষজাত লোকদের মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া খাটিতে করার করণার্থে ও তাহারদিগকে কর্ম্ম দেওয়াইবার জন্যে, বিদেশগমনকার্য্যের প্রত্যেক জন সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব উপযুক্ত যত ব্যক্তিকে কন্ট্রাক্টর করিতে ও যত ব্যক্তিকে মজুরসংগ্রাহক করিতে আবশ্যক বোধ করেন তত ব্যক্তিকে লাইসেন্স দিতে পারিবেন ইতি।

কী নির্দ্ধার্য্য করেন ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট তাহাই পাইবেন। তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্র এক বৎসর প্রবল থাকিবে অধিক কাল নয় ইতি।

[পাণ্ডুলিপির ২৭ ধারা ও ৫ ধারার ৩ প্রকরণ দেখ]

মজুরসংগ্রাহকের অনুমতিপত্র সুপরিণ্টেণ্ডেণ্টের দিতে পারিবার কথা।

৮ ধারা। মজুরী পাইয়া খাটিবার জন্য লোকদের সঙ্গে উক্ত প্রদেশে যাইবার নিয়ম করণার্থে সুপরিণ্টেণ্ডেণ্ট যাহাদিগকে কন্ট্রাক্টরের পক্ষে মজুরসংগ্রাহক হইবার উপযুক্ত বোধ করেন তাহাদিগকে এই আইনের (B) তপশীলের পাঠে অনুমতিপত্র দিতে পারিবেন। বঙ্গদেশের গবর্ণমেণ্ট সময়ে২ অনুমতিপত্রের নিমিত্তে ষোল টাকার অনধিক যে কী নিরূপণ করেন ঐ অনুমতিপত্রদায়ী সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব তাহাই পাইবেন ও তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্রের তারিখঅবধি তাহা এক বৎসর বলবৎ থাকিবে অধিক কাল নয় ইতি।

[পাণ্ডুলিপির ৫ ধারার ২ প্রকরণ দেখ]

আসামপ্রভৃতি দেশে যাইবার নিমিত্ত কেবল এই আইনমতে ভারতবর্ষীয় লোকদিগকে যুটাইবার ও পাঠাইবার কথা।

২ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি কোন ব্যক্তি বঙ্গদেশের গবর্ণমেণ্টের শাসিত উক্ত কোন দেশে এই আইনের বিধানভিন্ন অন্য কোন প্রকারে উক্ত অন্যতর প্রদেশে গিয়া মজুরি পাইয়া খাটিবার জন্যে ভারতবর্ষবাসি এদেশীয় কোন ব্যক্তিকে যুটাইলেও পূর্ব্বোক্ত অন্যতর প্রদেশে মজুরী পাইয়া খাটিবার জন্যে এই আইনের বিধানভিন্ন অন্য প্রকারে ভারতবর্ষবাসি এদেশীয় কোন ব্যক্তিকে উক্ত কোন দেশ দিয়া চালান

দণ্ডের কথা।

করিলে যত ব্যক্তিকে যুটায় ও চালান করে তাহাদের প্রত্যেক জনের নিমিত্তে তাহার অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু কোন অন্যতর প্রদেশের মধ্যেই যে মজুরদিগকে যুটান যায় নিম্ন

উপবিধি।

ভাগে স্পষ্ট বিধান না থাকিলে এই আইনের কোন কথা তাহারদের প্রতি বর্ত্তিবে না ইতি।

কন্‌ট্রাকটরের কি মজুর সংগ্রাহকের কি বাগানের সরদারের কর্ম্ম করিবার অনুমতিপত্র না পাইলে মজুরদিগকে যুটাইয়া দিবার নিয়ম কি চুক্তি না হইবার কথা।

৪ ধারা। কোন ব্যক্তি স্বয় কন্‌ট্রাক্‌টর কি মজুরসংগ্রাহক কি বাগানের সরদার না হইয়া উক্ত অন্যতর প্রদেশে মজুরী পাইয়া খাটিতে যাইবার জন্যে কন্‌ট্রাকটরের কিম্বা বাগানের সরদারের সহায়তাভিন্ন ভারতবর্ষবাসি এদেশীয় কোন লোকের সঙ্গে নিয়ম করিলে এবং কন্‌ট্রাক্টর না হইয়া উক্ত অন্যতর প্রদেশে মজুরী পাইয়া খাটিবার জন্যে উক্ত দেশীয় লোকদিগকে যুটাইয়া দিবার কোন চুক্তি করিলে কি যুটাইয়া দিলে, কিম্বা কোন মজুরসংগ্রাহকের কি কোন ব্যক্তির প্রতি তাহাকে হস্তান্তর করিয়া দিলে কি সমর্পণ করিলে এবং কোন ব্যক্তি পূর্ব্বোক্ত অভিপ্রায়ে উক্ত অন্যতর প্রদেশে যাইবার জন্যে উক্ত দেশীয় কোন ব্যক্তির সঙ্গে নিয়ম করিবার চুক্তি করিলে কি করিবার উদ্যোগ করিলে কিম্বা দেশীয় উক্ত প্রকার লোককে যুটাইবার কর্ম্মে কন্‌ট্রাক্টর কি সংগ্রাহক কিম্বা বাগানের সরদারভিন্ন কোন ব্যক্তিকে নিরূপণ কি

দণ্ডের কথা।

নিযুক্ত করিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে সেই ব্যক্তির অর্থদণ্ড কিম্বা তিন মাস পর্য্যন্ত সমান্য কি কঠোর কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[*Government Gazette*, 6*th May* 1873]

কেবল এই আইনমতে ভারতবর্ষজাত লোকের সঙ্গে মজুরী করিবার জিলায় যাইবার করার হইবার ও তাহাকে চালান করিবার কথা।

১৬ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি কোন ব্যক্তি এই আইনের বিধান ছাড়া অন্য কোন বিধানমতে মজুরী করিবার কোন কি অন্যতর জিলায় মজুরী লইয়া খাটিতে যাইবার নিমিত্ত বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন কোন

দণ্ডের কথা।

প্রদেশে ভারতবর্ষজাত কোন ব্যক্তির সঙ্গে করার করিলে এবং কোন ব্যক্তি এই আইনের বিধানছাড়া অন্য কোন বিধানমতে মজুরী করিবার কোন কি অন্যতর জিলায় মজুরী লইয়া খাটিবার জন্যে ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে উক্ত কোন প্রদেশের মধ্য দিয়া চালান করিলে যাহারদের সঙ্গে তদ্রূপ করার করে ও যাহাদিগকে তদ্রূপে চালান তাহারদের প্রত্যেক জনের নিমিত্ত তাহার জরীমানা হইতে পারিবে ইতি।

কন্‌ট্রাকটর কি মজুর সংগ্রাহক কি বাগানের সরদার লাইসেন্স না পাইলে মজুরদের সঙ্গে তাহার করার কি চুক্তি করিতে না হইবার কথা।

৭ ধারা। কোন ব্যক্তি কন্‌ট্রাকটর কি মজুরসংগ্রাহক কি বাগানের সরদার না হইয়া যদি কন্‌ট্রাকটর কি বাগানের সরদারভিন্ন অন্য ব্যক্তির দ্বারা মজুরী লইয়া খাটিবার জন্যে ভারতবর্ষজাত কোন লোকের সঙ্গে মজুরী করিবার কোন জিলায় যাইবার করার করে এবং কোন কন্‌ট্রাকটর না হইয়া যদি মজুরী করিবার কোন জিলায় মজুরী লইয়া খাটিবার জন্যে মজুর সংগ্রাহকের কি অন্য ব্যক্তির নিকট উক্ত প্রকারের এদেশীয় কোন লোককে যুটাইয়া দিবার চুক্তি করে কি যুটাইয়া দেয় কিম্বা সমর্পণ করিয়া দেয় এবং কন্‌ট্রাকটর কি মজুরসংগ্রাহক কি বাগানের সরদারভিন্ন কোন ব্যক্তি যদি পূর্ব্বোক্ত কার্য্য করিবার জন্যে মজুরী করিবার কোন জিলায় যাইতে এদেশীয় কোন ব্যক্তির সঙ্গে করার করিবার কোন চুক্তি করে কিম্বা করার করিবার উদ্যোগ করে এবং এদেশীয় তদ্রূপ কোন ব্যক্তির সঙ্গে করার করিবার জন্যে কন্‌ট্রাকটর কি মজুর সংগ্রাহক কি বাগানের সরদারভিন্ন কোন ব্যক্তিকে কর্ম্ম দেয় কি নিযুক্ত করে তবে উক্ত

১৮ ধারা। ভারতবর্ষবাসি এদেশীয় কোন লোক উক্ত অভ্যন্তর প্রদেশস্থ কোন ব্যক্তির নিকটে নিরূপিত কত কালপর্য্যন্ত কর্ম্ম করিতে তাঁহার সঙ্গে উপযুক্তমত রেজিষ্টরী করা চুক্তি না করিলে ও যত কাল না করে ততকাল তাহাকে মজুরী পাইয়া খাটিবার জন্যে উক্ত কোন প্রদেশে কিম্বা সেই দিগে চালান করা যাইতে পারিবে না। কিন্তু তিন বৎসরের অধিক কালের চুক্তি হইবে না। তদ্রূপ প্রত্যেক চুক্তি লিখিয়া দেওয়া যাইবে ও মজুর মাসং কে হিসাবে বেতন পাইবে ও তাহার যত কাল কর্ম্ম করিতে হইবে ও যে প্রদেশের মধ্যে মজুরী করিবে তাহার নাম ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে এই সকল কথা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে লেখা যাইবে।

প্রত্যেক মজুরের তিন বৎসরের অনধিক কাল কর্ম্ম করিবার চুক্তি লিখিয়া দিবার কথা।

[পাণ্ডুলিপির ৫ ধারার ৪ প্রকরণ দেখ।]

১২ ধারা। বাগানের উক্ত প্রত্যেক সরদার যে কর্ত্তার দ্বারা নিযুক্ত হয় তিনি যে ভূমির অধ্যক্ষ হন সেই ভূমি যে জিলার অন্তর্গত থাকে ঐ সরদার উক্ত এদেশীয় কোন লোকের সঙ্গে নিয়ম করিবার পূর্ব্বে আপনি সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবকে সর্টিফিকট দেখাইবে। ঐ বাগানের সরদারের নাম ও বর্ণনা এবং সে যে ভূমিতে মজুরী করিবার জন্যে ভারতবর্ষবাসি এদেশীয় লোকের সঙ্গে নিয়ম করিতে প্রবর্ত্ত হইবে সেই ভূমির নাম ও বর্ণনা এবং যে প্রদেশের মধ্যে ঐ এতদ্দেশীয় লোকদিগের সঙ্গে নিয়ম করিবে তাহার নাম ও যত জনকে যুটাইবার অনুমতি পাইয়াছে ও তাহারদিগকে অনুমতিপত্র প্রাপ্ত আড্ডায় লইয়া যাইবার অনুমতি পাইয়াছে কি না, এই সকল কথা ঐ সর্টিফিকটে নির্দ্দিষ্ট থাকিবে ও কর্ত্তা সেই সর্টিফিকটে স্বাক্ষর করিবেন ইতি।

বাগানের সরদারের সর্টিফিকট মাজিষ্ট্রেট সাহেবকে দেখাইবার কথা।

১৩ ধারা। ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ সর্টিফিকেটের লিখিত কথার অনুসন্ধান লইবেন। এবং সকলই সত্য ইহা জ্ঞানবোধমতে জানিলে এবং যে ব্যক্তি ঐ সর্টিফিকট দেখায় সে এদেশীয় উক্ত ব্যক্তিদের সহিত নিয়ম করিবার কর্ম্মের অনুপযুক্ত নয় ইহা দৃষ্টি করিলে, তিনিও সেই সর্টিফিকটে তারিখ লিখিয়া স্বাক্ষর করিবেন। ঐ সর্টিফিকট ঐ তারিখঅবধি ছয় মাস প্রবল থাকিবে ইতি।

সেই সর্টিফিকটে মাজিষ্ট্রেট সাহেবেরও স্বাক্ষর করিবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৬ মে।]

প্রত্যেক অপরাধের জন্যে তাহার জরীমানা কিম্বা তিন মাসের অনধিক কাল সামান্য কি কঠিন কারাদণ্ড হইবে ইতি।

দণ্ডের কথা।

১৮ ধারা। ভারতবর্ষজাত কোন ব্যক্তি মজুরী করিবার কোন জিলায় নির্দ্ধারিত কোন কালের নিমিত্ত কোন ব্যক্তির নিকট চাকরী করিতে সেই ব্যক্তির সঙ্গে চুক্তি না করিলে তাহাকে সেই জিলায় চালান করা বেআইনী কর্ম্ম হইবে। কিন্তু মজুরী করিবার উক্ত জিলায় সেই ব্যক্তির পঁহুছিবার তারিখ অবধি তিন বৎসরের অধিক মিয়াদ হইবে না। উক্ত প্রত্যেক চুক্তি লিখিয়া দেওয়া যাইবে। [illegible] যত টাকা বেতন দেওয়া যাইবে, ও তাহার যত কাল চাকরী করিতে হইবে ও যে জিলার মধ্যে তাহার চাকরী করিতে হইবে সেই জিলার নাম ও তাহার আহারীয় দ্রব্য তাহাকে যে দরে দেওয়া যাইবে ঐ চুক্তিপত্রে এই সকল কথা বিশেষ করিয়া লেখা থাকিবে। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব তাহা লিখিবার যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে লেখা যাইবে ও পশ্চাল্লিখিত বিধানমতে তাহা রেজিস্টরী করা যাইবে ইতি।

চুক্তি করা না গেলে বিদেশগামিকে মজুরী করিবার কোন জিলায় কি সে জিলার দিগে চালান না করিবার কথা।

চুক্তির পাঠ ও মূল্যের কথা।

তাহা রেজিষ্টরী করিবার কথা।

৩ পরিচ্ছেদ।—বাগানের সরদারের কথা।

১৯ ধারা। বাগানের কোন সরদার ভারতবর্ষজাত লোকের স্থানে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া কর্ম্ম করিবার চুক্তি লইবার জন্যে ১৪ ধারার বিধানমতে কর্ত্তার স্থানে ক্ষমতা পাইলে, তাহার কর্ত্তার জমী যে জিলার মধ্যে থাকে ঐ বাগানের সরদার বিদেশগামি উক্ত প্রকারের কোন লোকের সঙ্গে করার করিবার পূর্ব্বে আপনি সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট গিয়া ঐ কর্ত্তার স্বাক্ষর করা সর্টিফিকট দেখাইবেন। তন্মধ্যে ঐ বাগানের সরদারের নাম ও চেহারা লেখা থাকিবে ও যে জমীতে মজুরী করিবার জন্যে ব্যক্তিদের সঙ্গে করার করিবে সেই জমীর নাম ও বর্ণনা, ও যে জিলায় গিয়া সে ব্যক্তিদের সঙ্গে করার করিবে সেই জিলার নাম ও তদ্রূপ যত জনের সঙ্গে তাহার করার করিবার অনুমতি থাকে তাহারদের সংখ্যা, ও তদ্রূপ কুড়ি জনের অধিক হইলে তাহারদিগকে যে কনট্রাক্টরের আড্ডায় লইয়া যাইবে তাহার নাম লেখা থাকিবে ইতি।

কর্ত্তার স্থানে বাগানের সরদারের সর্টিফিকট লইয়া মাজিষ্ট্রেটকে দেখাইবার কথা।

২০ ধারা। ঐ সর্টিফিকটের মধ্যে যে বৃত্তান্ত লেখা থাকে মাজিষ্ট্রেট সাহেব তাহার অনুসন্ধান লইয়া তাহা জ্ঞানবোধমত সত্য জানিলে, ও যে ব্যক্তি ঐ সর্টিফিকট দেখায় সেই মজুরদের সঙ্গে করার করিবার কর্ম্ম করিতে যোগ্য নয় এমত জ্ঞান না করিলে তিনি ঐ সর্টিফিকটে আডসহী করিয়া তারিখ লিখিবেন ও সেই সর্টিফিকট সেই তারিখঅবধি ছয় মাসপর্য্যন্ত প্রবল থাকিবে।

মাজিষ্ট্রেট সাহেবের অনুসন্ধান লইয়া তাহাতে স্বাক্ষর করিবার কথা।

বাগানের সরদার ২০ জনের অধিক যুটাইবার অনুমতি পাইলে তাহার প্রতি মজুরসংগ্রাহকের ন্যায় আইনের বিধান বর্ত্তিবার কথা।

১৪ ধারা। বাগানের সরদার যদি কর্ত্তার সর্টিফিকট অনুসারে এদেশীয় বিশ জনের অধিক যুটাইবার অনুমতি পাইয়া থাকে তবে সে ঐ সকল লোককে এ ধারার বিধান মতে স্থাপিত আড্ডায় আনিবে এবং অনুমতির ভিন্ন মজুরসংগ্রাহকদের বিষয়ে এই আইনের যেং বিধান আছে ঐ সরদারের প্রতি ঐ সকল বিধান বর্ত্তিবে ইতি।

মজুরসংগ্রাহকের অনুমতিপত্রে মাজিষ্ট্রেট সাহেবের ক্রোড়স্বাক্ষর করিবার কথা।

১৫ ধারা। যে শাখাখণ্ডের অধ্যক্ষতার ভার মাজিষ্ট্রেটের প্রতি থাকে কোন মজুরসংগ্রাহক কি বাগানের সরদার ঐ মাজিষ্ট্রেটকে প্রথমে আপনার অনুমতিপত্র কি সর্টিফিকট না দেখাইলে ও তাহাতে তাঁহার ক্রোড়স্বাক্ষর না পাইলে ঐ শাখাখণ্ডে ভারতবর্ষবাসি এদেশীয় লোকদিগের সহিত মজুরী করিবার নিয়ম করিবে না ও করিবার উদ্যোগ করিবে না। যে শাখাখণ্ডের অধ্যক্ষতার ভার মাজিষ্ট্রেটের প্রতি না থাকে তন্মধ্যে ও জিলার যে অংশ জিলার শাখাখণ্ডের অন্তর্গত না থাকে তন্মধ্যে মজুরসংগ্রাহক কি বাগানের সরদার জিলার মাজিষ্ট্রেট সাহেবকে আপনার অনুমতিপত্র কিম্বা সর্টিফিকট দেখাইয়া তাহাতে তাঁহার ক্রোড়স্বাক্ষর না পাইলে ভারতবর্ষবাসি এদেশীয় লোকদিগের সঙ্গে মজুরী করিবার নিয়ম করিবে না ও করিবার উদ্যোগ করিবে না। মজুরসংগ্রাহক কি বাগানের সরদার কলিকাতা নগরের পোলীসের কমিশ্যনর কি ডেপুটী কমিশ্যনর সাহেবকে আপনার অনুমতিপত্র কিম্বা সর্টিফিকট না দেখাইলে ও তিনি তাহাতে ক্রোড়স্বাক্ষর না করিলে কলিকাতা নগরে এদেশীয় লোকদিগের সঙ্গে মজুরী করিবার নিয়ম করিবে না ও করিবার উদ্যোগ করিবে না ইতি।

বাগানের সরদার বিশ জনের অধিক যুটাইবার অনুমতি না পাইলে মজুরদের সঙ্গে তাহার চুক্তির কথা।

*১৯ ধারা। বাগানের সরদার এদেশীয় বিশ জনের অধিককে যুটাইবার অনুমতিপ্রাপ্ত না হইলে যে জিলার কিম্বা জিলার যে শাখাখণ্ডের মধ্যে কোন লোকের সঙ্গে নিয়ম করে সেই জিলার কিম্বা সেই শাখাখণ্ডের অধ্যক্ষতার ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেটের নিকটে কিম্বা তৎকর্ম্মার্থে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের নিকটে, কিম্বা কলিকাতায় মজুরদের চালান কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে উক্ত প্রত্যেক জনকে আনিবে এবং সেই মাজিষ্ট্রেট সাহেবকে কি অন্য কার্য্যকারককে কিম্বা সুপরিণ্টেণ্ডেণ্টকে আপনার সর্টিফিকট দেখাইবে, এবং এদেশীয় যেং ব্যক্তির সঙ্গে ঐ নিয়ম করিয়াছে ঐ মাজিষ্ট্রেট সাহেবকে কি অন্য কার্য্যকারককে কি সুপরিণ্টেণ্ডেণ্টকে ঐ প্রত্যেক ব্যক্তির নাম জানাইবে এবং এই আইনের বিধানানুসারে ঐ প্রত্যেক ব্যক্তির স্বাক্ষর করিবার জন্যে প্রস্তাবিত যে চুক্তিপত্র প্রস্তুত হইল তাহাও তাঁহাকে দেখাইবে। তাহা হইলে ঐ মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক কিম্বা সুপরিণ্টেণ্ডেণ্ট

ফীর কথা।

যে মাজিষ্ট্রেট সাহেব ঐ সর্টিফিকটে আড়সহী করেন বাগানের সরদার তাঁহাকে ৩ টাকার অনধিক ফী দিবেন ইতি।

বাগানের সরদার ২ জনের অধিক মজুরের সঙ্গে করার করিবার ক্ষমতা পাইলে মজুর সংগ্রাহক জ্ঞান হইবার কথা।

২১ ধারা। কর্ত্তার সর্টিফিকট দ্বারা যদি কোন বাগানের সরদার কুড়ি জনের অধিক মজুরের সঙ্গে করার করিতে ক্ষমতা পায়, তবে এই আইনে মজুর সংগ্রাহকদের বিষয়ে যে সকল বিধান আছে সেই সরদার লাইসেন্স ভিন্ন অন্য সকল বিষয়ে সেই বিধানের অধীন থাকিবে। বাগানের সরদার বিদেশগামি কুড়ি জনের অধিক মজুরের সঙ্গে করার করিতে ক্ষমতা না পাইলে তাহার প্রতি এই অধ্যায়ের পশ্চাল্লিখিত বিধি খাটিবে ইতি

বাগানের সরদার মজুর সংগ্রাহক না হইলে তাহার বিধি।

মাজিষ্ট্রেট সাহেব সর্টিফিকটে আড়সহী না করিলে তাহার ক্ষমতা না থাকার কথা।

২২ ধারা। কোন জিলার কি জিলার কোন খণ্ডের মাজিষ্ট্রেট বাগানের সরদারের সর্টিফিকটে আড়সহী না করিলে সেই জিলার কি সেই খণ্ডের মধ্যে এবং কলিকাতার পোলীসের কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব সর্টিফিকটে আড়সহী না করিলে কলিকাতায় ভারতবর্ষজাত কোন ব্যক্তির সঙ্গে সেই সরদার করার করিবার উদ্যোগ করিতে ক্ষমতা পাইয়াছে, এমত জ্ঞান হইবে না ইতি।

বিদেশগামি ব্যক্তিকে জিলা হইতে লইয়া যাইবার পূর্ব্বে মাজিষ্ট্রেটের নিকট আনিবার কথা।

২৩ ধারা। ভারতবর্ষজাত কোন ব্যক্তি মজুরী পাইয়া বন্ধ করিবার নিমিত্তে কোন বাগানের সরদারের সঙ্গে মজুরী করিবার জিলায় যাইতে করার করিলে যে জিলায় কি মহকুমায় ঐ করার করিল বাগানের সরদারের সঙ্গে সেই জিলার কি মহকুমার, কিম্বা লক্ষিত স্থানে যাইবার পথে প্রথম যে জিলায় কি মহকুমায় পঁহুছে তথাকার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যাইবে ইতি।

মাজিষ্ট্রেট সেই ব্যক্তির নিকট জিজ্ঞাসাবাদ করিয়া সন্তোষজনক উত্তর পাইলে যে বিবরণ রেজিষ্টরী করিবেন তাহার কথা।

২৪ ধারা। গমনেচ্ছু সেই ব্যক্তি উপস্থিত হইলে মাজিষ্ট্রেট সাহেব তাহার করারের বিষয়ে তাহাকে জিজ্ঞাসা করিবেন। ও যে স্থানে যাইবে ও যত কাল ও যে প্রকারের কর্ম্ম করিতে হইবে ও যে হারে বেতন পাইবে ও তাহার আহারীয়

দেশীয় উক্ত প্রত্যেক ব্যক্তিকে আপনার প্রস্তাবিত চুক্তির কথা জিজ্ঞাসা করিবেন ও যে স্থানে যত কাল যে প্রকারের কর্ম্ম করিতে হইবে ও যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে এই সকল বিষয়ে ঐ ব্যক্তি আপনার চুক্তির ভাব বুঝিয়াছে ও সেই চুক্তিমতে কার্য্য করিতে ইচ্ছুক আছে এমত জ্ঞান করিলে ঐ মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক কিম্বা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ঐ ব্যক্তির নাম ও যে স্থানে তাহার জাহাজে কি নৌকায় উঠিতে হইবে ও যে স্থানে তাহার মজুরী করিতে হইবে সেইং স্থানের নাম এক খান বহীতে রেজিষ্টরী করিয়া লিখিবেন। ঐ বহীর উক্ত সকল কথা যে পাঠে লিখিতে হইবে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা নির্দ্দিষ্ট করিবেন। দেশীয় উক্ত ব্যক্তি প্রস্তাবিত চুক্তির ভাব বুঝে না কিম্বা প্রতারণা করিয়া কি ফুসলাইয়া তাহার সঙ্গে নিয়ম করা গিয়াছে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অন্য কার্য্যকারক কি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এমত জ্ঞান করিলে কিম্বা বাগানের সরদার আপনার সর্টিফিকট না দেখাইলে ঐ মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক কিম্বা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব দেশীয় উক্ত ব্যক্তির নাম রেজিষ্টর করিতে অস্বীকার করিবেন। স্থলান্তরে মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক কিম্বা সুপরিণ্টেণ্ডেণ্ট দেশীয় উক্ত ব্যক্তিকে ও বাগানের সরদারকে আপনার সাক্ষাতে দোবরা চুক্তিপত্রে স্বাক্ষর করাইবেন তদ্রূপ স্বাক্ষর হইলে চুক্তিতে বাগানের সরদারের কর্ত্তা সাহেব আবদ্ধ হইবেন ইতি।

চুক্তিপত্রের রেজিষ্টরীর নকল পাঠাইবার কথা।

২[illegible] ধারা। মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক কিম্বা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব হস্তাব পূর্ব্ব ধারামতে রেজিষ্টরী করা বহীর প্রতিলিপি এবং পূর্ব্বোক্তমতে স্বাক্ষরিত ও সাক্ষীসহকারে স্বাক্ষরিত প্রত্যেক চুক্তিপত্রের প্রতিলিপি ঐ মজুর যে জিলায় মজুরী করিবে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন ইতি।

দ্রব্য তাহাকে যে দরে দেওয়া যাইবে এই সকল বিষয় ধরিয়া সে আপন করারের ভাব বুঝিয়াছে ও করারমতে কর্ম্ম করিতে ইচ্ছুক আছে মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে তিনি এক খান বহীতে নিম্নলিখিত সকল বিবরণ রেজিষ্টরী করিয়া রাখিবেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেই বহী লিখিবার পাঠ নির্দ্দেশ করিয়া দিবেন।

১। গমনেচ্ছু সেই ব্যক্তির নাম ও পিতার নাম ও বয়স।

২। গমনেচ্ছু সেই ব্যক্তি যে গ্রাম কি যে স্থানবাসী তাহার নাম।

৩। মজুরী করিবার যে জিলায় যাইতে করার করিয়াছে।

৪। যত কাল চাকরী করিবে।

৫। যে হারে বেতন পাইবে ও তাহার আহারীয় দ্রব্য যে দরে দেওয়া যাইবে।

কিন্তু ডাক্তরের সর্টিফিকট চাহিতে পারিবার কথা।

কিন্তু মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করিলে যে ডাক্তর সাহেবের নিকট ঐ গমনেচ্ছু ব্যক্তিকে যাইতে বলেন তাহাকে তাঁহার সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা দিতে পারিবেন। অস্বাস্থ্য পক্ষে তাহার অবস্থা বিবেচনায় সেই ব্যক্তি মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত ও শরীর গতিক বিবেচনায় তথায় মজুরী লইয়া কর্ম্ম করিতে সক্ষম এ ডাক্তর সাহেব এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া না দিলে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবেন। ঐ সর্টিফিকট যে পাঠে লিখিয়া দিতে হইবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা নির্দ্দিষ্ট করিবেন ইতি।

মাজিষ্ট্রেট সাহেবের রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবার কথা।

২৫ ধারা। গমনেচ্ছু সেই ব্যক্তি করারের ভাব বুঝে নাই কিম্বা তাহাকে প্রতারণা করিয়া কি অন্যায় কথা কহিয়া চুক্তি করিবার প্রবৃত্তি দেওয়া হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেব এমত বিবেচনা করিলে তাহাকে রেজিষ্টর করিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

রেজিষ্টরী করা কথার নকল মজুরী করিবার জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবার কথা।

২৬ ধারা। ঐ গমনেচ্ছু ব্যক্তি মজুরী করিবার যে জিলায় কর্ম্ম করিতে করার করিয়াছে মাজিষ্ট্রেট সাহেব সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট প্রত্যেক ব্যক্তির ঐ রেজিষ্টরী করা কথার নকল যথার্থ বলিয়া স্বাক্ষর করিয়া অগৌণে পাঠাইবেন ইতি।

রেজিষ্টরী করিবার যে ফী দিতে হইবে তাহার কথা।

২৭ ধারা। গমনেচ্ছু যত ব্যক্তিকে রেজিষ্টরী করা যায় বাগানের সরদার তাহারদের প্রত্যেক জনের নিমিত্ত রেজিষ্টরী করণিয়া কার্য্যকারককে ১।০ দেড় টাকার অনধিক ফী দিবে ইতি।

রেজিষ্টরী করিবার পরে চুক্তি পত্র করিবার কথা।

২৮ ধারা। উক্ত প্রকারে রেজিষ্টরী করা গেলে পর মাজিষ্ট্রেট সাহেব আপনার সাক্ষাতে কর্ত্তার পক্ষে বাগানের সরদারের দ্বারা ও গমনেচ্ছু ব্যক্তির দ্বারা উক্ত গমনেচ্ছু প্রত্যেক

ব্যক্তির দোকর চুক্তিপত্রে সহী করাইয়া লইবেন ও আপনি সাক্ষীস্বরূপ তাহাতে স্বাক্ষর করিবেন। তাহার এক কেতা গমনেচ্ছু ব্যক্তিকে আর এক কেতা বাগানের সরদারকে দেওয়া যাইবে। সেই চুক্তিপত্র উত্তম কাগজে লেখা কিম্বা ছাপান যাইবে কিম্বা তাহার একাংশ লেখা একাংশ ছাপান যাইবে।

ঐ চুক্তিপত্র রেজিষ্টরী করিবার কথা ও তাহার নকল কি চুম্বক সুপরিণ্টেণ্ডেণ্ট ও মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবার কথা।

মাজিষ্ট্রেট সাহেব এক খান রেজিষ্টরী বহী রাখিয়া সেই বহীতে উক্ত প্রত্যেক চুক্তিপত্রের চুম্বক লিখিয়া রাখিবেন। ও তিনি সেই লিখিত চুম্বকের কি চুক্তিপত্রের নকলে সর্টিফিকট লিখিয়া বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবেন। সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনার রেজিষ্টরী বহীতে তাহা লিখিয়া গমনেচ্ছু ব্যক্তি মজুরী করিবার যে জিলায় কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবেন।

চুক্তিপত্রের প্রমাণের কথা।

ঐ চুক্তিপত্রে যে কথা লেখা গিয়াছে সেই কথার কিম্বা চুক্তিপত্রের সর্টিফিকটযুক্ত নকল কোন আদালতে সেই চুক্তিপত্রের মর্ম্মের প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবে।

চুক্তিপত্র রেজিষ্টরী করিবার ও তাহার নকল কি চুম্বক মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবার কথা।

উক্ত মাজিষ্ট্রেট কি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনি রেজিষ্টরী বহী রাখিয়া তাহার মধ্যে উক্ত প্রত্যেক চুক্তিপত্রের চুম্বক লিখিয়া রাখিবেন। এবং ঐ লিখিত চুম্বক কিম্বা চুক্তিপত্র নকল করাইয়া তাহাতে আপনি সর্টিফিকট লিখিয়া দেশান্তরগামী ব্যক্তি যে জিলায় মজুরী করিতে চুক্তি করিয়াছে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট ঐ নকল পাঠাইবেন। কিন্তু সেই চুক্তিপত্র যদি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে স্বাক্ষর ও তাঁহার দ্বারা রেজিষ্টরী করা গিয়া থাকে তবে তিনি দেশান্তর গমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের দ্বারা ঐ নকল পাঠাইবেন। সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেবও যে রেজিষ্টরী বহী রাখেন তাহার মধ্যে ঐ কথা লেখাইবেন ইতি।

কলিকাতায় যে মজুরদিগকে সংগ্রহ করা যায় তাহারদের বিষয়ে সেই বিধি খাটিবার কথা।

২৯ ধারা। কোন বাগানের সরদার কলিকাতা নগরের মধ্যে ভারতবর্ষজাত লোকদের সঙ্গে করার করিলে ইহার পূর্ব্ব ছয়টি ধারার বিধান তাহারদের সকলের প্রতি খাটিবে কেবল বিশেষ এই তাহারদিগকে মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত করিতে হইবে না কিন্তু কলিকাতা নগরে যিনি বিদেশগমনকার্য্যের সুপারিণ্টেণ্ডেণ্ট হন তাঁহার সম্মুখে রেজিষ্টরী করিবার জন্যে তাহারদিগকে উপস্থিত করিতে হইবে ইতি।

বঙ্গদেশের অন্তর্গত যে এমন জিলার মধ্যে বিদেশ গমনেচ্ছু ব্যক্তিদিগকে সংগ্রহ করিবার কথা।

৩০ ধারা। যে প্রদেশ কি জিলা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অধীন নয় বাগানের কোন সরদার তথা হইতে বিদেশগমনেচ্ছু কোন ব্যক্তিকে আনলে কি আসিতে প্রবৃত্তি দিলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহে

যে মজুরেরা বঙ্গদেশের বহির্ভূত জিলাহইতে আইসে তাহারদের রেজিষ্টরী করিবার কথা।

২৬ ধারা। ভারতবর্ষবাসি এদেশীয় কোন ব্যক্তি বঙ্গদেশীয় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কর্ত্তৃত্বের অনধীন কোন প্রদেশে কি জিলাহইতে ঐ কর্ত্তৃত্বাধীন কোন জিলাতে মজুরী করিবার চুক্তি করণার্থে কোন মজুরসংগ্রাহককর্ত্তৃক, কিম্বা বাগানের সরদারকর্ত্তৃক আনীত হইলে কি আসিতে প্রবৃত্তি পাইলে, ঐ মজুর

কলিকাতার এজেণ্ট মজুরের ফিরিযা যাইবার খরচ দিয়া চুক্তি বাতিল করিতে সুপবিণ্টেণ্ডেণ্ট সাহেবের আজ্ঞা পাইবার কথা।

৩৩ ধারা। বাগানের সরদাব আপনার কর্ত্তার পক্ষে কোন বিদেশগামি মজুরের চুক্তিপত্রে স্বাক্ষর করিলে সেই মজুর কলিকাতায পঁহুছিলে, ঐ কর্ত্তার এজেণ্ট কি প্রতিনিধি বলিযা যে ব্যক্তি কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হন তিনি চুক্তি বাতিল করিবার জন্যে ঐ মজুরকে দেশান্তরগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। পরে দেশান্তরগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে ঐ মজুর উপস্থিত হইলে সে যে স্থানে থাকিযা করার করিযাছিল সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের বিবেচনায তাহার সেই স্থানে ফিরিযা যাইবার পথ খরচের নিমিত্ত যত টাকা লাগিতে পারে (ও বাগানের সরদারের অনুমতিক্রমে কোন স্ত্রী কি সন্তান কি বৃদ্ধ কুটুম্বাদি সঙ্গে আইলে তাহারদেরও যাইবার পথ খরচ যত লাগে) সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাৎ তাঁহাকে তত টাকা দেওযা গেলে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ঐ চুক্তি বাতিল বলিযা প্রকাশ করিবেন ও চুক্তিপত্রের পৃষ্ঠে সেই মর্ম্মের কথা লিখিযা আপনি সাক্ষীস্বরূপ তাহাতে স্বাক্ষর করিবেন। কিন্তু ঐ পথখরচ না দেওয়া গেলে তিনি ঐ চুক্তিপত্র বাতিল করিবেন না। আরো দেশান্তরগামি সেই ব্যক্তির স্বামী কি স্ত্রী কি পিতা কি মাতা কি সন্তান সেই সমযে সেই কর্ত্তার নিকট কর্ম্ম করিতে যে চুক্তি করিযাছে সেই ব্যক্তি চাহিলে তাহাও বাতিল করা যাইবে ও তাহাকে তত্তুল্য টাকা দেওযা যাইবে ইতি।

নৌকাদিতে চড়াইবার এজেণ্টের স্থানে পাস না পাইলে যে নৌকাদিতে ২০ জনের অধিক থাকে তন্মধ্যে চড়াইযা না দিবার কথা।

৩৪ ধারা। বাগানের সরদার বিদেশগামি ব্যক্তিদিগকে মজুরী করিবার জিলায কি সেই জিলাবদিগে চালান করিবার জন্যে নৌকাদিতে চড়াইতে গেলে, যদি ঐ নৌকাদিতে খালাসী ছাড়া ঐ গমনেচ্ছু ব্যক্তিদিগকে লইযা সর্ব্বসুদ্ধ ২০ জনের অধিক থাকে, কিম্বা যদি নৌকাদিতে চড়াইবার এজেণ্ট সাহেব এই আইনের ৫ তফসীলের নির্দ্দিষ্ট পাঠে ঐ গমনেচ্ছু ব্যক্তিদিগকে পাস না দেন তবে তাহারদিগকে ঐ নৌকাদিতে চড়াইযা দেওযা বেআইনী কর্ম্ম।

তাহারদের স্বাস্থ্য বিষযে ডাক্তরের সন্তোষ না জন্মিলে পাস না দিবার কথা।

গমনেচ্ছু ঐ ব্যক্তিদিগকে নৌকাদিতে চড়িযা যাইতে অনুমতি দিলে ঐ নৌকাদিতে থাকা অন্য লোকদের স্বাস্থ্যের হানি হইবে না, পরিদর্শনকারি ডাক্তর সাহেব এই মর্ম্মের সর্টিফিকট না দিলে ও যত কাল না দেন বাগানের সরদার চড়াইবার এজেণ্ট সাহেবের নিকট গমনেচ্ছু যে ব্যক্তিদিগকে আনে তিনি তত কাল তাহারদিগকে উক্ত প্রকারের পাস দিবেন না। উক্ত কারণে যতকাল আবশ্যক বোধ করেন

গমনেচ্ছু ব্যক্তিদিগকে এজেণ্টের আটক করিয়া রাখিবার কথা।

ঐ গমনেচ্ছু ব্যক্তিদিগকে তত কাল আড্ডায় আটক করিযা রাখিতে পারিবেন এবং বাগানের সরদার ঐ আড্ডার স্বামিকে যে হিসাবে ঐ গমনেচ্ছু ব্যক্তিদের আহারের খরচ দিবে তাহাও তিনি নিরূপণ

করিতে পারিবেন। উক্ত স্থলে গমনেচ্ছু ঐ ব্যক্তিদের

ও খরচ আগাম দিবার কথা।

থাকিবার স্থানের ও আহারাদির ও চিকিৎসার ও চালান করিবার যত খরচ আবশ্যক হয় নৌকাদিতে চড়াইবার এজেন্ট সাহেব তাহা আগাম দিতে পারিবেন। পরে ঐ সর্দ্দার যে কর্ত্তারদ্বারা নিযুক্ত হয় সেই কর্ত্তার স্থানে ঐ খরচ ফিরিয়া লওয়া যাইতে পারিবে ইতি।

৩৫ ধারা। বাগানের সরদার বিদেশগামি ব্যক্তিদিগকে লইয়া মজুরী করিবার জিলায় পঁহুছিলেই তথাকার মাজিষ্ট্রেট সাহেবের নিকট আপনার পঁহুছিবার কথা জানাইবে

মজুরী করিবার জিলায় পঁহুছিলে রিপোর্ট করিতে হইবার কথা।

মাজিষ্ট্রেট সাহেব গমনেচ্ছু যত ব্যক্তির রেজিষ্টরী হইবার নোটিস পাইয়াছেন তাহাদের সংখ্যা উক্ত যত ব্যক্তি পঁহুছে তাহারদের সঙ্গে মিলাইয়া দেখিবেন ও পথে আসিবার সময়ে কোন ব্যক্তির মৃত্যু হইলে বিদেশগমন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে সেই কথার রিপোর্ট করিবেন।

কোন বাগানের সরদার পূর্ব্বোক্ত আজ্ঞামতে মাজিষ্ট্রেট সাহেবের নিকট উক্ত গমনেচ্ছু ব্যক্তিদের পঁহুছিবার কথা রিপোর্ট না

রিপোর্ট না করিবার দণ্ডের কথা।

করিলে তাহার তিন মাসের অনধিক কোন এক প্রকারের কারাদণ্ড হইবে ইতি।

৩৬ ধারা। বিদেশগামি কুড়ি জনের অধিক না হইলে, বাগানের সরদারের দ্বারা সংগ্রহ করা ঐ গমনেচ্ছু ব্যক্তিদের চালানের বিষয়ে ৮২ ও ৮৩ ধারা

নৌকাদিতে চালান করিবার বিধি যে স্থানে খাটিবে তাহার কথা।

ভিন্ন ৭ পরিচ্ছেদেরকোন ধারার বিধান খাটিবে না। কিন্তু ঐ গমনেচ্ছু ব্যক্তিরা ৩৪ ধারার বিধানমতে নৌকাদিতে চড়াইবার এজেন্টের স্থানে পাস পাইয়া চড়িলে খাটিবে ইতি।

৪ পরিচ্ছেদ।—কন্‌ট্রাক্টরদের কথা।

৩৭ ধারা। কন্‌ট্রাক্টরকে ১২ ধারামতে যে লাইসেন্স দেওয়া যায় তাহা এই আইনের A চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠে লেখা যাইবে। উক্ত প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে এক শত টাকার অনধিক ফী দেওয়া যাইবে। কোন লাইসেন্স এক বৎসরের অধিক কাল বলবৎ থাকিবে না এবং কন্‌ট্রাক্টর কোন অত্যাচার করিলে যে মিয়াদের নিমিত্ত লাইসেন্স দেওয়া যায় তাহা না ফুরাইলেও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব সেই লাইসেন্স বাতিল করিতে পারিবেন ইতি।

লাইসেন্স লিখিবার পাঠ।

ফীর কথা।

মিয়াদের কথা।

---

২১ ধারা। বাগানের সরদার মজুরদিগকে লইয়া জাহাজ কি নৌকাহইতে নামিবার স্থানে কিম্বা শেষোক্ত জিলার অতি নিকট দেওয়ানী মোকামে পঁহুছিলে পর ঐ বাগানের সরদার সাধ্যমতে ত্বরায় ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপনার পঁহুছিবার রিপোর্ট করিবেন। তাহা হইলে নৌকাদিহইতে যত জন মজুর নামে ঐ মাজিষ্ট্রেট সাহেব তাহারদের সংখ্যা রেজিষ্টরী সংখ্যার সঙ্গে মিলাইয়া দেখিবেন। ও তাহারদের মধ্যে কেহ পথে মরিলে কলিকাতায় মজুরদের চালান কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে সেই কথার রিপোর্ট করিবেন। বাগানের সরদার পঁহুছিয়া পূর্ব্বোক্তমতে রিপোর্ট না করিলে তাহার তিন মাসের অনধিক কাল কোন প্রকারের কারাদণ্ড হইতে পারিবে ইতি।

মজুরেরা পঁহুছিলে বাগানের সরদারের রিপোর্ট করিবার কথা।

[১৮৭ সালের ২ আইনের ৫ ধারা পাণ্ডুলিপির ১৫ ধারার পার্শ্বে মুদ্রিত হইল।]

৯ ধারা। কন্‌ট্রাক্টর কি মজুর সংগ্রাহক কি বাগানের সরদার অত্যাচার করিলে কিম্বা এই আইনের কোন বিধান অমান্য কি উপেক্ষা করিলে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব সেই কন্‌ট্রাক্টরের কি মজুর সংগ্রাহকের কি বাগানের সরদারের অনুমতিপত্র কি সার্টিফিকট রহিত করিতে পারিবেন ইতি।

কন্‌ট্রাক্টরের কি মজুর সংগ্রাহকের কি বাগানের সরদারের অনুমতি কি সার্টিফিকট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের রহিত করিতে পারিবার কথা।

সুপরিণ্টেণ্ডেণ্টের যে সন্ধান প্রয়োজন তাহা কন্ট্রাক্টরের দিবার কথা।

৭ ধারা। কন্ট্রাক্টর যে সুপরিণ্টেণ্ডেণ্টের স্থানে অনুমতিপত্র পান তিনি সময়ে২ কোন সন্ধান জানিতে চাহিলে ঐ কন্ট্রাক্টর তাঁহাকে জানাইবেন ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতিক্রমে যে রিপোর্ট ও রিটর্ণ চাহেন তাহা দিবেন ইতি।

[এই পাণ্ডুলিপির ৫ ধারার ২ প্রকরণ দেখ।]

কন্ট্রাক্টরদের আড্ডা রাখিবার এবং সেই আড্ডায় মজুরদিগকে রাখিয়া আহারাদি দিবার কথা।

৬ ধারা। প্রত্যেক কন্ট্রাক্টর অনুমতিপত্র পাইলেই ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অনুমোদিত স্থানে আড্ডা করিবেন। ভারতবর্ষবাসি এদেশীয় যে লোকদিগকে উক্ত কন্ট্রাক্টরকর্ত্তৃক কি তাঁহার দ্বারা যুটাইয়া দেওয়া যায় কি চালান করা যায় ঐ কন্ট্রাক্টর তাহাদের থাকিবার উপযুক্তমতে ঐ আড্ডা রাখিবেন। উক্ত যে কন্ট্রাক্টরের দ্বারা কি যাহার নিকটে কি নিমিত্তে এদেশীয় তদ্রূপ লোকদের সঙ্গে নিয়ম করা যায় কিম্বা তদ্রূপ লোক চালান হয় তাহারা ঐ কন্ট্রাক্টরের স্থাপিত আড্ডায় কি তন্নিকটে পঁহুছিলে তাহাদিগকে তৎক্ষণাৎ ঐ কন্ট্রাক্টরকর্ত্তৃক সেই আড্ডায় লওয়া ও গ্রহণ করা যাইবে এবং তাহারা সেই আড্ডায় ঐ কন্ট্রাক্টরের খরচে উপযুক্ত স্থান ও গ্রাসাচ্ছাদন ও চিকিৎসা পাইবে এবং তাহাদের সেই সকল বিষয় পাইবার আর অধিকার নাই সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যত কাল ইহা প্রকাশ না করেন তত কাল তাহারা তাহা পাইতে থাকিবে। পূর্ব্বোক্ত প্রত্যেক আড্ডা সুপরিণ্টেণ্ডেণ্টের তত্ত্বাধীনে থাকিবে ও তিনি এবং চিকিৎসাসংক্রান্ত পরিদর্শক যখন ইচ্ছা করেন তখনই গিয়া দেখিতে পাইবেন এবং উক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমোদিত যে বিধি সময়ে২ প্রণয়ন করিয়া কলিকাতা গেজেটে প্রকাশ করেন কন্ট্রাক্টর তদনুসারে ঐ আড্ডার কার্য্য ও বিধান করিবেন ইতি।

[এই পাণ্ডুলিপির ৫ ধারার ৫ ও ৬ ও ৮ ও ৯ প্রকরণ দেখ।]

সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে সন্ধান দিবার কথা।

৩৮ ধার। বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যে২ বিষয়ের সন্ধান জানিতে চাহেন ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি লইয়া তিনি সময়ে২ কনট্রেক্টরের স্থানে যে২ রিপোর্ট ও রিটর্ণ চাহেন প্রত্যেক জন কনট্রাক্টর তাঁহাকে সেই সন্ধান জানাইবেন ও তাঁহাকে সেই রিপোর্ট ও রিটর্ণ দিবেন ইতি।

আড্ডা স্থাপন করিয়া রাখিবার কথা।

৯ ধারা কন্ট্রাক্টরের নিযুক্ত মজুরসংগ্রাহক বিদেশগমনেচ্ছু যে ব্যক্তিদের সঙ্গে করার করে তাহারদের থাকিবার জন্যে বিদেশগমন কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যে২ স্থান নিষ্কার্য্য করেন প্রত্যেক জন কন্ট্রাকটরের সেই২ স্থানে এক কি কএক আড্ডা স্থাপন করিয়া রাখিতেই হইবে। প্রত্যেক আড্ডা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের তত্ত্বাধীন থাকিবে এবং তিনি ও পরিদর্শনকারি ডাক্তর সাহেব কোনসময়ে গিয়া তাহা দেখিতে পারিবেন এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়েং কলিকাতা গেজেটে ঐ২ আড্ডার কার্য্য চালাইবার যে২ বিধি করিয়া প্রকাশ করেন কন্ট্রাকটর সেই২ বিধিমতে ঐ আড্ডার কার্য্য চালাইবে ও তাহার বিধান করিবে ইতি।

মজুর সংগ্রাহকের কর্ম্ম করিতে পারিবার কথা।

১০ ধারা। কন্ট্রাকটর স্বতন্ত্র লাইসেন্স না লইয়া মজুরসংগ্রাহকের কর্ম্ম করিতে পারিবেন। তাহা করিলে ইহার পশ্চাৎভাগে মজুরসংগ্রাহকদের বিষয়ে যে২ বিধি লেখা আছে ঐ কন্ট্রাকটরের উপর সেই সকল বিধি খাটিবে ইতি।

হাস্পাতালআড্ডা স্থাপন করিবার কথা।

৪১ ধারা। বিদেশগামি ব্যক্তিদের থাকিবার যে আড্ডা কন্ট্রাকটরদের রাখিতে আজ্ঞা হইল তদ্ভিন্ন পরিদর্শনকারি ডাক্তর সাহেবের বিবেচনামতে গমনেচ্ছু কোন ব্যক্তির ওলাউঠা কি অন্য প্রকারের রোগ হইবার সম্ভাবনা হইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কোন সময়ে বিহিত বোধ করিলে কোন স্থানে তাহারদের থাকিবার স্বতন্ত্র এক আড্ডা করিয়া রাখিবার আজ্ঞা দিতে পারিবেন। সেই প্রকারের হাস্পাতাল আড্ডা করা গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা স্থাপন করিয়া রাখিবার খরচের যে অংশ নিরূপণ করেন কনট্রাক্টরের সেই অংশ দিবার আজ্ঞা হইতে পারিবে।

খরচের একাংশ কন্ট্রাক্টরের দিবার কথা।

সেই হাস্পাতাল আড্ডা পরিদর্শনকারি ডাক্তর সাহেবের অধীন থাকিবে। বিদেশগামি কোন ব্যক্তিরা কোন আড্ডায় পঁহুছিলে কি তৎপরে কোন সময়ে তিনি তাহারদের কোন ব্যক্তিদিগকে সেই হাস্পাতালে পাঠাইবার আজ্ঞা দিতে পারিবেন।

তাহা পরিদর্শনকারি ডাক্তর সাহেবের অধীন থাকিবার কথা।

[Government Gazette, 6th May 1873]

মজুরসংগ্রাহকের অনুমতিপত্র সুপরিণ্টেণ্ডেণ্টের দিতে পারিবার কথা।

৮ ধারা। মজরী পাইয়া খাটিবার জন্য লোকদের সঙ্গে উক্ত প্রদেশে যাইবার নিয়ম করণার্থে সুপরিণ্টেণ্ডেণ্ট যাহা দিগকে কন্‌ট্রাক্টরের পক্ষে মজুরসংগ্রাহক হইবার উপযুক্ত বোধ করেন তাহাদিগকে এই আইনের (B) তফসীলের পাঠে অনুমতিপত্র দিতে পারিবেন। বঙ্গদেশের গবর্ণমেণ্ট সময়ে২ অনুমতিপত্রের নিমিত্তে ষোল টাকার অনধিক যে ফী নিরূপণ করেন ঐ অনুমতি পত্রদায়ি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব তাহাই পাইবেন ও তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্রের তারিখঅবধি তাহা এক ব৲সর বলবৎ থাকিবে অধিক কাল নয় ইতি।

কন্‌ট্রাক্টরের কি মজুর সংগ্রাহকের কি বাগানের সরদারের অনুমতিপত্র কি সর্টিফিকট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের রহিত করিতে পারিবার কথা।

৯ ধারা। কন্‌ট্রাক্টর কি মজুর সংগ্রাহক কি বাগানের সরদার অহিতাচার করিলে কিম্বা এই আইনের কোন বিধান অমান্য কি উপেক্ষা করিলে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব সেই কন্‌ট্রাক্টরের কি মজুরসংগ্রাহকের কি বাগানের সরদারের অনুমতিপত্র কি সর্টিফিকট রহিত করিতে পারিবেন ইতি।

সংগ্রাহকের চাপরাস পরিতে হইবার কথা।

১০ ধারা। সকল স৲গ্রাহক চাপরাস পরিবে। যে প্রদেশে কি যেং প্রদেশে যাইবার মজুরদের সঙ্গে নিয়ম করিবার অনুমতি পায়, সেই প্রদেশের নাম ঐ চাপরাসে উর্দ্দু ও বাঙ্গলা ভাষায় সুপাঠ্য রূপে অঙ্কিত থাকিবে ও যে কন্‌ট্রাক্টরের পক্ষে কর্ম্ম করিতে অনুমতি পায় তাহার স্বাক্ষরিত একখান লিখিত পাস তাহার নিকট থাকিবে ইতি।

মজুর সংগ্রাহকের অনুমতিপত্রে মাজিষ্ট্রেট সাহেবের ক্রোড়স্বাক্ষর করিবার কথা।

১৫ ধারা। যে শাখাখণ্ডের অধ্যক্ষতার ভার মাজিষ্ট্রেটের প্রতি থাকে কোন মজুরসংগ্রাহক কি বাগানের সরদার ঐ মাজিষ্ট্রেটকে প্রথমে আপনার অনুমতিপত্র কি সর্টিফিকট না দেখাইলে ও তাহাতে তাঁহার ক্রোড়স্বাক্ষর না পাইলে ঐ শাখাখণ্ডে ভারতবর্ষবাসি এদেশীয় লোকদিগের সহিত মজুরী করিবার নিয়ম করিবে না, ও করিতে উদ্যোগ করিবে না। যে শাখাখণ্ডের অধ্যক্ষতার মাজিষ্ট্রেটের প্রতি না থাকে তন্মধ্যে ও জিলার

বিদেশগামি কোন ব্যক্তি পরিদর্শনকারি ডাক্তর সাহেবের আজ্ঞামতে তদ্রূপ হাস্পাতাল আড্ডায় যাইতে কি থাকিতে স্বীকার না করিলে, এবং কোন ব্যক্তি তাহার অস্বীকার কার্য্যের সহায়তা করিলে, কিম্বা পরিদর্শনকারি ডাক্তরের আজ্ঞামতে ঐ গমনেচ্ছু ব্যক্তির হাস্পাতালে যাওয়ার প্রতিবন্ধক হইলে কি কোন প্রকারে বাধা দিলে, তাহার ছয় মাসের অনধিক কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড হইবে।

হাস্পাতালে যাইতে কি থাকিতে স্বীকার না করিলে কি আজ্ঞা না মানিলে দণ্ডের কথা।

৫ পরিচ্ছেদ।—মজুর সংগ্রাহকের কথা।

বিশেষ২ জিলার নিমিত্ত লাইসেন্স দিবার কথা।

৪২ ধারা। মজুরস৲গ্রাহক প্রত্যেক জনকে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসিতদেশের অন্তর্গত এক কি কএক জিলাহইতে মজুর স গ্রহ করিয়া লইবার যে লাইসেন্স দেওয়া যায় তন্মধ্যে এ২ জিলার নাম লেখা থাকিবে। এব যে কন্‌ট্রাক্টর লাইসেন্স পাইযাছেন তাঁহার প্রার্থনাবিনা কাহাকেও মজুরস গ্রহ করিবার লাইসেন্স দেওয়া যাইবে ন।

কন্‌ট্রাক্টরের প্রার্থনামতে লাইসেন্স দিবার কথা।

লাইসেন্স লিখিবার পাঠ।

৪৩ ধারা। মজুরসংগ্রাহককে ৬ ধারামতে যে লাইসেন্স দেওয়া যায় তাহা এই আইনের B তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে লেখা যাইবে। তদ্রূপ প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে ৬ টাকার অনধিক ফী দেওযা যাইবে। কোন লাইসেন্স এক বৎসরের অধিককাল বলবৎ থাকিবে না। এব মজুর স গ্রাহক কোন অত্যাচার করিলে লাইসেন্স যে মিয়াদের নিমিত্ত দেওযা গেল তাহা না ফুরাইলেও সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব তাহার লাইসেন্স বাতিল করিতে পারিবেন ইতি।

ফীর কথা।

মিয়াদের কথা।

মজুর সংগ্রাহকের চাপরাস পরিতে হইবার কথা।

৪৪ ধারা। মজুরস গ্রাহক প্রত্যেক জন চাপরাস পরিবে। ইংরাজী ভাষায় এব যে জিলায় কি যেং জিলায় মজুর সংগ্রহ করিবার অনুমতি পায় সেইং জিলার চলিত ভাষায় "আসামের (কিম্বা বিষয়বিশেষে অন্য স্থানের) নিমিত্ত মজুর সংগ্রাহক" এই কথা সুপাঠ্যরূপে খোদা থাকিবে। ও সে যে কন্‌ট্রাক্টরের পক্ষে কর্ম্ম করিতে লাইসেন্স পায় সেই কন্‌ট্রাক্টরের স্বাক্ষর করা একখান লিখিত পাস তাহার নিকট থাকিবে ইতি।

যে জিলায় মজুর সংগ্রহ করা যাইবে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ লাইসেন্সপত্রে আড়সহী না করিলে তাহার বল না থাকার কথা।

৪৫ ধারা। কোন মজুরসংগ্রাহকের লাইসেন্সপত্রে জিলার কি জিলার খণ্ডের মাজিষ্ট্রেট সাহেবের আড়সহী না থাকিলে সে ঐ জিলার মধ্যে ভারতবর্ষজাত কোন ব্যক্তির সঙ্গে বিদেশে যাইবার করার করিতে কি করার করিবার উদ্যোগ করিতে ক্ষমতা পাইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না।

যে অংশ জিলার শাখাখণ্ডের অন্তর্গত না থাকে তন্মধ্যে মজুর-সংগ্রাহক কি বাগানের সরদার জিলার মাজিষ্ট্রেট সাহেবকে আপনার অনুমতিপত্র কিম্বা সর্টিফিকট দেখাইয়া তাহাতে তাঁহার ক্রোড়স্বাক্ষর না পাইলে ভারতবর্ষবাসি এদেশীয় লোকদিগের সঙ্গে মজুরী করিবার নিয়ম করিবে না ও করিবার উদ্যোগ করিবে না। মজুরসংগ্রাহক কি বাগানের সরদার কলিকাতা নগরের পোলীসের কমিশ্যনর কি ডেপুটী কমিশ্যনর সাহেবকে আপনার অনুমতিপত্র কিম্বা সর্টিফিকট না দেখাইলে ও তিনি তাহাতে ক্রোড়স্বাক্ষর না করিলে কলিকাতা নগরে এদেশীয় লোকদিগের সঙ্গে মজুরী করিবার নিয়ম করিবে না ও করিবার উদ্যোগ করিবে না।

মজুরসংগ্রাহকের অনুমতি পত্রে ক্রোড়স্বাক্ষর করিবার পূর্ব্বে মজুরদের থাকিবার স্থান প্রস্তুত করিতে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা করিবার কথা।

১৬ ধারা। কোন মজুরসংগ্রাহক আপনার অনুমতিপত্র কিম্বা এদেশীয় বিশ জনের অধিককে যুটাইবার ক্ষমতাপ্রাপ্ত বাগানের সরদার আপনার সর্টিফিকট মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পোলীসের কমিশ্যনর কি ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকটে ক্রোড়স্বাক্ষর করাইবার জন্যে আনিলে সেই মজুরসংগ্রাহক কি বাগানের সরদার ভারতবর্ষবাসি এদেশীয় যে লোকদের সঙ্গে মজুরী করিবার নিয়ম করে আডডায় চালান না করণপর্য্যন্ত তাহাদের অক্লেশে থাকিবার স্থান করা গিয়াছে ও প্রস্তুত আছে যদি উক্ত সাহেবেরদের হৃদ্বোধমতে ইহা জ্ঞাত না করে তবে তাঁহারা ঐ অনুমতিপত্রে স্বাক্ষর করিবেন না। উক্ত নিয়ম পালন হইলে অনুমতিপত্র কিম্বা সর্টিফিকট যত কাল প্রবল থাকে তত কালের মধ্যে ক্রোড়স্বাক্ষর করিবার জন্যে উপস্থিত করা গেলে তাহাতে ক্রোড়স্বাক্ষর করা যাইবে ইতি।

থাকিবার স্থানের উপর মাজিষ্ট্রেটের প্রতি সুপরিণ্টেণ্ডেণ্টের ক্ষমতা থাকার কথা।

১৭ ধারা। সুপরিণ্টেণ্ডেণ্টের শক্তি ও ক্ষমতাধীন আডডার তত্ত্বাবধারণ ও কর্ম্মাধ্যক্ষতা ও বিধান করণার্থে মজুর চালান করিবার সুপরিণ্টেণ্ডেণ্টের প্রতি যে শক্তি ও ক্ষমতা বর্ত্তে পূর্ব্বোক্তরূপে থাকিবার স্থান যে জিলার কি জিলার যে বিভাগের মধ্যে থাকে তথায় যে মাজিষ্ট্রেটের কর্ত্তৃত্ব আছে তিনিও সেই আডডার তত্ত্বাবধারণ ও কর্ম্মসম্পাদন ও বিধান করণার্থে তত্তুল্য শক্তি ও ক্ষমতা প্রাপ্ত হইবেন ইতি।

মফস্সল দেশে যে মজুরদিগকে সংগ্রহ করা যায় তাহারদের পরীক্ষা হইবার ও সর্টিফিকট পাইবার জন্যে চিকিৎসকের নিকট আনাইবার কথা।

২২ ধারা। উক্ত দেশের অন্তর্গত কোন স্থানে কি নগরে ভারতবর্ষবাসি এদেশীয় কোন ব্যক্তি মজুরী পাইয়া খাটিবার জন্যে উক্ত অভ্যন্তর প্রদেশে যাইবার নিমিত্তে কোন সংগ্রাহকের সঙ্গে কিম্বা বাগানের যে সরদার আপনার সর্টিফিকট অনুসারে দেশীয় বিশ জনের অধিককে যুটাইতে ক্ষমতাপন্ন হয় তাহার সঙ্গে নিয়ম করিলে, বঙ্গদেশের শ্রীযুত

এবং কলিকাতার পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব তাহার লাইসেন্সপত্রে আডসহী না করিলে সে কলিকাতায় ঐ ক্ষমতা পাইয়াছে এমত জ্ঞান হইবে না। ঐ লাইসেন্স যে ব্যক্তিকে দেওয়া যায় সে মজুরসংগ্রাহক হইবার যোগ্য নয় উক্ত কোন মাজিষ্ট্রেট সাহেব কি পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব এমত না জানিলে সেই লাইসেন্সপত্রে আডসহী করিবেন।

লাইসেন্স রহিত করিয়া মজুরসংগ্রহকার্য্য স্থগিত রাখিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।

মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব কোন সময়ে উপযুক্ত কোন কারণে সেইরূপ লাইসেন্স কাড়িয়া লইতে পারিবেন, তাহা হইলে তিনি সেই কারণ লিখিয়া রাখিবেন ও বিদেশগমন কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট অগোণে তাহার নকল পাঠাইবেন ইতি।

লাইসেন্সপত্রে আডসহী করিবার পূর্ব্বে গমনেচ্ছু ব্যক্তিদের থাকিবার নিমিত্ত মজুরসংগ্রাহকের স্থান করিয়া রাখিবার কথা।

৪৬ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের আডসহী করিবার নিমিত্ত কোন মজুরসংগ্রাহকের লাইসেন্স আনা গেলে বিদেশগামি যে ব্যক্তিদের সঙ্গে করার করা যাইবে তাহারদিগকে আডডায় চালান করিবার পূর্ব্বে তাহারদের থাকিবার উপযুক্ত স্থান প্রস্তুত করিয়া রাখা গিয়াছে ও তাহারা তাহাতে থাকিতে পারিবে, মাজিষ্ট্রেট সাহেব ইহা হৃদ্বোধমতে না জানিলে সেই লাইসেন্সপত্রে আডসহী করিবেন না॥

তাহারদের থাকিবার স্থানের দত্ত লইবার ভার ম্যাজিষ্ট্রেট সাহেবের প্রতি থাকার কথা।

বিদেশগামি ব্যক্তিদিগের থাকিবার তদ্রূপ স্থান কোন জিলায় কি জিলার কোন অংশে প্রস্তুত করা গেলে আডডার তত্ত্বাবধারণ করিবার ও তাহার কার্য্য চালাইবার ও তাহার বিধান করিবার নিমিত্ত বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা বর্ত্তে উক্ত জিলার কি জিলার উক্ত খণ্ডের মাজিষ্ট্রেট সাহেবের প্রতি সেই স্থানের তত্ত্বাবধারণের ও তাহার কার্য্য চালাইবার ও বিধান করিবার নিমিত্ত সেই সকল ও তত্তুল্য শক্তি ও ক্ষমতা বর্ত্তিবে, কিন্তু উক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের শক্তি ও ক্ষমতা প্রবলতর হইবে ইতি।

গমনেচ্ছু ব্যক্তিকে ডাক্তর সাহেবের নিকট আনিবার কথা ও তাঁহার অগ্রাহ্য করিতে পারিবার কথা।

৪৭ ধারা। উক্ত প্রদেশের অন্তর্গত কোন স্থানে কি নগরে ভারতবর্ষজাত যে ব্যক্তি মজুরী পাইয়া কর্ম্ম করিবার নিমিত্ত কোন মজুরসংগ্রাহকের সঙ্গে মজুরী করিবার জিলায় যাইবার করার করে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ঐ স্থানে কি নগরে ঐ ব্যক্তিদিগকে দেখিবার জন্যে সময়ে২ যে ডাক্তরকে নিযুক্ত করেন, মজুর সংগ্রাহক

লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ নগরের কি স্থানের মধ্যে মজুরী করণেচ্ছু ব্যক্তিদিগকে দৃষ্টি করিবার জন্যে সময়েং যে চিকিৎসককে নিযুক্ত করেন ঐ সংগ্রাহক কি বাগানের সরদার তাঁহার সম্মুখে উক্ত মজুরকে আনাইবে। তাহা হইলে ঐ চিকিৎসক ঐ এতদ্দেশীয় ব্যক্তির পরীক্ষা করিবেন এবং সে উপযুক্তমতে সুস্থ ও শারীরিক অবস্থা বিবেচনায় উক্ত অভ্যন্তর প্রদেশে যাইবার ও মজুরী পাইয়া খাটিবার উপযুক্ত ঐ চিকিৎসকের এমত বিবেচনা হইলে তিনি এদেশীয় উক্ত যত জনের পরীক্ষা করেন তাহারদের প্রত্যেক জনের নিমিত্তে ৵০ আনা ফী লইয়া ঐ সংগ্রাহককে কিম্বা বাগানের সরদারকে সেই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিবেন সেই সর্টিফিকটে ঐ মজুরের নাম নির্দ্দিষ্ট থাকিবে ইতি।

তৎপরে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনাইবার কথা।

২৩ ধারা। তাহা হইলে পর যে জিলার কি নগরের মধ্যে নিয়ম হইয়াছে ঐ সংগ্রাহক কি বাগানের সরদার সেই জিলার কি নগরের কোন মাজিষ্ট্রেটের সম্মুখে সেই ব্যক্তিকে আনিবে। ও সেই সময়ে মাজিষ্ট্রেট সাহেবকে ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত চিকিৎসকের সর্টিফিকট এবং আপনার অনুমতিপত্র কিম্বা বিষয়বিশেষে আপনার সর্টিফিকট দেখাইবে ঐ মজুর সংগ্রাহক কি বাগানের সরদার যে কনট্রাকটরের কি বিষয় বিশেষে যে কর্ত্তার নিকট কর্ম্ম করে ও এতদ্দেশীয় উক্ত ব্যক্তিকে যাঁহার নিকট পাঠান যাইবে মজুরসংগ্রাহক কি বাগানের সরদার মাজিষ্ট্রেট সাহেবকে তাঁহার নাম জানাইবে। পরে এতদ্দেশীয় ঐ ব্যক্তি পরিশ্রম করিবার যে চুক্তি করিতে চাহিয়াছে মাজিষ্ট্রেট সাহেব সেই বিষয়ে তাহাকে জিজ্ঞাসা করিবেন। এবং সেই ব্যক্তি যে স্থানে যাইবে ও তথায় যত কাল থাকিবে ও তাহার যে প্রকারের কর্ম্ম করিতে হইবে ও যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে এইং বিষয়সম্পর্কে আপনার প্রস্তাবিত চুক্তির ভাব বুঝিয়াছে ও তদনুসারে কার্য্য করিতে ইচ্ছুক আছে মাজিষ্ট্রেট সাহেব ইহা জ্ঞাত করিলে তাহার নাম ও তাহাকে যে আড্ডায় পাঠাইবার অভিপ্রায় থাকে সেই আড্ডার নাম একখান বহীতে রেজিষ্টরী করিয়া রাখিবেন। মাজিষ্ট্রেট সাহেব উক্ত কথা লিখিবার বহী রাখিয়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে লিখিবেন। কিন্তু এতদ্দেশীয় ঐ ব্যক্তি ঐ প্রস্তাবিত চুক্তির মর্ম্ম বুঝিতে পারে নাই কিম্বা তাহাকে প্রতারণা করিয়া কি ভুলাইয়া আনা গিয়াছে মাজিষ্ট্রেট সাহেব যদি ইহা বোধ করেন কিম্বা ঐ সংগ্রাহক কি বাগানের সরদার যদি ঐ ব্যক্তির বিষয়ে চিকিৎসকের পূর্ব্বোক্ত সর্টিফিকট উপস্থিত না করে তবে সেই ব্যক্তির নাম রেজিষ্টর করিবেন না। পরন্তু গুরুতর বিলম্ব ও ক্লেশ বিনা চিকিৎসকের সর্টিফিকট পাওয়া যাইতে পারিল না ঐ সংগ্রাহক কিম্বা বাগানের সরদার মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে ইহা জানাইলে মাজিষ্ট্রেট সাহেব সেই সর্টিফিকট উপস্থিত করা ক্ষমা করিতে পারিবেন ইতি।

[এই পাণ্ডুলিপির ৫ ধারার ৪ প্রকরণ দেখ]

তাহারদিগকে সেই ডাক্তরের সম্মুখে আনিবে। কিম্বা তদ্রূপে ডাক্তর নিযুক্ত না হইলে মাজিষ্ট্রেট সাহেব যে ডাক্তরের নিকট লইয়া যাইতে আজ্ঞা করেন তাঁহার সম্মুখে আনিবে। তাহা হইলে মজুর সংগ্রাহক দেশীয় যে ব্যক্তিকে আনে ডাক্তর সাহেব তাহাকে দেখিয়া অগ্রাহ্য করিবেন কিম্বা তাহার স্বাস্থ্য বিবেচনায় সে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত ও শরীরের অবস্থা বিবেচনায় সে মজুরী লইয়া কর্ম্ম করিতে সক্ষম এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিবেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ সর্টিফিকট লিখিবার যে পাঠ নির্দ্দিষ্ট করেন সর্টিফিকট সেই পাঠে লেখা যাইবে ও মজুরসংগ্রাহক উক্ত প্রত্যেক সর্টিফিকটের নিমিত্ত ডাক্তরকে ৵০ দুই আনা ফী দিবে ইতি।

উপযুক্ত বলিয়া সর্টিফিকট পাইলে মাজিষ্ট্রেটের নিকট লইয়া যাইবার কথা।

২৮ ধারা। ডাক্তর সাহেব ইহার পূর্ব্ব ধারামতে গমনেচ্ছু কোন ব্যক্তিকে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত বলিয়া সর্টিফিকট দিলে ঐ ব্যক্তির সঙ্গে যে জিলায় কি যে নগরে করার করা যায় মজুর সংগ্রাহককে সেই সর্টিফিকট দেওয়া গেলে পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে ঐ গমনেচ্ছু ব্যক্তি মজুর সংগ্রাহকের সঙ্গে সেই জিলার কি নগরের মাজিষ্ট্রেট সাহেবের নিকট উপস্থিত হইবে ও তদ্রূপে যত কাল উপস্থিত না হয় মজুর সংগ্রাহক ততকাল ঐ ব্যক্তিকে সেই জিলাহইতে লইয়া যাইবে না।

সেই করারের বিষয়ে গমনেচ্ছু ব্যক্তির নিকট মাজিষ্ট্রেটের জিজ্ঞাসা করিবার কথা।

গমনেচ্ছু ব্যক্তি উপস্থিত হইলে মাজিষ্ট্রেট সাহেব ডাক্তরের সর্টিফিকট ভাল করিয়া দেখিলে পর তাহার করারের বিষয়ে তাহাকে জিজ্ঞাসাবাদ করিবেন ও যে করার করিয়াছে তদনুসারে তাহার যে স্থানে যাইতে হইবে ও তাহার মজুরী করিবার যত কাল নিয়াদ ও যে প্রকারে কর্ম্ম করিতে হইবে ও যে হারে বেতন পাইবে ও তাহাকে আহারীয় দ্রব্য যে দরে দেওয়া যাইবে এইং বিষয় ধরিয়া সে ঐ করারের ভাব বুঝিয়াছে ও সেই করারমতে কর্ম্ম করিতে চাহে মাজিষ্ট্রেট সাহেব এমত জ্ঞান করিলে তিনি এক খান রেজিষ্টরী বহীতে নিম্নলিখিত কথা লিখিয়া রাখিবেন। ঐ বহীর কথা যে পাঠে লিখিতে হইবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা নির্দ্দিষ্ট করিবেন।

হৃদ্বোধমতে জানিলে মাজিষ্ট্রেট সাহেবের কোনং কথা রেজিষ্টরী করিবার কথা।

১। বিদেশগামি ব্যক্তির নাম ও পিতার নাম ও বয়স।

২। ঐ ব্যক্তি যে গ্রাম কি স্থানবাসী তাহার নাম।

৩। যে কন্ট্রাক্টরের আড্ডায় তাহাকে লইয়া যাইবার অভিপ্রায় থাকে।

৪। মজুরী করিবার যে জিলায় যাইতে করার করিয়াছে।

৫। তাহার কতকাল কর্ম্ম করিতে হইবে।

৬। যে হারে বেতন পাইবে ও আহারের দ্রব্য তাহাকে যে দরে দেওয়া যাইবে।

রেজিষ্টরের প্রতিলিপি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবার কথা।

২৪ ধারা। ঐ এদেশীয় ব্যক্তি যে আড্ডায় চালান হইবে তাহা যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ক্ষমতাধীন সীমার মধ্যে থাকে মাজিষ্ট্রেট সাহেব ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত রেজিষ্টরী কথার যথার্থ প্রতিলিপি ও চিকিৎসকের উক্ত সকল সর্টিফিকট তাঁহার নিকটে পাঠাইবেন ইতি।

যাহারা কলিকাতায় নিয়ম করে তাহারদের প্রতি উক্ত দুই ধারার বিধান খাটিবার কথা।

২৫ ধারা। মজুর সংগ্রাহকেরা কিম্বা বাগানের যে সরদারেরা আপনারদের সর্টিফিকটের বলে দেশীয় বিশ জনের অধিককে যুটাইতে ক্ষমতাপন্ন হয় তাহারা কলিকাতানগরের মধ্যে এদেশীয় যে সকল লোকের সহিত নিয়ম করে ইহার পূর্ব্ব দুই ধারার বিধান তাহারদেরও প্রতি বর্ত্তিবে। কেবল বিশেষ এই যে তাহারদিগকে রেজিষ্টরী হইবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনিতে হইবে না ঐ নগরে যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ক্ষমতা থাকে তাঁহার সম্মুখে আনিতে হইবে ইতি।

যে মজুরেরা বঙ্গদেশের বহির্ভূত জিলাহইতে আইসে তাহাদের রেজিষ্টরী করিবার কথা।

২৬ ধারা। ভারতবর্ষবাসি এদেশীয় কোন ব্যক্তি বঙ্গদেশী শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কর্ত্তৃত্বের অনধীন কোন প্রদেশ কি জিলাহইতে ঐ কর্ত্তৃত্বাধীন কোন জিলাতে মজুরী করিবার চুক্তি করণার্থে কোন মজুরসংগ্রাহক কর্ত্তৃক কিম্বা বাগানের সরদারকর্ত্তৃক আনীত হইলে কি আসিতে প্রবর্ত্তনা পাইলে ঐ মজুর নিয়ম করিলে পর বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কর্ত্তৃত্বাধীন যে জিলায় প্রথম প্রবেশ করে মজুরসংগ্রাহক কিম্বা বাগানের সরদার তাহাকে এই আইনের ১৯ ধারামতে ঐ জিলার কোন স্থানে রেজিষ্টরী করাইবার কিম্বা বিষয়বিশেষে এই আইনের ২২ ও ২৩ ধারামতে চিকিৎসকের দ্বারা পরীক্ষা হইবার ও রেজিষ্টরী করাইবার জন্যে আনিবেন। কিন্তু যদি দেশীয় সেই ব্যক্তির সঙ্গে ১৯ ধারার বিধানমতে নিয়ম করা যায় তবে বাগানের সরদার তাহাকে রেজিষ্টরী করিবার জন্যে কলিকাতায় আনিতে পারিবেন ইতি।

[*Government Gazette, 6th May* 1873]

না বুঝিলে তাহাকে অগ্রাহ্য করিবার কথা।

বিদেশগামি ব্যক্তি করারের ভাব বুঝে নাই, কিম্বা প্রতারণা করিয়া কি অন্যায় কথা কহিয়া তাহাকে করার করিতে প্রবৃত্তি দেওয়া গেল মাজিষ্ট্রেট সাহেব ইহা বোধ করিলে ঐ গমনেচ্ছু ব্যক্তিকে রেজিষ্টরী করিতে স্বীকার করিবেন না ইতি।

গমনেচ্ছু ব্যক্তিকে রেজিষ্টরী কথার নকল দিবার কথা।

৪৯ ধারা। গমনেচ্ছু যে ব্যক্তিকে রেজিষ্টরী করা যায় মাজিষ্ট্রেট সাহেব উত্তম কাগজে ঐ রেজিষ্টরী কথার নকল করাইয়া তাহাতে সর্টিফিকট লিখিয়া তাহাকে দিবেন ইতি।

রেজিষ্টরী কথার নকল ও ডাক্তরের সর্টিফিকট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবার কথা।

৫০ ধারা। মাজিষ্ট্রেট সাহেব অগৌণে ঐ রেজিষ্টরী কথার সর্টিফিকটযুক্ত নকল ও ডাক্তরের আসল সর্টিফিকট বিদেশগমন কর্ম্মের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবেন ইতি।

রেজিষ্টরী করিবার ফীর কথা।

৫১ ধারা। যে কার্য্যকারক রেজিষ্টরী করেন মজুরসংগ্রাহক বিদেশগামি প্রত্যেক ব্যক্তির নাম রেজিষ্টরী করিবার নিমিত্ত তাঁহাকে ১৷৷০ দেড় টাকার অনধিক ফী দিবেন ইতি।

বিদেশগামি যে ব্যক্তিদিগকে কলিকাতায় সংগ্রহ করা যায় তাহারদের বিষয়ে সেই বিধি খাটিবার কথা।

৫২ ধারা। মজুর সংগ্রাহকেরা কলিকাতা নগরের মধ্যে ভারতবর্ষজাত যে লোকদের সঙ্গে করার করে ইহার পূর্ব্ব পাঁচ ধারার বিধান তাহারদের প্রতি খাটিবে। বিশেষ এই যে তাহারদিগকে রেজিষ্টরী করিবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে না আনিয়া ঐ নগরের মধ্যে বিদেশগমনকার্য্যের যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ক্ষমতা থাকে তাঁহার নিকট আনা যাইবে ইতি।

যেং জিলা বঙ্গদেশের অন্তর্গত নয় সেইং জিলায় গমনেচ্ছু ব্যক্তিদিগকে সংগ্রহ করিবার কথা।

৫৩ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন নয় এমত প্রদেশ কি জিলাহইতে কোন মজুরসংগ্রাহক ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে ঐ শাসনাধীন জিলায় চুক্তি করিবার নিমিত্ত আনিলে কি আসিতে প্রবৃত্তি দিলে, ঐ দেশীয় ব্যক্তি করার করিলে পর উক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন যে জিলার মধ্যে প্রথমে আইসে মজুর সংগ্রাহক সেই জিলার অন্তর্গত কোন স্থানে ৪৭ ও ৪৮ ধারার বিধানমতে ডাক্তরের দেখিবার ও রেজিষ্টরী করিবার জন্যে তাহাকে উপস্থিত করিবে ইতি।

মজুরদিগকে উপযুক্তমতে রেজিষ্টরপ্রভৃতি না করিয়া পাঠাইবার কি যাইতে দিবার দণ্ডের কথা।

২৭ ধারা। ভারতবর্ষবাসি এদেশীয় কোন ব্যক্তিকে যে জিলাতে কি নগরে পাওয়া যায় কিম্বা ইহার পূর্ব্ব ধারামতে যে জিলায় প্রথমে আইসে কোন কনট্রাক্টর কি সংগ্রাহক কিম্বা বাগানের সরদার এই আইনের ১১ কিম্বা বিষয়বিশেষে ২৩ ধারার বিধানমতে তাহার নাম উপযুক্তরূপে রেজিষ্টরী না করাইয়া তাহাকে তথাহইতে উক্ত অন্যতর প্রদেশে যাইবার জন্যে চালান করিলে কি পাঠাইলে কি তাহার সঙ্গে২ গেলে কিম্বা উপযুক্তমতে রেজিষ্টর না করাইয়া তাহাকে ঐ জিলা কি নগরহইতে যাইবার প্রবৃত্তি দিলে অথবা ২৩ ধারামতে যে আড্ডা রেজিষ্টর করা গেল তদ্ভিন্ন কোন আড্ডায় চালান করিলে কি পাঠাইলে কি সঙ্গে২ গেলে কি যাইবার প্রবৃত্তি দিলে যত ব্যক্তিকে তদ্রূপ চালান করে কি পাঠায় কি যাইতে প্রবৃত্তি দেয় কি যত ব্যক্তির সঙ্গে যায় তাহাদের প্রত্যেক জনের নিমিত্তে তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড ও এক মাসের অনধিক মেয়াদ কিম্বা কঠোর কারাদণ্ড হইতে পারিবে। কিন্তু বাগানের যে সরদার দেশীয় কোন জনের অধিকারে খুটাইবার অনুমতি না পায় সে ১৯ ধারার বিধানানুসারে কলিকাতায় চুক্তি করিবার জন্যে দেশীয় উক্ত ব্যক্তিদের সঙ্গে২ কলিকাতা পর্য্যন্ত গেলে তৎপ্রযুক্ত এই ধারার কথাক্রমে তাহার দণ্ড হইবে না ইতি।

মজুরদের সঙ্গে আড্ডাপর্য্যন্ত সংগ্রাহকের কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের গ্রাহ্য ব্যক্তির যাইবার কথা।

২৮ ধারা। কোন কনট্রাক্টর কি মজুরসংগ্রাহক ভারতবর্ষবাসি এদেশীয় যে সকল ব্যক্তির সঙ্গে উক্ত অন্যতর প্রদেশে যাইবার নিয়ম করে পূর্ব্বোক্তমতে রেজিষ্টর করা গেলে পর তাহারা আড্ডায় তাহাদের যাইবার সময়ে সেই কনট্রাক্টর কিম্বা সংগ্রাহক আপনি তাহাদের সঙ্গে২ সমস্ত পথ যাইবে। কিম্বা তাহার বিনিময়ে যে ব্যক্তিকে ঐ লোকদের রেজিষ্টরকারক মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত বলিয়া গ্রাহ্য করেন সেই ব্যক্তি সঙ্গে যাইবে ইতি।

উপযুক্ত আহারীয় দ্রব্য ও বাসস্থানাদি কনট্রাক্টর প্রভৃতির দিবার কথা।

৩১ ধারা। যে কনট্রাক্টর কি সংগ্রাহকবর্তৃক কিম্বা বাগানের যে সরদার দেশীয় কোন জনের অধিকারে খুটাইবার অনুমতি প্রাপ্ত না হয় সেই বর্তৃক কি তাহার দ্বারা কি তাহার সহিত দেশীয় যে লোকদিগকে কোন আড্ডায় চালান করা যায় সে গমনীয় সমস্ত পথে ঐ লোকদের থাকিবার ও আহারাদির উপযুক্ত ও যথোচিত নিয়ম করিবে। যদি উক্ত এদেশীয় কোন লোকের বাসার কি আহারাদির সম্পর্কে বিধান না করা যায় তবে যে কনট্রাক্টর কিম্বা মজুরসংগ্রাহক কিম্বা বাগানের সরদার তাহার সঙ্গে নিয়ম করিল সে তাহাদের সঙ্গে গেলে কি না গেলেও উক্ত প্রত্যেক অপরাধ হেতুক তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ও সেই দণ্ডের সমুদয় টাকা কি তাহার এক অংশ ক্ষতিপূরণস্বরূপ ঐ এদেশীয় ব্যক্তিকে দেওয়া যাইতে পারিবে ইতি।

বাসা ও আহারাদি যোগাইয়া না দিবার দণ্ডের কথা।

গমনেচ্ছু ব্যক্তিদিগকে রেজিষ্টরী না করাইয়া চালান করিবার দণ্ডের কথা।

৫৪ ধারা। ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে যে জিলায় কি যে নগরে সংগ্রহ করিয়া আনা যায় তথাহইতে কিম্বা ইহার পূর্ব্ব ধারামতে সে প্রথম যে জিলায় আইসে তথায় কোন সংগ্রাহক পূর্ব্ব বিধানমতে নিয়মিতরূপে রেজিষ্টরী না করিয়া তাহাকে চালান করিলে কি সঙ্গে করিয়া আনিলে কিম্বা মজুরী করিবার জিলায় যাইবার নিমিত্তে ঐ জিলা কি নগর ছাড়িয়া আসিতে প্রবৃত্তি দিলে কিম্বা ৫৯ ধারামতে যে আড্ডা রেজিষ্টরী করা যায় তদ্ভিন্ন কোন আড্ডায় দেশীয় সেই ব্যক্তিকে চালান করিলে কি সঙ্গে করিয়া আনিলে কি যাইতে প্রবৃত্তি দিলে, যত জনকে তদ্রূপে চালান করা যায় কি সঙ্গে করিয়া আনা যায় কি প্রবৃত্তি দেওয়া যায় তাহার দের প্রতি জনের নিমিত্তে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা এক মাস পর্য্যন্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা ঐ উভয় দণ্ড হইবে ইতি।

গমনেচ্ছু ব্যক্তিদের সঙ্গে মজুরসংগ্রাহকের আড্ডাপর্য্যন্ত যাইবার কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের অনুমোদিত ব্যক্তিকে পাঠাইবার কথা।

৫৫ ধারা। বিদেশ গমনেচ্ছু ব্যক্তিদের আড্ডায় যাইবার সময়ে মজুরসংগ্রাহক আপনি তাহাদের সঙ্গে২ সমুদয় পথ যাইবে। কিম্বা যে মাজিষ্ট্রেট সাহেব ঐ গমনেচ্ছু ব্যক্তিদিগকে রেজিষ্টরী করিলেন তিনি ঐ মজুরসংগ্রাহকের নিযুক্ত যে লোককে অনুমোদন করেন সেই লোক তাহাদের সঙ্গে যাইবে। তদ্রূপে যে ব্যক্তি নিযুক্ত হয় সে আড্ডাপর্য্যন্ত সমুদয় পথ যাইতে নিযুক্ত হইলে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে এই মর্ম্মের সর্টিফিকট দিবেন ইতি।

পথের মধ্যে গমনেচ্ছু ব্যক্তিদের আহারের ও থাকিবার বিধান মজুরসংগ্রাহকের করিবার কথা।

৫৬ ধারা। যে মজুরসংগ্রাহক বিদেশগামি কোন ব্যক্তিকে আড্ডায় চালান করে কি সঙ্গে করিয়া লইয়া যায় সে ঐ ব্যক্তির সমুদয় পথে প্রয়োজনমত ও উপযুক্ত আহার পাইবার ও থাকিবার স্থানের বিধান করিবে। ঐ গমনেচ্ছু ব্যক্তির থাকিবার স্থানের ও আহারের বিধান করা না গেলে, মজুরসংগ্রাহক যে স্থানে তদ্রূপ বিধান করিবার ত্রুটি করে বিদেশ গামি ব্যক্তি সেই স্থানের কোন শ্রেণীর মাজিষ্ট্রেটের নিকট নালিশ করিতে পারিবে। ও সেই মাজিষ্ট্রেট ঐ মজুরসংগ্রাহকের পঞ্চাশ টাকার অনধিক জরীমানা করিবেন। সেই জরীমানার সমুদয় টাকা কি তাহার এক অংশ হানিপূরণস্বরূপ ঐ গমনেচ্ছু ব্যক্তিকে দেওয়া যাইতে পারিবে। চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ জরীমানার টাকা না দেওয়া গেলে মজুরসংগ্রাহকের এক মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে ও সেই মাজিষ্ট্রেট গমনেচ্ছু ব্যক্তির সঙ্গে ঐ করার বাতিল করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৬ মে।]

মজুরেরা আড্ডায় পঁহুছিলে পর সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে কনট্রাক্টরের সম্বাদ দিবার কথা ও তাহাদিগকে চিকিৎসকের দৃষ্টি করিতে হইবার কথা।

৩৩ ধারা। ভারতবর্ষবাসি এদেশীয় যে লোক উক্ত অন্যতর প্রদেশে যাইবার নিমিত্ত কন্‌ট্রাক্টরের নিকটে প্রেরিত কি আনীত হয় সে আড্ডায় পঁহুছিলে পর কন্‌ট্রাক্টর ২৪ ঘণ্টার মধ্যে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে তাহার পঁহুছিবার সম্বাদ লিখিয়া জানাইবেন। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যে পাঠ নিরূপণ করেন ও পরে যে বৃত্তান্ত লিখিবার আজ্ঞা করেন তদনুসারে ঐ জ্ঞাপনপত্র লিখিতে হইবে। উক্ত দেশীয় যে প্রত্যেক ব্যক্তির বিষয়ে ২৪ ধারামতে সর্টিফিকট পাঠান না যায় কিম্বা সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যাহার পরীক্ষা করা বিহিত বিদ্ধান্ত করেন সেই ব্যক্তি পঁহুছিলে পর চিকিৎসাসংক্রান্ত পরিদর্শক যথাসময়ে তাহার প্রত্যেক জনকে দৃষ্টি করিয়া যত লোককে দৃষ্টি করেন সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে সেই প্রত্যেক জনের স্বাস্থ্যের বা অস্বাস্থ্যের সর্টিফিকট দিবেন ইতি।

৬ পরিচ্ছেদ।—আড্ডার কর্ম্ম।

বিদেশগামি ব্যক্তিরা পঁহুছিলে কন্‌ট্রাক্টরের রিপোর্ট করিবার কথা।

৫৭ ধারা। বিদেশগামি লোক কোন আড্ডায় পঁহুছিলে পর যে কনট্রাক্টর ঐ আড্ডা রাখে সে চব্বিশ ঘণ্টার মধ্যে বিদেশগমন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে তাহাদের পঁহুছিবার নোটিস লিখিয়া দিবে। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ নোটিস লিখিবার যে পাঠ নির্দ্দিষ্ট করেন ও তন্মধ্যে যে২ কথা লিখিবার আদেশ করেন নোটিস সেই পাঠে লেখা যাইবে ও তন্মধ্যে সেই২ বর্ণনা থাকিবে ইতি।

বিদেশগামি লোক পঁহুছিলেই তাহাদিগকে পরিদর্শনকারি ডাক্তর সাহেবের দেখিবার কথা।

৫৮ ধারা। পূর্ব্বলিখিত বিধানমতে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব বিদেশগামি প্রত্যেক জনের রেজিষ্টরী করণের কথার যে নকল ও ডাক্তরের যে যে সর্টিফিকট পান তাহা পরিদর্শনকারি ডাক্তর সাহেবকে দেখান যাইবে। এবং গমনেচ্ছু ব্যক্তির আড্ডায় পঁহুছিলে পর যত শীঘ্র হইতে পারে পরিদর্শনকারি ডাক্তর সাহেব তাহাদের সকলকে ভাল করিয়া দেখিবেন। গমনেচ্ছু কোন ব্যক্তি মজুরী করিবার জিলায় গিয়া কর্ম্ম করিবার যোগ্য তিনি তাহা স্ববোধমতে জানিলে রেজিস্টরী কথার নকলে আডসহী করিবেন। তাহা স্ববোধমতে না জানিলে তিনি সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন।

ডাক্তরের সর্টিফিকট না দেখান গেলে গমনেচ্ছু ব্যক্তিকে পরিদর্শনকারি ডাক্তরের দেখিতে হইবার কথা।

গমনেচ্ছু কোন ব্যক্তির বিষয়ে ডাক্তরের সর্টিফিকট দেখান না গেলে পরিদর্শনকারি ডাক্তর সাহেব তাহাকে দেখিবেন ও তাঁহার বিবেচনাতে ঐ গমনেচ্ছু ব্যক্তির স্বাস্থ্য বিবেচনায় সে মজুরী করিবার জিলায় যাইতে ও তাহার শারীরিক অবস্থা বিবেচনায় সে মজুরী লইয়া কর্ম্ম করিতে সক্ষম কি না, ইহার সর্টিফিকট লিখিবেন ও সে উপযুক্ত লোক তিনি ইহা স্ববোধমতে জানিলে ঐ রেজিস্টরী কথার নকলে আডসহী করিবেন ইতি।

পরিদর্শনকারি ডাক্তর গমনেচ্ছু যে ব্যক্তিকে অগ্রাহ্য করেন তাহাকে রেজিষ্টরী হইবার জিলায় ফিরিয়া পাঠাইবার কথা।

৫৯ ধারা। গমনেচ্ছু যে ব্যক্তিকে তদ্রূপে পরীক্ষা করিয়া দেখা যায় তাহার শরীর গতিক বিবেচনায় সে মজুরী করিবার কোন জিলায় গেলে তাহার কি অন্য ব্যক্তির বিঘ্ন হইতে পারে কিম্বা সে মজুরী করিবার জিলায় কর্ম্ম করিবার অনুপযুক্ত পরিদর্শনকারি ডাক্তর সাহেব এই মর্ম্মের সর্টিফিকট দিলে সেই ব্যক্তিকে যে স্থানে রেজিস্টরী করা গেল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার জন্যে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যত টাকা খরচ আবশ্যক বোধ করেন তাহা কনট্রাক্টরের তত টাকা দিবার কিম্বা বাগানের সরদার গমনেচ্ছু সেই ব্যক্তিকে আড্ডায় আনিলে বাগানের ঐ সরদারের তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু গমনেচ্ছু তদ্রূপ কোন ব্যক্তিকে যে স্থানে রেজিস্টরী করা গেল শরীর গতিক বিবেচনায় সে ঐ স্থানে যাত্রা করিয়া

মজুর অস্বাস্থ্যপ্রযুক্ত উক্ত প্রদেশে যাইতে না পারিলে যে স্থানে রেজিষ্টরী হইয়াছিল তাহাকে সেই স্থানে পাঠাইতে হইবার কথা।

৬৪ ধারা। এতদ্দেশীয় যে লোকদের তদ্রূপ পরীক্ষা হইয়াছে তাহাদের মধ্যে অন্যতর ব্যক্তি অস্বাস্থ্যপ্রযুক্ত উক্ত অন্যতর প্রদেশে গমন করিলে তাহার নিজের কি অন্য কোন ব্যক্তির বিপত্তি জন্মিতে পারে কিম্বা সে উক্ত প্রদেশে থাকিবার অনুপযুক্ত চিকিৎসাসংক্রান্ত পরিদর্শক এই মর্ম্মের সর্টিফিকট দিলে ঐ লোককে যে স্থানে রেজিষ্টরী করা গেল সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার যত টাকা আবশ্যক বোধ করেন কনট্রাকটরকে কিম্বা বাগানের সরদার দেশীয় ঐ ব্যক্তিদিগকে আনাইলে ঐ সরদারকে তাহার তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু চিকিৎসাসংক্রান্ত পরিদর্শকের বিবেচনায় এদেশীয় উক্ত লোকদের অন্যতর ব্যক্তির অস্বাস্থ্যপ্রযুক্ত রেজিষ্টরী করিবার স্থানে ফিরিয়া যাইতে অক্ষম হইলে চিকিৎসাসংক্রান্ত পরিদর্শক যদবধি তাহাকে যাইবার যোগ্য প্রকাশ না করেন তদবধি ঐ মজুর ঐ আড্ডায় থাকিতে পাইবে ও

কনট্রাকটরের কিম্বা বাগানের ঐ সরদারের কর্ত্তা সাহেবের খরচে আহার ও বস্ত্র ও বাসা পাইতে পারিবে। ঐ কনট্রাকটর কিম্বা বাগানের সরদার এদেশীয় সেই ব্যক্তিকে আহার ও বস্ত্র ও বাসা দিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করিলে তাহার অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

যাইতে পারিবে না পরিদর্শক কি ডাক্তর সাহেবের এই অভিমত হইলে তাহার ফিরিয়া যাইবার জন্যে কনট্রাক্টরের কি বাগানের সরদারের যে খরচ দিতে হইবে তদতিরিক্ত সে ফিরিয়া যাইতে পারক আছে পরিদর্শনকারি ডাক্তর সাহেব যতকাল এইরূপ সর্টিফিকট না দেন তত কাল ঐ কনট্রাকটরের কিম্বা ঐ বাগানের সরদারের কর্ত্তার দ্বারা ও তাঁহার খরচে তাহার আহার ও বস্ত্র ও থাকিবার স্থান পাইবার ও শুশ্রূষা হইবার অধিকার থাকিবে। যদি সেই কনট্রাকটর কি বাগানের সরদার তাচ্ছল্য কি ইচ্ছা করিয়া গমনেচ্ছু ব্যক্তিকে তদ্রূপ আহার ও পরবস্ত্র ও থাকিবার স্থান না দেয় ও শুশ্রূষা না করে তবে সুপরিন্টেণ্ডেন্ট সাহেব হানিপূরণস্বরূপ যত টাকা যুক্তিসিদ্ধ বোধ করেন ঐ গমনেচ্ছু ব্যক্তিকে তাহার তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

মজুরের প্রতি বর্ব্বরব্যবহার হইলে তাহাকে আড্ডা হইতে স্থানান্তর করিতে সুপরিন্টেণ্ডেন্টের ক্ষমতার কথা।

৫৯ ধারা। এদেশীয় উক্ত কোন লোক আড্ডায় পহুছিলে যদি সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব দেখিতে পান যে পথে তাহার প্রতি কটু ব্যবহার হইয়াছে তবে তিনি তাহাকে আড্ডা হইতে স্থানান্তরে রাখিতে পারিবেন ও তাঁহার বিবেচনায় ঐ লোকের ক্ষতিপূরণের যত টাকা যুক্তিসিদ্ধ কিম্বা রেজিষ্টরী হইবার স্থানে ঐ লোকের ফিরিয়া যাইবার যত টাকা আবশ্যক যে কনট্রাকটরের কিম্বা বাগানের যে সরদারের দ্বারা কি যাহার নিমিত্ত ঐ লোককে ঐ আড্ডাতে আনা গিয়াছে সুপরিন্টেণ্ডেণ্ট তাহাকে তাহার তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। শেষোক্ত স্থলে ঐ দেশীয় লোক মজুরী করিবার চুক্তি করিতে বদ্ধ হইবে না ইতি।

পথের মধ্যে গমনেচ্ছু ব্যক্তির প্রতি অত্যাচার হইলে তাহার হানিপূরণ পাইতে পারিবার কথা।

৬০ ধারা। বিদেশগামি কোন ব্যক্তি আড্ডায় পঁহুছিলে বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব আপনি তাহার সঙ্গে কথাবার্ত্তা কহিয়া পথে আসিতে তাহার প্রতি গুরুতর অত্যাচার হইয়াছে কিম্বা মজুর সংগ্রাহক তাহার উপযুক্ত ও প্রয়োজনমত আহার ও বাসা পাইবার বিধান করে নাই সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের এমত বোধ হইলে তিনি তাহাকে আড্ডা হইতে বাহির করাইয়া যে কনট্রাকটরের কি বাগানের সরদারের নিমিত্ত কি যাহার দ্বারা ঐ গমনেচ্ছু ব্যক্তিকে সেই আড্ডায় আনা যায় সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব হানিপূরণ স্বরূপ যত টাকা যুক্তিসিদ্ধ বোধ করেন কিম্বা দেশীয় সেই ব্যক্তিকে যে স্থানে রেজিষ্টরী করা যায় সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার জন্যে যত টাকা আবশ্যক বোধ করেন ঐ কনট্রাকটরের কি বাগানের সরদারের তাহাকে তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। শেষোক্ত স্থলে দেশীয় সেই লোক চুক্তি করিতে আবদ্ধ হইবে না ইতি।

পরিদর্শনকারি ডাক্তর গমনেচ্ছু ব্যক্তিকে গ্রাহ্য করিলে চুক্তি করিতে হইবার কথা।

৬১ ধারা। পরিদর্শনকারি ডাক্তর সাহেব গমনেচ্ছু যে ব্যক্তিকে স্বাস্থ্য বিবেচনায় মজুরী করিবার জিলায় যাত্রা ও কর্ম্ম করিবার উপযুক্ত ও সক্ষম বলিয়া গ্রাহ্য করেন আড্ডা হইতে চালান করিবার পূর্ব্বে তাহার প্রতি চুক্তিপত্র করিয়া দিবার আজ্ঞা হইবে। গমনেচ্ছু ব্যক্তি ও যে কর্ত্তার নিকট সে কথাবদ্ধ হইয়াছে তিনি কিম্বা তাহার এজেন্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাতে লোকের চুক্তিপত্রে স্বাক্ষর করিয়া দিবেন ও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব সাক্ষীস্বরূপ তাহাতে স্বাক্ষর করিবেন ও গমনেচ্ছু ব্যক্তিকে তাহার এক কেতা ও সেই কর্ত্তাকে কি তাঁহার এজেন্টকে অন্য কেতা দেওয়া যাইবে। সেই চুক্তিপত্র উত্তম কাগজে ছাপা কি লেখা যাইতে কিম্বা তাহার একাংশ ছাপা একাংশ লেখা যাইতে পারিবে।

সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ চুক্তির অর্থ করিয়া দিতে ও তাহার দুই খানি সম্পাদন করিতে ও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের বহীতে তাহার চুম্বক লিখিতে হইবার কথা।

৬২ ধারা। ১৯ ধারার বিধানের বহির্ভূত যে চুক্তি ১৮ ধারামতে করা যায় উক্ত এদেশীয় লোক ও সে যাহার সঙ্গে চুক্তি করবে তিনি কি তাহার এজেন্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাতে সেই চুক্তিপত্রের দুই খানায় স্বাক্ষর করিবেন। সেই চুক্তিপত্রে ঐ লোকের স্বাক্ষর করিবার পূর্ব্বে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব আপনি তাহাকে তাহার মর্ম্ম বুঝাইয়া দিবেন ও সাক্ষিস্বরূপে তাহাতে স্বাক্ষর করিবেন এবং আপনি তাহার মর্ম্ম বুঝাইয়া দিয়াছেন ঐ চুক্তিপত্রের শেষভাগে এই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তদ্রূপ প্রত্যেক চুক্তিপত্রের চুম্বক লিখিবার জন্যে একখান রেজিষ্টরী বহী রাখিয়া তাহাতে ঐ চুম্বক লিখিবেন। লিখিত প্রকার উক্ত বিধানমতে উপযুক্তরূপে স্বাক্ষরিত ও সাক্ষিস্বরূপ আপনার স্বাক্ষরযুক্ত ঐ চুক্তিপত্রের একখান ঐ মজুরকে দেওয়া যাইবে ও সে যে ব্যক্তির সঙ্গে করার করিয়াছে তাহাকে কি তাহার এজেন্টকে অন্য খান দেওয়া যাইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৬ মে।]

সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনি জিজ্ঞাসা করিলে পর স্বাক্ষর হইবার কথা।

কিন্তু গমনেচ্ছু ব্যক্তি সেই চুক্তির ভাব বুঝিয়াছে ও আপনি তাহার নিয়ম মানিতে বদ্ধ হইতে ইচ্ছুক আছে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনি তাহাকে চুক্তিপত্রের নিয়ম বুঝাইয়া দিয়া ও সেই গমনেচ্ছু ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিয়া ইহা ঋ্যাথমতে না জানিলে গমনেচ্ছু ব্যক্তি চুক্তিপত্রে স্বাক্ষর করিবে না।

মজুর যে জিলাতে কর্ম্ম করিবে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে চুম্বকের প্রতিলিপি পাঠাইবার কথা। চুম্বক ও তৎপ্রতিলিপি প্রমাণে গৃহীত হইবার কথা।

৭ ধারা। উক্ত চুক্তিপত্রক্রমে যে জিলার মধ্যে কর্ম্ম করিবার করার হয় সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ৩৭ ধারার বিধানমত আপনার বহীতে লিখিত প্রত্যেক চুম্বকের প্রতিলিপিতে আপনি স্বাক্ষর করিয়া সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ডাকযোগে পাঠাইবেন। ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনার বহীতে চুম্বক লিখিবার পর সাত দিনের মধ্যে ঐ প্রতিলিপি পাঠাইবেন। তদ্রূপ প্রত্যেক চুম্বক উক্ত ও প্রত্যেক প্রতিলিপি দেওয়ানী কি ফৌজদারী কোন আদালতে অন্য প্রমাণভিন্ন মূলচুক্তিপত্রের তুল্যভাবে প্রথম স্থলীয় প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবে ইতি

মজুর চুক্তিপত্র করিতে অঙ্গীকার না করিলে তাহার দণ্ডের কথা।

৩৮ ধারা। ভারতবর্ষবাসি এদেশীয় কোন ব্যক্তি পূর্ব্ব লিখিত বিধানমতে কোন আড্ডায় গৃহীত হইলে পর ইহার পূর্ব্ব ধারার বিধানমতে স্বাক্ষর করিবার জন্য তাহার নিকটে চুক্তিপত্র আনা গেলে যদি যুক্তিসিদ্ধ কোন কারণ থাকিতেও সে তাহাতে স্বাক্ষর করিতে স্বীকার না করে তবে এদেশীয় সেই ব্যক্তিকে ঐ আড্ডায় আনিতে ও আনিবার কালে কনট্রাক্টরের কিম্বা বাগানের সরদারের কর্ত্তা সাহেবের দ্বারা কি তাঁহার পক্ষে সর্ব্বসুদ্ধ যত টাকা খরচ হইয়াছে ঐ ব্যক্তির তত টাকা অর্থদণ্ড হইবে সেই দণ্ডের টাকা না দিলে তাহার দুই মাস পর্য্যন্ত সামান্য কিম্বা কঠোর কারাদণ্ড হইতে পারিবে ও তৎকালাবধি তাহাকে ঐ আড্ডা হইতে অবসর করা যাইবে। ঐ চুক্তিপত্রে স্বাক্ষর করিবার অসম্মতির যুক্তিযুক্ত কোন হেতু দর্শান যায় নাই সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এই মর্ম্মের সংক্ষিপ্তপত্রে স্বাক্ষর করিলে এই ধারামতে কোন মোকদ্দমায় আপাতত সেই কথা প্রমাণে গ্রাহ্য হইবে। ঐ দণ্ডের টাকা যে ব্যক্তির স্থানে লওয়া যায় তাহাকে যে কনট্রাক্টরের কি কর্ত্তা সাহেবের দ্বারা কি যাঁহার পক্ষে প্রথমে রেজিষ্টরী করা গেল, এই ধারামত আদায় করা দণ্ডের টাকা তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

চুক্তিপত্র রেজিষ্টরী বহীতে লিখিবার ও তাহার নকল মজুরী করিবার জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবার কথা।

সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ঐ চুক্তিপত্র লিখিয়া রাখিবার একখান রেজিষ্টরী বহী রাখিবেন তন্মধ্যে উক্ত প্রত্যেক চুক্তিপত্রের চুম্বক লিখিবেন ও গমনেচ্ছু সেই ব্যক্তি মজুরী করিবার যে জিলায় যাইবে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট ঐ লিখিত কথার সর্টিফিকট যুক্ত নকল সাত দিনের মধ্যে পাঠাইবেন ইতি।

চুক্তিপত্রের প্রমাণের কথা।

৬২ ধারা। ঐ লিখিত কথার কিম্বা চুক্তিপত্রের সর্টিফিকটযুক্ত যেং নকল তদ্রূপে পাঠান যায় কোন আদালতে তাহাই ঐ চুক্তিপত্রের মর্ম্মের প্রমাণ বলিয়া জ্ঞান হইবে ইতি।

গমনেচ্ছু ব্যক্তি চুক্তিপত্র করিয়া দিতে স্বীকার না করিলে তাহার দণ্ডের কথা।

৬৩ ধারা। যুক্তিসিদ্ধ কারণ না থাকিলেও গমনেচ্ছু কোন ব্যক্তি তদ্রূপ চুক্তিপত্র করিয়া দিতে স্বীকার না করিলে তাহার সঙ্গে যে জিলায় করার করা গেল সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের রেজিষ্টরী বহীর লিখিত কথার সঙ্গে যদি সেই চুক্তির নিয়ম মিলে তবে উক্ত ব্যক্তির সঙ্গে করার করিতে ও রেজিষ্টরী করিতে ও তাহাকে আড্ডায় চালান করিতে কনট্রাক্টরের কিম্বা বিষয়বিশেষে বাগানের সরদারের দ্বারা কি তাহার পক্ষে সর্ব্বসুদ্ধ যত টাকা খরচ হইয়াছে, সেই ব্যক্তির সম্পূর্ণ তত টাকা জরীমানা হইবে ও সেই জরীমানার টাকা না দিলে তাহার দুই মাসপর্য্যন্ত কঠিন পরিশ্রম সহিত কি তদ্ভিন্ন কারাদণ্ড হইবে, ও তাহাকে তৎক্ষণাৎ সেই আড্ডাহইতে বিদায় করিয়া দেওয়া যাইবে। এই ধারামতে মোকদ্দমাঘটিত কোন কার্য্য হইলে ঐ ব্যক্তির চুক্তিপত্র করিয়া দিতে অস্বীকার করিবার যুক্তিসিদ্ধ কোন কারণ প্রকাশ হয় নাই সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের স্বাক্ষর করা এই মর্ম্মের সর্টিফিকট আদি দৃষ্টে প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে। এই ধারার বিধানমত জরীমানার টাকা আদায় হইলে ঐ জরীমানার টাকা যে ব্যক্তির স্থানে আদায় করা যায় তাহাকে প্রথমে যে কনট্রাক্টরের কি বাগানের যে সরদারের দ্বারা কি যাহার পক্ষে রেজিষ্টরী করা গেল তাহাকেই ঐ টাকা দেওয়া যাইবে ইতি।

কন্‌ট্রাকটর মজুরের কর্ম্মের বিধান না করিলে তাহার দণ্ডের কথা।

৩৯ ধারা। যে কন্‌ট্রাকটরের কিম্বা বাগানের যে সর্দ্দারের দ্বারা কি যাহার পক্ষে ভারতবর্ষবাসি কোন ব্যক্তিকে রেজিষ্টরী করা যায় ঐ ব্যক্তির কোন আড্ডায় পঁহুছিবার পর ত্রিশ দিনের মধ্যে তাহার স্বাক্ষর করিবার জন্য ইহার পূর্ব্ব ধারার বিধানমতে চুক্তিপত্র না দিলে ঐ লোককে যে স্থানে রেজিষ্টরী করা গেল সুপরিন্টেণ্ডেণ্টের বিবেচনায় তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার যত টাকা আবশ্যক হয় তিনি ঐ কন্‌ট্রাকটরকে কি বাগানের সর্দ্দারকে তাহার তত টাকা দিবার আজ্ঞা করিবেন। তাহা হইলে ঐ দেশীয় লোক কোন চুক্তিতে স্বাক্ষর করিতে আবদ্ধ হইবেন না ইতি।

সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যে টাকা দিবার আজ্ঞা করেন তাহা বলপূর্ব্বক গ্রহণের কথা।

৪০ ধারা। কোন কন্‌ট্রাক্টরের কি বাগানের সর্দ্দারের প্রতি ৪, ৫৫ কি ৩৬ কি ৩৯ ধারার বিধানমতে টাকা দিবার আজ্ঞা হইলে যদি সে চব্বিশ ঘণ্টার মধ্যে সেই আজ্ঞামতে কার্য্য না করে তবে ঐ আজ্ঞার উল্লিখিত যে ব্যক্তিকে ঐ টাকা দিবার আজ্ঞা হইয়াছে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তাহাকে সেই টাকা আগাম দিয়া দিবার তারিখঅবধি কন্‌ট্রাক্টরের কি বাগানের সর্দ্দারের কিম্বা কর্ত্তার স্থানে বৎসর শতকরা ১২৲ টাকার হিসাবে সুদসুদ্ধ সেই টাকা লইতে পারিবেন। সেই টাকা আদায় করিবার মোকদ্দমা হইলে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব পূর্ব্বোক্ত আজ্ঞা করিয়াছিলেন ও পূর্ব্বোক্ত টাকা আগাম দিয়াছেন আদালতে এতদ্ভিন্ন প্রমাণ দিবার আজ্ঞা হইবে না ইতি।

কন্‌ট্রাকটর চুক্তির বিধান করিতে ত্রুটি করিলে দণ্ডের কথা।

৬৪ ধারা। পূর্ব্বোক্ত কএক ধারার বিধানমতে বিদেশগামি ব্যক্তির যে চুক্তি করিয়া দিতে হইবে যাহার দ্বারা কি যাহার পক্ষে তাহাকে রেজিষ্টরী করা যায় সেই কন্‌ট্রাক্টর যদি ঐ গমনেচ্ছু ব্যক্তির আড্ডায় পঁহুছিবার পর ত্রিশ দিনের মধ্যে তাহার সহী করিবার নিমিত্ত সেই চুক্তিপত্র না দেয় কিম্বা গমনেচ্ছু ঐ ব্যক্তির সঙ্গে মজুরসংগ্রাহক কি বাগানের সর্দ্দার যে করার করিয়া থাকে তাহাতে যদি সেই কন্‌ট্রাক্টর কি বাগানের সর্দ্দারের কর্ত্তা সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতি বিনাও বদ্ধ থাকিতে স্বীকার না করে তবে ঐ ব্যক্তিকে যে স্থানে রেজিষ্টরী করা যায় তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার নিমিত্ত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের বিবেচনায় যত টাকা আবশ্যক হয় সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ গমনেচ্ছু ব্যক্তিকে কন্‌ট্রাক্টরের কি বাগানের সর্দ্দারের তত টাকা দিতে আজ্ঞা করিবেন। এমত স্থলে বিদেশগমনেচ্ছু ঐ ব্যক্তি কোন চুক্তি করিতে বদ্ধ হইবেন না ইতি।

চুক্তিভঙ্গ হইলে গমনেচ্ছু ব্যক্তির পক্ষে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নালিশ করিতে পারিবার কথা।

৬৫ ধারা। চুক্তি কোন প্রকারে ভঙ্গ হইলে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব কোন স্থলে উচিত বোধ করিলে ঐ গমনেচ্ছু ব্যক্তির পক্ষ হইয়া কন্‌ট্রাক্টরের কিম্বা বাগানের সর্দ্দারের কর্ত্তার নামে ক্ষতিপূরণের দাবির নালিশ উপস্থিত করিতে পারিবেন। উক্ত প্রত্যেক মোকদ্দমায় মজুরসংগ্রাহক যে চুক্তি করে তাহা ঐ কন্‌ট্রাক্টর কিম্বা বিষয়বিশেষে বাগানের সর্দ্দারের কর্ত্তা করিয়াছেন ও তিনি তাহাতে বদ্ধ আছেন বলিয়া জ্ঞান হইবে ইতি।

সুপরিন্টেণ্ডেণ্ট যে টাকা দিবার আজ্ঞা করেন তাহা আদায় করিবার কথা।

৬৬ ধারা। কোন কন্‌ট্রাক্টরের কি বাগানের সর্দ্দারের প্রতি ৫৯ ও ৬০ ও ৬৪ ধারার বিধানমতে টাকা দিবার আজ্ঞা হইলে সে যদি চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ আজ্ঞামতে টাকা না দেয় তবে উক্ত আজ্ঞাপত্রে যে ব্যক্তির নাম উল্লেখ হইয়াছে তাহাকে যত টাকা দিবার আজ্ঞা হইল সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তত টাকা আগাম দিতে পারিবেন ও ঐ কন্‌ট্রাক্টরের কি বাগানের সর্দ্দারের কি তাহার কর্ত্তার স্থানে সেই আগাম দেওয়ার তারিখঅবধি বৎসর শতকরা ১২৲ টাকার হিসাবে সুদসুদ্ধ সেই আগাম টাকা আদায় করিতে পারিবেন। ও সেই আগাম টাকা ফিরিয়া পাইবার কোন মোকদ্দমায় সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব পূর্ব্বোক্ত আজ্ঞা করিয়াছেন ও পূর্ব্বোক্ত টাকা আগাম দিয়াছেন কোন আদালতে এতদ্ভিন্ন কোন বিষয়ের প্রমাণ দিবার আদেশ হইবে না ইতি।

কন্‌ট্রাকটরের কি মজুরসংগ্রাহকের অধীন না করিতে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের ক্ষমতার কথা।

৬৭ ধারা। এই আইনে কন্‌ট্রাক্টরদের কি মজুরসংগ্রাহকদের বিষয়ে যে বিধি থাকে কিম্বা ৫ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব কন্‌ট্রাক্টরদের ও আড্ডার ও হাস্পাতাল আড্ডার কার্য্য চালাইবার ও বিধান করিবার যে২ বিধি করেন কোন কন্‌ট্রাক্টর কি মজুরসংগ্রাহক

ষ্টীমরাদিতে যত মজুর থাকে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে তাহাদের নামের ফর্দ্দ দিবার কথা ও ফর্দ্দের অলিখিত মজুরদিগকে পশ্চাৎ গ্রহণ করিলে দণ্ডের কথা।

৪৮ ধারা। পূর্ব্বোক্ত অনুমতি প্রাপ্ত কোন ষ্টীমরের কি নৌকার উক্ত প্রদেশে গমনারম্ভের পূর্ব্বে ঐ ষ্টীমরের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি সেই ষ্টীমর কি নৌকাস্থ সকল মজুরের নাম ও বয়স ও পূর্ব্ব ব্যবসায় ও পদবীয় স্থান এবং যেং ব্যক্তির নিকটে তাহারা বর্ম্ম করিতে চুক্তি করিয়াছে তাঁহারদের নাম লিখিয়া সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে তাহার দুই প্রস্থ দিবেন। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা লিখিবার পাঠ নির্দ্দিষ্ট করিবেন। সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব উক্ত দুই প্রস্থের এক প্রস্থ রাখিবেন ও অন্য প্রস্থ শুদ্ধ জ্ঞান করিলে তাহাতে স্বাক্ষর করিয়া ঐ কাপ্তান সাহেবকে কি মাঝিকে ফিরিয়া দিবেন। যদি কোন ষ্টীমরের কাপ্তান সাহেব কিম্বা কোন নৌকার মাঝি ঐ নমুনা স্থ করিবার পর কিম্বা ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে ঐ নির্ঘণ্ট দিবার পর জ্ঞানপূর্ব্বক উক্ত পত্রের অলিখিত কোন মজুরকে ষ্টীমরে কি নৌকায় লন তবে ঐরূপ যত জনকে বেআইনী মতে গ্রহণ করেন তাহারদের জনপ্রতি ঐ কাপ্তান সাহেবের কি মাঝির অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

ষ্টীমর কি নৌকাতে যথোচিত আহারীয় দ্রব্য ও চিকিৎসক প্রভৃতি কর্ম্মকারকদিগকে লইতে হইবার কথা।

৬২ ধারা। পূর্ব্বোক্ত অনুমতিপ্রাপ্ত যে প্রত্যেক ষ্টীমর কি নৌকা উক্ত জনাতর প্রদেশে মজুরদিগকে লইয়া গমন করে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব পূর্ব্বোক্তমতে ঐ মজুরদের আহারাদির নিমিত্তে যত কি যে হারানুসারে দ্রব্য নির্দ্দিষ্ট করেন মজুরদের গমন সময়ে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের তত্ত্বাবধারণে ঐ ষ্টীমরে কি নৌকায় উপযুক্ত ও প্রচুর তত দ্রব্য দেওয়া যাইবে। পূর্ব্বোক্ত আহারীয় দ্রব্য না থাকিলেও এবং নৌকাদিতে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যত জন চিকিৎসকের ও অন্য কার্য্যকারকের ও পাচকের ও চাকরের আজ্ঞা করেন তত জন চিকিৎসকপ্রভৃতি নৌকাদিতে না থাকিলেও যদি ষ্টীমরের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি খুলিয়া যান তবে তাঁহার পাঁচ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। ঐ টাকা না দিলে তাঁহার তিন মাসপর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে। কিন্তু উক্ত প্রদেশে কি তন্মধ্য কোন প্রদেশে যদি পঞ্চাশ জনের ন্যূন মজুর একত্র যায় তবে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব তাহারদের সঙ্গে চিকিৎসকের যাইবার আজ্ঞা করিতে পারিবেন না এই বিধি নিত্য ইতি।

[এই পাণ্ডুলিপির ৫ ধারার ৬ ৮ ও ৯ প্রকরণ দেখ।]

[*Government Ga ette, 6th May* 1879]

বিদেশগমনেচ্ছু যত ব্যক্তি নৌকাদিতে থাকে অধ্যক্ষকে তাহারদের নির্ঘণ্টপত্র নৌকাদিতে চড়াইবার এজেণ্ট সাহেবের দিবার কথা।

৭৪ ধারা। লাইসেন্স প্রাপ্ত যে নৌকাদিতে বিদেশগামি ব্যক্তিরা যাইবে সেই নৌকাদিতে গমনেচ্ছু যত জন থাকে অধ্যক্ষ নৌকাদিতে চড়াইবার এজেণ্ট সাহেবের স্থানে তাহারদের এক নির্ঘণ্টপত্র না পাইলে মজুরী করিবার জিলায় যাইবার উদ্দেশে যাত্রা করিবেন না।

ঐ নির্ঘণ্টপত্রে যাহা লেখা থাকিবে তাহার কথা।

বিদেশগামি প্রত্যেক ব্যক্তির পাসে যেং বিবরণ লেখা থাকে ঐ নির্ঘণ্টপত্রেও তাহা লেখা থাকিবে। কিন্তু একি পাসে গমনেচ্ছু অনেক ব্যক্তির নাম লেখা থাকিলে ও সকলে একি নৌকাদিতে উঠিলে ঐ নির্ঘণ্টপত্রে ঐ পাসের নম্বর ও তারিখ লেখা থাকিলেই চলিতে পারিবে।

গমনেচ্ছু ব্যক্তির সঙ্গে এজেণ্ট ও অধ্যক্ষের ঐ নির্ঘণ্টপত্র মিলাইয়া দেখিবার কথা।

নৌকাদিতে বিদেশগামি যে ব্যক্তিরা থাকে তাহারদের সংখ্যা সেই নির্ঘণ্টপত্রের লিখিত সংখ্যার সঙ্গে মিলে নৌকাদিতে চড়াইবার এজেণ্ট সাহেব ও অধ্যক্ষ আপনি ঠিক দেখিয়া নিশ্চয়মতে জানিয়া লইবেন।

বিদেশগমনেচ্ছু যে ব্যক্তিদের কথা নির্ঘণ্টপত্রে লেখা না থাকে এমত ব্যক্তিদিগকে যাইতে দিবার দণ্ডের কথা।

বিদেশগামি যে ব্যক্তির কথা ঐ নির্ঘণ্টপত্রে লেখা না থাকে ঐ নৌকাদির অধ্যক্ষ এমত ব্যক্তিকে নৌকাদিতে যাইতে দিলে তাহার পাঁচ শত টাকা পর্য্যন্ত জরীমানা হইবে।

মাজিষ্ট্রেট সাহেবের নিকট নির্ঘণ্টপত্রের নকল পাঠাইবার কথা।

বিদেশগামি কোন ব্যক্তি মজুরী করিবার যে জিলায় যাইবে নৌকাদিতে চড়াইবার এজেণ্ট সাহেব সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট ঐ নির্ঘণ্ট পত্রের নকল কি তাহা হতে গৃহীত কথা পাঠাইবেন ইতি।

প্রয়োজনমতে আহারীয় দ্রব্য ও ঔষধাদি ও ডাক্তর ও অন্যং কার্য্যকারক ও চাকরপ্রভৃতি না লইয়া চলিয়া গেলে অধ্যক্ষের দণ্ডের কথা।

৭৫ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নির্দ্দিষ্ট বিধিতে আহারীয় যত ও যে প্রকারের দ্রব্য ও বস্ত্র ও ঔষধপ্রভৃতি ও অন্য সরঞ্জাম ও যে ডাক্তর ও অন্য কর্ম্মকারক ও পাচক ও অন্যং চাকর নৌকাদিতে লইবার আজ্ঞা থাকে যে নৌকাদিতে গমনেচ্ছু ব্যক্তিরা যাইতে উদ্যত সেই নৌকাদির অধ্যক্ষ সেই সকল দ্রব্যাদি নৌকাদিতে না লইয়া মজুরী করিবার জিলায় যাইবার নিমিত্ত চড়িবার স্থান হইতে খুলিয়া গেলে তাহার তিন মাস পর্য্যন্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

৪৭ ধারা। পূর্ব্ব ধারার বিধানমতে স্বাক্ষরিত হুণ্ডিপত্রে উক্ত কোন মজুরের গমনীয় স্থান বলিয়া যে স্থানের নামের উল্লেখ হইয়াছে ষ্টীমরের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি নিম্নলিখিত বিধানমতে না হইয়া ঐ মজুরকে সেই ষ্টীমর কি নৌকা হইতে তদ্ভিন্ন কোন স্থানে বহির্গত করাইলে কি একবারে যাইতে দিলে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে ঐ কাপ্তানের কি মাঝির অর্থদণ্ড হইতে পারিবে। পরন্তু ঐ ষ্টীমরের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি পথিমধ্যে কোন এক কি অধিক স্থানে মজুরদিগকে কিনারায় যাইতে দিবেন না এই ধারার এমন অর্থ করিতে হইবে না। কেবল সেইরূপ উত্তরিয়া যাওয়াতে তাহারদের একেবারে চলিয়া যাইবার অভিপ্রায় কি সম্ভাবনা না থাকে। আরো কোন দুর্ঘটনাপ্রযুক্ত কি অগত্যা তাহা দিগকে একেবারে বাহির হইবার অনুমতি দিতে পারিবেন। তদ্রূপ স্থলে যে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ ষ্টীমরের কি নৌকার অনুমতিপত্র দিলেন তাহাকে এবং যে জিলার মধ্যে সেই দুর্ঘটনা কি অনিবার্য্য ব্যাপার ঘটে সেই জিলার যে মাজিষ্ট্রেট নিকট থাকেন তাঁহাকে অগৌণে সেই দুর্ঘটনাদি জানাইতে হইবে ইতি।

মজুরের চাড়াপত্রে যে স্থানের নাম লেখা থাকে তদ্ভিন্ন অন্য স্থানে জাহাজ কি নৌকা হইতে তাহার চলিয়া যাইতে না পারিবার কথা ও উপবিধি।

৪৯ ধারা। মজুরেরা পূর্ব্বোক্ত অনুমতিপ্রাপ্ত ষ্টীমরে কি নৌকায় যে স্থানে উঠিয়াছে ও যে স্থানে উত্তরিবে ইহার মধ্যবর্ত্তি যে স্থানে মাজিষ্ট্রেট সাহেব থাকেন ঐ ষ্টীমর কি নৌকা মজুর সহিত এমত স্থানে পঁহুছিলেই ঐ ষ্টীমরের কাপ্তান সাহেব কিম্বা ঐ নৌকার মাঝি ঐ মাজিষ্ট্রেট সাহেবকে আমার পঁহুছিবার সম্বাদ দিবেন ও পূর্ব্বোক্ত সম্বাদ দেওয়া গেলে কি না গেলেও ঐ ষ্টীমর কি নৌকা তাঁহার বিচারাধিপত্য স্থানের সীমার মধ্যে থাকিলে ঐ মাজিষ্ট্রেট সাহেব কিম্বা তৎকর্ম্মার্থে তাঁহার বিশেষমতে নিযুক্ত কোন কার্য্যকারক যে কোন সময়ে সেই ষ্টীমরে কি নৌকায় গিয়া পরিদর্শন করিতে পারিবেন। ও তৎপরিদর্শনার্থে ষ্টীমরের কাপ্তান সাহেবের ও মালমদের কিম্বা নৌকার মাঝির ঐ মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা উক্ত কার্য্যকারকের যথোপযুক্ত সাহায্য করিতেই হইবে এবং তাহাকে কি নৌকায় যে মজুরেরা কি অন্য ব্যক্তিরা থাকে তাহারদের বিষয়ে যুক্তিযুক্ত যে সন্ধান জিজ্ঞাসা করেন তাহা তাঁহারদের দিতে হইবে। উক্ত বিধানমতে কর্ম্ম না করিলে ঐ কাপ্তানের কি মাঝির অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

মজুরদের পঁহুছিবার সম্বাদ দিবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৬ মে।]

৭৬ ধারা। যে নৌকাদিতে বিদেশগামি দুই শত ব্যক্তি যাইবে চিকিৎসা কার্য্যের লাইসেন্সপ্রাপ্ত বলিয়া কোন ডাক্তর কিম্বা শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের আজ্ঞাক্রমে ক্ষমতাপন্ন বলিয়া যাহাকে প্রকাশ করা যায় এমত ব্যক্তি গমনেচ্ছু সেই ব্যক্তিদের চিকিৎসা করিবার কার্য্যে নিযুক্ত না হইলে ঐ নৌকাদি যাত্রা করিতে পারিবে না ইতি।

বিদেশগামি ২০০ ব্যক্তি যে নৌকাদিতে যায় তন্মধ্যে ক্ষমতাপন্ন ডাক্তরকে লইবার কথা।

৭৭ ধারা। বিদেশগামি কোন ব্যক্তির যাইবার লক্ষিত স্থান বলি। তাহার পাসে যে স্থানের নাম লেখা থাকে বিদেশগামি ব্যক্তিদিগকে লইয়া যাইবার লাইসেন্সপ্রাপ্ত কোন নৌকাদির অধ্যক্ষ পশ্চাৎ লিখিত বিধানের নির্দ্দিষ্ট স্থান ভিন্ন কোন স্থলে ইচ্ছাপূর্ব্বক কি তাচ্ছল্যক্রমে উক্ত কোন ব্যক্তিকে সেই স্থান ভিন্ন কোন স্থানে নৌকাদি হইতে নামাইয়া দিলে কি চলিয়া যাইতে দিলে বিদেশগামি যত ব্যক্তিকে তদ্রূপে নৌকাদি হইতে নামান যায় তাহাদের প্রত্যেক ব্যক্তির নিমিত্ত সেই অধ্যক্ষের এক শত টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। কিন্তু কোন নৌকাদির অধ্যক্ষ পথের মধ্যে কোন এক কি কএক স্থানে বিদেশগামি সেই ব্যক্তিদিগকে নামিতে অনুমতি দিবেন না এই ধারার এমত অর্থ জানিতে হইবে না, কেবল নামিয়া যেন কোথাও চলিয়া যাওয়ার অভিপ্রায় না থাকে ও সম্ভাবনা বোধ না হয়। অথবা কোন বিপত্তি হইলে কিম্বা অগত্যাগতিকে বিদেশগামি ব্যক্তিদের যে একেবারে নামিয়া যাওয়া নিষেধ হইল এই ধারার এমত ভাব জানিতে হইবে না। কিন্তু নৌকাদিতে চড়াইবার যে এজেণ্ট সাহেবের স্থানে ঐ নৌকাদির লাইসেন্স পাওয়া গেল তাঁহার নিকট এবং যে জিলায় সেই বিপত্তি কি অগত্যা গতিক ঘটিয়াছিল সেই জিলার যে মাজিষ্ট্রেট নিকট থাকেন তাঁহার নিকটে অগৌণে সেই বিপত্তি কি অগত্যা গতিকের রিপোর্ট করিতে হইবে ইতি।

পাসে যে স্থান লেখা থাকে তদ্ভিন্ন কোন স্থানে বিদেশগমনেচ্ছু ব্যক্তিরা নৌকা দিয়া ছাড়িয়া যাইতে না পারিবার কথা।

৭৮ ধারা। বিদেশগামি ব্যক্তিরা যে স্থানে নৌকাদিতে উঠে ও শেষ যে স্থানে নামিয়া যাইবে এই দুইয়ের মধ্যে অন্য যে স্থানের মাজিষ্ট্রেট সাহেব থাকেন বিদেশগামি ব্যক্তিদিগকে লইয়া লাইসেন্সপ্রাপ্ত নৌকাদি সেই স্থানে পঁহুছিলে তথায় থামিয়া দিনেরবেলা ছয় ঘণ্টার কম থাকিবে না ও নৌকাদিতে বিদেশগমনেচ্ছু কত ব্যক্তি আছে ও স্বাস্থ্যপক্ষে তাহাদের সাধারণ কি অবস্থা ও সেই নৌকাদিতে যাহারা উঠিয়াছিল তাহারদের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু হইলে তদ্বিবরণ ঐ জাহাজের অধ্যক্ষ মাজিষ্ট্রেট সাহেবের নিকট অগৌণে এই সকল কথার রিপোর্ট করিবেন ইতি।

মধ্যে যে কোন স্থানে মাজিষ্ট্রেট থাকেন সেই স্থানে পঁহুছিলেই অধ্যক্ষের রিপোর্ট করিবার কথা।

শ্রীমর ও নৌকা ও মজুর দিগকে আটক করিয়া রাখিবার ক্ষমতার কথা।

৫ ধারা। ঐ মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক জিলার সিবিল চিকিৎসক সাহেবের দ্বারা কিম্বা তিনি বর্ত্তমান না থাকিলে কি আসিতে না পারিলে উপযুক্ত অন্য চিকিৎসকদ্বারা ঐ ষ্টীমরের কি নৌকার মজুরদিগকে দৃষ্টি না করাওনপর্য্যন্ত ঐ ষ্টীমর কি নৌকা আটক করিয়া রাখিবার উপযুক্ত হেতু জানিলে আটক করিয়া রাখিতে পারিবেন। ঐ চিকিৎসক ঐ ষ্টীমর কি নৌকাগত মজুর দিগকে দৃষ্টি করিবেন এবং মজুরদের সাধারণ অবস্থার ও স্বাস্থ্যের রিপোর্ট প্রস্তুত করিয়া তাহাতে স্বাক্ষর করিয়া মাজিষ্ট্রেট সাহেবকে কি ঐ অন্য কার্য্যকারককে দিবেন। ও ঐ মজুরদের মধ্যে কোন ব্যক্তির স্পর্শাক্রমক কি সংক্রামক রোগ হইয়াছে এমত জান কারলে তিনি চিকিৎসার নিমিত্তে তাহাকে সেই স্থানে আটক করিয়া রাখিবেন ও এতৎপক্ষে যে বিধান নিম্নভাগে লেখা যাইতেছে তদনুসারে কোন মজুর যে স্থানে কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে অস্বাস্থ্য প্রযুক্ত সেই স্থানে যাইবার অনুপযুক্ত হইয়া যদি তাহার উত্তরিবার লক্ষিত স্থানের ওদিগে গিয়া থাকে, তবে তাহাকেও আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[*Government Gazette, 6th May* 1873]

মাজিষ্ট্রেটের কোন সময়ে নৌকাদিতে গিয়া দেখিতে পারিবার কথা।

৭৯ ধারা। বিদেশগামি ব্যক্তিদিগকে লইয়া লাইসেন্স প্রাপ্ত নৌকাদি কোন মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের মধ্যে থাকিলে তিনি কোন সময়ে সেই নৌকাদিতে উঠিয়া ঐ নৌকাদির বিদেশগামি ব্যক্তিদিগকে ও নৌকাদিতে যত ব্যক্তি থাকে তাহারদের সকলকে দেখিতে পারিবেন। মাজিষ্ট্রেট সাহেব অনায়াসে উক্ত প্রকারে দেখিতে পারেন এই কারণে ঐ নৌকাদির অধ্যক্ষ ও কর্ম্মকারকেরা যুক্তিমতে তাঁহার সর্ব্বপ্রকারের সাহায্য করিবেন ও তিনি বিদেশগামি ব্যক্তিদের ও নৌকাদিগত অন্য ব্যক্তিদের বিষয়ে এবং কোন ব্যক্তির মৃত্যু হইলে সেই মৃত্যুর বিষয়ে এবং বিদেশগামি ব্যক্তিদের স্বাস্থ্যঘটিত অন্য বৃত্তান্ত বিষয়ে যুক্তিমতে যেং সন্ধান জানিতে চাহেন তাহা জানাইবেন।

যে সন্ধান জানিতে চাহেন অধ্যক্ষের তাহা জানাইবার কথা।

কোন অধ্যক্ষ কি অন্য কর্ম্মকারক মাজিষ্ট্রেট সাহেবকে ইচ্ছাপূর্ব্বক কি তাচ্ছল্য হেতুক উক্ত কোন বিষয়ের সন্ধান না জানাইলে তাহার পাঁচ শত টাকা পর্য্যন্ত জরীমানা হইবে ইতি।

না জানাইবার হেতুর কথা।

নৌকাদির ও ডাঙ্গার মধ্যে গমনাগমনের নিষেধ মাজিষ্ট্রেট সাহেবের করিবার কথা।

৮০ ধারা। উক্ত প্রকারের নৌকাদি মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানের মধ্যে পঁহুছিলে, কিম্বা থাকবার কোন সময়ে, মাজিষ্ট্রেট সাহেব ঐ নৌকাদির ও ডাঙ্গার মধ্যে যাওয়া আসার নিষেধ করিতে পারিবেন এবং কোন ব্যক্তি নৌকাদি হইতে ডাঙ্গায় নামিয়া আসিতে পারিবে না ও ডাঙ্গা হইতে কোন ব্যক্তি নৌকাদিতে উঠিয়া যাইতে পারিবে না এমত নিষেধ করিতে পারিবেন ইতি।

ডাক্তরের প্রতি দেখিবার আজ্ঞা করিতে ও তদর্থে নৌকাদি আটক করিয়া রাখিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।

৮১ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানের মধ্যে কোন নৌকাদিতে বিদেশগামি যে ব্যক্তিরা থাকে তাহারদের মধ্যে কোন সংক্রামক কি ছোঁয়াছিয়া রোগ আছে কি হইবার সম্ভাবনা জানিলে, তিনি সেই নৌকাদি আটক রাখিয়া জিলার সিবিল ডাক্তর সাহেবকে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য ডাক্তরকে সেই ব্যক্তিদিগকে দেখিয়া স্বাস্থ্য পক্ষে তাহারদের অবস্থার বিষয়ে এবং ঐ রোগ স্থগিত কি নিবারণ করিবার নিমিত্ত কোন উপায় করিতে পারা যায় ও কি উপায় করা আবশ্যক এই বিষয়ে রিপোর্ট করিবার আজ্ঞা দিতে পারিবেন। ডাক্তর সাহেব সেই রিপোর্টে কোন উপায়ের পরামর্শ দিলে, সেই উপায়মতে কার্য্য হইবার নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব সেই রিপোর্ট পাইবার পর আর পাঁচ দিন ঐ নৌকাদি আটক করিয়া রাখিতে পারিবেন। ও কোন মজুরের সংক্রামক কি ছোঁয়াছিয়া রোগ হইলে তাহার চিকিৎসা হইবার নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব তাহাকে ঐ স্থানে আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

মজুরদের মধ্যে রোগ হইলে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।

৫২ ধারা। মজুরেরা কি মজুরী করণেচ্ছুক ব্যক্তিরা আড়কাঠী কিম্বা নৌকাদিতে উঠিবার স্থানে কি মজুরী করিবার স্থানে জল পথে কি স্থলপথে কোন জিলার মধ্য দিয়া যাইতেছে যদি তাহারদের মধ্যে রোগ সঞ্চার হয় তবে সেই জিলায় যে কোন মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্য থাকে তিনি ঐ স্থানের সিবিল চিকিৎসক সাহেবকে কিম্বা তিনি না থাকিলে উপযুক্ত অন্য চিকিৎসককে ঐ মজুরদের কিম্বা মজুরী করণেচ্ছুক ব্যক্তিদের শারীরিক অবস্থাবিষয়ে রিপোর্ট করিতে আদেশ করিবেন। এবং ঐ চিকিৎসকের রিপোর্ট বিবেচনায় নিশ্চিত হইলে তাহারা যত কাল নিরাময় হইতে না পারে ততকাল ঐ মজুরদিগকে কিম্বা মজুরী করণেচ্ছুক ব্যক্তিদিগকে কিম্বা তাহারদের মধ্যে কোন কাহাকে আটক করিয়া রাখিতে পারিবেন। এই ধারার কিম্বা ৫৩ ধারার বিধানমতে মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক মজুরদিগকে কিম্বা মজুরী করণেচ্ছুক ব্যক্তিদিগকে আটক করিয়া রাখা গেলে তিনি তাহারদের থাকিবার স্থানের ও খাদ্যাচ্ছাদনের ও চিকিৎসার প্রয়োজনমত বিধান করিবেন। এবং আটক করিয়া রাখা মজুরদের নৌকা হইতে অবশেষে নামিবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেব তাহারদের নিমিত্তে যত টাকা খরচ করেন সেই কনট্রাক্টরকর্ত্তৃক দেয়। কিন্তু তাহার নিমিত্তে ঐ মজুরদের সঙ্গে নিয়ম করা যায় কি তাহারদিগকে চালান করা যায় তাহাকে অথবা ঐ মজুরদিগকে কিম্বা মজুরী করিবার ইচ্ছুক ঐ ব্যক্তিদিগকে বাগানের কর্ত্তার নিকট পৌঁছান গেলে ঐ মজুরেরা যে কর্ত্তার স্থানে সটিফিকট পান মাজিষ্ট্রেট সাহেব তাহাকে দত্ত ঋণের ন্যায় ঐ টাকা তাহার স্থানে ঐ সময় হইতে শতকরা ছয় টাকার হিসাবে সুদসমেত আদায় করিয়া লইতে পারিবেন। মজুরেরা শেষবার উত্তরিলে পর যদি তাহারদের পক্ষে সেই খরচ হয় তবে যে কর্ত্তার নিকট কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে তাঁহার স্থানে পূর্ব্বোক্ত সুদসহিত ঐ টাকা ফিরিয়া লওয়া যাইতে পারিবে ইতি।

মজুরেরা স্থলপথে গেলে তাহারদিগকে মাজিষ্ট্রেট সাহেবের আটক রাখিবার কথা।

৮২ ধারা। দেশান্তর্গামি মজুরেরদের দল কোন মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার অধীন স্থান দিয়া হাঁটিয়া যাইতেছে এমন সময়ে তাহারদের কোন সঞ্চারক কি ছোঁয়াছিয়া রোগ আছে কি হইবার সম্ভাবনা আছে তাঁহার এমত জানিবার কারণ থাকিলে, তিনি সেই দলকে আটক রাখিয়া জিলার সিবিল ডাক্তর সাহেবকে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য ডাক্তর সাহেবকে ঐ মজুরদিগকে দেখিয়া তাহারদের স্বাস্থ্য বিষয়ে রিপোর্ট করিতে এবং ঐ রোগ স্থগিত কি নিবারণ করিবার নিমিত্ত কোন উপায় করা যাইতে পারে ও কি উপায় করা আবশ্যক এই বিষয়ে রিপোর্ট করিবার আজ্ঞা দিতে পারিবেন ও ঐ দলকে কিম্বা দলের মধ্যে যত জনের সঞ্চারক কি ছোঁয়াছুয়া রোগ আছে তাহারদের চিকিৎসা হইবার নিমিত্ত ডাক্তর সাহেব তাহারদিগকে যত কাল আটক রাখা আবশ্যক বলিয়া সর্টিফিকট দেন মাজিষ্ট্রেট সাহেব তাহারদিগকে ততকাল ঐ স্থানে আটক রাখিতে পারিবেন ইতি।

বিদেশগামি ব্যক্তি পীড়িত হইলে মাজিষ্ট্রেটের আটকাইয়া রাখিতে পারিবার কথা।

৮৩ ধারা। স্বাস্থ্যপক্ষে বিদেশগামি সেই ব্যক্তিদের অবস্থা লক্ষ করিয়া তাহারদের এক কি কএক জনকে মজুরী করিবার জিলায় যাইতে না দেওয়া বিহিত বোধ হইলে মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে তিনি সেই ব্যক্তির নৌকাদিহইতে নামিবার ও আটক থাকিবার আজ্ঞা দিতে পারিবেন।

তাহারদের থাকিবার স্থানের ও চিকিৎসার নিয়ম করিবার কথা।

এমনস্থলে তাহারদের থাকিবার স্থানের ও খাদ্যাদি পাইবার ও চিকিৎসার যে নিয়ম আবশ্যক তিনি সেই সকল নিয়ম করাইয়া দিবেন।

খরচ কি করা পাইবার কথা।

বিদেশগামি যে ব্যক্তিদিগকে ঐরূপে আটক করিয়া রাখা যায় তাহারদের নিমিত্তে তাহার আবশ্যকমতে যত খরচ লাগে ঐ বিদেশগামি ব্যক্তিদের সঙ্গে যে কনট্রাক্টর কি বাগানের সরদার করার করিয়াছে তিনি সেই কনট্রাক্টরের স্থানে কিম্বা বাগানের সরদার যে কর্ত্তার দ্বারা নিযুক্ত হয় সেই কর্ত্তার স্থানে ঐ খরচ আদায় করিয়া লইবেন।

নৌকাদির ভাড়ার এক অংশ ফিরাইয়া দিবার কথা।

এই ধারার বিধানমতে বিদেশগামি কোন ব্যক্তিকে কোন নৌকাদিহইতে নামাইয়া আনা গেলে তাহার যাইবার নিমিত্ত ভাড়া বলিয়া যত টাকা দেওয়া গিয়াছে কি দিতে হইবে তাহার কোন্ অংশ ফিরিয়া লইতে হইবে মাজিষ্ট্রেট সাহেব ইহা নির্ণয় করিবেন ও সেই টাকা পূর্ব্বে দেওয়া গেলে ঐ নৌকাদির অধ্যক্ষের স্থানে সেই অংশটি ফিরিয়া লইতে পারিবেন। পূর্ব্বে না দেওয়া গেলে ঐ ভাড়া দিবার চুক্তি সেই আজ্ঞানুসারে মতান্তর করা যাইবে ইতি।

৮২ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমত পরিদর্শন হইলে

আইনের লঙ্ঘন হইলে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট রিপোর্ট হইবার কথা।

যদি মাজিষ্ট্রেট সাহেব দেখিতে পান যে এই আইনের কোন বিধান লঙ্ঘন হইয়াছে তবে যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ঐ ষ্টীমরে কি নৌকায় মজুরদিগকে লইবার অনুমতিপত্র দিলেন তাঁহার নিকট তিনি সেই কথার রিপোর্ট করিবেন। এবং ভাবগতিক বুঝিয়া সেই ষ্টীমর কি নৌকা আটক করিয়া রাখা আবশ্যক মাজিষ্ট্রেট সাহেবের এমত বিবেচনা হইলে মজুরেরা অবশিষ্ট পথ নিশ্চিন্তে ও যথোচিত স্বচ্ছন্দভাবে যেন যাইতে পারে এই নিমিত্তে আইনের বিধানমত কার্য্য যত কাল না করা যায় তত কাল তিনি ঐ নৌকা কি ষ্টীমর আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

৮৩ ধারা। পূর্ব্বোক্ত অনুমতিপত্রপ্রাপ্ত কোন ষ্টীমর কি

দেওয়ানী মোকামে মজুরদের উত্তরিবার কথা।

নৌকা কেন দেওয়ানী মোকামে পঁহুছিলে এবং সেই স্থানে কিম্বা তাহার পরে ঐ নৌকাদির পথে অন্য যে দেওয়ানী মোকাম থাকে তথায় পঁহুছিবার পূর্ব্বে যাহারদের কোন স্থানে উত্তরিয়া যাইতে হইবে ষ্টীমরে কি নৌকায় এমত মজুর থাকিলে তাহারদের উত্তরিবার অগ্রে ষ্টীমরের কাপ্তান কিম্বা ঐ নৌকার মাঝি ঐ মোকামের মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ কর্ম্মের নিমিত্তে অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে ঐ মজুরদের পঁহুছিবার সম্বাদ দিয়া ৪৮ ধারার উল্লিখিত নির্ঘণ্টপত্রের যে অংশ তাহারদের প্রতি খাটে সেই অংশ তাঁহাকে দেখাইবেন। মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক ঐ মোকামের চিকিৎসক সাহেবের দ্বারা কিম্বা তাঁহার অনুপস্থানে উপযুক্ত অন্য কোন চিকিৎসকের দ্বারা ঐ মজুরদিগকে দৃষ্টি করাইবেন। সেই চিকিৎসকের কর্ত্তব্য যে ঐ সকল মজুরদিগকে যথোযোগে দেখেন ও তদ্রূপে দেখিলে পর তিনি রিপোর্ট প্রস্তুত করিয়া যত মজুরকে দেখিয়াছেন তাহারদের প্রত্যেক জনের স্বাস্থ্যের ও সাধারণ অবস্থার সংশিত কথা ঐ রিপোর্টে লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন তাহারদের মধ্যে কোন ব্যক্তি যে স্থানে মজুরী করিতে চুক্তি করিয়াছে রোগাদি বিবেচনায় তাহার তথায় যাওয়া অনুপযুক্ত জ্ঞান হইলে তিনি চিকিৎসা করাইবার জন্যে তাহাকে সেই মোকামে আটক করিয়া রাখিবেন ইতি।

৮৪ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব তদ্রূপ কোন

বিদেশগামি ব্যক্তিদের সংখ্যার অধিক জন নৌকাদিতে পাওয়া গেলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

নৌকাদি দেখিলে লাইসেন্স পত্রে যত জন নির্দ্দিষ্ট থাকে নৌকাদিতে তাহার অধিক দেখিতে পাইলে তিনি ঐ সংখ্যার অধিক সকল লোককে নামাইয়া লক্ষিত স্থানে তাহারদিগকে চালান করিবার অন্য সুযোগের অপেক্ষায় রাখিবেন। বিদেশগামি সেই ব্যক্তিদিগকে আহারাদি দিয়া রাখিতে ও লক্ষিত স্থানে চালান করাইতে যে খরচ আবশ্যক হয় তাহা ঐ নৌকাদির অধ্যক্ষের স্থানে ফিরিয়া লওয়া যাইবে ইতি।

৮৫ ধারা। এই আইনের বিধানমতে, কিম্বা শ্রীযুত

বিধি মানা না গেলে নৌকাদি আটক রাখিবার কথা।

লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই আইনের শক্তিক্রমে যে বিধি করেন সেই বিধিমতে যে কার্য্য করিবার কিম্বা যে বিষয়ে বিধান করিবার আজ্ঞা হইল তাহা করা যায় নাই ও তাহার বিধান হয় নাই মাজিষ্ট্রেট সাহেব উক্ত কোন নৌকাদি দেখিয়া এমত বোধ করিলে সেই বাকী কর্ম্ম যত কাল না করা যায় তিনি ততকাল সেই নৌকাদি আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

৮৬ ধারা। বিদেশগামি ব্যক্তিদিগকে যে দেওয়ানী মোকামে নামাইয়া

নৌকাদিহইতে নামিয়া যাইবার স্থানে পঁহুছিলে মাজিষ্ট্রেট সাহেবকে অধ্যক্ষের জানাইবার কথা।

দিবার অভিপ্রায় থাকে তাহারদিগকে লইয়া লাইসেন্স প্রাপ্ত নৌকাদি সেই মোকামে পঁহুছিলে অধ্যক্ষ অগৌণে মাজিষ্ট্রেট সাহেবকে পঁহুছিবার নোটিস দিবেন। ও নৌকাদিতে চড়িবার এজেণ্ট সাহেব ৭৪ ধারার বিধানমতে তাঁহাকে যে নির্ঘণ্টপত্র দিলেন তাহা কিম্বা বিদেশগামি যে ব্যক্তিরা সেই স্থানে নামিয়া যাইবে এ নির্ঘণ্টপত্রের যে অংশে তাহারদের কথা আছে অধ্যক্ষ সেই অংশটির নকল সেই সময়ে মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবেন। মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা না পাইলে ঐ বিদেশগামি কোন ব্যক্তিকে নৌকাদিহইতে নামিয়া যাইতে দিবেন না।

মাজিষ্ট্রেট সাহেব সেই নোটিস পাইলে যে কর্ত্তা

কর্ত্তার কি এজেণ্টের নিকট মাজিষ্ট্রেট সাহেবের সম্বাদ দিবার কথা।

দের সঙ্গে ঐ বিদেশগামি ব্যক্তিদের চুক্তি করা হইয়াছে তাঁহারদের নিকট কিম্বা তাঁহারদের এজেণ্টদের নিকট ঐ ব্যক্তিদের পঁহুছিবার সম্বাদ পাঠাইবেন। তৎকালেও তিনি

ও ডাক্তরের দেখিবার আজ্ঞা দিবার কথা।

ঐ মোকামের দেওয়ানী ডাক্তর সাহেবকে কিম্বা তিনি না থাকিলে ক্ষমতাপন্ন অন্য ডাক্তরকে নৌকাদিতে গিয়া বিদেশগামি ঐ ব্যক্তিদিগকে দেখিতে আজ্ঞা দিবেন।

ঐ ডাক্তর সাহেব অগৌণে বিদেশগামি সেই সকল ব্যক্তিকে ভাল করিয়া দেখিলে পর রিপোর্ট লিখিয়া সহী করিবেন। বিদেশগামি যে ব্যক্তিদিগকে দেখিয়াছেন স্বাস্থ্য পক্ষে তাহারদের প্রত্যেক জনের অবস্থার ও সাধারণ দশার সর্টিফিকট ঐ রিপোর্টে লিখিবেন ইতি।

ঐ ডাক্তরের দেখিয়া রিপোর্ট করিবার কথা।

৮৭ ধারা। বিদেশগামি কোন ব্যক্তি যে স্থানে কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে স্বাস্থ্যপক্ষে তাহার অবস্থাপ্রযুক্ত সে সেই স্থানে যাইবার অনুপযুক্ত ডাক্তর সাহেবের এমত বিবেচনা হইলে ম্যাজিষ্ট্রেট সাহেব তাহার চিকিৎসার নিমিত্ত তাহাকে সেই মোকামে রাখিবেন।

পীড়িত ব্যক্তিদিগকে সেই মোকামে রাখিবার কথা।

বিদেশগামি ব্যক্তিরা নৌকাদিহইতে একবারে নামিয়া গেলে পর মাজিষ্ট্রেট সাহেব তাহারদের কোন ব্যক্তিকে চিকিৎসার নিমিত্ত সেই স্থানে আটক করিয়া রাখা উচিত বোধ করিলে তাহারদের প্রতি ৮৩ ধারার বিধান খাটিবে।

সেই ব্যক্তিদের থাকিবার স্থানের ও চিকিৎসার কথা।

কিন্তু বিদেশগামি ঐ ব্যক্তিদের নিমিত্ত আবশ্যক যত খরচ লাগে যে কর্ত্তার সঙ্গে তাহারদের চুক্তি হইয়াছে তাঁহার স্থানে ঐ খরচ ফিরিয়া লওয়া যাইবে ইতি।

কর্ত্তার খরচ দিবার কথা।

৮৮ ধারা। আরো বিদেশগামি এ ব্যক্তিদের নৌকাদিহইতে নামিবার সময়াবধি শেষ লক্ষিত স্থানে না পঁহুছন পর্য্যন্ত তাহারদের আহারাদির ও থাকিবার স্থানের উপযুক্ত বিধান করা গিয়াছে মাজিষ্ট্রেট সাহেব ইহা নিশ্চয়মতে জানিয়া লইবেন। ও উপযুক্ত বিধান করা গেল ইহা নিশ্চয়মতে জানিলে তিনি অগৌণে বিদেশগামি সেই ব্যক্তিদিগকে নৌকাদিহইতে নামাইয়া লইবার ও যে স্থানে কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে সেই স্থানে লইয়া যাইবার নিমিত্ত তাহারদিগকে কর্ত্তার কি তাঁহার এজেন্টের হাতে অর্পণ করিয়া দিবেন।

বিদেশগামি ব্যক্তিদের আহারাদির ও থাকিবার স্থানের আবশ্যক বিধান করা গেলে তাহারদিগকে কর্ত্তার কি এজেন্টের হাতে সমর্পণ করিবার কথা।

কিন্তু যদি তদ্রূপ উপযুক্ত বিধান করা না গিয়া থাকে কিম্বা যদি কর্ত্তা ও তাহার এজেন্ট উপস্থিত না থাকেন তবে মাজিষ্ট্রেট সাহেব যদ্রূপ নিয়ম করা আবশ্যক বোধ করেন তদ্রূপ নিয়ম হইবার আজ্ঞা দিবেন ও ভাবগতিক বিবেচনায় যত খরচ দেওয়া আবশ্যক হয় তাহাও দিবেন। মজুরদিগকে নৌকাদিহইতে নামাইবার নিমিত্ত কিম্বা আহারাদির কি বাসার কি ঔষধের নিমিত্ত কিম্বা হাস্পাতালে তাহারদের শুশ্রূষার নিমিত্ত কিম্বা বস্ত্রাদির নিমিত্ত তাঁহার যত টাকা

তদ্রূপ বিধান করা না গেলে ও কর্ত্তা কি এজেন্ট উপস্থিত না থাকিলে মাজিষ্ট্রেটের নিয়ম করিবার কথা।

কর্ত্তার স্থানে খরচ ফিরিয়া পাইবার কথা।

৫৪ ধারা। মজুরেরা যে ব্যক্তিদের নিকটে মজুরী করিবার নিয়ম করিয়াছে মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কার্য্যকারক ৫৩ ধারার উল্লিখিত নোটিস পাইলেই তাঁহারদিগকে কি তাঁহারদের এজেন্টদিগকে সেই ধারার বিধানমতে দ্রষ্টব্য মজুরদের পঁহুছিবার সম্বাদ দিবেন। তদলে সেই ব্যক্তিরা যে২ মজুরের সহিত নিয়ম করিয়াছেন তাহারদিগকে অবিলম্বে আপনাদের রক্ষণে লইবেন। সেই মোকামে যে মজুরদের নামিয়া আসিতে হয় তাহারদের উত্তরিবার সময়াবধি লক্ষিত স্থানে না পঁহুছনপর্য্যন্ত তাহাদের আহারাদির ও বাসস্থানের যুক্তিমত সুনিয়ম করা গিয়াছে কি না এই বিষয় ঐ মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কর্য্যকারক জানিয়া লইবেন। যাহারা মজুরেরদের সঙ্গে চুক্তি করিয়াছে তাঁহারা যদি তদ্রূপ চুক্তিমত সুনিয়ম না করিয়া থাকেন কিম্বা সেই ব্যক্তিরা কি তাঁহারদের এজেন্টেরা যদি উত্তরিবার স্থানে উপস্থিত না থাকেন তবে মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কার্য্যকারক তদ্রূপ সুনিয়ম করিবার আজ্ঞা করিবেন ও বিষয় বুঝিয়া যত টাকা আবশ্যক জ্ঞান করেন খরচ করিতে পারিবেন ও মজুরদিগকে জাহাজহইতে উত্তরাইবার ও তাহারদের আহারের কি বাসার কি ঔষধের কি হাস্পাতালে শুশ্রূষার কি বস্ত্রের নিমিত্তে যত টাকা খরচ হয় মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কর্য্যকারক যে মজুরদের নিমিত্তে সেই টাকা খরচ করিয়াছেন তাহারদের কর্ত্তাদের স্থানে শতকরা ১২৲ টাকার হিসাবে সুদসুদ্ধ সেই টাকা পাইতে পারিবেন ইতি।

যে মজুরেরা নামিয়া যায় তাহারদের বিধান করিবার কথা।

দেওয়ানী মোকামভিন্ন কোন স্থানে উত্তরিবার কথা ও মজুরদিগকে চালান করিবার ক্ষমতার কথা।

৮৮ ধারা। উত্তরিবার স্থান যদি দেওয়ানী মোকাম ম হয় তবে সেই স্থানে যে মজুরেরা উত্তরিবে ও ৮৩ ধারার বিধানমতে যাহারা ব চুক্তি হইয়াছে তাহারা যে ব্যক্তির দের নিকট মজুরী করিতে চুক্তি করিয়াছে সেই ব্যক্তিরা কিম্বা তাহাদের এজেণ্টেরা উপস্থিত থাকিলে, মজুরদিগকে উত্তরাণ যাইবে ও সেই ব্যক্তি দের কিম্বা এজেণ্টদের জিম্মায় অর্পণ করা যাইবে। পরন্তু উক্ত মজুরেরা যে স্থানে মজুরী করিতে চুক্তি করিয়াছে তাহার দের কোন২ লোক অস্বাস্থ্য প্রযুক্ত সেই স্থানে যাইবার অনুপ যুক্ত কিম্বা তাহারদের উত্তরিবার সময়াবধি যত কাল লক্ষিত স্থানে না পঁহুছে ঐ মজুরদের তত কাল আহারাদির ও বাসার যথাবিহিত বিধান করা যায় নাই তাহারদের সঙ্গে চিকিৎসক থাকিলে যদি তাঁহার এমত বিবেচনা হইয়া থাকে কিম্বা চিকিৎসক না থাকিলে তাহারা যে ষ্টীমরে গিয়াছে যদি ঐ ষ্টীমরের কাপ্তান সাহেবের এমত বিবেচনা হয় অথবা ঐ মজুরেরা যাঁহারদের নিকটে কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে তাঁহারা কিম্বা তাঁহারদের এজেণ্টেরা যদি তথায় উপস্থিত না থাকেন তবে যাহারা ঐ স্থানহইতে যাইবার অনুপযুক্ত কিম্বা যাহারদের আহারাদির যথাবিহিত বিধান করা যায় নাই কিম্বা যাহার দের কর্ত্তারা স্বয়ং কি এজেণ্টদ্বারা উপস্থিত না হন সেই মজুরেরা নিকটস্থ দেওয়ানী মোকামপর্য্যন্ত সেই ষ্টীমরে কি নৌকায় আনীত হইবে ও তথায় তাহাদিগকে উত্তরাণ যাইবে ও তাহারদিগকে যে স্থানে তদ্রূপে উত্তরাণ যায় এই আই নের কার্য্যপক্ষে তাহাই তাহারদের উত্তরিবার স্থান বলিয়া জ্ঞান হইবে ইতি।

খরচ হয়, ঐ মজুরেরা যে২ কর্ত্তার নিকট চাকরী করিতে চুক্তি করিয়াছে তিনি সেই২ কর্ত্তার স্থানে বৎসর শত করা বারো টাকার হিসাবে সুদসুদ্ধ ঐ টাকা ফিরিয়া লইবেন ইতি।

দেওয়ানী মোকামভিন্ন কোন স্থানে সেই ব্যক্তি দের নৌকাদিহইতে নামিতে হইলে তৎ পূর্ব্বে যে দেওয়ানী মোকামে পঁহুছে সেখানে ডাক্তর সাহেবের দেখিবার কথা।

৮৯ ধারা। লাইসেন্সপ্রাপ্ত কোন নৌকাদিতে বিদেশগামি যে ব্যক্তিরা থাকে দেওয়ানী মোকাম ভিন্ন কোন স্থানে তাহার দিগকে নৌকাদিহইতে নামাইয়া দিবার অভিপ্রায় থাকিলে সেই স্থানে পঁহুছিবার পূর্ব্বে ঐ নৌকাদি দেওয়ানী যে শেষ মোকামের নিকট হইয়া যায় সেই মোকামে পঁহুছিলে ঐ নৌকাদির অধ্যক্ষ মাজিষ্ট্রেট সাহেবের নিকট ৮৬ ধারার বিধানমতে পঁহুছিবার রিপোর্ট করিবেন। ও সেই ধারায় তাহারদিগকে ডাক্তর সাহেবের দেখিবার যে বিধান আছে সেই বিধানমতে দেখা না হইলে ঐ স্থানহইতে চলিয়া যাইবে না। তদ্রূপ দেখা হইলে পর মাজিষ্ট্রেট সাহেব অবিলম্বে অধ্যক্ষের যাইবার অনুমতি দিবেন। কিন্তু বিদেশগামি কোন ব্যক্তি যাইতে অনুপযুক্ত হইলে তিনি উচিত বোধ করিলে ৮৩ ধারামতে তাহাকে আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

সেই স্থানে নৌকাদিহই তে নামিয়া যাইবার কথা।

৯০ ধারা। দেওয়ানী মোকামভিন্ন যে স্থানে নৌকাদিহইতে নামিয়া যাইতে হইবে নৌকাদি সেই স্থানে পঁহুছিলে যে কর্ত্তাদের নিকট কর্ম্ম করিবার চুক্তি হইল তাঁহারা কি তাঁহার দের এজেণ্টেরা উপস্থিত থাকিলে, বিদেশগামি যে ব্যক্তিদের সেই স্থানে নামিয়া যাইতে হইবে তাহা দিগকে নামাইয়া সেই কর্ত্তাদের কি এজেণ্টদের জিম্মায় দেওয়া যাইবে। কিন্তু গমনেচ্ছু সেই ব্যক্তিরা যে২ স্থানে মজুরী করিতে চুক্তি করিয়াছে স্বাস্থ্যপক্ষে

উপযুক্ত বিধান করা না গেলে তাহারদিগকে অন্য স্থানে লইয়া যাইবার কথা।

তাহারদের কোন২ জনের অবস্থা প্রযুক্ত তাহারা সেই২ স্থানে যাইবার উপযুক্ত নয় তাহারদের সঙ্গে যে ডাক্তর যান তাহার এমত বোধ হইলে কিম্বা ডাক্তর না থাকিলে তাহারা যে নৌকাদিতে গিয়াছে সেই নৌকা দির অধ্যক্ষের এমত বোধ হইলে অথবা নৌকাদি হইতে নামিবার সময়াবধি শেষ লক্ষিত স্থানে না পঁহুছন পর্য্যন্ত তাহারদের আহারাদির ও থাকিবার স্থানের উপযুক্ত বিধান করা যায় নাই, তাঁহার এমত বোধ হইলে অথবা ঐ ব্যক্তিরা যে কর্ত্তাদের নিকট কর্ম্ম করিতে চুক্তি করিল তাহারা কিম্বা তাঁহারদের এজেণ্টেরা উপস্থিত না থাকিলে তদ্রূপ প্রত্যেক স্থলে গমনেচ্ছু যে ব্যক্তিরা যাইবার অনুপযুক্ত কিম্বা যাহার দের খোরপোষের উপযুক্ত বিধান করা যায় নাই কিম্বা যাহারদের কর্ত্তারা নিজে কি এজেণ্টদ্বারা উপ স্থিত হয় নাই তাহারদিগকে সেই নৌকাদিতে রাখিয়া আগে যে দেওয়ানী মোকাম থাকে তথায় আনা যাইবে ও সেই স্থানে তাহারদিগকে নৌকাদিহইতে নামান যাইবে। ও যে স্থানে তাহারদিগকে তদ্রূপে নামান যায় সেই স্থানটি এই আইনের কার্য্যপক্ষে তাহারদের নামিবার স্থান বলিয়া জ্ঞান হইবে ইতি।

মজুরকে আটক করিয়া রাখা গেলে তাহার সঙ্গে পরিবারের থাকিবার ক্ষমতার কথা।

৫৬ ধারা। কোন মজুর ৩৪ ৫ ৫২ কি ৫৩ ধারার বিধান মতে ডাক্ত হইলে কি আটক করিয়া রাখা গেলে কিম্বা ৫৫ ধারার বিধানমতে অধিক দূর স্থানে আনীত হইলে ঐ মজুরের স্ত্রী কিম্বা বিষয়বিশেষে তাহার স্বামী উক্ত অন্যতর প্রদেশে মজুরী পাইয়া কর্ম্ম করিবার চুক্তি করিলে কি না করিলেও ঐ ব্যক্তি কি আটক করা মজুরের সঙ্গে থাকিতে পারিবে কিম্বা অধিক দূরে নীত সেই মজুরদের সঙ্গে যাইতে পারিবে তাহাদের সন্তানাদি থাকিলে তাহারাও সঙ্গে থাকিতে পারিবে ইতি

মাজিস্ট্রেট সাহেবের নিকটে রিপোর্ট করিবার কথা।

৫৭ ধারা। [illegible] কি ৫২ কি ৫৩ ধারামতে কোন রিপোর্ট করিলে অপেক্ষে মাজিস্ট্রেট সাহেবকে কি উক্ত অন্য কার্য্যকারককে ঐ রিপোর্ট দেখাইবেন। ও যে প্রত্যেক জন মজুরকে আটক করিয়া রাখা গেল ৪৮ ধারার বিধানমতে তাহার যেং [illegible] উক্ত ধারার উল্লিখিত নিদর্শপত্রে বর্ণন করিবার আদেশ হইয়াছে উক্ত মাজিস্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের নিকটে সেইং বৃত্তান্তও রিপোর্ট করিবেন।

মাজিস্ট্রেট সাহেবের বিস্তৃত রিপোর্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবার কথা।

৫৮ ধারা। বিশ জনের অধিক মজুরদলের মধ্যে কোন মজুরেরা পঁহুছিলে কি তাহার মধ্যে কোন লোকদিগকে আটক করিয়া রাখা গেলে যত জন আছে ও যত জনকে আটক করিয়া রাখা যায় যে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতিতে ঐ মজুরদিগকে চালান করা গেল মাজিস্ট্রেট সাহেবের কি উক্ত অন্য কার্য্যকারক তাহার নিকটে তাহাদের সংখ্যার বিস্তারিত রিপোর্ট করিবেন ও সিবিল চিকিৎসক সাহেব কি অন্য চিকিৎসক তাহাদের স্বাস্থ্য ও সাধারণ অবস্থার যে রিপোর্ট দেন তাহার প্রতিলিপি ও সিবিল চিকিৎসক সাহেবকে অথবা চিকিৎসক কিম্বা ঐ মাজিস্ট্রেট সাহেব কি উক্ত অন্য কার্য্যকারক যে কোন মন্তব্য কথা লেখা উচিত বোধ করেন তাহা লিখিয়া [illegible] পাঠাইবেন ইতি।

বিদেশগামি কোন ব্যক্তিকে আটকাইয়া রাখা গেলে তাহার সঙ্গে তাহার পরিবারের থাকিতে পারিবার কথা।

৯১ ধারা। বিদেশগামি কোন ব্যক্তি পিছনে পড়িয়া থাকিলে কিম্বা ৫৯ কি ৮৩ কি ৮৭ ধারার বিধানমতে তাহাকে আটক করিয়া রাখা গেলে কিম্বা ৯০ ধারার বিধানমতে তাহাকে আগাইয়া অন্য স্থানে লওয়া গেলে তাহার স্ত্রী কিম্বা বিষয়বিশেষে তাহার স্বামী ইচ্ছা করিলে তাহার সঙ্গে থাকিতে পারিবে কিম্বা তাহকে আগাইয়া অন্য স্থানে লওয়া গেলে তাহার সঙ্গে২ যাইতে পারিবে। বালক বালিকা থাকিলে তাহারাও পিতা মাতার সঙ্গে থাকিতে কি যাইতে পাইবে ইতি।

ডাক্তরের রিপোর্টে যেং কথা লিখিতে হইবে তাহার কথা।

৯২ ধারা। এই অধ্যায়ের বিধানমতে কোন ডাক্তরের প্রতি রিপোর্ট করিবার আজ্ঞা হইলে তিনি মাজিস্ট্রেট সাহেবকে রিপোর্ট দিবেন। ৭৪ ধারার বিধানক্রমে নৌকাদিতে চড়াইবার এজেন্ট সাহেবের নির্দ্দিষ্টপত্রমতে ঐ ডাক্তরের রিপোর্টে বিদেশগামি প্রত্যেক ব্যক্তির নাম ও বয়স পিতার নাম ও তাহার যাইবার লক্ষিত স্থান ও কর্ত্তার নাম লেখা থাকিবে ইতি।

বিদেশগামি ব্যক্তিরা পঁহুছিলে বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্টের নিকট মাজিস্ট্রেট সাহেবের সেই কথা ও সমস্ত ঘটনা রিপোর্ট করিবার কথা।

৯৩ ধারা। মজুরী করিবার জিলায় গমনেচ্ছু ব্যক্তিরা পঁহুছিলে মাজিস্ট্রেট সাহেব বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট তাহাদের পঁহুছিবার কথার ও তিনি এই পরিচ্ছেদের বিধানমতে যে সকল কার্য্য করেন ও যে আজ্ঞা করেন তাহার বিস্তারিত রিপোর্ট করিবেন। এবং ডাক্তর সাহেব তাঁহার নিকট ঐ ব্যক্তিদের বিষয়ে যে রিপোর্ট করেন তাহার নকল আপনার রিপোর্টের সঙ্গে পাঠাইবেন। আরো তিনি কিম্বা ডাক্তর সাহেব ঐ গমনেচ্ছু ব্যক্তিদের স্বাস্থ্যের অবস্থা কি সাধারণ গতিক বিষয়ে মন্তব্য কোন কথা লেখা উচিত বোধ করিলে তাহাও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবেন। বিদেশগামি যে যে ব্যক্তিরা লাইসেন্স প্রাপ্ত নৌকাদিতে যায় সেই ব্যক্তিদের বিষয়ে ঐ রিপোর্ট কি মন্তব্য কথা হইলে, নৌকাদিতে চড়াইবার যে এজেন্ট সাহেবের দ্বারা ঐ লোকদিগকে চালান করা যায় মাজিস্ট্রেট সাহেব তাহার নিকট ঐ রিপোর্ট পাঠাইবেন, ও তিনি সেই বিষয়ে যে কোন কথা লিখিতে চাহেন তাহা লিখিয়া ঐ রিপোর্টের সঙ্গে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবেন ইতি।

স্থলবিশেষে নৌকাদিতে চড়াইবার এজেন্ট সাহেবের দ্বারা পাঠাইবার কথা।

মাজিস্ট্রেট সাহেবের কর্ম্ম করিবার জন্যে নিম্নতর মাজিস্ট্রেটকে নিযুক্ত করিবার কথা।

৯৪ ধারা। এই অধ্যায়ের বিধানমতে মাজিস্ট্রেট সাহেবের প্রতি যে সকল ক্ষমতা প্রদান ও যে সকল কর্ম্ম অর্পণ করা গেল জিলার কিম্বা জিলার খণ্ডের মাজিস্ট্রেট সাহেব সেই ক্ষমতা

৬০ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব পূর্ব্বোক্ত

ঐ বিধি প্রবল করিবার ঐচ্ছিক শৈথিল্যের দণ্ডের কথা।

মতে সময়ে২ যে বিধি নির্দ্দিষ্ট করেন যে ষ্টীমরে কি নৌকা দিতে মজুরদিগকে লইয়া যাওয়া যায় সেই ষ্টীমরের কাপ্তান সাহেব কিম্বা নৌকাদিগত মজুরদের তত্ত্বাবধারণের ভার প্রাপ্ত চিকিৎসক ঐ ষ্টীমরে কি নৌকায় ইচ্ছা ও জ্ঞান পূর্ব্বক সেই২ বিধি প্রবল না করিলে কিম্বা করিতে অসম্মত হইলে তাহার অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

৬১ ধারা। কোন ষ্টীমরে কি নৌকায় এই আইনের

ষ্টীমরে কি নৌকায় যে অপরাধ করা যায় তাহার বিচারাধিপত্যের কথা।

৫৯। তিনি যে মজুরদিগকে জিম্মা করিয়া লইবেন তাহারদিগকে লইয়া যাইতে যে জাহাজ করার করিতে চাহে সেই জাহাজ পসন্দ হয় কি না ও তাহার কুঠরীপ্রভৃতি উপযুক্তমতে সাজান হইল ও তাহাতে বায়ু খেলে কি না ইহা নির্ণয় করিবার জন্যে দেশান্তরগামিদের রক্ষক সাহেব ও পরিদর্শনকারি ডাক্তর সাহেব আপন২ কর্ম্মোপলক্ষে জাহাজ দেখিবার জন্যে প্রথমবার যে সময়ে যান, সেই সময়ে তিনিও কলিকাতায় থাকিলে জাহাজে উপস্থিত থাকিবেন। আরো তিনি যাহাতে আপত্তি করিতে পারেন এমন কোন বিষয় জাহাজে নাই ইহা সময় থাকিতে জানিয়া লন এই নিমিত্ত জাহাজের দ্রব্যাদি সেই প্রথমবার এব শেষবার দেখিবার সময়ের মধ্যে তাঁহার এক২ বার জাহাজে যাওয়া উচিত। এবং মজুরদের আহারাদির নিমিত্ত যে২ দ্রব্যের নমুনা দেওয়া যায় তাহা গ্রাহ্য হইবার পূর্ব্বে তিনিও ঐ২ দ্রব্য দেখিতে পান রক্ষকের সঙ্গে তাঁহার এমত কোন নিয়ম করা উচিত। জাহাজের কুঠরীপ্রভৃতি যেরূপে সাজান গেল ও যে দ্রব্যাদি আনা গেল রক্ষক সাহেবের ও পরিদর্শনকারি ডাক্তর সাহেবের তাহা শেষবার দেখিবার সময়ে তাঁহারদের সঙ্গে তাঁহার থাকিতেই হইবে। দেখিবার কোন সময়ে কিম্বা উভয় সময়ে তাঁহার যে বিষয়ে প্রস্তাব করিবার কি আপত্তি করিবার ইচ্ছা থাকে তাহা রক্ষক সাহেবকে ও পরিদর্শনকারি চিকিৎসক সাহেবকে তৎকালেই জানাইবেন। ক্ষুদ্র বিষয় হইলে তাঁহারা তৎক্ষণাৎ তাহার বিধান করিতে পারিবেন। গুরুতর কি কঠিন বিষয় হইলে তিনি অগোণে আপনার অভিপ্রায় বর্ণনা করিয়া লিখিয়া মজুরদের রক্ষক সাহেবের নিকট পাঠাইবেন। তিনি তাহাতে সযত্নে মনোযোগ করিবেন। জাহাজের দ্রব্যাদি দেখিবার কোন সময়ে তাহার কোন আপত্তি না থাকিলে প্রথমবার দেখিলে পর তিনি ৫ নং পাঠে সর্টিফিকট লিখিয়া ও শেষবার দেখিলে পর ১৫ নং পাঠে সর্টিফিকট লিখিয়া মজুরদের রক্ষক সাহেবকে দিবেন।

৬০। মজুরদের ব্যবহার্য্য দ্রব্যাদি শেষবার দেখিবার নিমিত্ত যে সময় নিরূপণ হয় তাহার পূর্ব্বে মজুরদের নিমিত্ত আহারীয় ও নানা প্রকারের যে দ্রব্য ও ঔষধ ও অস্ত্র ও গন্ধনাশক দ্রব্য ও অতিরিক্ত যে বস্ত্র ও কম্বল আনিয়া দেওয়া যায় তাহা জাহাজেই উত্তমরূপে দেখিবার নিমিত্ত তিনি কাপ্তান সাহেবের সঙ্গে কথা কহিয়া উপযুক্ত সময় নিরূপণ করিবেন। সেই সকল দ্রব্য উত্তম ও ফর্দ্দমতে ঠিক হইয়াছে ইহা হৃদ্বোধমতে জানিলে পর তিনি চিকিৎসাসম্বন্ধীয় সকল দ্রব্য আপনার জিম্মায় লইয়া কার্য্যোপলক্ষে তাহার শেষবার পরীক্ষা করিয়া দেখিবার দিনের অপেক্ষায় কোন নিরাপদের স্থানে রাখিবেন। ঐ দ্রব্যাদি দেখিয়া সন্তুষ্ট হইলে তিনি (ঔষধের ফর্দ্দের নিম্নভাগে) ৪ কি ৯ নম্বরের সর্টিফিকটযুক্ত ফর্দ্দের দোহর নকলে ও ১৩ নং পাঠের সর্টিফিকটে স্বাক্ষর করিবেন। এই দুই পত্রের এক২ খানি নকল তিনি মজুরদের রক্ষক সাহেবকে দিবেন ও এক২ খানির দ্বিতীয় নকল দেশান্তরগমনকার্য্যের এজেন্ট সাহেবকে দিবেন।

৬১। আরো পথে মজুরদের ব্যবহারের নিমিত্ত তাহারদিগকে আড্ডায় যে সাধারণ বস্ত্র ও কম্বল দেওয়া গেল, তাহা ভাল ও সাফ ও ফর্দ্দমতে যত দেওয়া উচিত ততই দেওয়া গেল, ও কমপৌণ্ডর ও সরদার ও পাচক ও টোপসপ্রভৃতি রীতিমতে নিযুক্ত হইয়াছে মজুরদের জাহাজে উঠিবার পূর্ব্বে তাঁহার এই সকল বিষয় হৃদ্বোধমতে জানিয়া লওয়া উচিত।

৬২। মজুরদের রক্ষক সাহেবের আফিসহইতে ঐ ডাক্তরের এই২ দলীল পাইতে হইবে।

(ক) ৪ কি ৯ নম্বরের ফর্দ্দের সাদা পাঠ এবং ৫, ১৩, ১৫ ও ২২ নম্বরের সর্টিফিকটের পাঠ।

(খ) দেশান্তরগামি মজুরদের জাহাজে ছোঁয়াচি রোগ হইলে চিকিৎসকদের নিমিত্ত তদ্বিষয়ের উপদেশপত্র।

(গ) আহারাদির যে দ্রব্য কলিকাতাহইতে জাহাজে তুলিয়া দেওয়া যায় তাহার ৮ কি ৯ নং পাঠের ফর্দ্দের ও নির্ঘণ্টপত্রের যে নকলে কাপ্তান সাহেব নিয়মমতে স্বাক্ষর করিয়াছেন সেই নকল।

(ঘ) কেপে কিম্বা সেন্ট হেলিনাতে কাপ্তান সাহেবের যত ও যে প্রকারের নূতন আহারীয় দ্রব্য ও জল লইতে হইবে তাহার স্মারক লিপি।

মন্তব্য।—দেশান্তরগমনকার্য্যের এজেন্ট সাহেবের নিকটে যে২ দলীল পাইবেন তাহার নির্ঘণ্টপত্র এই বিধির ৩৫ ধারায় লেখা হইয়াছে।

২ অধ্যায়।—জাহাজে উঠিবার কথা।

দেশান্তরগমনকার্য্যের এজেন্ট সাহেবের কার্য্যপদ্ধতি।

৬৩। ডাক্তর সাহেব মজুরদিগকে দেখিতে পারেন ও তাহারদিগকে গণনা করা যায়, এই নিমিত্ত উপযুক্ত সময় থাকিতে তাহারদিগকে কাপড়চোপড় গাঁটরীপ্রভৃতি লইয়া শারির করিয়া ঘাটে দাঁড় করাইয়া রাখিতে হইবে। ১ পয়লা নম্বরের মজুর জাহাজে উঠিবার ঘাটের নিকট দাঁড়াইবে। অন্য সকলে সাধারণ রেজিষ্টরে যাহার যে নম্বর থাকে ঐ নম্বর অনুসারে দাড়াইবে।

৬৪। আড্ডাহইতে চলিয়া যাইবার পূর্ব্বে মজুরদের টিনের মগে কি অন্য পাত্রে খাইবার উত্তম জল দিতে হইবে। ও জাহাজে উঠিবার সময়ে নদীর জল না খায় হুকুম করিয়া তাহারদিগকে সতর্ক করিতে হইবে।

৬৫। দেখিবার ও জাহাজে উঠাইয়া দিবার জন্যে নম্বরঅনুসারে দাড় করাণ গেলে পর তাহারদিগকে আপনং স্থান ছাড়িয়া যাইতে দিবে না এই বিষয়ে সরদারদের প্রতি মনোযোগ করিতে বিশেষ আজ্ঞা দেওয়া যাইবে ও তাহারদের যেন কোন প্রকারের গোল না হয় এই বিষয়ে কেরাণীরা ও অন্য যে চাকরেরা উপস্থিত থাকে তাহারাও চেষ্টা করিবে।

৬৬। মজুরদের গাটরি তুলিয়া সাহায্য করিবার জন্যে ও তাহার জাহাজে উঠিলে স্বং স্থানে লইয়া রাখিবার কার্য্যে ডাক্তর সাহেবের সাহায্য করিবার নিমিত্ত কম্পোণ্ডর ও সকল পাচক টোপস প্রভৃতি সেই স্থানে ঠিক সময়ে উপস্থিত থাকিবে।

কাপ্তানের কার্য্যপদ্ধতি।

৬৭। জাহাজে মজুরদের উঠিবার সময়ের পূর্ব্বে নীচের তুতকের সকল স্থান ভালমতে পরিষ্কার করিতে হইবে ও মজুরদের সেই স্থানে থাকিবার নিমিত্ত বাজে সকল দ্রব্য তথাহইতে স্থানান্তর করিতে হইবে। সকল লাণ্ঠনেও তৈল দিয়া জ্বালাইবার নিমিত্ত প্রস্তুত করিয়া স্থানেং টাঙ্গাইয়া রাখিতে হইবে এবং বৃষ্টিতে বাধা না হইলে নীচের তুতকে বাতাস যাইবার সকল খিড়কি খুলিয়া রাখিতে হইবে।

৬৮। বৃষ্টি হইলে কি হইবার সম্ভাবনা থাকিলে তক্তার উপর তাম্বুমত ত্রীপল দিতে হইবে ও মজুরেরা জাহাজে উঠিবার সময়ে না ভিজে এই কারণে ও নীচের তুতকের স্থান সাধ্যমতে শুষ্ক রাখিবার নিমিত্ত ছত্রি দিতে হইবে।

৬৯। চাকওয়াল পিপে খাইবার জল ভরিয়া দিতে হইবে। ও তুতক ধুইবার টপে জল ভরিয়া মজুরদের সুবিধার নিমিত্ত পাইখানার নিকট রাখিতে হইবে।

৭০। মজুরেরা যে তক্তা দিয়া জাহাজে উঠিবে তাহাতে লইয়া বাতা মারিয়া ও দুই দিগে গরাদিয়া বসাইয়া উপযুক্তমতে ও শক্তরূপে বাঁধিয়া দিতে হইবে।

৭১। জাহাজে মজুরদের উঠিবার পূর্ব্বে খালাসীপ্রভৃতি জাহাজের সকল লোকের উপস্থিত থাকিতে হইবে। ও তাহারা কর্ম্মের উপযুক্ত কি না ইহা নিশ্চয়রূপে জানিবার নিমিত্ত ডাক্তর সাহেব মজুরদের রক্ষক সাহেবের ও দেশান্তরগমনকার্য্যের এজেন্ট সাহেবের সাক্ষাৎ তাহারদিগকে ভালমতে গণিয়া দেখিবেন। এবং কোন ব্যক্তি জাহাজের কোন স্থানে লুকিয়া না থাকে ইহা নিশ্চয়রূপে জানিবার নিমিত্ত কাপ্তান সাহেব বড় মালিম সাহেবকে জাহাজের সকল স্থান খুঁজিয়া দেখিতে বলিবেন। ইহাতে কষ্টমের কার্য্যকারকও তাহার সাহায্য করিবেন

৭২। মজুরেরা যে সময়ে জাহাজে উঠিবে কাপ্তান সাহেবও সেই সময়ে উপস্থিত থাকিয়া জেনরল রেজিষ্টরে মজুরদের যে নম্বর থাকে তদনুসারে নাম ডাকা গেলে তিনি পাসের সহিত একং জনের নাম মিলাইয়া সকল ঠিক আছে ইহা জানিয়া লইবেন। ও জাহাজীয় লোকদের মধ্যে দুই জন থাকিয়া এক জন গণনা করিবে আর এক জন খড়ির দাগ দিয়া যত জন জাহাজে উঠে সকলের ঠিক সংখ্যা মনোযোগ করিয়া রাখিবে।

৭৩। মজুরেরা যে তক্তা দিয়া জাহাজে উঠে তাহাদের যাইবার সময়ে সেই তক্তার উপর কোন প্রকারের বাকস প্রভৃতি লইয়া লোকদের আনাগুনা করা হইবে না।

৭৪। জাহাজে উঠিলে পর মজুরদিগকে বিস্কুট ও চিনি দেওয়া ও ডাক্তর সাহেব আজ্ঞা করিলে শিশুদিগকে দুধ দেওয়া আবশ্যক হইতে পারিবে এই নিমিত্তে এং দ্রব্য প্রস্তুত রাখিতে হইবে।

৭৫। জাহাজে উঠিলে পর মজুরেরা আগুন পাইতে পারিলে নীচের তুতকে তামাক খাইবার জন্যে লইয়া যাইতে চেষ্টা করিতে পারে কিন্তু তাহা বারণ করিতে হইবে।

৭৬। জাহাজে উঠিলে পর কাপ্তান সাহেব ও ডাক্তর সাহেব মজুরদের বিষয়ের সকল দলীল জিম্মা করিয়া লইবেন। দেশান্তরগমনকার্য্যের এজেন্ট সাহেব তাহারদিগকে ঐং দলীল দিবেন।

৭৭। দেশান্তরগমনকার্য্যের এজেন্ট সাহেব জাহাজের কাপ্তান সাহেবকে আইনের ও বিধির যে গ্রন্থ এবং দেশান্তরগামি মজুরদের যে সর্টিফিকট কি পাস দেন তদ্ভিন্ন তিনি (২৩ নং পাঠে) মজুরদের জেনরল রেজিষ্টরের চারি কেতা দিবেন। কাপ্তান সাহেব ঐ চারি কেতাতে স্বাক্ষর করিয়া দুই খানি এজেন্ট সাহেবকে দিবেন। তিনি দুই খানিতে স্বাক্ষর করিয়া জাহাজহইতে নামিয়া যাইবার বন্দরে দেশান্তরগমন কার্য্যের কর্ত্তৃপক্ষদের ব্যবহারের নিমিত্ত কাপ্তান সাহেবকে একখানি ফিরিয়া দিবেন। কাপ্তান সাহেব আর দুই খানি রেজিষ্টর মজুরদের রক্ষক সাহেবকে দিবেন তিনি সেই দুই

খানিতে স্বাক্ষর করিয়া একখানি কাপ্তান সাহেবকে ফিরিয়া দিবেন। কাপ্তান সাহেব এই বিধির ১০৪ ধারামতে তাহা পূর্ণ করিয়া জাহাজহইতে নামিয়া যাইবার বন্দরে মজুরদের রক্ষক সাহেবকে দিবেন শেষে তিনি ডাক্তরের বর্ণনাপত্র সহিত কলিকাতায় মজুরদের রক্ষক সাহেবের নিকট সেই রেজিষ্টর পাঠাইবেন।

৭৮। মজুরদের বাক্স প্রভৃতি ভারি২ জিনিস থাকিলে তাহা জাহাজের খোলে রাখিতে হইবে।

৭৯। মজুরেরা জাহাজে উঠিলে পর চব্বিশ ঘণ্টার মধ্যে জাহাজ খুলিয়া ষ্টীমরের সাহায্যে ভাটাদিগে লইয়া যাইতে হইবে।

জাহাজের ডাক্তর সাহেবের কার্য্যপদ্ধতি।

৮০। মজুরদের জাহাজে উঠিবার যে সময় নিরূপণ হয় তাহার ন্যূনকল্পে আধ ঘণ্টা পূর্ব্বে মজুরদের উঠিবার ঘাটে তাহার উপস্থিত হইতে হইবে।

৮১। জাহাজে তাহাদের উঠিবার পূর্ব্বে তিনি দেশান্তরগামিদের রক্ষক সাহেবের ও দেশান্তর গমনকার্য্যের এজেন্ট সাহেবের সাক্ষাৎ জাহাজের খালাসীপ্রভৃতিকে দেখিবেন ও তাহারা সুস্থ ও কর্ম্মের যোগ্য আছে ইহা হৃদ্বোধমতে জানিলে তিনি দেশান্তরগামিদের রক্ষক সাহেবকে ২২ নং পাঠে সর্টিফিকট দিবেন।

৮২। জাহাজে মজুরদের উঠিবার পূর্ব্বে তিনি ও ভিন্নদেশগমনেচ্ছু ব্যক্তিদের পরিদর্শনকারি ডাক্তর সাহেব শেষবার তাহারদিগকে দেখিয়া তাহাদের মধ্যে কোন লোককে যাইবার অনুপযুক্ত জ্ঞান করিলে অগ্রাহ্য করিবেন।

৮৩। মজুরদিগকে জাহাজে থাকিবার স্থান দেওন সময়ে অবিবাহিতা স্ত্রীদিগকে অতি পেছনদিগে রাখিতে হইবে, বিবাহিত স্ত্রী পুরুষ মধ্য ভাগে ও অবিবাহিত পুরুষ সকলকে অগ্রভাগে রাখিতে হইবে।

৮৪। কমপৌণ্ডর ও সরদারেরা ও পাচকেরা ও টোপসেরা জাহাজে উঠিয়াছে ডাক্তর সাহেবের এই বিষয় দেখিতে হইবে।

৮৫। বয় প্রাপ্ত এক২ শত মজুরের উপর চারি জন সরদার নিযুক্ত থাকিবে। মজুরদিগকে দলে২ ভাগ করিয়া দিতে হইবে। এক২ দলের উপর এক২ জন সরদার থাকিবে এবং নীচের তুতকের এক ভাগও তাহার জিম্মায় থাকিবে। সেই ভাগটি পরিষ্কার থাকে ও তাহার মধ্যে গোল না হয় এই বিষয়ে সেই সরদার দায়ী।

৮৬। নীচের তুতকে তামাক খাওয়া ও আগুন রাখা না হয় ও মজুরদের খাইবার যে জল তুতকে চাকাওয়ালা পিপায় রাখা যায় তাহাছাড়া তাহারা নদীর জল না খায় এই বিষয় দেখিবার জন্যে ডাক্তর সাহেব সরদারদিগকে ও টোপসদিগকে আজ্ঞা করিবেন। এই সকল বিষয়ে ডাক্তর সাহেবের নিজে মনোযোগ করিতে হইবে।

৩ অধ্যায়।—সমুদ্রপথে যাওয়ার কথা।

কাপ্তান সাহেবের কার্য্যপদ্ধতি।

৮৭। মজুরেরা জাহাজে উঠিলে পর চড়নদার ও জাহাজের খালাসী প্রভৃতি যে ব্যক্তিদের নাম ১৯ নং পাঠের নির্ঘণ্টপত্রে লেখা আছে তাহারদের ছাড়া আর কেহ জাহাজে না থাকে ও তাহার পর অন্য কাহাকে জাহাজে উঠিতে দেওয়া না যায় এই বিষয় আড়কাটী সাহেবদের ও কষ্টমের কার্য্যকারকদের দেখিতে হইবে।

৮৮। আড়কাটী সাহেবদিগকে ও কষ্টমের কার্য্যকারকদিগকে স্বতন্ত্র যে কর্ম্ম করিবার আদেশ পত্র দেওয়া যায় তাহারা সেই কর্ম্ম করিতে পারেন এই নিমিত্ত কাপ্তান সাহেব সাধ্যমতে তাহারদের সাহায্য করিবেন।

৮৯। জাহাজে প্রতিদিন যে২ কর্ম্ম করিতে হইবে তদ্বিষয়ে কাপ্তান সাহেব সর্ব্বদাই দায়ী। মজুরদিগকে জিম্মায় লওয়ার বিশেষ ভার ডাক্তর সাহেবের প্রতি আছে অতএব তিনি জাহাজ সংক্রান্ত কার্য্যে হস্তক্ষেপ না করিয়া কাপ্তান সাহেবকে সুধারা ও সুশাসনজনক যে কার্য্য করিতে কহেন, কাপ্তান সাহেব তাহা ত্বরায় করিবেন ও মালিমদের ও খালাসিদের কোন সময়ে সাহায্য করা আবশ্যক হইলে তাহাদেরও সাধ্যমতে যুক্তিযুক্তরূপে সাহায্য করিতেই হইবে।

৯০। পথে যাইবার সময়ে নীচের তুতক দিন তিনবার পরিষ্কার করা যায় ও মজুরেরা প্রতি দিন গন্ধনাশক দ্রব্য দিয়া শুষ্ক হলিস্টোনে তাহার মেজ্যা ঘষিয়া দেয় ও কালের কুগতিক না হইলে প্রতি শনিবার ঐ সমুদয় স্থান চুনকাম করিয়া দেওয়া যায় এই২ বিষয় কাপ্তান সাহেবের দেখিতে হইবে। নীচের তুতকে কিম্বা খোলে লাঠন বিনা আলো কিম্বা শুষ্ক ঘাস কি খড় কোন সময়ে কোন কারণেই লইয়া যাইবার অনুমতি নাই। সমুদয় পথে মজুরদের ব্যবহারের নিমিত্ত ন্যূনকল্পে ছয়টি নির্ব্বিঘ্নজনক লাঠন সন্ধ্যা অবধি সকাল পর্য্যন্ত জ্বালাইয়া রাখিতে হইবে।

৯১। কাঠের জাহাজ হইলে ও অধিক জল না চোঁয়ানেতে যদি সপ্তাহ একবারও জল ছেঁচিয়া দেওয়ার আবশ্যক না হয় তবে খোল সাফ রাখিবার জন্যে সপ্তাহে দুইবার খোলে জল ঢালিয়া আবার বোমা দিয়া ছেঁচিয়া ফেলিতে হইবে।

৯২। জাহাজের মালিমেরা ও খালাসি প্রভৃতি মজুরদের সঙ্গে কথা বার্ত্তা কহিতে কিম্বা তাহাদের কোন কর্ম্মে হাত দিতে পাইবে না। ও মজুরদের মধ্যে কোন স্ত্রীলোক কাপ্তান কি ডাক্তর সাহেবের কিম্বা যাঁহারা কুঠরী ভাড়া করিয়া চড়নদার হন তাঁহারদের কি মাল্লিমদের নিকট চাকরাণী থাকিতে পাইবে না।

৯৩। মজুরদের আহারের দ্রব্য ও জল যে কার্য্যকারকের জিম্মায় থাকে তিনি প্রতিদিন সকালে ৬ টা সময়ের পূর্ব্বে ডাক্তর সাহেবের আজ্ঞামতে সেই দ্রব্য বাহির করিয়া দিবেন। তাহা হইলে আহারাদির দ্রব্য ভালমতে পাক হইয়া তাহারা ৯ টা সময়ের মধ্যে এক সন্ধ্যা ও ৩ টার মধ্যে আর এক সন্ধ্যা পায়। আহারীয় দ্রব্য যে ব্যক্তির জিম্মায় থাকে তিনি যত বণ্টন করিয়া খরচ করেন ২৪ কি ২৫ নং পাঠানুসারে তাহার ঠিক হিসাব রাখিয়া প্রতিদিন ঐ পাঠের লিখনানুসারে তাহাতে নামের আদ্যাক্ষর লেখাইয়া লইবেন। পীড়িত ব্যক্তিদের নিমিত্ত যে ঔষধীয় দ্রব্য ও পথ্য থাকে তাহা ডাক্তর সাহেবের আজ্ঞামতে দিতে হইবে।

৯৪। আহারীয় দ্রব্যের যে ফর্দ্দ করিয়া দেওয়া গেল তাহা কেবল আদেশের নিমিত্ত সর্ব্বদাই দৃঢ় বিধিমতে প্রবল থাকিবে এমত বোধ করিতে হইবে না। ডাক্তর সাহেব মজুরদের মঙ্গলের জন্যে নানা প্রকারের যে দ্রব্য যত করিয়া দেওয়া আবশ্যক বোধ করেন সেই ফর্দ্দ অনুসারে তাহা তত করিয়া দেওয়া যাইতে পারিবে।

৯৫। হইতে পারিলেই তূতকেই বসিয়া মজুরদের আহার করিতে হইবে।

৯৬। নদীর ভাটোদিগে জাহাজের যাইবার সময়ে মজুরেরা নদীর জল তুলিয়া না খায় ইহার দৃঢ় নিষেধ করিতে হইবে। কিন্তু তাহারা কেবল এত করিয়া জল পাইবে সমুদ্রে না পঁহুছিলে এই বিধি প্রবল করিতে হইবে না। সমুদ্রে গেলে তাহার দিন দুইবার নির্দ্দিষ্ট পরিমাণে জল পাইবে। তাহা হবরের নল দিয়া উপরের তূতকে তুলিয়া দেওয়া যাইবে।

৯৭। তূতক ধুইবার টপে মজুরদের নিমিত্ত সর্ব্বদা জল ভরিয়া রাখিতে হইবে ও রাত্রি ৮ টা সময়ে ভরিয়া দেওয়া যাইবে। পাইখানার নিকট ঐ টপ শক্ত করিয়া বাঁধিয়া রাখিতে হইবে।

৯৮। নীচের তূতকে বাতাস ও বাহিরের বায়ু খেলিবার নিমিত্ত যে সেল প্রভৃতি থাকে তদ্বিষয়ে নিত্য মনোযোগ রাখিতে হইবে কিন্তু ঝড় হইলে পার্শ্বের খিড়কী প্রভৃতি যে স্থান খোলা রাখিলে আপদ হইতে পারে তাহা বন্দ করিতে হইবে।

৯৯। ঝড় না হইলে উপরের তূতকের মাঝে কি দ্বারের কাছে ছাতি বাঁধিয়া দিতে হইবে ও মজুরেরা বাহিরে যত কাল থাকিতে পারে তেই তাহারদের থাকিবার উৎসাহ দেওয়া উচিত।

১০০। ফলকার উপর তাম্বুর মত দেওয়া আবশ্যক হইলে তন্নিমিত্তে সর্ব্বদাই ত্রিপল প্রস্তুত রাখিতে হইবে।

১০১। নীচের তূতক সর্ব্বদাই মুক্তভাবে ও পরিষ্কার ও সাধ্যমতে শুষ্ক রাখিতে হইবে আবশ্যক হইলে তপ্ত বালির দ্বারা কি লৌহারতুন্দুর দিয়া তাহা শুষ্ক রাখা যাইবে উপরের তূতকেও অনাবশ্যকমতে কোন জিনিস ফেলিয়া রাখিতে হইবে না।

১০২। মজুরদের থাকিবার কি বসিবার নিমিত্ত যে স্থান নিরূপণ হয় সেই স্থান কোন প্রকারে জোড়া করিয়া রাখিতে হইবে না। জাহাজের কার্য্যের ব্যাঘাত না করিয়া যত দূর হইতে পারে তেতুর উপরের তূতকের মধ্যভাগ ও দ্বারের কাছে যে ভাগ তাহা ও ছত্রীর উপরের তূতক মজুরদের নিমিত্ত রাখিতে হইবে।

১০৩। আগুন নিবাইয়া ফেলিবার বালতী ও প্রাণ বাঁচাইবার বয় সর্ব্বদাই প্রস্তুত রাখিতে হইবে। আলোর বিষয়ে এবং কোয়াশা হইলে যে চিহ্ন রাখিতে হইবে তদ্বিষয়ে বোর্ড ট্রেডের যেং বিধি আছে তাহা সমুদয় পথে মানিতে হইবে। ও আলো যে সময়ে তোলা যায় ও যে সময়ে নামান যায় তাহ প্রতিদিন জাহাজের টপনামায় লিখিয়া রাখিতে হইবে।

১০৪। পথে যাইতেং কোন মজুর মরিলে তাহার সর্টিফিকট ও যেং দ্রব্য থাকে কাপ্তান সাহেব তাহা লইয়া কিকট রাখিবেন এবং দেশান্তরগমনকার্য্যের এজেন্ট সাহেব তাঁহাকে ঐ দ্রব্যের যে নির্ঘণ্ট পত্র ও জেনরল রেজিষ্টর দেন মজুরেরা নামিয়া যাইবার বন্দরে পহুছিলে তিনি সেই নির্ঘণ্টপত্র ও রেজিষ্টর সহিত তাঁহার নিকট ঐ সকল দ্রব্যের নির্ঘণ্টপত্র ও ঐ সর্টিফিকট ও দ্রব্য সেই বন্দরের মজুরদের রক্ষক সাহেবকে কি উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য সাহেবকে দিবেন। ঐ নির্ঘণ্টপত্রের কি সর্টিফিকটের কোন অক্ষর উঠাইয়া দেওয়া না যায় এই বিষয়ে সাবধান থাকিবেন (২৭ ও ২৮ ধারা দেখ)

১০৫। জাহাজহইতে নামিয়া যাইবার বন্দরে পহুছিলে প্রত্যেক জন মজুরের নামিয়া যাইবার সময়ে তাহার শরীরগতিক যে অবস্থা আছে ও কত জনের মৃত্যু হইয়াছে কলিকাতায় মজুরদের রক্ষক সাহেব যে জেনরল রেজিষ্টরে স্বাক্ষর করিয়াছেন সেই রেজিষ্টরের মন্তব্য কথার ঘরে ঐ সকল কথা লেখা যাইবে। কাপ্তান সাহেব ও ডাক্তর সাহেব তাহাতে দস্তখত করিয়া কলিকাতায় মজুরদের রক্ষক সাহেবের নিকট তাহা পাঠাইবার জন্যে সেই বন্দরে গবর্ণমেণ্টের উপযুক্ত কার্য্যকারকের নিকট পাঠাইবেন।

ডাক্তর সাহেবের কার্য্যপদ্ধতি।

১০৬। স্বাস্থ্যজনক সকল বিষয়ের প্রতি দৃঢ়মতে মনোযোগ না হইলে ও জ্বরাদি রোগ টের পাওয়া না গেলে জাহাজের সমস্ত লোকের পীড়া হইবার আশঙ্কা হইতে পারে। এই কারণে ডাক্তর সাহে

রের জিম্মায় যত ব্যক্তিকে দেওয়া যায় সমুদয় পথে তাহাদের স্বাস্থ্যের হানি জনক সকল বিষয়ের পক্ষে তাহার সর্ব্বদাই সতর্ক থাকিতে হইবে। এই ভার তাঁহার প্রতি বিশেষ মতে থাকিল।

১০৭। মজুরদের প্রতি কঠিন আচার না হয় এই বিষয়ে ডাক্তর সাহেব সাধ্যমতে যত্ন করিবেন। উপরের ও নীচের তুতকে তাহাদের নিমিত্ত যে স্থান নিরূপণ আছে সেই স্থানযোড়া না হয় ও তাহারদের সঙ্গ মালিমাদের ও খালাসী প্রভৃতির অনুচিতমতে কথা বার্ত্তা না হয় ও তাহারদিগকে কষ্ট দেওয়া না হয় এই২ বিষয় তাহার দেখিতে হইবে। ও এই বিধি কোন রূপে লঙ্ঘন হইলে তিনি আবশ্যক মতে কাপ্তান সাহেবের নিকট রিপোর্ট করিবেন। সেই বিষয়ে কাপ্তান সাহেবের অনুসন্ধান লইয়া যে স্থলের যদ্রূপ উপায়ের বিধান করা উচিত তাহা তাহার করিতেই হইবে। জাহাজের ডাক্তর সাহেবের ও কাপ্তান সাহেবের অনুমতি না হইলে কোন মজুরের দণ্ড করিতে হইবে না। করা গেলেও জাহাজের টপনামায় তাবৎ বিবরণ নিয়মিত রূপে লিখিয়া রাখিতে হইবে।

১০৮। নিম্নলিখিত কর্ম্মে যে তৃতীয় মালিম নিযুক্ত হন তাঁহার এবং সরদারদের কর্ত্তব্য কর্ম্ম এই২। ডাক্তর সাহেব সুশাসনের যে নিয়ম করেন সেই নিয়মমতে কার্য্য হইবার নিমিত্ত তাঁহার সাহায্য করিবেন ও তাঁহার সকল আজ্ঞা ও প্রতিদিনের আদেশ মানা যায় ইহাও দেখিবেন ও কোন অনিয়মিত কার্য্য হইলে কিম্বা কোন ব্যক্তির হঠাৎ পীড়া হইলে তাহার রিপোর্ট করিবেন, ও আহারাদির দ্রব্য দেওন সময়ে সাহায্য করিবেন ও মজুরদিগের ও তাহারদের থাকিবার স্থান ও আহারীয় দ্রব্য ও জল পরিষ্কার ও তাহার তত্ত্বাবধারণ করিবেন।

০৯। মজুরেরা তুতকের যে ভাগে ও হাসপাতালে থাকে টোপসেরা তাহা সর্ব্বদা ঝাঁটি দিয়া সাফ রাখিবেন ও পাইখানা সর্ব্বদা ধুইয়া ও গন্ধনাশক দ্রব্য দিয়া তাহা সম্পূর্ণরূপে পরিষ্কার রাখিবার বিষয়ে মনোযোগ করিবেন।

১০। আর পাইখানার নিকট যে টপ থাকে তাহা আঁটিয়া বাঁধা যায় ও তাহাতে মজুরদের নিমিত্ত জল ভরিয়া রাখা যায় ইহাও তাহারদের দেখিতে হইবে।

১১। পাচকেরা সরদারদের সাহায্যে প্রতিদিনের আহারীয় দ্রব্য পাইলে ডাক্তর সাহেবের আজ্ঞামতে রাঁধিয়া দিবে। তাহারা সতর্ক হইয়া চুলার আগুন দেখিবে ও আগুন রাখিবার আজ্ঞা না পাইলে সন্ধ্যার ৭ টা সময়ে তাহা নিবাইয়া ফেলিবে।

১২। মজুরদিগকে সাধ্যমতে সর্ব্বদা খোলা স্থানে রাখিতে হইবে। হইতে পারিলে তাহারা তুতকে আহারাদি করিবে এবং ঝড়তুফান না হইলে তাহারদের অর্দ্ধ সংখ্যার লোক সর্ব্বদা উপরের তুতকে থাকিবে।

১ । বায়ু প্রবেশ করিবার বিষয়ে ও তাহার যেং উপায় করা যাইতে পারে কিম্বা যাহাতে অধিক কি অল্প বায়ু খেলে এই বিষয়ে নিত্য মনোযোগ করা উচিত। ঝড়ের সম্ভাবনা হইলে যেং ফুকর প্রভৃতি খোলা রাখিলে আশঙ্কা হয় তাহা ত্বরায় বন্ধ করিতে হইবে।

১১৪। হইতে পারিলে মজুরদের প্রতিদিন স্নান করিতে হইবে। স্ত্রীলোকদের স্নান করিবার নিমিত্ত পাইখানার পরদার বন্দি করিতে হইবে। তাহারা সপ্তাহের মধ্যে অন্যূন দুই দিন কাপড় কাচিবে। হইতে পারিলে পুরুষ মজুরদের প্রতিদিন শুষ্ক হলিষ্টোন দিয়া তুতক ঘষিতে হইবে ও কোন স্থানে মলাদি পড়িলে সেই স্থানে ভাল করিয়া দুর্গন্ধনাশক দ্রব্য দিতে হইবে।

৫। পাইখানা সমুদয় পথে সর্ব্বদাই ধৌত করিয়া দেখিতে হইবে।

১৬। মজুরদের কাপড় ও কম্বল সপ্তাহের মধ্যে অতি ন্যূন তিনবার বাতাসে দিতে হইবে। অনুযায়ী বাতাস থাকিতে তুতক প্রভৃতির কোন স্থানে হঠাৎ জল পড়িলে তাহা ত্বরায় শুখাইয়া দিবার জন্যে সতর্ক হইয়া টঙ্গাই বা চুন কিম্বা তপ্ত বালী ব্যবহার হইতে পারিবে।

১৭। মজুরদের নিকট যে গরম কাপড় থাকে তাহা ভাল মত রাখা যায় এবং শীত হইলেই পরিবার নিমিত্ত প্রস্তুত থাকে এই কারণে ডাক্তর সাহেব জাহাজের যাত্রার আরম্ভকালেই তাহার হিসাব লইয়া তাহা এক দিকে রাখিবেন। প্রত্যেক জন মজুরকে আপনং পরিবার কাপড় ভালমতে রাখিবার দায়ী বলিয়া জানিতে হইবে। সকল কাপড় ও কম্বল সপ্তাহের মধ্যে একবার গণিয়া দেখিতে হইবে।

৮। প্রতিদিনের আহারের নিমিত্ত যে দ্রব্য দেওয়া যায় তাহা দুই ভাগ করিয়া দুই সন্ধ্যার নিমিত্ত রাঁধিয়া দিতে হইবে। এক সন্ধ্যা ৯ টা আর এক সন্ধ্যা ৩ টা সময়ে পাইবে। ঐ দ্রব্য যে কার্য্যকারকের জিম্মায় থাকে তিনি যত করিয়া দেন তাহার হিসাব লিখিয়া রাখিবেন এবং ডাক্তর সাহেব ও তিনি তাহাতে আপনং নামের আদ্যাক্ষর লিখিবেন। (২৪ কি ২৫ ন পাঠ দেখ)

১৯। পথের মধ্যে আহারীয় নানা দ্রব্যের পুষ্টিকর গুণ বিবেচনায় যে দ্রব্য যত দেওয়া প্রয়োজন ততই দেওয়া যায় এই নিমিত্ত এই দ্রব্যের ফর্দ্দ উপযুক্ত আদর্শ মাত্র বলিয়া নির্ণয় করা গিয়াছে ইহা জানিতে হইবে। যে দ্রব্য আহার করিলে পুষ্টি হয় তাহা সকলই ডাক্তর সাহেবের জিম্মায় থাকিবে ইহার অভিপ্রায় এই যে, পথে অনেক দিন যাইতেং নানা সময়ে কালাদির পরিবর্ত্তনও হওয়াতে মজুরদের যাহাতে মঙ্গল হয় তিনি ইহা বুঝিয়া আপনার বিবেচনামতে কোন দ্রব্য দিবেন কিম্বা কএক দ্রব্য মিলাইয়া খাইতে দিবেন। মিথ্যা নষ্ট করা না যায় ও অতিরিক্তভাবে ব্যবহার না হয় এই বিষয়ে দৃঢ়মতে সতর্ক থাকিতে হইবে।

১২০। ঝড়ের বেগে যদি রান্না হইতে না পারে তবে পাক করা দ্রব্যের পরিবর্ত্তে যেং দ্রব্য রাঁধিবার আবশ্যক নাই তাহাই দিতে হইবে।

মজুরেরা ফিরিয়া আইলে তাহারদের কথা।

১৩২। মজুরেরা কোন জাহাজে ফিরিয়া আইলে ঐ জাহাজ মুচিখোলায় মজুরদের ঘাটে পঁহুছিলেই মজুরদের রক্ষক সাহেবকে ত্বরায় সম্বাদ দিতে হইবে। তাহা হইলে তিনি গিয়া সেই জাহাজ ও সেই মজুরদিগকে দেখিয়া লইবেন। পরে ঐ মজুরদের নামের ফর্দ ও তাহারদের বিষয়ের অন্য কোন দলীল কি আবশ্যক সম্বাদ ও জাহাজে কোন মজুর মরিলে তাহারদের উইল ও সম্পত্তি তাঁহাকে সুবিধামতে ত্বরায় দিতে হইবে।

১৩৩। মজুরেরা ফিরিয়া আসিয়া জাহাজহইতে নামিলে যে উপনিবেশহইতে ফিরিয়া আইল সেই উপনিবেশের এজেন্ট সাহেব তাহারদের থাকিবার উপযুক্ত স্থান ও আহারাদি দিবেন। কিন্তু তাহারদের স্ব২ গ্রামে ফিরিয়া যাইবার নিয়ম করিতে যত দিন লাগিতে পারে তাহার অধিক কাল কলিকাতায় রাখিতে হইবে না। তাহারদের মধ্যে কেহ পীড়িত হইলে ত্বরায় হাস্পাতালে পাঠাইতে হইবে। ও যাহারদের কিছু মাত্র টাকা নাই উপনিবেশের খরচে তাহারদিগকে স্ব২ গ্রামে ফিরিয়া পাঠাইতে হইবে। তাহারদের মধ্যে কোন ব্যক্তি অন্ধ কি খোড়া কি প্রকারান্তরে আত্মরক্ষা করিতে না পারিলে তাহারদিগকে বিবেচনায় বাড়িতে পঁহুছাইয়া দিবার জন্যে যদ্রূপ সাহায্য পাওয়া প্রয়োজন তাহাও করিয়া দিতে হইবে।

১৩৪। মজুরেরা ফিরিয়া আইলে আপনারদের বস্ত্রে টাকা বাঁধিয়া না লয় এই বিষয়ে তাহারদিগকে সতর্ক করিতে হইবে ও তাহারা চাহিলে যে জিলায় যাইবে সেই জিলার খাজানাখানার উপর তাহারদের মনিঅর্ডর পাঠাইবার উপায় করিয়া দেওয়া উচিত।

১৩৫। মজুরদিগকে দিনমানে জাহাজহইতে নামাইয়া আনিতে হইবে সন্ধ্যার পর নয়।

তফসীলের ও পাঠের ক্রোড়পত্র।

১ তফসীল।

শ্রেণীবদ্ধ করিবার জন্যে লায়ড সাহেবের নিয়মমতে যত লঙ্গর ও হাসার ও হাসিল লইতে হইবে তাহা।

লঙ্গর	৭টা	জাহাজে যত বোঝাই ধরে তদনুসারে লঙ্গরের ওজন হইবে। হাজার টন বোঝাই জাহাজের বড় লঙ্গরের ওজন ৩ হন্দরওয়েট। তদ্ভিন্ন ডাঙ্গার ওজন ৫ কি ৬ হন্দরওয়েট। লোটহারা লঙ্গরের ওজন ১২ হন্দরওয়েট ও কেজলঙ্গরের ৮ হন্দরওয়েট ও ডাঙ্গার ৩ হন্দরওয়েট।
লোটহারী লঙ্গর	১	
কেজ লঙ্গর	২	
১৬ ইঞ্চি শিকল	৩০০ বাম	
লোটহারা শিকল	৯০ বাম	
ইউরোপায় কি কাযার ১১ কি ৯ ও ৭ কি ৫ ইঞ্চি ২ কি ৩ হাসিল প্রত্যেক ৯০ বাম।		

যে ঠন প্রাপ্ত লইয়াছে সেই গঠনের নৌকার কথা। ইহার মধ্যে একখানি লাইফ বোট হইবে তাহাতে ৪টি লাইফ রয়া থাকিবে ও যদি হইতে পারে তবে ক্লিফর্ড সাহেব বোট নামাইবার যে যন্ত্র করিলেন তাহাও থাকিবে।

	ফুট	ফুট	ইঞ্চি	চৌড়া	ফুট	ইঞ্চি	
নং	২৬ লম্বা।	৭	০	,,	৩	০	গহেরা
২ নং	২৫	৬	৮	,,	২	৬	,,
৩ নং	২৫	৬	৮	,,	২	৬	,,
৪ নং	২৩	৬	৫	,,	২	৪	,,
৫ নং	২৩	৬	০	,,	২	৪	,,
৬ নং	২২	৫	৮		২	২	,,

৩৫০ টনের কম লোক থাকিলে ৫ নং বোট না হইলেও চলিতে পারিবে। ঐ২ বোটের পরিবর্ত্তে সেই২ পরিমাণের তত নৌকা থাকিলে চলিবে। প্রত্যেক বোটের মাস্তুল ও পাইল ও টৌলের গালা ও দাঁড়ের পূরা সেট ও জলভরা ছোট পিপা অতি ন্যূন একটি থাকবে। ও হাল ও কাক ও পাগর থাকিবে।

জাহাজ যেই সমুদ্রে যাইবে তাহার ও তন্নিকট সকল উপদ্বীপের ও কিনারার ও বন্দরের আডমিরলটি চার্ট।

মরিচে ও কেপের পূর্ব্বদিকের স্থানে গেলে বঙ্গউপসাগরের।
পুলুপিলাঙ্গের।
ত্রুণকুমালির।
পোর্ট ব্লেরে।
লাচীনের।

ওয়েষ্ট ইণ্ডিসে গেলে
বঙ্গউপসাগরের।
পোর্ট ব্লেরের।

পুলুপিলাঙ্গের আচীনের, ত্রুণকুমালীর; মরিচের, নাটালের, আলগোয়াবের, টেবিলবের, ফালসবের, সেন্ট হেলীনার।
পর্ণামবুকোর, কেপ সেন্ট রোকহইতে ত্রিণিদাদ পর্য্যন্ত রেওর। ওয়েষ্ট ইণ্ডিয়ার সকল উপদ্বীপের।
যেই জাহাজ ত্রিণিদাদে কি দেমরারায় যায় তাহাতে ওয়েষ্ট ইণ্ডিয়া উপদ্বীপের চার্ট থাকা আবশ্যক নাই।

বহী।

১। বাণিজ্য জাহাজের শেষ প্রকাশিত নির্ঘন্টপত্র। | ৩। জাহাজী পাঁজী।
২। সিকনেলের কমরসাল কোড। | ৪। তুফানের বিধান।

যন্ত্রাদি।

(ক)—ঘড়ী ২ টা।
(খ)—বারমিটর, স্যুমকম্পে ১ টি।
(গ)—কোম্পাস, যাহা দেখিয়া জাহাজ চালান যায় তাহাও বোটের কোম্পাস।
(ঘ)—কুড়ালি। সমুদ্রের দিগে যাইবার সময়ে হঠাৎ প্রয়োজন হইতে পারে বলিয়া অতিকম একটি প্রস্তুত রাখিতে হইবে।
(ঙ)—ক্রেম ও লেন। বড়ক্রেমের লেন ও হাত ক্রেমের লেন ২টি করিয়া।
(চ)—বিজলীর সীথ। বড় মাস্তুলে আত্তকম ১টি থাকিবে।
(ছ)—বাতী, আডমিরলটীর বিধানমতে সিকনেলের নিমিত্ত নীল রঙ্গের অনেক বাতী রাখিতে হইবে ও সিকনেলের হাওয়াই পাইতে পারিলে তাহাও থাকিবে।
(জ)—দমকল, অতিকম ১ টা ও তাহার সঙ্গে পূরা রবরের দুইটি কেবী থাকিবে।
(ঝ)—১ হেড বোম্বা ১ খোলের বোম্বা ও রবরের কেবী। উপরের তুতকে মিস্ট জল তুলিয়া দিবার জন্যে।
(ঞ)—পাইল উত্তম প্রকারের ২ প্রস্থ। ও তুফানের উপযুক্ত পাইল।
(ট)—সিকনেল কমরশ্যল কোডের।
(ঠ)—মাস্তুল, পরওয়ান ও বিঙ্গিন উত্তম প্রকারের ও উত্তম অবস্থায় থাকিবে ও ফালতু বুম রাখিতে হইবে।
(ড)—আগের বালতি চামাটি বাঁধা। ৬০০ টন পর্য্যন্ত ধরে বলিয়া যে জাহাজের রেজিস্টরী হইল তাহার একং শত টন প্রতি ৩ টা ও ছয় শতের অধিক ধরিলে একং শত টন প্রতি আর দুইং বালতি। কিন্তু এক জাহাজে সর্ব্বশুদ্ধ পঞ্চাশটির অধিক আবশ্যক নাই। ঐং বালতির অর্দ্ধেক সংখ্যা উপরের তুতকের মাঝখানে কিম্বা উপযুক্ত অন্য স্থানে নিত্য টাঙ্গান থাকিবে।
(ঢ)—ছত্রীর ও দ্বারের নিকট ও উপরের মাঝখানের তুতকের ছাউনি পূরা ও সুঠাম হইবে।

খালাসী প্রভৃতির কথা।

জাহাজে যত টন ধরিতে পারে তদনুসারে।

৫০০ টন পর্য্যন্ত ধরিলে একং শত টন প্রতি চারিং জন।

৫০০ টনের অধিক ০০০ টন পর্য্যন্ত ধরিলে একং শত টন প্রতি তিনং জন।

১০০০ টনের অধিক ধরিলে একং শত টন প্রতি দুইং জন।

প্রত্যেক জাহাজে বালকভিন্ন যত জন থাকা প্রয়োজন তাহাদের অর্দ্ধেক সংখ্যক লোক কর্ম্মের উপযুক্ত হওয়া আবশ্যক।

উক্ত সংখ্যার মধ্যে তিন জন মালিম ধরা গেল।

কাপ্তান সাহেবের ও দুই জন মালিমের কর্ম্মযোগ্যতার সর্টিফিকট পাওয়া আবশ্যক।

মন্তব্য।—মজুরদের ভিন্নদেশে যাইবার প্রত্যেক জাহাজে তিন জন মালিমের থাকা আবশ্যক এবং জাহাজ কেপের পশ্চিমদিগে গেলে সকল মালিম ইউরোপীয় লোক হইবেন। কিন্তু মারচে কি রিইউনিয়ন প্রভৃতি স্থানে গেলে তৃতীয় মালিম ইষ্ট ইণ্ডিয়ন হইলেও চলিতে পারে

B তফসীল।

ভারতবর্ষের মজুরদিগকে কলিকাতা হইতে লইয়া যাইবার জন্যে যে জাহাজ ভাড়া করিয়া লওয় যায় তাহাতে বায়ু সঞ্চারের ও কুঠরীপ্রভৃতি সাজাইবার বিধি।

১। নীচের তুতকে বায়ু সঞ্চারের নিয়ম।—পশ্চাদ্ভাগে খিড়কি ও পার্শ্বে ছোট খিড়কি থাকিলে সেই ছোট খিড়কিতে গ্লাস বসাইতে হইবে তাহা এমন করিয়া বসান যাইবে যে শক্ত করিয়া বন্ধ করা যায়। ঐং খিড়কী পরস্পর ১৪ ফুট ব্যবধানে ও উপরের তুতকের যত নিকট থাকিতে পারে থাকিবে। তাহা ও ফলক ভিন্ন বাতাসের চুঙ্গি ও টুপিওয়াল, চোঙ্গ কি নল থাকিবে, এবং জাহাজে মজুরদের থাকিবার যে স্থান নিরূপণ আছে মজুরদের রক্ষক সাহেবের ও পরিদর্শনকারি ডাক্তর সাহেবের বিবেচনায় সেই স্থানে আলো ও বাতাস যাইবার জন্য যে উপায় থাকা উচিত তাহা করিয়া দিতে হইবে।

২। টুপিওয়ালা চুঙ্গি এক ইঞ্চির ২ অংশের তুল্য মোটা লোহার চাদরে উত্তমরূপে প্রস্তুত করিতে হইবে। প্রত্যেক চুঙ্গির আল এক ফুটের কম হইবে না। ও উপরিভাগে ফণার আকারের অতি প্রশস্ত এক খানি ঢাকনি এমত প্রস্তুত করিতে হইবে যে তাহা তুলিয়া ও ঘুরাইয়া দেওয়া যাইতে পারিবে। টুপির উপরের পাড়, এমন বাড়াইয়া করা যাইবে যেন বৃষ্টির জল না যায়। টুপী যে চোঙ্গের উপর বসিবে তাহা অতিশয় শক্ত করিয়া বসাইতে হইবে। ও চোঙ্গের কি নলের যে স্থান তুতকে বসে সেই স্থানটি একটু বাড়াইয়া তুতকে দৃঢ়মতে আঁটিয়া ও ইসক্রু দিয়া বন্ধ করিয়া দিতে হইবে।

৩। সেই টুপিওয়ালা চোঙ্গ তুতকের যে স্থানে বসান যায় সেই স্থানে উপযুক্ত একটা ঢাক থাকিবে, ঝড় হইলে তাহা বন্ধ করিয়া দেওয়া যাইবে।

৪। তুতকের সকল ফুকর ঘেরিয়া যে বায়ুর নল ও ধার থাকে তাহা অতি শক্ত করিয়া লাগাইয়া দিতে হইবে ও কালাপাত্তী করিতে হইবে এবং মজুরদের রক্ষক ও পরিদর্শনকারি ডাক্তর সাহেব তাহার যে ডৌল ও যে পরিমাণ দেখাইয়া দেন সই ডৌলে সেই পরিমাণমতে করিতে হইবে। বাতাস ও বৃষ্টির জল প্রবেশ না করে এই নিমিত্ত ঐ ফুকরের উপযুক্ত ঢাকনি করিয়া দেওয়া যাইবে তাহাও তারে লেপা কাম্বিসে ঢাকিতে হইবে ও আবশ্যক হইলে তাহাতে গেলাস বসান যাইবে ও ভিতরে চুনকাম করিতে হইবে।

৫। টুপিওয়ালা সকল চোঙ্গের কি বায়ুর নল দিয়া য শীতল বাতাস নীচে যায় তাহা সকল স্থানে যায় এই নিমিত্ত তাহার যে খোলা ভাগ মধ্যের তুতকে প্রবেশ করে রক্ষক সাহেবের আদেশ মতে তাহার মুখে সোজা পরদা বাঁধিবার উপায় করা যাইবে।

৬। প্রত্যেক ফলকের নিমিত্ত বাতাস ধরিবার একং উইনসেল ও বায়ুর নলের জন্যে ফালতু দুই উইনসেল থাকিবে।

৭। খোলে বায়ু সঞ্চারের উপায়।—জাহাজের মাস্তুলে বায়ু প্রবেশের উপায় না থাকিলে শক্ত ধাতুর কি কাঠের ৫টা টিন চুঙ্গি করিয়া দিতে হইবে তাহা অতি শক্ত ও দৃঢ়ভাবে নির্ম্মিত হইবে। প্রত্যেকের আস্যের পরিমাণ ৯ ইঞ্চির কম হইবে না। ও হার উপর ভাগে টুপির মত মুখ থাকিবে ও খোলহইতে তাহা উপরের তুতকের উর্দ্ধে কতক দূর উঠিবে। যদি মাস্তুল দিয়া বায়ু বাহির হইবার উপায় থাকে তবে বিবেচনামতে এ টীমের কম চুঙ্গি থাকিতে পারিবে। খোলে যে মাল থাকে তাহাতে যে মন্দ বায়ু জন্মিতে পারে মধ্যের তুতকে না গিয়া তাহা একেবারে বাহির হইয়া শূন্যে মিলে এই নিমিত্ত উপযুক্তমতে বিবেচনা করিয়া ঐ সকল চুঙ্গি স্থানেং বসাইতে হইবে। মধ্যের তুতকের বায়ু সর্ব্বদাই তাজা রাখিতে হইবে যেন কিছু ও ত্রুটি না হয়।

৮। জাহাজের খোল ও ডহরা ময়লা হইলে মাল কি জাহাজীয় দ্রব্য রাখিবার পূর্ব্বে তাহা ভালমতে সাফ করিয়া দিতে হইবে ও প্রয়োজন হইলে কারবলিক অ্যাসিড প্রভৃতি দুর্গন্ধনাশক কোন দ্রব্য স্বচ্ছন্দে ব্যবহার করিয়া তাহা পরিষ্কার করিতে হইবে।

৯। নীচের তুতকের যে সকল ছিদ্র দিয়া বায়ু প্রবেশ করিতে পারে তাহ বন্ধ করিয়া দিতে হইবে।

১০। নিচের তুতকের সাজ সরঞ্জাম।—ফলকের সম্মুখে তুতকের দুই দিগে কাঠের মাচান করিয়া দিতে হইবে। তাহ ৩। ৪ ফুটের মধ্যে উচ্চ অতি শক্তরূপে নির্ম্মিত হইবে ও মোটাং খুঁটী ও বাতা দিয়া ঐ মাচানের পায়া করা যাইবে। তাহা ২৪ ফুট লম্বা ও ৬ ফুট কিম্বা ৩ ফুট চৌড়। জাহাজে যে ডাক্তর সাহেব নিযুক্ত হন তিনি চাহিলে জাহাজের চাবি দিগের ধারেং তাহা করা যাইতে পারিবে।

১১। তুতকে মজুরদের থাকিবার যে স্থান আছে তাহার পিছন দিগের তৃতীয়াংশ স্থান স্ত্রী লোকদের থাকিবার স্থান বলিয়া নিরূপিত হইবে। সেই তৃতীয় অংশের ও তাহার সম্মুখে অন্য দুই তৃতীয়াংশের মধ্যে সীমসাইনে সমানং ব্যবধানে শক্ত দুইটী খুঁটী বসাইয়া ঐ স্থান নিরূপণ করিতে হইবে। তাহা হইলে বাতাস খেলিবার বাধা না হইয়া স্ত্রীলোকদের থাকিবার স্থানের চিহ্ন থাকিবে।

১২। নীচের তুতকে আলো যাইবার জন্যে আবশ্যক হইলে ২ কি ৪ ফুট চৌকোণা আর্শির মত টীনের চাদর এমন ভাবে রাখা যাইতে পারিবে যেন তাহাতই ও আলো ছড়িয়া পড়ে। অন্য স্থান অপেক্ষা জাহাজের সম্মুখ কি পিছন যে ভাগ অন্ধকার হয় সেই স্থানে ঐ আর্শী বসাইলে কাযা চলিবে।

৩। অনাবৃত কি আশঙ্কাজনক যে স্থানে গেলে শিশু প্রভৃতি কোন লোকের বিপদ ঘটিতে পারে তাহা উপযুক্তমতে ঘেরিয়া কি বন্ধ করিয়া রাখিতে হইবে।

৪। মজুরেরা যে স্থানে থাকে সেথায় স্থানযোড়াকারি কোন দ্রব্য যেন না থাকে, তাহা সর্ব্বদা পরিষ্কার করিয়া শুষ্ক রাখিতে ও চারিদিগ চুনকাম করিয়া দিতে হইবে ও বাঁসের মধ্যেং ফাঁকে কোন দ্রব্য ঝুলাইয়া দিতে কি রাখিতে হইবে না।

৫। জাহাজে উঠিবার পূর্ব্বে ও তুতকহইতে সকল বাজে জিনিস স্থানান্তর করা গেলে পর জাহাজের মাঝখানের সম্মুখ কি পিছনভাগের খুঁটিতে বাঁশ কি দড়া কি মোটাং বেল আঁটিয়া বাঁধিয়া দিতে হইবে তাহাতে মজুরেরা কাপড় বা গাঁটেরী টাঙ্গাইয়া রাখিতে পারিবে ও জাহাজ দুলিলে তাহা ধরিয়া থাকিতে পারিবে।

১৬। নীচের তুতকের সকল ফলকা বাতা দিয়া আঁটিয়া বাঁধা যাইবে কিম্বা লোহার হুড়কা দিয়া চাবিতে বন্ধ থাকিবে ও ত্রিপল দিয় ঢাকিয়া রাখিতে হইবে। ওয়েষ্ট ইণ্ডিসে যে জাহাজ যায় উপরের তুতকের প্রত্যেক ফলকে ৬ নম্বরের কাম্বিসের পরদা এমন করিয়া দিতে হইবে যেন কর্ম্মে না লাগিলে তাহা জড়াইয়া বাঁধা যাইতে পারে।

৭। যে সকল লাণ্ঠন দিবার আজ্ঞা হইল তাহা টাঙ্গাইয়া রাখিবার জন্যে যেং স্থানে আবশ্যক সেইং স্থানের মধ্যে উপযুক্ত ফাঁক রাখিয়া হুক মারিতে হইবে।

৮। উপরের তুতকের নানা প্রকারের কুঠরী প্রভৃতি সাজাইবার কথা।—জাহাজের দুইটা পাইখানা অতি শক্ত করিয়া আঁটিয়া বাঁধিতে হইবে। অগ্রভাগেরটা ত্রিকট ফলকার সম্মুখভাগে থাকিবে, তাহা পুরুষের জন্যে। স্ত্রীদের ও শিশুদের জন্যে একটা যত পিছনে হইতে পারে করা যাইবে। তাহা ভাগং করিয়া দিতে হইবে। আইনমত বয় প্রাপ্ত যত জন মজুর যায় তাহাদের সংখ্যা বুঝিয়া

রক্ষক সাহেবের আফিসে যে কর্দ্দ থাকে তাহা দেখিয়া পাইখানার ভাগ বিভাগ ও বসিবার স্থান করিয়া দিতে হইবে। পাইখানাটি শক্ত করিয়া আটিয়া প্রস্তুত করিতে হইবে। তাহার উপরভাগটি তার কি রঙ্গ দেওয়া কানবিসে ঢাকিয়া দিতে হইবে। ও প্রত্যেক ভাগে ভিতর ও বাহির হইতে বন্ধ করা যাইতে পারে শক্ত কবজাওয়ালা এমত দ্বার থাকিবে। এক২ ভাগ ২২ ইঞ্চির অধিক চৌড়া হইবে না ও তাহাতে বসিবার যে স্থান থাকে তাহা আড়ে দীঘে ২২ ইঞ্চির অধিক হইবে না। কিন্তু পাইখানায় যাইবার সুবিধার নিমিত্ত বসিবার প্রত্যেক স্থানের সম্মুখ যায়গার চৌড়াই হইতে কএক ইঞ্চি অধিক লম্বা করা উচিত। ঐ বসিবার স্থানের দুইদিগে পা রাখিবার যে তক্তা থাকে তাহা ৭ ইঞ্চি চৌড়া ও আট ইঞ্চি ফাক থাকিবে তাহার মধ্যে আট ইঞ্চি ফুকরের নীচে পাইখানার মেজ্যা ও নল থাকিবে। সেই নলের ভিতরে লোহার পাত মারিয়া দেওয়া যাইবে ও যাহাতে মলাদি আটকাইতে পারে এমত কোন আবড় বস্তু না থাকে। সেই নল দ্বারা মলাদি একবারে জাহাজের পার্শ্ব দিয়া বাহিরে গিয়া পড়িবে। ঐ নল বড় হইলে যদি জাহাজে ছোট শিশুদের কোন বিঘ্ন ঘটিবার ভয় থাকে তবে যে বারি কি খিড়কি দিয়া নল যায় তাহাতে লোহার কি শক্ত কাঠের বাতা মারিয়া ঝাজরার মত রাখিতে হইবে। পাইখানার ভিতর হাত দিয়া ধরিবার ছোট২ শক্ত রেল দিতে হইবে। ও যে স্থানে থাকিলে তাহা অনায়াসে ধরিতে পারা যায় এমন স্থানে বসাইতে হইবে। কাঠের যে কাযে ও নলের যে ভাগে মলাদি থাকিতে পারে তাহাতে কোন ময়লা দ্রব্য শুষিয়া না যায় এই নিমিত্ত সেই সকল স্থান সম্পূর্ণরূপে লোহার মোট পাত দিয়া মুড়িয়া দিতে হইবে। নতুবা মেজ্যা ও সেই সকল নল উপযুক্তমতে লোহার পুরু পাত কি দস্তা দিয়া প্রস্তুত করিতে হইবে পাইখানা অগত্য উচ্চ করিয়া প্রস্তুত করা গেলে উঠিবার উপযুক্ত ধাপ করিতে হইবে

১৯ মজরদের রক্ষক সাহেবের আফিসে পাইখানার যে নমুনা আছে তদনুসারে উত্তমরূপে বদ্ধ একটা লাণ্ঠন ঐ পাইখানার এমন কোন স্থানে রাখিতে হইবে যে একি লাণ্ঠন হইতে একি সময়ে অনেক কুঠরীতে আলো যায়।

২০। কাবুস অর্থাৎ পাক করিবার চুলা এমন স্থানে রাখিতে হইবে যেন রাধনি ঝড় ও বৃষ্টির সময়ে আশ্রয় পায় ও হইতে পারিলে সেই রান্না ঘর জাহাজের আড়ভাবে ও তুতকের ঘরের ভিতর করা যাইবে। এক প্রকারের মাচান করিয়া ঐ চুলা সকল চুণ সুরকী পাকা পোড়া ইট দিয়া শক্ত করিয়া প্রস্তুত করিতে হইবে এবং আগুন না লাগে এই নিমিত্ত ঐ মাচানের চারিদিগে ও চুলার নীচ ভাগের এবং নীচেকার পাকা ইটের মধ্যে কএক ইঞ্চ ফাক রাখিতে হইবে। চুলার কি রান্না ঘরের নিকট কাঠের কায রাখিতেই হইলে তাহাতে আগুনের ফুল্কী ও তপ্ত ছাই না লাগে এই নিমিত্ত সেই কাঠের কাযের উপর শিষার কি লোহার পাত উত্তমরূপে মারিয়া দিতে হইবে।

যে দিগ হইতে ধুয়া উঠে সেই দিগ দিয়া বৃষ্টির জল প্রভৃতি না আইসে এই নিমিত্ত তাহার উপর টুপিওয়ালা নল দিতে হইবে। একি সময়ে যত ডেক চুলায় বসাইতে হইবে তাহা বুঝিয়া কাবুসের কি রান্নাঘরের ওসার করিতে হইবে কিন্তু এক শারিতে সর্ব্বদা সাধারণ মাপের ছয়টা ডেক বসাইবার স্থান রাখিতে হইবে।

২১। চাপাটী সেকিবার লোহার তাওয়া চুলার মাপানুসারে কারয়া লইতে হইবে।

২২। হাস্পাতাল সর্ব্বদা উপরের তুতকে ছত্রির কি তুতকের ঘরে করিতে হইবে। হাস্পাতালের জন্যে ঘরের আবশ্যক হইলে তাহা তুতকের উপর অন্য ঘরের মত শক্ত করিয়া আঁটিয়া দিতে হইবে ও মেজ্যাতে ৯ ইঞ্চি উচ্চ কাঠের এমত মাচান করিতে হইবে যে তাহা সরাইয়া লওয়া যাইতে পারে। ছাতে কালাপাড়া করা যাইবে ও তাহা রঙ্গকরা কানবিসে ঢাকা থাকিবে। যাহাতে ছয় খানি খাট থাকিতে পারে ও যে ডাক্তর সাহেবের জিম্মায় থাকে তাঁহার সন্তোষমতে আলো ও বাতাস যায় এমন করিতে হইবে। ও তাহাতে পরিদর্শনকারি ডাক্তর সাহেবের অনুমোদনের অপেক্ষা থাকিবে।

২৩। জাহাজের অগ্রভাগের ছত্রির কোন কুঠরীতে কিম্বা অন্য উপযুক্ত স্থানে কম্পোণ্ডরের নিমিত্ত ও ঔষধাদি রাখিবার জন্যে ঔষধ প্রস্তুত করিবার ঘর দিতে হইবে। তাহা যে ডাক্তর সাহেবের জিম্মায় থাকে তাঁহার আদেশমতে ঐ ঘরে সেলফ ও বোতল রাখিবার খোপ এবং খোপ কি বন্ধ করিয়া দেওয়া যায় এমত উপযুক্ত কবজাওয়ালা মেজ ও কর্ম্মের সুবিধার জন্যে অন্যান্য দ্রব্য থাকিবে ও তাহাতে পরিদর্শনকারি ডাক্তর সাহেবের অনুমোদনের অপেক্ষা আছে।

২৪। রক্ষক সাহেবের আফিসে ঝড়ের সময়ের ব্যবহার্য্য ফলকার ছত্রিওয়ালা দ্বারের যে নমুনা আছে ওয়েষ্ট ইণ্ডিসে যে২ জাহাজ যায় তাহার ফলকার সেই প্রকারের দ্বার করিতে হইবে। তাহা অত্যন্ত শক্ত করিয়া ফিঙ্গে মারা ভাবে করিতে হইবে ও তাহার উপরিভাগে মোটা আঙ্গুল লোহা কি পত্তর মারিয়া শক্ত করিয়া দিতে হইবে। তাহার যে পাট খান তুলিয়া দেওয়া যায় তাহাতে শক্ত কবজ দিতে হইবে ও পোয়া ইঞ্চি পুরা কাঠের লাইনিন দিতে হইবে। অতি বড় হইলে ঐ ফলকার দ্বার এমন করিতে হইবে যেন দুইখানি পাট থাকিতে পারে। তাহার উপর রঙ্গ করা কি তার দেওয়া কানবিসে এমন

করিয় ঢাকিয়া দিতে হইবে যে কিছুমাত্র জল প্রবেশ করিতে না পারে আর প্রয়োজন হইলে তাহাতে সুরক্ষিত মোটা পেনাস দিতে হইবে।

২৫। কলকার সামান্য যে দ্বার থাকে তাহা এমন স্থানে আটকাইয়া রাখিতে হইবে যে প্রয়োজন হইলেই স্বচ্ছন্দে পাওয়া যায়।

২৬। প্রত্যেক কলকায় অতি শক্ত সিঁড়ি বসাইয়া রাখিতে হইবে বড় কলকায় এক যোড় সিঁড়ি থাকিবে। তাহার দুই দিগে হাত দিয়া ধরিবার জন্য মোটা বেল থাকিবে ও সিঁড়ির পার্শ্বের দুই পাশ তক্তা লোহার সিক দিয়া আঁটিয়া দিতে হইবে সিকের দুই দিগে মো া দওয়া যাইবে ঐ সিক উপরের ধাপের ও ধাপের নীচে বদ্ধ থাকিবে।

২৭। স্ত্রীলোকেরা ও ছেলের বাড়ের সময়ে ঐ সিঁড়ি দিয়া উঠিতে কি নামিতে গেলে তাহা বদের ধরিবার জন্যে গাঁইটওয়ালা এক গাছ মোটা দড়া কলকায় শক্ত করিয়া বাঁধিয়া দিয়া ঐ সিঁড়ির নিকট ঝুলিয়া থাকিবে।

২৮। প্রত্যেক কলকার উপর তাম্বুর মত করিবার জন্যে জাহাজে উত্তম ত্রিপাল থাকিবে। তাহা এমন বড় করিতে হইবে যেন কলকার উপর চারিদিগ ঢেকিয় থাকে ও বৃষ্টির জল যাইতে না পারে কিন্তু বায়ু খেলে।

২৯। ক্ষক সাহেব উচিত বোধ করিলে মজুরদের বাসবার কিম্বা তাহাদের দ্রব্যাদি রাখিবার নিমিত্ত তক্তার মাচান করিবার আজ্ঞা দিতে পারিবেন। তাহা কেবল ল বো চর উপর দেওয়া নয় আবশ্যক হইলে জাহাজের অন্যং নৌকা যে তক্তায় বসান গিয় থাকে তাহার মধ্যে কি অন্য স্থানে ও ঐ ম চান করা যাইতে পারিবে

৩০। মেষ রাখিবার জন্যে দুইটি খাপড় প্রস্তুত রাখিতে হইবে। একটিতে জাহাজের মেষ আর একটিতে মজুরদের খাইবার মেষ থাকিবে। ঐ দুই খাপড় দ্বারের নিকট তুতকে কি ছত্রীর তুতকে করিতে হইবে না জাহাজের অতি অগ্রভাগের যে স্থানে হইতে পারে সেই স্থানে করিতে হইবে। যতচ মেষ লইয়া যাইবার বিধান আছে ততটা যেন সচ্ছন্দে থাকিতে পারে ও খাপড়টি সহজে পরিষ্কার করা যায় ও তাহাতে ভালমতে বাতাস খেলিতে পারে এমন ভাবে প্রস্তুত করিতে হইবে মেজ্যাতে লোহার তক্ত মারিয়া দেওয়া যাইতে পারিবে।

৩১। যাহাতে ২০ গালন করিয়া ধরে এমত দুইটা ঢাকাওয়ালা পীপ তুতকের উপযুক্ত কোন স্থানে রাখিতে হইবে। তাহার ভিতর আগুনে পোড়াইয়া প্রায় কয়লার মত করিয়া পরিষ্কার রাখিতে হইবে তাহাতে খাইবার জল থাকিবে ও চাবি দিয়া বদ্ধ কর যাইবে। মজুরদের নিমিত্ত একং পাইখানার নিকট তুতক ধুইবার এক ট টপ রাখিতে হইবে।

৩২। প্রত্যেক জাহাজে জল মিষ্ট করিবার কল রাখিতে হইবে এব সেই প্রকারের কলের অব স্থার অনুসন্ধান লইবার নিমিত্ত গবর্ণমেণ্টের যে কার্য্যকারক নিযুক্ত থাকেন তাঁহার গ্রাহ্য করিবার অপেক্ষায় তদ্বিষয়ে C তফসীলে লিখিত সকল নিয়ম মানিতে হইবে। কেবল স্থলবিশেষে ক্ষক সাহেব সেই প্রকারের যন্ত্র না লইবার অনুমতি দিলে তাহা লইবার প্রয়োজন হইবে না

৩৩। খোলে যে মিষ্ট জল রাখা যাইবে তাহা উপরের তুতকে তুলিবার জন্যে প্রত্যেক জাহাজে বোমা ও রবরের নল থাকিবে।

৩৪। তুতকে জাহাজ সাজাইবার যে সরঞ্জাম থাকে তা া ভাল করিয়া আটিয়া রাখিতে হইবে তাহা ছাড়া কোন প্রকারের বাজে দ্রব্য তুতকে থাকিবে না। মজুরদের বসিবার ও বেড়াইবার জন্যে তাহা পরিষ্কার রাখিতে হইবে।

৩৫। লাইফ বয়া নামক সোলার এক প্রকারের (৬) চাকা এমন সকল স্থানেং রাখিতে হইবে যে প্রয়োজন হইলে তাহা অনায়াসে পাওয়া যায়।

৩৬। জাহাজে আগুন লাগিলে দমকল ও রবরের নল ও জল তুলিবার বালতী প্রভৃতি যে সকল দ্রব্যের প্রয়োজন থাকে তাহা উপযুক্ত স্থানে ও সর্ব্বদাই ঠিক রাখিতে হইবে যেন ব্যবহারের নিমিত্ত প্রয়োজন হইলেই পাওয়া যায় (A তফসীল দেখ)।

৩৭। জাহাজে তক্ত কি অন্য যে দ্রব্য বসান যায় বেং পানে বাড়ের বেগে তাহা ভাঙ্গিয়া যাইবার ভয় হইতে পারে এমত সকল স্থানে তাহা প্রেক মারিয়া আটিয়া দিতে হইবে না। শক্তং ও উপযুক্ত প্রকারের ইসক্রু দিয়া তাহা বসাইতে হইবে। এই বিষয়ে কাপ্তান সাহেবকে বিশেষরূপে মনে যোগ করাইতে হইবে। কেননা উক্ত প্রকারের সকল দ্রব্য ভাল করিয়া খড়িয়া দিতে হইবে ও সকল কবজা ও হুড়কা ও পত্তর ও লোহার কাল কি ছাদনী ও টুপীওয়ালা নল ও অন্য যে সকল দ্রব্যেতে কোন প্রকারের ধাতুর ব্যবহার হয় তাহা সম্পূর্ণরূপে শক্ত হইবে ও ভাল মতে গড়ান ও উত্তমরূপে আঁটিয়া দেওয়া যাইবে।

C তফসীল।

কোন জাহাজ মজুরদি কে লইয়া যাইবার করার করিলে তাহার মধ্যে মিষ্ট জলের কাপ্তান বিষয়ে যেং বিধি মানিতে হইবে তাহা এইং।

১। ঠাণ্ডা জল ফেলিবার যে বোমা থাকে কাপ্তেনের মধ্যে তাহার কায চালাইবার স্বতন্ত্র কল থাকিবে সেই কলদ্বারা কেবল ষ্টীম বায়লরে জল দেওয়া যাইবে অন্য কোন কর্ম্মে তাহার ব্যবহার করিতে হইবে না।

২। সকল কাপ্তেনে জল পরিষ্কার করিবার ফিলটর ও বাষ্রবেল থাকিবে।

৩। কাপ্তেনহইতে জল ফেলিবার এমন নিয়ম করিতে হইবে যে ঐ জল টবে গিয়া পড়ে কিম্বা তাহাতে নল সংযুক্ত হইলে যেমন জাহাজের বাহিরে জল ফেলিয়া দেওয়া যাইতে পারে তেমনি যেন তক্তা ধুইবার নিমিত্ত কিম্বা আগুন লাগিলে আগুন নিবাইয়া ফেলিবার নিমিত্ত ঐ জলের ব্যবহার হইতে পারে। উপযুক্ত নল ও তাহা সংযোগ করিয়া দিবার উপযুক্ত উপায়ও করিয়া দিতে হইবে।

৪। খাড়া বায়লর শ্রেয়। কিন্তু সরবেয়র সাহেব অনুগ্রহ বায়লরে সন্তুষ্ট হইলে তাহা গ্রাহ্য হইতে পারিবে।

৫। বায়লরে বাষ্প মাপিবার ঘড়ি থাকিবে ও তাহাতে দ্বিগুণ বলে কল চালাইবার হপ্তেকস থাকিবে জল মাপিবার গেলাস ও স্বতন্ত্র দুইটি কাক ও সেফটি বেল ও কল পরিষ্কার করিবার জন্যে দুইটি দ্বার থাকিবে।

৬। বায়লর ও কল সংযুক্ত সমস্ত যন্ত্র ঢাকিয়া রাখিতে হইবে। বায়লরের নিকট কাঠের কোন দেওয়াল প্রভৃতি থাকিলে তাহা শিশার তক্তা মারিয়া মুড়িয়া দিতে হইবে। বর্গফুটে ৪।। পোণ্ড শিশা দিতে হইবে ও তাহা দৃঢ়মতে আঁটা থাকিবে।

৭। প্রত্যেক কাপ্তেনের সঙ্গে নিম্নলিখিত নির্ঘণ্টপত্র মতে যন্ত্রাদি থাকিবে।

১ হাইড্রমিটর ও থরমমিটর অর্থাৎ জল ও তাপ মাপিবার যন্ত্র।
চিপিং মারিতেল ও ফালতু বাঁট।
২ চেপটা ছেনী।
২ ক্রসকাটা ছেনা।
১ কেচলাগ।
৪ ভোমোর ⅛ ও ¼ ও ⅜ ইঞ্চি।
১ সেট টপ ও ডাই তাহার অতিকম এইং পরিমাণ থাকিবে ¼, ⅜, ½ ও ⅝ ইঞ্চি।
২ উপযুক্ত স্ক্রু (অনুমান ⅜ ও ⅝)
১ ইসক্রু রেঞ্চ।
৬ ডথা ও তাহার নানা প্রকারের বাঁট।
১ ঝালাই বোলট। (তামার)
নলে বসাইবার ২ যোড়া গাস সাঁড়াশী।
ছোট সাঁড়াশী ও রেঞ্চ।
১ কামারের হাপর।
১ ঐ ন্যাই।
৩ আগুন উস্কাইয়া দিবার লোহার হাতা বায়লরের উপযুক্ত।
২ আগুনে কয়লা দিবার সাবল।
অর্দ্ধ সেট ফালতু ফাইর বারী।
৪ ডজন ফালতু বোলট ও উপযুক্ত পরিমাণের মোরী।

২ ¼ ইঞ্চি পরিমাণের নল সংযোগ ২ ½ ইঞ্চি ঐ ঐ ২ ¾ ইঞ্চি ঐ নলের বাঁকা। ২ ১ ইঞ্চি ঐ ঐ	এই প্রকারের না থাকিলে কাপ্তেনের সঙ্গে যে নল থাকে তাহার পরিমাণমতে দিতে হইবে।

জলটানিবার নিমিত্ত অতিকম ১২ ফুট লম্বা ১ ফালতু পাইপ।
তাহাহইতে ছোট ঐ ১ ঐ
কলের নিমিত্ত ১টা ফালতু স্লাইড রড।
বায়লরের নিমিত্ত ৬টা ফালতু গেজ গেলাস।

২৫ রবরের রিং বায়লরের নিমিত্ত।

কাপ্তেনের জন্যে ৬টা ফালতু গেজগেলাস } প্রয়োজন হইলে।
ঐ ২৫টা রবরের রিং। }

৭ পৌণ্ড পিতলের পাইন।
৭ ঐ নরম ঐ
৭ ঐ সোহাগার ঐ।
৭ ঐ রাজনের ঐ।
৫৬ পৌণ্ড কয়লা।
৪ ঐ সিন্দুর।
৪ ঐ সফেদা।
৪ ঐ টান সুতা কিম্বা গ্লাইনে জড়াইবার পেটন্ট সুতলী।
গালন মরিণার টৈল।
০ গালন টৈল মালিশ করিবার জন্যে।
০৫ টৌণ্ড সুত।

ওয়েষ্ট হইতে প্রেসেগে ল ৫০ টন ই বেজী কয়লাও অধিক কি কম দূরে গেলে তদনুসারে অধিক কি কম কয়লা লইতে হইবে।

৮। কাপ্তেনের সকল পাম্প যে যেত জল টানিবার পাইপ ও চোয়ান জল নির্গত হইবার নল এমন স্থানে বসাইতে হইবে যেন তাহাতে কোন ব্যাঘাত না হয় কিম্বা তাহ উপযুক্তমতে অন্য নপে আরও কর্ণ বা দিতে হইবে।

৯। জাহাজের অবস্থার অনুসন্ধান করণসময়ে কাপ্তেনের কায চালাইতে হইবে ও চোয়ান জল টেবে গিয়া পড়িবার তাহা উপযুক্ত স্থানে রাখিতে হইবে ও কাপ্তেন হইতে আধ ঘন্টার মধ্যে যত জল বাহির হইবে ঐ টব অতিকম তত জল ধরিবার মত বড় হইবে। জাহাজহইতে ইম্পিরিয়ল গালন মা পরার যন্ত্র দেওয়া যাইবে ও সেই যন্ত্র দ্বারা ঐ জল অতিঠিক করিয়া মাপিয়া লওয়া যাইবে। এব কল চালাইবার নয়মের কোন দোষে কমতি হইয়াছে বলিয় ওজর গ্রাহ্য হইবে না অর্থাৎ কল চালাইতে আরম্ভ করিয়া দেখিবার জন্যে যে সময় লাগে তাহার পর আধ ঘন্টা চালাইয়া ঐ কল কর্ম্মের উপযুক্ত কি না ইহা নির্ণয় করা যাইবে।

০। সমস্ত হাতিয়ার ও যন্ত্রাদি সরবেয়র সাহেবকে দেখাইতে হইবে ও তিনি যে প্রকারের হাতিয়ার প্রভৃতিতে সন্তুষ্ট হন তাহ সেই প্রকারের হইবে।

১। ভাড়ার নিমিত্ত জাহাজ দিবার প্রস্তাব হইলে মজুরদিগকে লইয়া যাইবার যোগ্য বলিয়া রক্ষক সাহেবের দ্বারা গ্রাহ্য হইবার পূর্ব্বে কাপ্তেনের কায উত্তমরূপে চলে ঐ জাহাজের এমন সর্টিফিকট পাইতে হইবে। এই কারণে কাপ্তেনের অবস্থার অনুসন্ধান করিবার জন্যে তাহ যে দিনে তৈয়ার হয় ও জাহাজ নদীর যে স্থানে আছে সময় থাকিতে কাপ্তান সাহেবের কিম্বা এজেন্টদের এইং কথা ইঞ্জিনিয়র সরবেয়র সাহেবকে জানাইতে হইবে।

১২। সরবেয়র সাহেব যাহাকে গ্রাহ্য করেন সমুদ্রপথে যাইবার সময়ে ঐ যন্ত্রাদি এমত উপযুক্ত ব্যক্তির জিম্মায় থাকিবে।

১৩। ঐ যন্ত্রহইতে ২৪ ঘন্টায় ৫০০ গ্যালন মিষ্ট জল দেওয়া যাইতে না পারিলে ও এই বিধির লিখিত সমস্ত নিয়ম সরবেয়র সাহেবের সম্পূর্ণ সন্তোষমতে না করাগেলে সর্টিফিকট দেওয়া যাইবে না। তিনি সন্তুষ্ট হইলে ঐ জাহাজের কাপ্তান সাহেবের কিম্বা এজেন্টদের নিকট সর্টিফিকট পাঠাইবেন ও তাঁহারা দেশান্তরগামি মজুরদের রক্ষক সাহেবের নিকট তাহা পাঠাইতে বিলম্ব না করেন তাঁহারদের প্রতি এই আদেশ হইল।

১৪। সময় থাকিতে উপযুক্ত নোটিস দিয়া এই বিধি পরিবর্ত্তন করা যাইতে পারিবে। এই ক্ষণে জাহাজের স্বামিদের ও কাপ্তান সাহেবেরদের কার্য্যপদ্ধতি বলিয়া প্রকাশ করা যাইতেছে, ইহা স্পষ্ট জানিতে হইবে।

দ্রব্যের নাম।	ওজন।	সংখ্যা।	মন্তব্য কথা।
	পৌণ্ড		
কাঠ চিরিবার কুড়ালী ..		৪	প্রত্যেক জাহাজে।
ছুরি		৬	ঐ ঐ
টিন খুলিবার ছুরি		২	ঐ ঐ
লোহার কল ইকরা হাতা		৬	ঐ ঐ
মোটা টিনের গামলা। যাহাতে ১ পাইন্ট অবধি আধ গ্যালন পর্য্যন্ত ধরে		৬	ঐ ঐ
চাপ টা সেকিবার লোহার তাওয়া। চুলার উপর বসাইবার উপযুক্ত পরিমাণের		৪	আইন অনুসারে বয়প্রাপ্ত এক২ শত জন প্রতি।
শিল ও নোড়া		২	ঐ
চাউল বা ডালার কুলা		৬	
গ্যালন মাপিবার পাত্র		২	
আধ ঐ ঐ		২	
পোয়া ঐ ঐ		২	
দাঁড়িপাল্লা। সিকি পৌণ্ড হইতে ১৪ পৌণ্ড পর্য্যন্ত ওজন করিবার		১	
তুলাদণ্ড		২	
টিনের কুঁদিল। অর্দ্ধ গ্যালন হইতে আধ পাইন্ট পর্য্যন্ত চারি পরিমাণের		৪	প্রত্যেক জাহাজে।
ডাক্তর সাহেবের নিমিত্ত থরমমিটর		৩	
পাতুকা ..	..	৬	
ওয়াড় শুদ্ধ বালিশ		৬	
যাহাতে জল সিধিতে না পারে পাতুকার নিমিত্ত এমত চাদর ...		৬	
করাত ..		১	
জোয়ালিয়া	২ জন		

৫ অং।

৫ রষ্ট টিতিমে গমন **।** প্রত্যেক মজুর যে কাপড় ও পাত্র পাইবে তাহার ফর্দ্দ।

পথে ব্যবহার করিবার নিমিত্ত যে দ্রব্য আ ভতা মজুরদিগকে দেওয়া যায়।	পুরুষদের জন্যে	বালকদের জন্যে	মন্তব্য কথা।
সাধারণমতে পরিবার কা ড়।			
মোটা লাংকেলাথের ধুতী	৩	৩	পুরুষদেব জন্যে প্রত্যেক ধুতী ৪ গজ ও বালকদের ৩ গজ লম্বা হইবে।
ভি ল কাথা	১	১	
ঐ পায় জামা	১	১	
কালিকো টুপি			
উত্তম পাটনাই কম্বল	২	১	মন্তব্য —নিম্নভাগে অ তরিক্ত কাপড়ের যে স্মারক লপি আছে ত হ দেখ।
কেবল শিতকালে পরিবার নি মত্ত যে পশমের কাপড় রাখিয়া দিতে হইবে।			
পশমের প য়জামা	১	১	
ঐ চা কাম কি কুর্ত্তি	১	১	
ঐ টুপি	১	১	
	স্ত্রীলোক দের	বালিক দের	
সাধারণরূপে পরিবা র কা ড়।			
মোটা লাংকেলাথের সা ড়	১		স্ত্রীলোকদের সাড়ী ৬ গজ বালিকাদের সাড়ী ৩ গজ লম্বা ও এমন ওসার হইবে যেন কোমরহইতে গুল্ফ পর্য্যন্ত পড়ে।
ঐ সুতার গৌন কি পেটিকোট	১	১	
উত্তম পাটনাই কম্বল	২		
কেবল শীতকালে পরিবার নিমিত্ত যে পশমের কাপড় রাখিয়া দিতে হইবে			মন্তব্য — নম্রভাগে অতিরিক্ত কাপড়ের যে স্মারক লিপি আছে ত হা দেখ।*
পশমের পেটিকোট	১	১	
ঐ কুর্ত্তা	১	১	
	শিশুদের জন্যে		
মোটা লাংকেলাথের ধুতী কি সাড়ী	১		ধুতী কি সাড়ী দুই গজ লম্বা হইবে।
সুতার কুর্ত্তা কি জামা	১		
কালিকো টুপি	১		
শীতকালের নিমিত্ত।			
ফেলানেলের কুর্ত্তা কি বেনিয়ান	১		
পশমের টুপি	১		

পাত্র।

প্রত্যেক পুরুষ ও স্ত্রী ও বালক ও বালিকাকে একং টা টিনের বাসন ও মগ দিতে হইবে।

---

* অতিরিক্ত কাপড় কম্বল প্রভৃতির স্মারক লিপি

(জাহাজের ডাক্তার শেষবার দেখিবার পূর্ব্বে এই অতিরিক্ত কাপড় জাহাজে পাঠাইয়া দিতে হইবে।)

১। পূর্ব্বলিখিত কাপড় জীর্ণ হইতে কি ছিঁড়িয়া যাইতে পারে বলিয়া তাহার অতিরিক্ত আইনঅনুসারে বয়ঃপ্রাপ্ত একং শত পুরুষের নিমিত্ত উক্ত প্রত্যেক প্রকার কাপড়ের অতিরিক্ত আর পাঁচং থান দিতে হইবে।

২। প্রত্যেক জাহাজে পীড়িত লোকদের নিমিত্ত ফেলানেলের ৮ থান পটি দিতে হইবে।

৩। বৎসরের আরং সময়ে সাধারণরূপে ব্যবহারের নিমিত্ত যে কম্বল দেওয়া যায় তদতিরিক্ত মার্চ মাসের ১ তারিখ অবধি সেপ্টেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত প্রত্যেক জন মজুরকে একং খান দোহারা কম্বল দিতে হইবে

৬ নং

যে জাহাজ ভারতবর্ষীয় মজুরদিগকে লইয়া মরিচ কি ট্রিইউনিয়নদ্বীপে* যায় সেই জাহাজ আহারীয় যত দ্রব্য লইতে হইবে তাহার ফর্দ্দ।

যে জাহাজ পাইলভরে চলে মরীচে কি ট্রিইউনিয়নে আপ্রিল ও অকটোবর মাসের মধ্যে গেলে অনুমান দশ সপ্তাহ এবং নবেম্বর ও মার্চ মাসের মধ্যে গেলে আট সপ্তাহ লাগে।

সেই২ সময়ের উপযুক্ত জল ও লবণ ও তামাক লইতে হইবে ও ২ দিনের উপযুক্ত শুষ্ক দ্রব্য ও অবশিষ্টকাল নিমিত্ত সামান্য প্রকারের আহারীয় দ্রব্য লইতে হইবে।

সামান্য প্রকারের আহারীয় দ্রব্য।

আইনঅনুসারে বয়ঃপ্রাপ্ত প্রত্যেক জন দিন২ যত পাইবে তাহার ফর্দ্দ এই। দুই বৎসরের অধিক ও ১০ বৎসরের কম বালক বালিকা ইহার অর্দ্ধেক পাইবে।

দ্রব্য শ্রেণী।	দ্রব্যের নাম	পৌণ্ড	ঔন্স	ড্রাম।	মন্তব্য কথা।
শস্য	বালাম চাউল	০	২	০	
	অরহর দাইল	০	৬	০	অর্দ্ধেক।
	ছোলা				চারি ভাগের এক ভাগ।
	মুগের				আট ভাগের এক ভাগ।
	মসুরকলাই				ঐ ঐ
তৈল	ঘী		১		
	সরিষার তৈল		০	৮	
	শুকটি মাছ	০	২	০	ডাক্তর সাহেবের বিবেচনা মতে শুকটি মাছের পরিবর্ত্তে ধারানুসারে আট দিন টাটকা মেষের মাংস দেওয়া যাইবে।
তরকারী	কুমড়া		১		
	আলু	০	২		
	পেয়াজ		২		
মশলা	রশুন			০।	
	লঙ্কামরিচ			০।	
	ধনিয়া			২	
	হলুদ	০		৪	
	তেঁতুল	০		৪	
	লবণ	০		৮	
	তামাক		০	৮	কলিকতার জলের থানাহইতে লইতে হইবে।
	জল	১ গ্যালন			
	প্রত্যেক মেষের দানা	২০ পৌণ্ড সমুদ্র পথের জন্যে			প্রত্যেক মেষের প্রতিদিন ৩ পৌণ্ড দানা ও ৩ পৌণ্ড শুষ্ক ঘাস নিরূপণ হইয়াছে।
	প্রত্যেক মেষের শুষ্ক ঘাস	২০০ পৌণ্ড সমুদ্র পথের জন্যে			১০ পৌণ্ড ওজনের এক২ মেষের ২৫ পৌণ্ড মাংস হয়। ঐ ধারানুসারে ৪টা মেষে আট দিনের মাংস দেওয়া যায়।
	আইন অনুসারে বয়ঃপ্রাপ্ত এক২ শত ব্যক্তি প্রতি ৪ টা মেষ				

শুষ্ক দ্রব্য।

আইনঅনুসারে বয়ঃপ্রাপ্ত প্রত্যেক জনের নিমিত্ত সর্ব্বশুদ্ধ পনেরো দিনের শুষ্ক দ্রব্য লইতে হইবে। তাহা ডাক্তর সাহেবের বিবেচনামতে দেওয়া যাইবে।

দ্রব্যের নাম।	পৌণ্ড	ঔন্স	ড্রাম।
উত্তম মোটা বিসকুট	৯	০	০
চীড়া	৭	৮	
ছোলা	২	০	০
চিনি	১	০	০

* কোন জাহাজ পাইলভরে যেটাতে গেলে তাহার পঁহুছিতে অনুমান ১২ সপ্তাহ লাগে ইহা বুঝিয়া পূর্ব্বোক্ত ধারানুসারে আহারীয় দ্রব্য ও পীড়াকালীন পথ্য ও ঔষধাদি লইতে হইবে।

৭ নং।

যে জাহাজ মরিচে কি ট্রিনিডাদে মজুরদিগকে লইয়া যায় আইনঅনুসারে তাহার প্রত্যেক একশত জন প্রতি যে পথ্য লইতে হইবে তাহার ফর্দ্দ এই।*

(বারো মাসেই)।

দ্রব্যের নাম।	পরিমাণ।	মন্তব্য কথা।
মুরগী	১২	
মুরগীর খাদ্য	৮০ পৌণ্ড	
শুষ্কদুধ	১২ গ্যালন কিম্বা ২৪ টিন।	অস্ট্রেলিয়া সুইস এক পৌণ্ড টিনে কিম্বা প্রিমরোজের ঔন্স পরিমাণ এক বড় বোতলে যত ধরে তাহাতে আধ গ্যালন তপ্ত জল দিলে উহা দুধ হয়।
সাগু	৫ পৌণ্ড	২ বৎসরের ন্যূন শিশুকে মাই দিতে না পারিলে ঐ শিশুকে দিবস এক পাইণ্ট দুগ্ধ ও ৩ ঔন্স অবধি ৬ ঔন্স পর্য্যন্ত সাগু কি আরারুট দিতে হইবে।
আরারুট	৫ পৌণ্ড	ও স্ত্রীলোক দলে ডাক্তার সাহেবের বিবেচনামতে তাহা কেও তাহা দেওয়া যাইবে।
সুজী	৫ পৌণ্ড	
চিনি	১০ পৌণ্ড	
বেল	৫০ টা	
লেবুর রস	১০ গ্যালন	বোতলে দিয়া রাখিতে হইবে।
ব্রাণ্ডি	১ ডজন	যত ব্রাণ্ডি তোলা হয় তাহার অর্দ্ধেক ব্রাণ্ডির পরিবর্ত্তে ডাক্তার সাহেবের মতে পোর্টওয়াইন দেওয়া যাইতে পারিবে।

*কোন জাহাজ পাইলভরে সেটলে গেলে তাহার পঁহুছিতে অনুমান ১১ সপ্তাহ লাগে ইহা বুঝিয়া পূর্ব্বোক্ত হারানুসারে আহারীয় দ্রব্য ও পীড়াকালীন পথ্য ও ঔষধাদি লইতে হইবে।

৯ নং (চলিতেছে ।)

মরিচ ও বিইডনিয়মে যেং জাহাজ যায় তাহাতে অস্ত্রাদি ও হাস্পাতালের ও দোয়াইখানার আবশ্যক ও গন্ধনাশক যেং দ্রব্য লইতে হইবে তাহার ফর্দ্দ এই ।

দ্রব্য	সংখ্যা
এনিমা পিচকারী ও ইমক টিন বাক্সে বন্ধ	এক
জেবের মধ্যে ধরে এমত অস্ত্রশস্ত্রের বাক্স তাহার মধ্যে গলার নলতে বসাইবার দ্বিগুণ নল	এক
ক্যাথিটর ধাতুময় ৪ ও ৮ নম্বরের ২টা,	দুই
ঐ রবরের ৮ নম্বরের ১টা	এক
স্প্লিন্ট ও প্রেণ প্রভৃতি	১ সেট
২ ঔন্স মাপিবার গেলাস	এক
ফোটা ঐ ঐ	এক
ঔষধ মিলাইবার পাত্র	এক
হামান দিস্তা (ওয়েজউডের)	এক
টিন কমেল	এক
গেলাস ঐ	এক
চেয়াড়ী	এক
পিন	একপাকেট
কলম কাটা ছুরি	এক
কাঁচী সামান্য প্রকারের	এক
ফিতা	এক বাণ্ডিল
বার সামান্য প্রকারের	এক সেট
পাট সরু	এক পৌণ্ড
কার্ক নানা সাইজের	১ ডজন
তোয়ালীয়া দেশীয় মোটা	আধ ডজন
লোহার হাতা কলাইকরা	৪ টা
সাবান দেশীয়	২ পৌণ্ড
গন্ধনাশক দ্রব্য ।	
কালবর্টের কি মাকডুগলের গুঁড়	৩ পৌণ্ড
অপরিষ্কৃত কারবলিক আসিড	১ গ্যালন

সর্ব্ব শুদ্ধ ৩টা ।

স্মারক লিপি ।

প্রয়োজন হইলে মজুরের, যে ডাক্তর সাহেবের জিম্মায় যায় তাঁহার সন্তোষমতে নিম্ন লিখিত অতিরিক্ত দ্রব্য কিম্বা তত্তুল্য কার্য্যের অন্য দ্রব্য দেওয়া যাইবে।

প্রত্যেক জাহাজের নিমিত্ত

মজুরদিগকে লইয়া অমুক স্থানে অমুক নামক যে জাহাজ যাইতেছে আমরা উক্ত ফর্দ্দমতে আইন অনুসারে বয়প্রাপ্ত গত জনের নিমিত্ত ঐ জাহাজে উক্ত ঔষধাদি পাঠাইয়া দিয়াছি ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম ।

তা ঔষধবিক্রেতা ।

অমুক নামক জাহাজে আমি যে ঔষধাদি দেখিয়া লইয়াছি উক্ত ফর্দ্দের সঙ্গে তাহা যথাযোগে মিলাইয়া দেখিয়া সব ঠিক জানিলাম । ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম ।

তাং ডাক্তর

অমুক নামক জাহাজ ।

১০ নং।

মরিচে ও নিউডনিয়মে যে মজুরেরা যায় তাহারদের প্রত্যেক জনের কাপড়ের ও পাত্রাদির ফর্দ্দ।

পথে ব্যবহার করিবার নিমিত্ত মজুরদিগকে আড্ডায় যেং দ্রব্য দেওয়া যায়।	পুরুষদের।	বালকদের।	মন্তব্য।
মোটা লং কেলাথের ধুতী	২	২	প্রত্যেক পুরুষের নিমিত্ত ধুতী ৪ গজ লম্বা, বালকদের নিমিত্ত ৩ গজ লম্বা হইবে।
ড্রিল জামা	১	১	
ফেলানেল বন্যান	১	১	
কালিকো টোপী	১	১	
পাটনাই কম্বল	১	১	
	স্ত্রীদের	বালিকাদের	
মোটা লাং কেলাথের সাড়ী	২	২	প্রত্যেক স্ত্রীর নিমিত্ত সাড়ী ৬ গজ লম্বা ও বালিকার নিমিত্ত ৩ গজ লম্বা ও কোঁক অবধি গুল্ফ পর্য্যন্ত পড়ে এমত ওসার হইবে।
ফেলানেল বান্যান	১	১	
পাটনাই কম্বল	১	১	
	শিশুদের		
মোটা লাং কেলাথের ধুতী কি সাড়ী	১		প্রত্যেক ধুতী কি সাড়ী চারি হাত লম্বা হইবে।

পাত্রাদি।

প্রত্যেক পুরুষকে ও স্ত্রীকে ও বালককে ও বালিকাকে একং খান টিনের বাসন ও মগ দিতে হইবে।

অতিরিক্ত বস্ত্রাদির স্মারক লিপি।

শেষ যে দিনে জাহাজের সকল দ্রব্য দেখিয়া লইতে হইবে তাহার আগে এইং দ্রব্য জাহাজে পাঠাইয়া দিতে হইবে।

১। পূর্ব্বোক্ত বস্ত্রাদি জীর্ণ হইয়া কি ছিঁড়িয়া কি হারিয়া যাইতে পারে ইহা বলিয়া আইন অনুসারে বয়ঃপ্রাপ্ত একং শত জন প্রতি উক্ত প্রকারের আর দুইং দ্রব্য লইতে হইবে।

২। জাহাজে মজুরদের পাড়া হইতে পারে বলিয়া প্রত্যেক জাহাজে ফেলানেলের ছয়খান পটি দিতে হইবে।

১১ নং।

যেং জাহাজে মজুরদিগকে লইয়া কেপের পূর্ব্বে কি পশ্চিমদিগে যায় সেইং জাহাজে আইন অনুসারে বয়ঃপ্রাপ্ত একং শত জনের নিমিত্ত যত জন চাকর লইতে হইবে তাহার ফর্দ্দ এই।

এক জন কম্পৌণ্ডর ও এক জন দোভাষী যাইবে। মজুরদের আহারীয় দ্রব্য যে ডাক্তর সাহেবের ও যে মালিমের জিম্মায় থাকে ঐ ব্যক্তিরা উঁহারদের সাহায্য করিবেন। সেই দুই জন ছাড়া নিম্নলিখিত চাকরেরাও যাইবে। যাহারা সমুদ্রপথে পূর্ব্বে যাত্রা করিয়াছে এমত লোকদিগকে পাওয়া যাইতে পারিলে তাহারদিগকে চাকর স্বরূপ লইতে হইবে।

(ক) সরদার। আইন অনুসারে বয়ঃপ্রাপ্ত একং শত জন প্রতি চারিং জন সরদার।

(খ) ভাণ্ডারী কি রাঁধনি। } আইন অনুসারে বয়ঃপ্রাপ্ত এক শত জন থাকিলে ইহাদের দুইং জন যাইবে তাহার উপর আর একং শত জন প্রতি আর একং জন যাইবে।
(গ) টোপস কি মেথর।

মন্তব্য।—জাতি রক্ষা করিবার জন্যে হিন্দুদের নিমিত্ত রাঁধিতে উত্তম জাতীয় কোন হিন্দুকে (ব্রাহ্মণকে) নিযুক্ত করিতে ও মুসলমানদের নিমিত্ত রাঁধিতে মুসলমানকে নিযুক্ত করিতে হইবে। এই কারণে মজুরদেরই মধ্যহইতে রাঁধনিদিগকে মনোনীত করিয়া নিযুক্ত করা উচিত।

পাঠ।

১ম পাঠ

অমুক জেলের অমুক আইনের অমুক ধারামতে শ্রীঅমুকের যে রেজিষ্টর রাখিতে হইবে তাহা এই

রেজিষ্টরী করিবার তারিখ	রেজিষ্টরী নম্বর	নাম	পিতার নাম	পুরুষ কি স্ত্রী	বয়স	জাতি	ব্যবসায়	অন্য কুটুম্বের নাম	জিলা	পরগণা	গ্রাম	যে সময়ে ও যাহার দ্বারা আনা যায়	যে আড্ডায় যাইবে	যত কাল কর্ম্ম করিবে	যে দিন হৈতে বেতন পাইবে	মন্তব্য কথা

আমি পূর্ব্বোক্ত মজুরের নিকট সকল কথা উপযুক্তমতে জিজ্ঞাসা করিয়াছি ও সে অমুক উপনিবেশে যাইতে চাহে আমার সাক্ষাৎ ইহা স্বীকার করিয়াছে। ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

সাল তাং

অমুক স্থানের মাজিষ্ট্রেট।

৩ নং পাঠ।

মজুরদের রক্ষক সাহেবের নিকট,
নদীর অমুক স্থানবর্ত্তি অমুক নামক জাহাজের কাপ্তান সাহেবের পত্র।

কলিকাতা, সাল তাং

অমুক স্থাননিবাসি শ্রী অমুকের এত টন বোঝাইধারি অমুক নামক যে জাহাজ আমার আজ্ঞাধীন আছে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতির অপেক্ষায় অমুক নামক উপনিবেশে ভারতবর্ষীয় মজুরদিগকে লইয়া যাইবার নিমিত্ত সেই জাহাজ ভাড়া করিয়া লওয়া গিয়াছে। অতএব ভারতবর্ষীয় মজুরদের দেশান্তরগমন বিষয়ক আইনের বিধানমতে নিম্নলিখিত স্মারকপত্রানুসারে আইন অনুযায়ি বয় প্রাপ্ত এত জন মজুরকে অমুক উপনিবেশে লইয়া যাইবার অনুমতিপত্র প্রার্থনা করিতেছি আপনি অনুগ্রহ করিয়া এই প্রার্থনাপত্র গবর্ণমেণ্টে অর্পণ করিবেন।

অমুক জাহাজের কাপ্তান।

অমুক উপনিবেশে মজুরদিগকে পাঠাইবার এজেণ্ট সাহেব যেং প্রকারের যত জন মজুরকে পাঠাইতে চাহেন তাহার স্মারকপত্র।

পুরুষ	স্ত্রী	বালকবালিকা	সর্ব্বশুদ্ধ	আইনমতে বয় প্রাপ্ত যত জন।

৪ নং পাঠ।

প্রথমবার অবস্থার অনুসন্ধান করিলে পর স্থানীয় সরবেয়র সাহেব যে সর্টিফিকট দিবেন তাহা এই।

এত টন বোঝাইধারি অমুক নামক যে জাহাজ এইক্ষণে নদীর অমুক স্থানে শ্রীযুত কাপ্তান অমুক সাহেবের আজ্ঞাধীন আছে আমি মনোযোগে সেই জাহাজের অবস্থার অনুসন্ধান লইয়া তাহা সর্ব্বতোভাবে সমুদ্রপথে যাইবার যোগ্য এবং অমুক নামক উপনিবেশে ভারতবর্ষীয় মজুরদিগকে লইয়া যাইবার উপযুক্ত জ্ঞান করিয়া এই সর্টিফিকট লিখিয়া দিলাম। আর চড়নদারেরা যে তূতকে থাকিবে তাহাও মনোযোগে মাপ করিয়া দেখিলাম যে ১৮৭১ সালের ৭ আইনের ৪ ধারামতে আইন অনুযায়ি বয় প্রাপ্ত এত জন আইনমতে স্বচ্ছন্দে থাকিতে পারে ইহারও সর্টিফিকট লিখিয়া দিলাম। মজুরদের দেশান্তরগমন বিষয়ক বিধির A তফসীলমতে জাহাজের যত জন খালাসী প্রভৃতি থাকে তাহারদের সংখ্যা — — — — বর্ণনা এই২ — — —

মন্তব্য।—এই কর্ম্ম বিভাগের আদেশানুসারে সমস্ত দ্রব্য জাহাজে তুলিয়া দেওয়া গেলে পর শেষবার জাহাজপ্রভৃতির অবস্থার অনুসন্ধান লইয়া রিপোর্ট করা যাইবে।

মাষ্টর আটেণ্ডেণ্টের আফিস।

কলিকাতা, সাল তাং

৫ নং পাঠ।

এই বিধির ৬২ ধারা তে ডাক্তর সাহেবের সর্টিফিকট এ।

অমুক নামক জাহাজে অমুক নামক উপনিবেশে মজুরদিগকে লইয়া যাইবার প্রস্তাব হওয়াছে মজুর দর রক্ষক সাহেব ও পরিদর্শনকারি ডাক্তর সাহেব আপেনার পদের কর্ম্ম বদায় জাহাজে দে খতে গেলে আমি তৎকালে উপস্থিত ছিলাম ও সেই কর্ম্মের নিমিত্ত ঐ জাহাজ পসন্দ হওয়ার বিষয়ে আমার কোন আপত্তি নাই। ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

ডাক্তর

অমুক জাহাজ

কলিকাতা

সাল তাং

---

৬ নং পাঠ।

ভারতবর্ষীয় মজুরদের দেশান্তর গমনবিষয়ক ৮৭১ সালের ৭ আইনের ৪০ ধারার ৫ প্রকরণ মত সর্টিফিকট।

মজুরদের রক্ষক সাহেবের আফিস।

কলিকাতা

সাল তা

অমুক নামক জাহাজ মজুরদিগকে লইয়া যাইবার উত্তম ও উপযুক্ত এবং তাহারদের নিমিত্তে যে স্থান নিরূপণ হইয়াছে অর্থাৎ

সেই স্থানে ভারতবর্ষীয় মজুরদের দেশান্তরগমনবিষয়ক ১৮৭১ সালের ৭ আইনে ৪ ধারার বিধান মতে আইনঅনুযায়ি বয় প্রাপ্ত এত জন মজুর স্বচ্ছন্দে থাকিতে পারিবে ইহার সর্টিফকট লিখিয়া দিলাম।

কলিকাতার মজুরদের রক্ষক।

শ্রী অমুক
অমুক জাহাজের কাপ্তান।

---

৭ নং পাঠ।

অমুক নামক জাহাজের কাপ্তান।
শ্রীঅমুক সমীপেষু।

তারিখ।

তোমার আজ্ঞাধীন অমুক নামক জাহাজে অমুক উপনিবেশে যে মজুরেরা যাইবে তাহারদের নিমিত্ত আহারাদির যে সকল দ্রব্যের নমুনা পাঠাইয়াছ আমি তাহা ভালমতে দেখিয়া গ্রাহ্য করিলাম। ঐ সকল প্রকারের দ্রব্য জাহাজে তুলিয়া আনিতে ও দেখিবার জন্যে তাহা সাজাইয়া রাখিতে গেলে তোমার প্রতি এই উপদেশপত্রে সাবধান হইয়া মনোযোগ করিতে আদেশ করা গেল।

উপদেশ পত্র।

১। সকল দ্রব্য গড়ে পরীক্ষা করা যাইবে এবং আবশ্যক হইলে নমুনার সঙ্গে তাহা মিলাইয়া দেখা যাইবে। অতএব যত কাল তাহার দেখা সমাপ্ত না হয় তত কাল তাহা কলকার বাহিরে রাখিতে হইবে।

২। মজুরদের নিমিত্ত যত দ্রব্য জাহাজে তুলিয়া লওয়া যায় তাহা সাবধানে ওজন করিয়া লওয়া যাইবে ও যত বস্তাপ্রভৃতি থাকে তাহা ঠিক গণিয়া লিখিয়া রাখিতে হইবে। শাকশবজী যে স্থানে দেখা যাইতে পারে এমত কোন ছায়া স্থানে সাবধানে টাঙ্গাইয়া রাখিতে হইবে। তদ্ভিন্ন আহারীয় দ্রব্যাদির নির্ঘণ্টপত্রের মধ্যে যে দ্রব্য যে ক্রমে লেখা গিয়াছে সেই ক্রমানুসারে সকল দ্রব্য নীচের তুতকে শারিং করিয়া রাখিতে হইবে। ঐ নির্ঘণ্টপত্রের তিন খানি এই পত্রের সঙ্গে পাঠাইলাম।

৮ নং পাঠ।

ওয়েষ্ট ইণ্ডিসের অন্তর্গত অমুক উপনিবেশে কাপ্তান শ্রী অমুক সাহেবের অধীন অমুক নামক জাহাজে আইন অনুযায়ি বয়ঃপ্রাপ্ত এত জন মজুর যাইবে তাহারদের নিমিত্ত আহারীয় দ্রব্য ও জল ও নানা প্রকারের দ্রব্য ও পীড়িত লোকদের পথ্য প্রভৃতি সমুদয় দ্রব্যের নির্ঘণ্টপত্র।

দ্রব্য শ্রেণী।	দ্রব্যাদির নাম।	আইন অনুযায়ি বয়ঃপ্রাপ্ত ১০০ জনের নিমিত্ত হার।			মোটে যত দ্রব্য জাহাজে আনিয়া দেওয়া গেল।			যেরূপে বদ্ধ করা যাইবে।	[illegible]	মন্তব্য।
		পৌঃ	ঔন্স	ড্রাম	পৌ	ঔন্স	ড্রাম			
শস্যাদি।	চাউল বালাম							বস্তায়		
	কি									
	ময়দা							পিপাতে		
	,, পীড়িত ব্যক্তির পথ্য									
	দাইল, অরহর							বস্তায়		
	, ছোলা									
	, মাষকলাই									
	মুগ									
	সুজী							টিনে ও বাকসে		
	যাও									
	সাগু									
	আরারুট									
তৈল।	ঘী									
	তৈল সরিষার									
মাছ ও মাংস।	শুকটি মাছ							বস্তায়		
	জারা মেষমাংস									
	মেষমাংসের ঝোল							টিনে ও বাক্সে		
	ছোট মুরগীর ঝোল									
	লিবিগের মহামসার									
	জারা দুধ									
	মেষ							খাপরায়		
তরকারি।	কুমড়া কি চুপরী আলু									
	আলু							টাঙ্গে ও চুপরীতে		
	, জারা									
	পেয়াজ									
	রশুন									
মসলা।	সরিষার বীজ							বস্তায়		
	লঙ্কামরিচ									
	গোল ঐ									
	ধনিয়া									
	হলুদ									
স্কর্বিনাশক।	তেঁতুল									
	নেবুর রস							বোতলে		
	বেল ফল কি জারা বেল							টিনে		
লবণ	লবণ									
উত্তেজক ও নিদ্রাজনক	তামাক, খাইবার							পিপায়		
	,, দোক্তা							বস্তা		
	ব্রাণ্ডি কি রম							বোতল		
	পোর্ট ওয়াইন									
	চা, উত্তম আসামের							টিন		
শুষ্ক দ্রব্য।	চিনি { শুষ্ক আহারীয়							থলীতে		
	চিনি { পীড়িত ব্যক্তির পথ্য									
	বিস্কুট							টিনে কি পিপায়		
	চীড়া									
	ছোলা { মজুরদের নিমিত্ত							থলীতে		
	ছোলা { মেষের নিমিত্ত									
	একং মেষের নিমিত্ত শুষ্ক ঘাস							বস্তা বাঁধা		
	জ্বালানি কাষ্ঠ কি কয়লা									
	জলধানহইতে জল									

৮ নং পাঠ।—(চলিতেছে)

শ্রেণী	নানা প্রকারের দ্রব্য।	আইন অনুযায়ি বয়ঃপ্রাপ্ত ১০ জনের নিমিত্ত		জাহাজে সর্ব্বসুদ্ধ যত আনিয়া দেওয়া যায়		যে রূপে বদ্ধ হইবে	যত বস্তা প্রভৃতি	মন্তব্য।
		যত	ওজন	যত	ওজন			
[illegible]খিবার দ্রব্য	তরাজু ও বাটখারা							
	তুলদণ্ড							
	কাঠ চিরিবার কুড়ালি							
	ছুরি							
	টিন খুলিবার লোহার ছুরী							
	ছাতা { ভাতের							
	ছাতা { দাইলের							
	চামচ							
	তোষক							
	বালিশ							
	চাদর							
	থরমমিটর							
	কমোড							
	ত্রিপাল (তাম্বুর মত)							
	উইমসেল							
	মধ্যের ও দ্বারের নিকট ও ছত্রীর তুতকের চাঁদনী।							
	লাইফ বয়া							
	দমকল কলসুদ্ধ							

আইন অনুযায়ি বয়ঃপ্রাপ্ত এত জন মজুরের নিমিত্ত পূর্ব্বোক্ত পরিমাণ ও সংখ্যানুসারে সমস্ত দ্রব্য আমার মাজাধীন অমুক নামক জাহাজে এক্ষণ আছে। পূর্ব্বোক্ত সকল দ্রব্য মনোযোগে ওজন করা ও চিহ্ন দেওয়া গয়াছে ও দেখিয়া লইবার জন্যে সকলই প্রস্তুত আছে আর মজুরদের রক্ষক সাহেবের আফিসে আহারীয় দ্রব্যের য নমুনা পাঠাইয়াছিলাম এই সকল দ্রব্যের গুণ ঠিক তাহার মত ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

আরো কেবল মজুরদের নিমিত্ত পূর্ব্বোক্ত যে সকল দ্রব্য জাহাজে আছে তাহা ছাড়া জাহাজের মালিমদের। খালাসিদের ও মেষ মুরগী প্রভৃতি জীব জন্তুদের এত মাসের আহার ও পান করিবার উপযুক্ত যথেষ্ট দ্রব্য ও জল ওরা গিয়াছে ঐ জল কলিকাতার জলের থাম হইতে লওয়া গেল ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

যে মালিমের জিম্মায় ঐ সকল দ্রব্য আছে তাহার নাম।

কলিকাতা　　　　　　　　　　　　　　　　কাপ্তান

সাল তাং।　　　　　　　　　　　　　　　　অমুক জাহাজ।

৯ নং পাঠ।

শ্রীঅমুক আমার আজ্ঞাধীন অমুক নামক জাহাজে আইন অনুযায়ি বয় প্রাপ্ত এত জন মজুর মরিচ প্রভৃতি স্থানে যাইবে তাহারদের নিমিত্ত আহারীয় দ্রব্য ও জল ও নানা প্রকারের দ্রব্য ও পীড়িত ব্যক্তিদের পথ্য যত দ্রব্য লওয়া গিয়া ছ তাহার নির্দ্দিষ্টপত্র এই।

আপ্রিল মাস অবধি অক্টোবর মাস পর্য্যন্ত } সেই স্থানে পঁহুছিতে { ১০ সপ্তাহ
নবেম্বর মাস অবধি মার্চ মাস পর্য্যন্ত } সেই স্থানে পঁহুছিতে { ৮ সপ্তাহ

দ্রব্য শ্রেণী।	দ্রব্যের নাম	দশ সপ্তাহের নিমিত্ত আইন অনুযায়ি বয় প্রাপ্ত ১০ জনের হার			৮ সপ্তাহের নিমিত্ত আইন অনুযায়ি বয় প্রাপ্ত ১০০ জনের হার			মোটে যত দ্রব্য জাহাজে লওয়া গেল।			যে রূপে বাঁধা যাইবে।	কত বস্তা প্রভৃতি।	মন্তব্য।
		পৌ	ঔন্স	ড্রাম	পৌ	ঔন্স	ড্রাম	পৌ	ঔন্স	ড্রাম			
শস্য	চাউল বালাম										বস্তায়।		
	দাইল অরহর												
	ছোলা												
	মুগ												
	মাষ কলাই												
তৈল	ঘী										টিনে		
	তৈল সরিষার												
	শুকটি মাছ										বস্তায়		
তরকারি	কুমড়া										টাঙ্গা		
	আলু										ঝুড়ীতে		
	পেয়াজ												
	রশুন												
মসলা	লঙ্কা মরিচ										বস্তায়।		
	ধনিয়া												
	হলুদ												
	তেঁতুল												
	লবণ												
	তামাক খাইবার										পিপায়		
	জ্বালানি কাঠ												
	জলধান হইতে জল										জলাশয়ে।		
শুষ্ক দ্রব্য	বিসকুট										বস্তায়।		
	চীড়া												
	ছোলা { মজুরেদের নিমিত্ত / মেষের নিমিত্ত												
	চিনি												
	মুরগি												
	মুরগির ধান												
	মেষ												
	মেষের ঘাস										বস্তা বাঁধা।		
পীড়িতদের পথ্য	লেবুর রস										বোতলে		
	ব্রাণ্ডি												
	বেল জল কি জারা বেল												
	জারা দুধ										টিনে।		
	সাগু												
	আরারুট												
	সুজী												

৯ নম্বর পাঠ।—(চলিতেছে)।

দ্রব্য শ্রেণী	দ্রব্যের নাম।	১০ সপ্তাহের নিমিত্ত আইনমত বয়ঃপ্রাপ্ত ১০০ জনের হার		৮ সপ্তাহের নিমিত্ত আইনঅনুযায়ি বয় প্রাপ্ত ১০ জনের হার		গর্ব্বযুক্ত যত দ্রব্য জাহাজে লওয়া যায়		যে রূপে দিতে হইবে	যত বৎসর চলিবে	মন্তব্য, কিম্বা।
		যতটি	ওজন	যতটি	ওজন	যতটি	ওজন			
নানা প্রকারের দ্রব্য।	ঢাকাই সাবান							বাক্সে		
	চুণ (দোহারা) থলিতে							থলিতে		
	ইংরেজী লোহার ডেক ঢাকনী ও ছিদ্রং যুক্ত কালস বাটম যুক্ত									
	ঐ উহা অপেক্ষা ছোট (দাইলের নিমিত্ত)									
	তামার বোম।									
	আগুনের বালতী তসমা বাঁধ									
	সওয়াব নূতন পূর্ণ পরিমাণের									
	ছুরী									
	লোহার হাতা { ভাতের / দাইলের									
	শিল ও লোড়া									
	কুড়ালী বাঁট সহিত									
	লণ্ঠন তেল ধরবার আধার যুক্ত									
	নারিকেলের তেল							টিনে		
	ঝাড়ু দেশীয়									
	ইংরেজী দাঁড়ি পাল্লা বাটখারা যুক্ত									
	তুলাদণ্ড									
	গ্যালনের মাপ তামার কি মোটা টিনের									
	চাউল পরিষ্কার করিবার চালনী									
	ডেকের গাড়ী									
	ইঙ্গরেজী লাইফ বয়া									
	কাপড় টাঙ্গাইবার দড়ী									
	ইসক্রাপ									
	চাকাওয়ালা পীপা									

১১ নং পাঠ।

সরবেষরের সর্টিফিকট।

কলিকাতা তারিখ।

শ্রীঅমুক সাহেবের আদেশমতে আমি অমুক জাহাজে জলমিষ্ট করিবার অমুক মজুরের পেটন্ট কাণ্ডেল পরীক্ষা করিয়া দেখিয়াছি। মিষ্ট জলের কাণ্ডেলে যেই দ্রব্য থাকা আবশ্যক তৎসম্পর্কে ও তফসীলে যে সকল বিধি আছে তদনুসারে আমার সন্তোষমতে সম্পূর্ণ কার্য্য হইয়াছে ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

গবর্ণমেন্টের পক্ষে কলের সরবেষর।

---

১২ নং পাঠ।

৪৬ ও ৪৭ ধারামতে কাপ্তানের যে সার্টিফিকট দিতে হইবে তাহা এই।

আমার আজ্ঞাধীন অমুক নামক জাহাজে কোন দুষ্ট কুক্কুর কি বন্য পশু নাই। এবং বারুদ কিম্বা ঝটিতি জ্বলিয়া উঠে এমত কোন দ্রব্য কি পশুর শুষ্ক চামড়া কিম্বা অন্য যে কোন প্রকারের দ্রব্য দ্বারা মজুরদের স্বাস্থ্যের কি আপদের হানি হইতে পারে এমত কোন দ্রব্য ঐ জাহাজের বোঝাই দ্রব্য কি বোঝাই দ্রব্যের একাংশ বলিয়া লওয়া যায় নাই। জাহাজের ব্যবহারের নিমিত্ত জ্বলনশীল যেই দ্রব্য লওয়া নিতান্ত অবশ্যক তাহা সকলই অতি নিরাপদের স্থানে রাখা গিয়াছে ও জাহাজের মালিম অমুক নামক সাহেবের জিম্মায় রাখা গিয়াছে। আগুনের ভয় হইলে দমকল ও দল ও বালতী প্রভৃতি যে সকল দ্রব্যের প্রয়োজন হয় তাহা লইয়া কার্য্য চালাইবার সুধারামতে রাখিবার জন্যে ও আবশ্যক হইলেই তাহাতে অনায়াসে কার্য্য চালাইতে পারা যায় এই নিমিত্ত আমি উক্ত মালিমকে ও ছুতারকে ও ইঞ্জিনিয়রকে নিযুক্ত করিয়া রাখিলাম ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম

কাপ্তান।

কলিকাতার মজুরদের রক্ষক সাহেব সমীপেষু। অমুক নামক জাহাজ।

---

১৩ নং পাঠ।

অমুক নামক জাহাজে এত জন মজুর যাইবে তাহারদের ব্যবহারের নিমিত্ত হারানুসারে যে অতিরিক্ত কাপড় ও কম্বল দেওয়া গিয়াছে আমি তাহা দেখিয়া গ্রাহ্য করিলাম। আরো সেই জাহাজে মজুরদের যে আহারীয় ও নানা প্রকারের দ্রব্য আছে তাহা অমুক নং পাঠানুসারে ঐ২ দ্রব্যের পরিমাণের নির্ঘণ্টপত্র সহিত মিলাইয়া দেখিয়া সকলই ঠিক জানিলাম ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

ডাক্তর।

অমুক নামক জাহাজ।

---

১৪ নং পাঠ।

জাহাজে থাকিবার স্থানাদি যেরূপে সাজান হইয়াছে তদ্বিষয়ে কাপ্তান সাহেবের সর্টিফিকট ও এ দ্রব্যাদি শেষবার দেখিবার প্রার্থনাপত্র।

ভারতবর্ষীয় মজুরদের দেশান্তর গমনবিষয়ক ১৮৭১ সালের ৭ আইনের বিধানমতে ও বিধিমতে আমি সমুদ্রপথে যাইবার সময়ে মজুরদের দ্রব্য অমুক নামক জাহাজের তৃতীয় মালিম শ্রী অমুক সাহেবের জিম্মায় দিয়া রাখিয়াছি। জাহাজের মজুরদের থাকিবার স্থানাদির সমস্ত বিষয় উত্তমরূপে সাজান গিয়াছে ও বায়ু খেলিবার সম্পূর্ণ নিয়ম করা গিয়াছে। এবং তোমার অমুক তারিখের অমুক নম্বরের প্রেরলিখিত উপদেশানুসারে মজুরদের নিমিত্ত সমস্ত দ্রব্য মনোযোগে উত্তম হইয়া ও চিহ্ন দিয়া শারিং করিয়া রাখা গিয়াছে ও রাজকীয় কার্য্যকারকদের দেখিবার জন্যে সম্পূর্ণরূপে প্রস্তুত আছে ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানে উক্ত সকল বিষয় ও দ্রব্য শেষবার দেখিয়া লওয়া যায় আমার এই প্রার্থনা। সেই কার্য্য সাহায্য করিবার জন্যে যে ব্যক্তিদের উপস্থিত থাকা উচিত তাহারদের সেই দিনে উপস্থিত থাকন বিষয়ে আমার মনোযোগ থাকিবে (অমুক নং পাঠানুসারে) আহারীয় দ্রব্যাদির নির্ঘণ্টপত্রের দুই কেতা উক্ত যুক্তমতে পূর্ণ করিয়া দিয়া ও তাহাতে স্বাক্ষর ও তারিখ লিখিয়া আদেশমতে ইহার সঙ্গে পাঠান গেল এবং মজুরদের নিমিত্ত ঔষধাদি ও অতিরিক্ত কাপড়প্রভৃতি বিষয়ে ডাক্তর সাহেবের সর্টিফিকটও সঙ্গে পাঠান গেল।

কাপ্তান।

কলিকাতার মজুরদের রক্ষক সাহেব সমীপেষু। অমুক নামক জাহাজ।

---

১৫ নং পাঠ।

এই বিধির ৫৮ ধারামতে ডাক্তর সাহেবের সর্টিফিকট।

মজুরদিগকে অমুক স্থানে লইয়া যাইবার নিমিত্ত অমুক নামক জাহাজের ভাড়া হওয়াতে সেই জাহাজে মজুরদের থাকিবার স্থানপ্রভৃতি বিষয় যে রূপে সাজান গিয়াছে ও তাহারদের নিমিত্ত যে আহারীয় দ্রব্য ও ঔষধাদি ও অতিরিক্ত কাপড় আছে মজুরদের রক্ষক সাহেব ও পরিদর্শনকারি ডাক্তর সাহেব তাহা যে সময়ে শেষবার দেখিয়া লন সেই সময়ে আমিও উপস্থিত ছিলাম। আমার বুদ্ধিমতে সেই সকল সাজান বিষয় ও থাকিবার সাধারণ স্থান ও দ্রব্যাদি এবং নির্দিষ্ট বিধিমতে যথোচিত হইয়াছে।

কলিকাতা ডাক্তর।

সাল তাং অমুক নামক জাহাজ।

১৭ নম্বর।

শিপিং মাষ্টরের সর্টিফিকট।

ভারতবর্ষীয় মজুরদের দেশান্তর গমনবিষয়ক ১৮৭১ সালের ৭ আইনমতে যে বিধি করা গিয়াছে তাহার ক্রোড়পত্রের A চিহ্নিত তফসীলের বিধিমতে যত জন মালিম ও খালাসীপ্রভৃতি থাকা উচিত এত টন বোঝাইধারী অমুক নামক জাহাজে সেই সম্পূর্ণ সংখ্যার মালিম ও খালাসীপ্রভৃতি আছে ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

প্রথম ডেপুটী শিপিং মাষ্টর।

মন্তব্য।—কেপের পশ্চিমদিগের কোন বন্দরে জাহাজের যাইতে হইলে ১১ নং ফর্দ্দমতে যত জন টোপসকে লইবার বিধান আছে তত জনকে নিযুক্ত করা গিয়াছে ও জাহাজের নিয়মপত্রে তাহারদের নাম লেখা গিয়াছে এই কথাও জানাইতে হইবে।

---

১৮ নম্বর।

আমার আজ্ঞার অধীন অমুক নামক জাহাজ সমুদ্রে টানিয়া লইবার জন্যে প্রথম শ্রেণীর অমুক নামক টগ ষ্টীমরের সঙ্গে আমার করার হইয়াছে ও সেই টগষ্টীমরে সাত দিনের উপযুক্ত কয়লা আছে। মজুরদের উঠিবার জন্যে জাহাজ অমুক তারিখে প্রস্তুত হইবে ও মজুরদের উঠিবার পর চব্বিশ ঘণ্টার মধ্যে জাহাজকে টানিয়া লইতে টগ ষ্টীমরের সঙ্গে করার হইয়াছে।

কাপ্তান।

অমুক নামক জাহাজ।

---

৯ নম্বর।

আসল।

অমুক স্থানে অমুক নামক যে জাহাজ যাইবে তন্মধ্যে খালাসী ও ভারতবর্ষীয় চড়নদার যত জন থাকে তাহারদের বর্ণনাপত্র।

দেশীয় খালাসী	সংখ্যা।
সরাঙ্গ খালাসী প্রভৃতি	
কাপ্তান সাহেবের ও মালিম সাহেবদের চাকর	
চড়নদারদের চাকর	

এদেশীয় চড়নদার।

নাম	বয়স	জাতি	ব্যবসায়।

কলিকাতা

সাল তারিখ

কাপ্তান

মজুরদের রক্ষক।

স্মারক লিপি।

গবর্ণমেণ্টের আজ্ঞামতে প্রিবেণ্টিব আফিসর যে সময়ে অমুক নামক জাহাজহইতে চলিয়া আইসেন সেই সময়ে যে আড়কাটি সাহেবের জিম্মায় জাহাজ থাকে তাঁহার হাতে তিনি এই কাগজ দিয়া আসিবেন। আর এই ফর্দ্দে যাহারদের নাম লেখা নাই ভারতবর্ষীয় দেশীয় এমত কোন লোককে জাহাজে তুলিয়া লইবার উদ্যোগ হইলে জাহাজ থামাইয়া সেই কথার রিপোর্ট করিতে হইবে। এই পত্র অমুকের নিকট ফিরিয়া দিতে হইবে

মজুরদের রক্ষক।

২০ নম্বর।

৮৭১ সালের ৭ আইনের ৪৪ ধারামত সর্টিফিকট।

যে মজুরেরা অমুক স্থানে যাইতে উদ্যত ভারতবর্ষীয় মজুরদের দেশান্তরগমনবিষয়ক ১৮৭১ সালের ৭ আইন মতে ও তদনুযায়ি বিধিমতে তাহাদের স্বাস্থ্যের ও স্বচ্ছন্দতার ও নিরাপদের জন্যে আমার যে সকল কর্ম্ম করিতে আজ্ঞা হইয়াছে তাহা করিয়াছি ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

কলিকাতা

সাল তাং মজুরদের রক্ষক।

মন্তব্য।—কাপ্তান সাহেব দেশান্তর গমনকার্য্যের এজেণ্ট সাহেবের স্থানেও উক্ত প্রকারের সর্টিফিকট লইবেন।

---

২১ নং পাঠ।

লাইসেন্স।

শ্রীশ্রীমতী মহারানীর শাসিত দেশ নিবাসিদের অমুকদেশে গমনের বিধান করণার্থ ১৮৭১ সালের ৭ আইনের বিধানমতে অমুক কাপ্তান সাহেবের আজ্ঞাধীন অমুক ব্যক্তিদের ন্যূনাধিক এত টন ধারি অমুক নামক জাহাজে এত জন যাইতে পারে কলিকাতা বন্দরের মজুরদের রক্ষক সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের নিকট এই মর্ম্মের সর্টিফিকট দিয়াছেন। এবং উক্ত কাপ্তান সাহেব ১৮৭১ সালের ভারতবর্ষীয় ৭ আইনের নানা বিধানমতে কর্ম্ম করিয়াছেন মজুরদের পূর্ব্বোক্ত রক্ষক সাহেবও এই মর্ম্মের সর্টিফিকট দিয়াছেন এই কারণে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অমুক জাহাজের কাপ্তান শ্রীঅমুক সাহেবকে এইঅনুমতি দিয়াছেন যে তিনি ভারতবর্ষের গবর্ণমেণ্টের পূর্ব্বোক্ত ১৮৭১ সালের ৭ আইনের বিধান মতে অমুক স্থানে মজুরী করিবার নিমিত্ত আপন জাহাজে এত জনের অনধিক ব্যক্তিকে লইয়া সেই স্থানে পঁহুছাইয়া দেন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে।

ফোর্ট উলিয়ম সাল তাং

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের আফীসে
অমুক সালের অমুক নম্বর বলিয়া রেজিষ্টরী করা গেল

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

হেড আসিষ্টাণ্ট।

---

২২ নং পাঠ।

আমি অমুক নামক জাহাজের খালাসীদিগকে ভালমতে দেখিয়া তাঁহারদিগকে সুস্থ ও কর্ম্মের উপযুক্ত জ্ঞান করিলাম।

তারিখ। ডাক্তর।
অমুক জাহাজ।

২৬ ন পাঠ।

হাস্পাতালে—গ্রহণ ও বিদায় করণের বহী।

যত ব্যক্তি গ্রাহ্য হয়	কেস বহীতে দেখিবার জন্যে কোলিওর নম্বর	নম্বের কর্দ্দে যে নম্বর দেওয়া যায়	নাম	বয়স	পুরুষ কি স্ত্রী	পীড়া বা গ্রহণের কারণ	তারিখ।			যত দিন চিকিৎসাধীন থাকে	মন্তব্য। এই বিষয়ের বিশেষ বিবরণ কেস বহীতে সংক্ষেপে লিখিতে হইবে।
							গ্রহণকরিবার	বিদায় দিবার বা আরোগ্য হইবার	মৃত্যুর		

চিকিৎসক।

জাহাজ

তারিখ

২৭ নং পাঠ।

ডাক্তর সাহেবের কেস বহী।

কেস ন-
নামের কর্দ্দে পীড়িত ব্যক্তির
ও নাম

ফোলিও।
নম্বর, ও পুরুষ বা স্ত্রী
ও বয়স।

তারিখ	পীড়ার সংক্ষেপ বিবরণ ও ক্রমে রোগের হ্রাসের কি বৃদ্ধির কথা ঔষধাদির ফলের কথাপ্রভৃতি।	ব্যক্তির কিরূপে চিকিৎসা হয় ও যে ঔষধ ও পথ্যাদি দেওয়া গেল।

ডাক্তর
অমুক নামক জাহাজ।

---

২৮ ন পাঠ।

জন্মের ও মৃত্যুর রেজিস্টর।

জন্ম।

নামের কর্দ্দে যে নম্বর থাকে তাহা	মার নাম	বয়স	যে সময়ে জন্ম হয়		পুত্র কি কন্যা	মন্তব্য।
			তারিখ	ঘণ্টা		

মৃত্যু

নামের অর্দ্ধে যে নম্বর থাকে তাহা	নাম	বয়স	যে সময়ে মৃত্যু হয়		কারণ	মন্তব্য কথা।
			তারিখ	ঘণ্টা		

ডাক্তর
অমুক জাহাজ।

২৯ নম্বর পাঠ।

পথের চিকিৎসা সম্বন্ধীয় বিবরণ।—অর্থাৎ অমুক কাপ্তান সাহেবের অধীন অমুক নামক যে জাহাজে ভারতবর্ষীয় মজুরেরা কলিকাতাহইতে অমুক স্থানে অমুক ডাক্তর সাহেবের জিম্মায় যায় সেই জাহাজে যে২ ব্যাপার ঘটে তাহার শ্রেণীবদ্ধ বিবরণ।

তারিখের স্মারকপত্র।

মন্তব্য —জাহাজ কেপের পূর্ব্বদিগ কোন স্থানে গেলে ৪, ৫, ৬, ৭, ৮, ঘরের প্রয়োজন নাই তাহা খালি থাকিতে পারে।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
জাহাজে উঠিবার তারিখ	সাগরে আড়কাটি জাহাজ ছাড়িয়া যায়	সমকোটি রেখা পার হইল	ট্রোপিকে প্রবেশ করিল	কেপে কি তাহার নিকট পঁহুছিল	ট্রোপিকে প্রবেশ করিল	সেণ্ট হেলেনায় পঁহুছিল	সমকোটি রেখা পার হইল	পথের মধ্যে অন্য কোন বন্দরে যা দিলে সেই বন্দরের নাম ও পঁহুছিবার তারিখ ও কারণ লিখ	বন্দরে পঁহুছিল	জাহাজে উঠিবার তারিখ অবধি জাহাজ হইতে নামিবার তারিখ পর্যন্ত কত দিন লাগে	মন্তব্য।

মজুরদের সংখ্যার ও বর্ণনার স্মারক পত্র।

মজুর	পুরুষ	স্ত্রী	বালক বালিকা		শিশু		সর্ব্বসুদ্ধ কত জন	আইনমতে বয়প্রাপ্ত সর্ব্বসুদ্ধ কত জন	মন্তব্য।—পথে যাইবার ও পঁহুছিবার সময়ে মজুরদের সাধারণ অবস্থা ও পীড়া কোন সময়ে ও জাহাজের কোন ভাগে প্রবল ছিল ও পীড়ার ভাব ও তাহার আনুমানিক কারণ।
			বালক	বালিকা	পুরুষ	স্ত্রী			
জাহাজে উঠিল									
পথে জন্ম হইল									
মরিল ও মরণের কারণ — ওলাউঠা									
অতিসার									
আমাশা									
বুকের রোগ									
জ্বর									
ঘটনাক্রমে									
অন্য রোগ									
মোটে যত জন মরিল									
জাহাজহইতে নামিয়া গেল — সুস্থ হইয়া									
প্রায় সুস্থ হইয়া									
হাস্পাতালে পাঠান যায়									
মোটে যত জন নামিয়া গেল									
উপযুক্ত ঘরে২ এইং কথা লিখিতে হইবে।—									বিবরণ।
(ক) প্রতিদিন গড়ে যত জন মজুর সুস্থ ছিল									(ক) যত জন মজুর প্রতি দিন সুস্থ ছি তাহার গড় জানিবার বিধি এই।— যাইতে যত দিন লাগিল তদ্দ্বারা প্রতিদিন যত জন হাজিরী দিল তাহারদের সংখ্যা ভাগ করিতে হইবে।
(খ) প্রতি দিন গড়ে যত জন পীড়িত ছিল									(খ) প্রতিদিন কত জন পীড়িত ছিল তাহার গড় জানিবার বিধি এই।—পথে যাইবার প্রতিদিন যত জন হাস্পাতালে পীড়িত ছিল তাহারদের সংখ্যা একুন করিয়া পথে যাইতে যত দিন লাগিল তাহাদ্বারা ঐ সংখ্যা ভাগ করিতে হইবে।
(গ) গড়ে যত জন প্রতি দিন সুস্থ তাহার সঙ্গে গড়ে যত জন প্রতিদিন পীড়িত ছিল তাহা মিলাইয়া শতকরা									(গ) গড়ে যত জন পীড়িত ও যত জন সুস্থ ছিল ইহার শতকরা জানিবার এই বিধি।—গড়ে যত জন প্রতিদিন পীড়িত ছিল তাহারদের সংখ্যা এক শতে পূর্ণ করিয়া গড়ে যত জন প্রতি দিন সুস্থ ছিল তাহারদের সংখ্যাতে ঐ ফলিতাঙ্ক ভাগ করিতে হইবে।
(ঘ) যত জন প্রতিদিন সুস্থ ছিল তাহারদের সঙ্গে শতকরা যত জনের মৃত্যু হয় তাহার মিলান									(ঘ) গড়ে যত জন প্রতিদিন সুস্থ ছিল তাহারদের সঙ্গে মিলাইয়া শতকরা যত জনের মৃত্যু হয় তাহা জানিবার বিধি এই।—যত জনের মৃত্যু হয় তাহারদের সংখ্যা একশত গুণ করিয়া গড়ে যত জন প্রতিদিন সুস্থ ছিল তাহারদে সংখ্যাতে ঐ ফলিতাঙ্ক ভাগ করিতে হইবে।

নীচের তুতকে যত গ্রীষ্ম ছিল তাহার কথা।

তারিখ।	প্রাত কালে ৭ ঘটা			বাতাস পশ্চাত কি সম্মুখ কোন দিগে।	টৌপীওয়ালা নল বায়ুর সম্মুখ কি বিপরীত যে দিক দেখায়।	বেলা ১টা।			বাতাস পশ্চাত কি সম্মুখ কোন দিগে।	টৌপীওয়ালা নল বায়ুর সম্মুখ কি বিপরীত যে দিক দেখায়।	রাত্রী ৮টা।			বাতাস পশ্চাত কি সম্মুখ কোন দিগে।	টৌপীওয়ালা নল বায়ুর সম্মুখ কি বিপরীত যে দিক দেখায়।
	জাহাজের পশ্চাদ্দিগে।	জাহাজের মধ্যস্থানে।	জাহাজের অগ্রভাগে।			জাহাজের পিছনদিগে।	জাহাজের মধ্যভাগে।	জাহাজের অগ্রভাগে।			জাহাজের পিছনভাগে।	জাহাজের মধ্যভাগে।	জাহাজের অগ্রভাগে।		

নিম্নলিখিত কএক বিষয়ে সাধারণ মন্তব্য কথা।

১। খাদ্য দ্রব্য ও জল।

২। লোণা জল মিষ্ট করিবার যন্ত্রের কর্ম্ম।

৩। ঔষধ ও পথ্যদ্রব্য।

৪। জাহাজ ও তন্মধ্যে বায়ু গমনাগমনের উপায়।

৫। মালিমদিগের আচার ব্যবহার।

৬। দোভাষি সরদার টোপসপ্রভৃতির আচার ব্যবহার।

৭। দেশান্তরগামি মজুরদের কাপড়।

৮। সকলি পরিষ্কার রাখিবার যেং উপায়ের ব্যবহার হয়।

৯। দুর্গন্ধনাশক দ্রব্যের ব্যবহার।

১০। সাধারণ মন্তব্য কথা ও প্রস্তাব।

ডাক্তর
অমুক নামক জাহাজের
অধ্যক্ষ চিকিৎসক।

তাং

পূর্ব্বে যত বার দেশান্তরগামি ইউরোপীয় লোকদিগের সঙ্গে গিয়াছিলেম।

ঐ ঐ ভারতবর্ষীয় মজুরদিগের ঐ ঐ

---

৩০ নং পাঠ।

অমুক নামক যে জাহাজ কলিকাতাহইতে অমুক উপনিবেশে পঁহুছিল সেং জাহাজে যে মজুরেরা যায় তাহারদের বিষয়ে ঐ উপনিবেশের কার্য্যকারকদের রিপোর্ট।

কাপ্তান সাহেব	
ডাক্তর সাহেব	
আসিষ্টাণ্ট ডাক্তর	
জাহাজ যে সময়ে চলিয়া যায়	
পথে যাইতে যত দিন লাগিল	
যত টন ধারি বলিয়া জাহাজ রেজিষ্টর করা যায়	
চড়নদারদের তূতকের কালীতে পরিমাণ	
উপরের তূতকে হাঁটিবার যত জায়গা	
ছত্রীতে হাটিবার যত জায়গা	
হাসপাতালের নিমিত্ত যত স্থান পৃথক রাখা যায়	
তূতকের মেজ্যাহইতে ছাত কয় হাত উচ্চ	
আইনমতে বয় প্রাপ্ত কত জন থাকিতে পারে	
আইনমতে বয় প্রাপ্ত কত জন জাহাজে উঠিল	
কোন সময়ে কোন্ স্থানে নামিয়া গেল	
কত জন খালাসী	
পার্শ্বের ফুকর ও পেছন দিগের খিড়কী ও ঝলকা ছাড়া আলো ও বাতাস প্রবেশ করিবার অন্য ফুকরপ্রভৃতির পরিমাণ মোটে	
পার্শ্বদিগের কত ফুকর ও তাহা কত বড়	
লাইফ বয়া কত	
পাইখানার অবস্থা	
রাঁধিবার সরঞ্জামের অবস্থা	
দমকলের অবস্থা	
রাত্রির ও কোয়াশার সিকনেল	
কি প্রকারের বোঝাই দ্রব্য	
জাহাজ যেং বন্দরে থামিল	

	কটা	বিবরণ	লম্বাই		চৌড়াই		গহ্বর	
			ফুট	ইঞ্চি	ফুট	ইঞ্চি	ফুট	ইঞ্চি
বোট		লাঙ্গ বোট						
		লাইফ বোট						
		গিগ						
		পিন্নিস						
		কটর						

পথে যাইবার সময়ে সপ্তাহ২ যত জন পীড়িত বলিয়া গ্রাহ্য হয়।

যে তারিখ অবধি।	যে তারিখ পর্য্যন্ত।	জ্বর।	অতিসার।	আমাশয়।	ওলাউঠা।	বসন্ত	অন্য রোগ।	মোট।	মন্তব্য কথা।

পথে যাইতে২ যত জন মরে।

অঙ্ক।	নাম।	পুরুষ কি স্ত্রী।	বয়স।		রোগ	মরণের তারিখ।	বহুকাল পীড়িত।	যে গ্রাম হইতে আসা যায়।	মন্তব্য।
			বৎসর।	মাস।			দিন।		

পথে যাইতে২ মোটে কত জনের মৃত্যু হয়।
চতুষ্পাদের মোট সংখ্যা বুঝিয়া শতকরা যত জন মরে।

যত জন জাহাজে উঠিল ও জাহাজহইতে নামিয়া গেল ও পথে যত জনের জন্ম ও মৃত্যু হয়।

	জাহাজে উঠিল		পথে যাইতে২ মরিল		জাহাজহইতে নামিয়া গেল		
	পুরুষ	স্ত্রী	পুরুষ	স্ত্রী	পুরুষ	স্ত্রী	মোটে
দশ বৎসর কি তাহার অধিক বয়সের যত জন পঁহুছিল।							
দশ বৎসরের কম দুই বৎসর বয়স অবধি যত জন পঁহুছিল।							
দুই বৎসরের কম বয়সের যত জন পঁহুছিল।							
পথে জন্মিল — পুত্র							
পথে জন্মিল — কন্যা							
মোটে							

মন্তব্য।—

জাহাজহইতে অমুক উপনিবেশে নামিবার স্থানে মজুরদের রক্ষক।

এ ও ডিউম
ভারতবর্ষের গবর্নমেণ্টের সেক্রেটরী

এ, মাকেঞ্জি
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুক্ত এডওয়ার্ড মরিস লুইস সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb 1766 ১৭৬৬ [REGISTERED No 30]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 3, 1873

মঙ্গলবার ১৮৭৩ সাল ৩ জুন।

CONTENTS

PART I

Resolutions, Orders and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

HOME DEPARTMENT

NOTIFICATION

PUBLIC

Simla, the 16th May 1873

No 1734 —His Excellency the Governor General in Council is pleased to gazette the appointment of the under-mentioned officer attached to the Home Department of the Government of India —

Mr J A Stowell, Registrar

JUDICIAL

The 14th May 1873

No 832

Extract from the Proceedings of the Government of India in the Home Department

READ the following papers —

Report of the Proceedings in Extraordinary Civil Jurisdiction before Mr Justice Macpherson in the matter of a suit between Thakoor Kapilnath Sahai Deo and the Government which appeared in the *Englishman* of the 11th January 1873

Letter to Government, Bengal No 165 dated 20th January 1873 calling attention to the above proceedings and inquiring whether the Lieutenant Governor proposes to take any action with reference to the animadversions of the presiding Judge upon the manner in which the case was dealt with by the Deputy Commissioner of Hazareebaugh

Letter from Government, Bengal No 541 dated the 27th January 1873 stating that full explanation has been called for as to the steps which were taken in consequence of the issue of process

Letter to Government Bengal No 426 dated the 20th February 1873 calling for further explanation as regards the previous acts of the Deputy Commissioner in connection with this suit

Letter from Government, Bengal No 1168 dated the 27th February 1873 submitting observations with reference to the further orders of the Government of India regarding the Deputy Commissioner's conduct in connection with this suit and forwarding his explanation with covering letter from Colonel Dalton Commissioner of Chota Nagpore with whose opinion the Lieutenant Governor entirely concurs

RESOLUTION —The terms of the order passed by the Hon'ble Justice Macpherson upon the plaintiff's application in the case above cited necessarily attracted at once the attention of the Government of India In that order Mr Justice Macpherson blames the procedure of the Deputy Commissioner of Hazareebaugh when the suit against Government was before him and gives as one of the grounds upon which he removed this suit to the Original Side of the High Court his opinion that the plaintiff may now think that the Deputy Commissioner of Hazareebaugh will be unable to deal with this particular case on its merits with impartiality and freedom from prejudice Mr Justice Macpherson disapproves particularly of the Deputy Commissioner's action in dismissing the plaintiff's suit by default, in refusing to restore it at once when the plaintiff appeared, and in ordering part of the costs in a pauper suit to be realized from the plaintiff while his application for restoration of the suit was pending

2 His Excellency in Council has carefully considered the published report of the case before the High Court, the explanation which the Deputy Commissioner was desired to submit the comments of Colonel Dalton, Commissioner of Chota Nagpore and the opinion upon these papers of His Honor the Lieutenant Governor of Bengal While His Excellency acquits the Deputy Commissioner of any intentional bias, yet looking to the whole proceedings in this suit before the Deputy Commissioner to the mistake of law in assuming that the plaintiff's non appearance left no option but to pass judgment against him in default, and to the Deputy Commis

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

পবলিক।

সিমলা ১৮৭৩ সাল ১৬ মে।

৭৩৪ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেব ভারতবর্ষের গবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্টে নিযুক্ত নিম্নলিখিত কার্য্যকারকের নাম গেজেটে প্রকাশ করিলেন।

শ্রীযুত জে এ ষ্টোয়েল সাহেব, রেজিষ্ট্রার।

জুডিশ্যাল।

১৮৭৩ সাল ১৪ মে।

৮৩১ নম্বর।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আনুষ্ঠানিক কার্য্যের বিবরণহইতে উদ্ধৃত কথা। নিম্ন লিখিত কাগজপত্র পাঠ করা গেল।

যে বিষয় লইয়া ঠাকুর কপিলনাথ সহায়দেব গবর্ণমেণ্টের নামে মোকদ্দমা উপস্থিত করেন অতিরিক্ত দেওয়ানী বিচারাধিপত্যক্রমে সেই মোকদ্দমা শ্রীযুত জষ্টিস মাকফরসন সাহেবের সম্মুখে উপস্থিত হইলে তিনি সেই বিষয়ের যে কার্য্যানুষ্ঠান করেন ১৮৭৩ সালের জানুআরি মাসের ১১ তারিখের ইঙ্গলিশমান সম্বাদ পত্রে প্রকাশিত সেই কার্য্যের রিপোর্ট পাঠ করা গেল।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নামে ১৮৭৩ সালের ২০ জানুআরির ১৬৫ নং পত্র। সেই পত্রে উক্ত বিষয়ে মনোযোগ করিবার আদেশ হইয়া হাজারিবাগের ডেপুটী কমিশ্যনর সেই মোকদ্দমা লইয়া যদ্রূপ কার্য্য করিলেন তাহা ধরিয়া উক্ত জজ সাহেব যে অনুযোগ বাক্য প্রচার করিলেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তৎপক্ষে কোন কার্য্য করিতে মনস্থ করিয়াছেন কি না এই প্রশ্ন হইল।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের জানুআরি মাসের ২৭ তারিখের ৫৪১ নং পত্র পরওয়ানা জারী হওয়া প্রযুক্ত যে২ কার্য্য করা গেল ঐ পত্রে তদ্বিষয়ের বিস্তারিত হেতু জানাইবার আদেশ করা গিয়াছে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নামে ১৮৭৩ সালের ২৫ ফেব্রুআরির ৪২৬ নং পত্র। এই মোকদ্দমা সম্পর্কে ডেপুটী কমিশ্যনর পূর্ব্বে যে২ কর্ম্ম করিয়াছিলেন এই পত্রে তদ্বিষয়ের আরো হেতু ব্যাখ্যা করিবার আদেশ হইল।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের ২৭ ফেব্রুআরির ১১৬৮ নং পত্র। এই মোকদ্দমা সম্পর্কে ডেপুটী কমিশ্যনরের আচারের বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেণ্ট অধিক যে আজ্ঞা করিলেন এই পত্রে তদুপলক্ষে মন্তব্য কথা লেখা গেল এবং ঐ পত্রের সহিত ডেপুটী কমিশ্যনরের হেতু ব্যাখ্যা ও তদ্বিষয়ে ছোট নাগপুরের কমিশ্যনর শ্রীযুত কর্ণেল ডালটন সাহেবের আবরুকপত্র ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সম্পূর্ণ সম্মতি সূচক পত্র পাঠান গেল।

নিদ্ধারণ।—পূর্ব্বোক্ত মোকদ্দমার ফরিয়াদী যে দরখাস্ত দিলেন তদ্বিষয়ে যে প্রকারের কথা প্রয়োগে মান্যবর জষ্টিস মাকফরসন সাহেবের আজ্ঞা ব্যক্ত হইয়াছিল, ভারতবর্ষের গবর্ণমেণ্ট সেই কথা দেখিয়াই তাহাতে মনোযোগ করিলেন। হাজারীবাগের ডেপুটী কমিশ্যনরের সম্মুখে গবর্ণমেণ্টের নামে মোকদ্দমা উপস্থিত থাকিলে তিনি যে প্রণালীমতে কার্য্য করিলেন, জষ্টিস মাকফরসন সাহেব তাহার দোষ ধরিয়াছেন। এবং হাই কোর্টের ওরিজিনল সাইডে মোকদ্দমা আনাইবার অন্যান্য হেতুর মধ্যে এই এক হেতু জানাইয়াছেন যে তাঁহার বিবেচনায় হাজারিবাগের ডেপুটী কমিশ্যনর যে অপক্ষপাতিরূপে ও দুরাগ্রহ বিনা কেবল দোষ গুণানুসারে এই বিশেষ মোকদ্দমার বিচার করিতে পারিবেন এই বিষয়ে ফরিয়াদীর সন্দেহ থাকিবে। ডেপুটী কমিশ্যনর ফরিয়াদির ত্রুটি প্রযুক্ত মোকদ্দমা ডিসমিস করিলেন পরে ফরিয়াদী উপস্থিত হইলেও ঐ মোকদ্দমা তৎকালেই পুনরায় নম্বর বহাল করিতে স্বীকার করিলেন না, এবং মোকদ্দমা পুনরায় নম্বর বহাল করিবার বিষয়ে ফরিয়াদির প্রার্থনা উপস্থিত থাকন সময়ে পাপরের মোকদ্দমা বলিয়া ফরিয়াদির স্থানে খরচের একাংশ লইবার আজ্ঞা করিলেন। ডেপুটী কমিশ্যনরের এই২ কার্য্যে জষ্টিস মাকফরসন সাহেবের বিশেষ অসম্মতি ছিল।

২। হাই কোর্টের সম্মুখে উপস্থিত ঐ মোকদ্দমার যে রিপোর্ট প্রকাশ হইয়াছিল ও ডেপুটী কমিশ্যনরের প্রতি যে হেতুপত্র লিখিবার আজ্ঞা হইয়াছিল, ও তদ্বিষয়ে ছোট নাগপুরের কমিশ্যনর কর্ণেল ডালটন সাহেব যে ব্যাখ্যা করিয়াছেন, এবং সেই সকল কাগজপত্র বিষয়ে বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে অভিমত লিখিয়াছেন, মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর সাহেব এই সকল পত্রাদি মনোযোগ পূর্ব্বক বিবেচনা করিয়াছেন। ডেপুটী কমিশ্যনর যে ইচ্ছাপূর্ব্বক দুরাগ্রহের বশে কার্য্য করিলেন এই বিষয়ে মহিমবর তাঁহাকে নির্দ্দোষী করেন তথাপি ডেপুটী কমিশ্যনরের সম্মুখে এই মোকদ্দমা উপস্থিত থাকিলে তিনি যে সমস্ত কার্য্য করিলেন এবং ফরিয়াদী উপস্থিত না হওয়াতে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৩ জুন।]

sioner's subsequent refusal to cancel or interfere with his order for the recovery of stamp fees by Government upon the erroneous belief that he had no power to do so, His Excellency in Council is constrained to agree that the Deputy Commissioner's proceedings were at these points open to serious misconstruction and His Excellency considers that a judicial officer who exposes himself to the reflections cast upon the Deputy Commissioner's administration of the law by Mr Justice Macpherson's order in this instance must be held to have fallen short of a full and proper apprehension of his public duty

3 His Excellency in Council desires that there may be no misunderstanding as to the views and wishes of the Government of India with respect to litigation in which the Government is concerned In many parts of India the union of judicial with executive functions in one chief officer of a district is still, and may long be inevitable and His Excellency in Council trusts that all officers who exercise this double power realize the responsibility which it throws upon them for scrupulous observance of equity in all suits to which the Government which they serve is a party To lean towards technical pleas in favour of Government, or towards technical obstacles against a suit which the Government defends, whenever such pleas or obstacles merely hinder a decision on the merits—to strain laws for the advantage of Government—all these things would be exactly contrary to the rule of judicial conduct which in such cases the Government desires to impose And His Excellency in Council expects all officers to understand that the interests of Government are most effectually promoted by sedulously upholding this high standard of entire impartiality

EDUCATION

The 22nd May 1873

No 220 —His Excellency the Viceroy is pleased to re appoint the Hon'ble Edward Clive Bayley, C S I to be Vice Chancellor of the Calcutta University

A C LYALL
Secy to the Govt of India

DEPARTMENT OF AGRICULTURE, REVENUE, AND COMMERCE

NOTIFICATIONS

SURVEYS

Simla the 23rd May 1873

No 348 —Lieutenant R Wace R A Probationary Assistant Superintendent of Revenue Survey, has been allowed privilege leave for one month and fifteen days, from the date on which he may avail himself of it

GENERAL

The 20th May 1873

No 450 —The Governor General in Council is pleased to gazette the appointment of the under mentioned officers of the Indian Museum —

Mr J Wood Mason, Assistant Curator

Mr G Nevill, Assistant Secretary and Librarian and Assistant Curator

A O HUME,
Secy to the Govt of India

FOREIGN DEPARTMENT

NOTIFICATIONS

GENERAL

Simla, the 15th May 1873

No 1133 —With reference to the notification in the *Fort St George Gazette* Military Department No 117, dated 29th April 1873, intimating that Colonel A R Thornhill became entitled to Colonel's allowances on 27th April 1873, Mr H LePoer Wynne is confirmed in the appointment of Agent to the Governor General at Moorshedabad, with effect from the 27th April 1873

[*Government Gazette, 3rd June* 1873]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 3, 1873

মঙ্গলবার ১৮৭৩ সাল ৩ জুন ।

PART II

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal

দ্বিতীয় খণ্ড ।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

REVENUE AND GENERAL DEPARTMENTS

No 193C S

APPOINTMENTS

The 3rd May 1873 —The duty of inspecting the boilers and prime movers of the East Indian Railway, hitherto performed by the District Locomotive Superintendent at Howrah is divided between the Carriage and Waggon Superintendent and the Locomotive Foreman at Howrah, each being responsible for the due inspection of the boilers and prime movers of his own department

The 10th May 1873 —Baboo Oottum Chunder Chatterjee to be an Additional Sub Registrar of the Basirhat and Baraset Sub Districts with head quarters at Goverdanga

The 20th May 1873 —Mr James Anderson who has been appointed to be a Joint Magistrate and Deputy Collector of the Second Grade will continue to officiate as a Joint Magistrate and Deputy Collector of the First Grade

The 22nd May 1873 —Moulvi Tujummul Ali Deputy Magistrate and Deputy Collector to have charge of the Madaripore Division, in Backergunge, during the absence on leave of Babu Tarucknath Mullick or until further orders

Mr George John Cawley, Assistant Superintendent of Police, Garo Hills, is vested with the powers of a Magistrate of the Second Class

The 23rd May 1873 —In supersession of the orders of the 8th ultimo, published in the *Calcutta Gazette* of the 9th idem Captain Edward Walker Samuells Assistant Superintendent of Revenue Survey, Second Division, is vested with the powers of a Deputy Collector in the District of Luckimpore

Mr John Briscoe Birch to be Assistant Superintendent of Police in Tipperah

Babu Bepin Behary Mookerjee recently appointed to officiate as a Deputy Magistrate and Deputy Collector in the Dacca Division is posted to Mymensing

The following Sub Deputy Collectors are vested with the powers of a Magistrate of the Third Class —

Babu Mohanundo Goopta, B A	24 Pergunnahs
Khetter Gopal Roy	Nuddea
,, Shoshi Bhusan Dutt, B A	Jessore
,, Okhoy Coomar Chatterjee	Moorshedabad
,, Umakant Das	Tipperah
,, Sant Prosad	Purneah
,, Chundy Churn Bose	Dacca

The following gentlemen are appointed to be Members of the Road Cess Committee in Purneah under Section 49, Act X (B C) of 1871 —

Babu Hem Chunder Roy
,, Bungshi Lall Jha

The following gentlemen are appointed to be Members of the District School Committee of Beerbhoom, viz —

Mr Harold Francis Matthews
,, Edwyn Samuel Moseley
Mr J N Simpson
Babu Preonath Ghose

The following gentlemen are appointed to be Members of the Bograh District School Committee, viz —

Captain William Wheler Hume
Babu Uma Churn Chowdry

Babu Rungololl Banerjee to be a Member of the Cuttack District School Committee

The 26th May 1873 —Third Grade Sub Assistant Surgeon Ram Kali Goopta to have medical charge of the Sub Division of Sewan and of the Charitable Dispensary at that place

Third Grade Sub Assistant Surgeon Ashutosh Laha to be House Physician to the First Physician's Ward in the Medical College Hospital

[*Government Gazette*, 3rd *June* 1873]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

---

১৯৩ CS নম্বর।

নিযোগ।

১৮৭৩ সাল ৩ মে।—ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের বাযলর ও প্রাইমমুবর নিরীক্ষণের যে কার্য্য এপর্য্যন্ত হাবড়ার ডিষ্ট্রিক্ট লোকমটিব সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব করিয়া আসিতে ছিলেন সেই কার্য্য এইক্ষণে ক্যারেজ ও ওযাগন সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের ও লোকমটিব ফোরমানের মধ্যে বন্টন করিয়া দেওয়া গেল। তাহারা প্রত্যেকে আপন২ কর্ম্ম বিভাগের বাযলর ও প্রাইমমুবরের কার্য্য উপযুক্তমতে নিরীক্ষণ করিবার দাযী হইলেন।

১৮৭৩ সাল ১৫ মে।—শ্রীযুত বাবু উত্তমচন্দ্র চট্টোপাধ্যায বশীরহাট ও বারাসৎ সব ডিষ্ট্রিক্টের আডিশ্যনল সব রেজিষ্ট্রার হইবেন। ঐ২ সব ডিষ্ট্রিক্টের সদরস্থান গোবরডাঙ্গা।

৮৭৩ সাল ২০ মে।—শ্রীযুত জেমস আণ্ডরসন সাহেব যিনি দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট-মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন তিনি প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

৮৭৩ সাল ২২ মে।—শ্রীযুত বাবু তারকনাথ মল্লিকের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আজমল আলি বাকর গঞ্জের অন্তর্গত মাদারীপুর মহকুমার অধ্যক্ষতা ভার পাইবেন।

গারোপর্ব্বতের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জর্জ্জ জান কলি সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইযাছেন।

১৮৭৩ সাল ২৩ মে।—গত মাসের ৮ তারিখের যে আজ্ঞা ঐ মাসের ১৫ তারিখের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায তৎপরিবর্ত্তে দ্বিতীয় খণ্ডের রাজস্বের জরীপী কার্য্যের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত এডওযার্ড ওযাকর সামুএলস সাহেব লক্ষ্মীপুর জিলায ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইযাছেন।

শ্রীযুত জান ব্রিস্কো বড সাহেব ত্রিপুরার পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত বাবু বিপিনবিহারী মুখোপাধ্যায সম্প্রতি ঢাকাখণ্ডে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া ময়মনসিংহে অবস্থিত হইযাছেন।

নিম্নলিখিত সব ডেপুটী কালেক্টরেরা তৃতীয শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইযাছেন।

শ্রীযুত বাবু মহানন্দ গুপ্ত, বি, এ,	২৪ পরগনা।
,, বাবু ক্ষেত্রগোপাল রায	নদীয়া।
,, বাবু শশীভূষণ দত্ত, বি, এ,	যশোহর।
,, বাবু অক্ষযকুমার চট্টোপাধ্যায	মুরশিদাবাদ।
,, বাবু উমাকান্ত দাস	ত্রিপুরা।
,, সত্যপ্রসাদ বাবু	পুরণিয়া।
,, বাবু চণ্ডীচরণ বসু	ঢাকা।

নিম্নলিখিত মহাশয়েরা ১৮৭১ সালের বঙ্গীয ১০ আইনের ৪৯ ধারামতে পুরণিয়ার পথকর কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু হেমচন্দ্র রায।

,, বাবু বংশীলাল ঝা।

নিম্নলিখিত মহাশযেরা বীরভূম জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইযাছেন।

শ্রীযুত হাবলড ফ্রান্সিস মাথিউস সাহেব। শ্রীযুত জে এন সিমসন সাহেব।

,, এডউইন সামুযেল মোসলী সাহেব। ,, বাবু প্রিযনাথ ঘোষ।

নিম্নলিখিত মহাশযের বগুড়া জেলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

কাপ্তান শ্রীযুত উলিযম ডইলর হিউম সাহেব।

শ্রীযুত বাবু উমাচরণ চৌধুরী।

শ্রীযুত বাবু রঙ্গলাল বন্দ্যোপাধ্যায কটক জিলার স্কুল কমিটীর মেম্বর হইবেন।

১৮৭৩ সাল ২৬ মে —তৃতীয় শ্রেণীর সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত রামকালী গুপ্ত সেওয়ান মহকুমার চিকিৎসা কার্য্যের ও সেই স্থানের দাতব্য ঔষধালয়ের অধ্যক্ষতা ভার পাইবেন।

তৃতীয় শ্রেণীর সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত আশুতোষ লাহা মেডিকাল কালেজ হাস্পাতালে কার্ষ্ট ফিজিশনের ওয়ার্ডের হৌস ফিজিশন হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৩ জুন।]

The following gentlemen to be members of the Committee for the management of the Charitable Dispensary at Seetamurhee in Tirhoot —

Rajah Sheoraj Nundon Singh | Babu Kishen Gopal Narain Singh
Babu Deonundun Singh

Mr Thomas Walton to officiate until further orders as District and Sessions Judge of Hooghly in the Second Grade

Babu Sreenath Bose is appointed to be Tehsildar of Banky on probation for six months, and is vested with the powers of a Munsif and of a Deputy Collector, and also with those of a Magistrate of the Second Class He is also empowered, under Section 143 of the Criminal Procedure Code, to commit persons to the Court of Session for any offence triable by such Court

Assistant Surgeon Edward Lawrie, M B to officiate as 1st Assistant Surgeon at the Presidency General Hospital during Dr W J Palmer's absence on leave, with effect from the date on which he may have relieved Dr Palmer

Babu Gooroo Churn Das, Deputy Collector, Moorshedabad is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of taking lands required for the drainage work from Punchanon to Gobra River

The 27th May 1873 —Mr Alexander Pedler is appointed to the Third Class of the Bengal Educational Service, with effect from the 8th instant

Captain F Warden is appointed temporarily to act as Government Prosecutor for the trial of Pilots under Section 4, Act XII of 1859

Mr William George Deare, Deputy Magistrate and Deputy Collector of Magoorah, is vested with powers under Section 222 of the Criminal Procedure Code

Mr Joseph Samuel Carstairs to be a Joint Magistrate and Deputy Collector of the First Grade, with effect from the date on which the Hon'ble Messrs Ainslie and Birch were appointed Judges of the High Court of Judicature

LEAVE OF ABSENCE

The 22nd May 1873 —Babu Tarucknath Mullick, Deputy Magistrate and Deputy Collector of Madaripore, in Backergunge, for three months, under Section 18 of the Civil Leave Code

The 26th May 1873 —Sub Assistant Surgeon Odeutoollah, in medical charge of the Sub Division of Sewan and of the Charitable Dispensary at that place, for three months on medical certificate, under Section 3, Supplement F of the Civil Leave Code

Mr Henry Thoby Prinsep, Officiating District and Sessions Judge of Hooghly, for three months, under Section 18 of the Civil Leave Code, from the 3rd proximo

NOTIFICATIONS

The 22nd May 1873 —The services of Lieutenant Colonel George Fullerton Carnegie, Officiating Cantonment Magistrate of Barrackpore are replaced at the disposal of the Government of India in the Military Department with effect from the 22nd ultimo

Her Majesty's Secretary of State for India has granted an extension of leave for four months on sick certificate to Mr Arthur Rattray, Extra Assistant Commissioner, Chittagong Hill Tracts

The 26th May 1873 —Mr James Duff Ward, C S, reported his departure from India on special leave on the 5th instant

Mr Alexander Hope, C S, reported his departure from India on furlough on the 7th ultimo

Mr Robert Hamilton Grant Irvine, of the Bengal Police, reported his departure from India on furlough on the 24th ultimo

[*Government Gazette, 3rd June* 1873]

নিম্নলিখিত মহাশয়েরা ত্রিহুতের অন্তর্গত সীতামঢ়ীর দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

রাজা শ্রীযুত শিবরাজনন্দন সিংহ।
শ্রীযুত বাবু দেবনন্দন সিংহ।
শ্রীযুত বাবু কৃষ্ণগোপালনারায়ণ সিংহ।

শ্রীযুত তামস ওয়ালটন সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত দ্বিতীয় শ্রেণীমতে হুগলীর ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু শ্রীনাথ বসু পরীক্ষার্থ ছয় মাসের নিমিত্তে বাঁকোর তহসীলদারের পদে নিযুক্ত হইয়া মুনসেফের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা এবং দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাও পাইয়াছেন। আরো সেশন আদালতের বিচার্য্য অপরাধ হেতুক কোন ব্যক্তিদিগকে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ১৪৩ ধারামতে উক্ত আদালতে সমর্পণ করিতে ক্ষমতা পাইয়াছেন।

ডাক্তর শ্রীযুত ডবলিউ জে পামর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এডওয়ার্ড লরি সাহেব এম, বি প্রেসিডেন্সীর জেনরল হাস্পাতালের প্রথম আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন। ডাক্তর শ্রীযুত পামর সাহেবের স্থানে যে তারিখে কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি উক্ত নিয়োগ চলিবে।

মুরশিদাবাদের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গুরুচরণ দাস পঞ্চানন অবধি গোবরা নদীপর্য্যন্ত জলপ্রণালীর কার্য্যের নিমিত্ত ভূমি গ্রহণার্থে ৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

৮৭৩ সাল ২৭ মে।—শ্রীযুত আলেকজাণ্ডর পেডলর সাহেব এই মাসের ৮ তারিখ অবধি বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণীতে নিযুক্ত হইয়াছেন।

কাপ্তান শ্রীযুত এফ ওয়ার্ডেন সাহেব কিয়ৎকালের নিমিত্তে ১৮৫৯ সালের ১২ আইনের ৪ ধারামতে আড়কাটীদের বিচার কালে গবর্ণমেণ্টের পক্ষে অভিযোক্তার পদে নিযুক্ত হইয়াছেন।

বাঁকুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত উলিয়ম জর্জ ডিয়র সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২২ ধারামতে ক্ষমতা পাইয়াছেন।

মান্যবর শ্রীযুত এক্সলি সাহেব ও শ্রীযুত বর্চ সাহেব যে তারিখ অবধি হাই কোর্টের জজের পদে নিযুক্ত হইলেন সেই তারিখ অবধি শ্রীযুত জোসেফ সামুয়েল কারস্টেয়ার্স সাহেব প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

ছুটী।

১৮৭৩ সাল ২২ মে।—বাকরগঞ্জের অন্তর্গত মাদারীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারকনাথ মল্লিক সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ২৬ মে।—সেওয়ান মহকুমার চিকিৎসা কার্য্যের ও সেই স্থানের দাতব্য ঔষধালয়ের অধ্যক্ষতা ভার প্রাপ্ত সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত অদিরৎ উল্লা চিকিৎসকের সর্টিফিকেটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

হুগলীর একটি ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত হেনরি টোবি প্রিন্সেপ সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে আগামি মাসের ৩ তারিখ অবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ২২ মে।—বারাকপুর সেনানিবেশে বঙ্গের একটি মাজি ষ্ট্রাট লেপ্টেনন্টে কর্ণেল শ্রীযুত জর্জ কুণ্ডরটন কার্নেগি সাহেব গত মাসের ২২ তারিখ অবধি মিলিটরী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনর্ব্বার নিযুক্ত হইয়াছেন।

ভারতবর্ষের পক্ষ শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব চট্টগ্রামের পর্ব্বতীয় দেশের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত আর্থর রাট্রে সাহেবকে চিকিৎসকের সর্টিফিকেটমতে আর চারি মাস ছুটী দিয়াছেন।

১৮৭৩ সাল ২৯ মে।—শ্রীযুত জেমস ডফ ওয়াড সাহেব, সি, এস, বিশেষ ছুটীক্রমে এই মাসের ৫ তারিখে ভারতবর্ষহইতে যাত্রা করিয়াছেন এমত রিপোর্ট করেন।

শ্রীযুত আলেকজাণ্ডর হোপ সাহেব সি, এস, নিয়মিত ছুটী লইয়া গত মাসের ৭ তারিখে ভারতবর্ষহইতে যাত্রা করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বঙ্গদেশের পোলীস সম্পর্কীয় শ্রীযুত রবর্ট হামিলটন গ্রাণ্ট অর্বিন সাহেব নিয়মিত ছুটী লইয়া গত মাসের ২৪ তারিখে ভারতবর্ষহইতে যাত্রা করিয়াছেন এমত রিপোর্ট করেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৩ জুন।]

The 27th May 1873 —Mr Alexander Pedler, selected by Her Majesty's Secretary of State for India for appointment to the Bengal Educational Service, reported his arrival in Calcutta on the 8th instant

H L DAMPIER,
Secy to the Govt of Bengal

DECLARATION

The 27th May 1873 —Whereas it appears to the Lieutenant Governor that land, the particulars of which are subjoined is required for a public purpose, viz the site for the Post Office of Kanyepur it is hereby declared that for the above purpose a plot of land measuring 5 cottahs is required

The land is situated in the District of Furreedpore, Pergunnah Kossa Thanna Cutmali, Village Kanyepur and is bounded on the north by the raised road constructed by Baboos Mohendra Chunder Shickdar Shameshur Shickdar Bini Kant Shickdar Tara Prasana Shickdar, and others of Kanyepur on the west by a pond belonging to Bijoya Dossee, of the Shickdar family of Kanyepur on the south by uncultivated lands belonging to the said Shickdar Baboos of Kanyepur and on the east also by uncultivated lands belonging to the same Baboos

This declaration is made, under Section 6 of Act X of 1870, to all whom it may concern

H L DAMPIER
Secy to the Govt of Bengal

DECLARATION

The 27th May 1873 —Whereas it appears to the Hon'ble the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the conservancy of the town of Calcutta, it is hereby declared that for the above purpose a plot of land situated at Dhappa, in the Suburbs of Calcutta, is required measuring two beegahs more or less

The land is bounded on the north by the Municipal Railway, on the south by land belonging to one Ramchund Mozoomdar on the east and west by land belonging to the Justices of the Peace for the Town of Calcutta

This declaration is published, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

H L DAMPIER,
Secy to the Govt of Bengal

DECLARATION

The 27th May 1873 —Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for the site of a Post Office in the village of Kaliparah Pergunnah Bickrampore and Rajnagore Zillah Dacca it is hereby declared that for the above purpose a piece of land, measuring more or less 31 poles and 14 yards of standard measurement, bounded on the north by the canal flowing below Kaliparah school on the south by a ditch separating it from a raised path, on the west by the compound of Kaliparah School, and on the east by a ditch parting it from the above raised path, is required within the aforesaid village of Kaliparah

This declaration is made, under Section 6 of Act X of 1870, to all whom it may concern

H L DAMPIER,
Secy to the Govt of Bengal

[*Government Gazette, 3rd June* 1873]

১৮৭৩ সাল ২৭ মে।—ভারতবর্ষের পক্ষ শ্রীশ্রী যুর ষ্টেট সেক্রেটারী সাহেব শ্রীযুত আলেকজাণ্ডর পেডলর সাহেবকে বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যে নিযুক্ত হওনার্থে মনোনীত করাতে তিনি এই মাসের ৮ তারিখে কলিকাতায় পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

এচ, এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৮৭ সাল ২৭৩ মে।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কানাইপুরে ডাকঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে নিম্নলিখিত ভূমি লওয়া আবশ্যক এই কথা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের নিকট প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া যাইতেছে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ।০ কাঠা পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন

উক্ত ভূমি ফরিদপুর জিলার অন্তর্গত কোশ পরগনার কটমালী থানার কানাইপুর গ্রামে স্থিত। তাহার উত্তর সীমা কানাইপুর নিবাসি বাবু মহেন্দ্র চন্দ্র শীকদার ও শ্যামেশ্বর শীকদার ও বাণীকণ্ঠ শীকদার ও তারাপ্রসন্ন শীকদার প্রভৃতির নির্ম্মিত উচ্চীকৃত পথ পশ্চিম সীমা কানাইপুরের শীকদার বংশের বিজয়া দাসীর পুষ্করিণী, দক্ষিণ সীমা কানাইপুরের উক্ত শীকদার বাবুদের অকর্ষিত ভূমি পূর্ব্ব সীমাও উক্ত বাবুদের অকর্ষিত ভূমি।

The 18th June 1873 —Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the purpose of a model farm in Kusbeh Arrah and village Anaet Pergunnah Arrah, it is hereby declared that for the above purpose 3 pieces of land, measuring more or less, 13 beegahs 5 cottahs 8 dhoors of standard measurement, the first being bounded on the north east and west by Government land and on the south by the railroad the second being bounded on the north by the railroad on the east and west by the Government land, and on the south by a pathway through the village Anaet, and the third being bounded on the north by the pathway above mentioned on the east by canal land on the west by rent free land and mango tope belonging to Shew Bux Lall and Bolakee Kahar and on the south by land belonging to Leragh Sing are required within the aforesaid Kusbeh of Arrah and village Anaet

This Declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

H L DAMPIER,
Secy to the Govt of Bengal

JUDICIAL DEPARTMENT

No 400

APPOINTMENT

The 13th June 1873 —Babu Triguna Prosunno Bose to officiate as Munsif of Bholepore in Beerbhoom, during the absence on leave of Babu Mohesh Chunder Chuckerbutty or until further orders

A MACKENZIE
Junior Secy to the Govt of Bengal

DECLARATION

The 20th April 1873 —Whereas it appears to the Lieutenant Governor that land is required to be taken by Government at the public expense for a public purpose viz for an Artillery Range in the District of the 24 Pergunnahs it is hereby declared that for the above purpose a strip of land is required extending in almost a north easterly direction from a road called Bunsi Mundul s Road in the village of Jafurpore through the said village and the villages of Mohunpore and Shiah in the Pergunnah Havilee Shohur to the banks of a khall called the Naunjee Nuddee measuring 1 miles in length and 100 yards in breadth, more or less

This Declaration is made under the provisions of Section 6 Act X of 1870, to all whom it may concern

A MACKENZIE,
Junior Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 17th June 1873 —It is hereby notified that the Lieutenant Governor has been pleased to sanction the establishment of a new sub registry office at Gábha in the District of Backergunge and to appoint Babu Doorga Churn Ghose to be additional Sub Registrar for the Sub Districts of Jhalokati and Perozepore, with Head Quarters at Gábha

This Notification will take effect on and from 1st August 1873

A MACKENZIE,
Junior Secy to the Govt of Bengal

[*Government Gazette, 24th June* 1873]

দিতে পার।

১৮৭৩ সাল ৮ জুন —রাজকর্য কার্য্যের নিমিত্ত অর্থাৎ আবা পরগনার কসবে আবা ও এনায়েৎগ্রামে নমুনা স্বরূপ ফার্ম প্রস্তুত করিবার নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই আদেশ করা গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত উক্ত কসবে আবায় ও এনাইয়েৎগ্রামে ৩ খণ্ড ভূমির প্রয়োজন। কল্পিমতে তাহার মোট পরিমাণ কমবেশ ৫৩ বিঘে ৫ কাঠা ৮ ধুর। প্রথমখণ্ডের উত্তর ও পূর্ব্ব ও পশ্চিমদিগে গবর্ণমেণ্টের ভূমি দক্ষিণ দিগে রেলপথ দ্বিতীয় খণ্ডের উত্তর দিগে রেলপথ, পূর্ব্ব ও পশ্চিমদিগে গবর্ণমেণ্টের জমী, দক্ষিণ দিগে এনাইয়েৎ গ্রামের মধ্য দিয়া যে পথ যায় তাহা। তৃতীয় খণ্ডের উত্তর দিগে ঐ পথ পূর্ব্ব দিগে খালে জমী পশ্চিম দিগে শিব বকুল লাল ও বলাক্য কাহাড়ের নিষ্কর জমী ও আমের বাগান দক্ষিণ দিগে প্রকাশ সিংহের জমী।

উক্ত বিষয়ে যাহাদের সম্পর্ক থাকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে তাঁহাদের জ্ঞানার্থে এই জ্ঞাপনপত্র প্রকাশ করা গেল।

এচ, এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

---

৪০০ নম্বর।

নিয়োগ।

১৮৭৩ সাল ৩ জুন —শ্রীযুত বাবু মহেশচন্দ্র চক্রবর্ত্তী ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানে কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু ত্রিগুণ প্রসন্ন বসু বীরভূমের অন্তর্গত ভোলপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

এ মাকেঞ্জি
বঙ্গদেশের গবর্মেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৮৭৩ সাল ২৬ আপ্রিল।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ চব্বিশ পরগনার গুলি ছুড়িতে শিক্ষা করিবার নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া প্রয়োজন এই কথা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট প্রকাশ হওয়াতে এই আদেশ করা গেল। উক্ত কার্য্যের নিমিত্ত যে এক খণ্ড ভূমির প্রয়োজন তাহা হাবেলি শহর পরগনার অন্তর্গত জাফরপুর গ্রামে বরি মণ্ডলের রাস্তা নামে খ্যাত রাস্তাহইতে উত্তর পূর্ব্ব মুখে সেই গ্রাম ও মোহনপুর ও শিয়ালী গ্রামের মধ্য দিয়া নানজী নদী নামক খালের তীরে গিয়া পঁহুছে। তাহা কমবেশ পৌনে দুই মাইল দীর্ঘ ও ১০০ গজ প্রস্থ।

এই বিষয়ে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে তাঁহাদের জ্ঞানার্থে এই জ্ঞাপনপত্র প্রকাশ করা গেল।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ১৭ জুন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বাকরগঞ্জ জিলার অন্তর্গত গাভায় নূতন সব রেজিস্টরী আফিস স্থাপন করিবার অনুমতি দিয়া শ্রীযুত বাবু দুর্গাচরণ ঘোষকে ঝালোকাটী ও পীরোজপুর সব ডিস্ট্রিক্টের আডিশ্যনল সব রেজিস্ট্রারের পদে নিযুক্ত করিয়াছেন, ইহার সম্বাদ দেওয়া গেল। ঐ সব ডিস্ট্রিক্টের সদর স্থান গাভা।

এই জ্ঞাপনপত্র ১৮৭৩ সালের আগস্ট মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ৮৭৩। ২৪ জুন।]

PUBLIC WORKS DEPARTMENT.—(Bengal.)

ESTABLISHMENT

The 11th June 1873

No 221.—Notifications.—Mr R Craig, Supervisor, First Grade, joined the Dacca District on the 2nd June 1873, before noon

The 12th June 1873

No 222.—Baboo Ootum Krishna Sircar, Overseer, First Grade, joined the Burdwan District on the 1st June 1873, before noon

No 223.—Baboo Bollychand Goopto, Overseer, First Grade, joined the Bhaugulpore District on the 4th June 1873, before noon

The 14th June 1873

No 224.—Transfer.—Mr L S B Pereira, Assistant Engineer, Second Grade, from the Dacca to the Hazareebaugh District

No 225.—Leave of Absence.—Mr J Beatty, Assistant Engineer, Second Grade, attached to the Hazareebaugh District, is allowed privilege leave for six weeks under Section 18 of the Civil Leave Code, with effect from the 1st June 1873

No 226.—The head quarters of the Executive Engineer of the Sylhet and Cachar Districts are fixed at Silchar instead of at Sylhet

The 16th June 1873

No 227.—Leave of Absence.—Mr J F Maxwell, Executive Engineer, Fourth Grade, attached to the Goalpara and Kamroop Districts, is allowed leave on Medical Certificate for fifteen months under Supplement F, Section 3, of the Civil Leave Code

2 Mr Maxwell is also allowed preparatory leave for thirty days from the 4th current

J L T NICOLLS, *Col*, R E,
Secy to the Govt of Bengal, P W D

IRRIGATION

NOTIFICATION

ESTABLISHMENT

The 12th June 1873

No 219.—Notification.—Mr R D Ewing, Supervisor, Second Grade, joined the Eastern Soane Division on the afternoon of the 2nd June 1873

No 220.—Posting.—Baboo Prosonno Coomar Pal, Temporary Supervisor, Second Grade, to the Brahminee Division, which he joined on the forenoon of the 4th June 1873

No 221.—Notifications.—Lance Corporal S Crawshaw, Overseer, Second Grade, joined the Pooree Survey Division on the 31st May 1873

No 222.—Mr G L Abbott, Temporary Assistant Engineer, Third Grade, joined the Pooree Survey Division on the 31st May 1873

Dated 16th June 1873

No 223.—Posting.—Mr M Norman, Assistant Engineer, Third Grade, to the Brahminee Division, which he joined on the forenoon of the 3rd June 1873

[*Government Gazette, 24th June* 1873]

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিল্‌ভারিবিষক।

১৮৭৩ সাল ১১ জুন।

২২১ নং।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত আর ক্রেগ সাহেব ৮৭৩ সালের জুন মাসের ২ তারিখের পূর্ব্বাহ্নে ঢাকা জিলায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৩ সাল ৭ জুন।

২২২ ন।—প্রথম শ্রেণীর ওবরসিযর শ্রীযুত বাবু উত্তমকৃষ্ণ সরকার ১৮৭৩ সালের জুন মাসের ১ তারিখের পূর্ব্বাহ্নে বর্দ্ধমান জিলায় কর্ম্ম গ্রহণ করিলেন।

২২৩ন।—প্রথম শ্রেণীর ওবরসিযর শ্রীযুত বাবু বলাইচাঁদ গুপ্ত ৮৭৩ সালের জুন মাসের ৪ তারিখের পূর্ব্বাহ্নে ভাগলপুর জিলায় কর্ম্ম গ্রহণ করিলেন।

৮৭৩ সাল ১৪ জুন।

২২৪ ন —স্থানান্তরে প্রেরণের কথা।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিযর শ্রীযুত ই এস বি পাবেরা সাহেব ঢাকা জিলাহইতে হাজারিবাগ জিলায় প্রেরিত হইযাছেন।

২২৫ নং।—ছুটীর কথা।—হাজারিবাগ জিলায় নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিযর শ্রীযুত টি বীটি সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে ৬ সপ্তাহ অনুগ্রহের ছুটী পাইয়াছেন। এই ছুটী ১৮৭৩ সালের জুন মাসের ১ তারিখ অবধি চলিবে।

২২৬ নম্বর।—ছিলট একাছার জিলার একসেকিটিব ইঞ্জিনিযরের সদর মোকাম ছিলটে না হইয়া সিলচারে হইবে।

১৮৭৩ সাল ১৬ জুন।

২২৭ নম্বর।—ছুটীর কথা।—গোয়ালপাড়া ও কামরূপ জিলায় নিযুক্ত চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিযর শ্রীযুত জে এফ মাকুস্যেল সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর I চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ৫ মাস ছুটী পাইযাছেন।

২। মাকুস্যেল সাহেব প্রস্তুত হওবার জন্যে এই মাসের ৪ তারিখঅবধি আর ত্রিশ দিন ছুটী পাইয়াছেন।

জে ই টি নিকলস্ কর্ণেল আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিবিল্‌ভা বিষযক।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ১২ জুন।

২১৯ ন।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত আর ডি ইউই সাহেব ১৮৭৩ সালের জুন মাসের ২ তারিখের অপরাহ্নে সোণের পূর্ব্বখণ্ডে কর্ম্মগ্রহণ করিলেন।

২২০ ন।—অবস্থিতির কথা।—দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সুপরবাইসর শ্রীযুত বাবু প্রসন্ন কুমার পাল ব্রাহ্মণীখণ্ডে নিযুক্ত হইয়া ৮৭৩ সালের জুন মাসের ৪ তারিখের পূর্ব্বাহ্নে কর্ম্ম গ্রহণ করিলেন।

২২১ নং।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর ওবরসিযর লান্স করপরল এস ক্রাশা সাহেব ১৮৭৩ সালের মে মাসের ৩১ তারিখে পুরীর জরীপী খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

২২২ নং।—তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি ই আবট সাহেব ১৮৭৩ সালের মে মাসের ৩১ তারিখে পুরীর জরীপী খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৩ সাল ১৬ জুন।

২২৩ ন।—অবস্থিতির কথা।—তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিযর শ্রীযুত এম নরমান সাহেব ব্রাহ্মণী খণ্ডে নিযুক্ত হইয়া ১৮৭৩ সালের জুন মাসের ৩ তারিখের পূর্ব্বাহ্নে কর্ম্ম গ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ৮৭৩। ২৪ জুন।]

No 221 —*Transfers*—Baboo Kally Coomar Coondoo Assistant Engineer First Grade, from the South Western to the Soane Circle

No 225 —Baboo Ramingya Lall, Sub Overseer First Grade, from the Arrah Division to the Canal Revenue Survey Behar

No 226 —*Notification*—Baboo B Kamajee Probationary Overseer, Third Grade, joined the Southern Hooghly Drainage Division on the forenoon of the 4th June 1873

IRRIGATION

The 16th June 1873

No 227 —*Declaration*—Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose viz for constructing a channel for the diversion of the Sockna Nala into the river Gobri it is declared that for the above purpose a strip of land 1 mile 4 chains long and 120 feet broad more or less is required in Mouza Nuitong Pergunnah Karimul and Mouzas Khaitung and Jemgkute Pergunnah Sungra in the district of Cuttack

This Declaration is made under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

A J HUGHES C E,
Asst Secy to the Govt of Bengal
in the P W Dept, Irrigation Branch

[*Government Gazette, 24th June* 1873]

২২৪ নং।—স্থানান্তরে প্রেরণের কথা।—প্রথম শ্রেণীর অ্যাসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কালী কুমার কুণ্ডু দক্ষিণ পশ্চিম চক্রহইতে সোণ চক্রে প্রেরিত হইয়াছেন।

২২৫ নং।—প্রথম শ্রেণীর সব ওবরসিয়র শ্রীযুত বাবু রামাজ্ঞা লাল আরা খণ্ডহইতে বেহারেপালের বাজস্ব সংক্রান্ত তর্বেণী খণ্ডে প্রেরিত হইয়াছেন।

২২৬ নং—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর প্রবেশনরি ওবরসিয়র শ্রীযুত বাবু বিকামাজী ১৮৭৩ সালের জুন মাসের ৪ তারিখের পূর্ব্বাহ্নে হুগলীর জল প্রণালীর দক্ষিণ খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

— —

জলসেচন বিষয়ক।

৮৭৩ সাল ১৬ জুন।

২২৭ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ সুকনাত নালার জল গোব্রাই নদীতে গিয়া পড়িবার জন্যে খাল প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সম্বাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে জেলা কাজলার অন্তর্গত করিমল পরগনার নবতঙ্গ মৌজার ও সঙ্গা পরগনার খার্তাবেগ ও জোড়াগাকুট মৌজায় ন্যূনাধিক ০ মাইল ৪ চেইন দীর্ঘ ১২০ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক থাকে তাহাদের জ্ঞানার্থে ৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

এ, জে হিউস, সি ই
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে জলসেচন কার্য্যশাখার
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিস্টান্ট সেক্রেটরী।

CIRCULAR ORDERS BY THE HIGH COURT, &c

No 8, dated Calcutta, the 30th April 1873

From—W M SOUTTAR Esq, Officiating Registrar of the High Court of Judicature at Fort William in Bengal,

To—All Civil Courts in the Lower Provinces

HIGH COURT &c
CIVIL SIDE
Present
The Hon ble SIR R COUCH Kt
Chief Justice
The Hon ble LOUIS S JACKSON
F A GLOVER
W AINSLIE
Judges of the Court

THE Court are pleased to publish and commend, to the earnest consideration of Judicial Officers the following Circular issued by the Chief Court of the Punjab

2 Many cases have come to the knowledge of the Court in which interest has been decreed at the most oppressive rates, without regard to the circumstances under which the loan was contracted

3 The Courts in this way become instruments for the registering of usurious transactions, and the money lender adds to exorbitant terms the security of a decree

4 The object of the Court in drawing attention to this subject is not to assist debtors in evading the consequences of engagements voluntarily and intelligently contracted but to give the protection of the Courts of Justice to persons who, from distress, ignorance, or habits of submission have not been truly free agents in the contracts set up

5 Particular attention is directed to the last paragraph of the Punjab Circular

By order of the High Court,

(Signed) W M SOUTTAR

Offg Registrar

Book Circular No III 153 dated Lahore, the 18th January 1873

From—E H HARRISON, ESQ Officiating Registrar, Chief Court, Punjab

To—All Commissioners and Deputy Commissioners in the Punjab

CHIEF COURT OF THE PUNJAB
Present
C BOULNOIS ESQ
C R LINDSAY ESQ
J S CAMPBELL ESQ
Judges

1 THE Chief Court has reason to believe that in many of the Courts of this Province, especially in those of the agricultural districts, decrees are frequently made by which interest upon debts incurred by peasant proprietors and cultivators is declared payable at exorbitant rates

2 Cases in which the village money lender sues his customer involve ordinarily small amounts, below Rs 500, and therefore can scarcely ever come before the Chief Court in consequence of the provisions of Act XXIII of 1861, Section 27, which declares that no special appeal shall lie in cases of the nature cognizable in Small Cause Courts

3 The Chief Court has in fact, had no opportunity of explaining in a judicial decision the general principles which govern this question while in many parts of the country the subordinate courts, and especially the Small Cause Courts, have (as it appears from a recent inspection of records) decreed interest in a manner far too indiscriminate

4 The Chief Court regards this with great regret and considers that the law as it really stands, requires some explanation for the guidance of Judicial Officers in order that it may not be misunderstood to the detriment of debtors of the class above referred to

5 The second Section of Act XXVIII of 1855 (*an Act for the repeal of the usury laws*) declares that in any suit in which interest is recoverable the amount shall be adjudged or decreed by the Court at the rate (if any) agreed upon by the parties and all due effect must doubtless be given to these words taken in their plain and ordinary meaning without any artificial construction being placed upon them for any purpose whatever

6 The above legislative enactment was formerly enforced in many cases that arose in this province subject to the qualification declared in paragraph 4, Section 19 of the Principles of Law commonly called the Punjab Civil Code which contained the following —

The Courts are not bound by any restrictions with regard to usury Debtors and creditors are allowed to arrange the terms and conditions of interest in whatever manner they may deem most conducive to their mutual benefit the Courts will decree whatever rate

[*Government Gazette, 24th June* 1873]

হাই কোর্টের দেওয়ানী সরক্যুলর অভব।

---

৮ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের সকল দেওয়ানী আদালত সমীপেষু।

কলিকাতা ১৮৭৩ সাল ৩০ আপ্রিল।

হাই কোর্ট।
উপস্থিত।
মাম্যবর সর আর কৌচ সাহেব মাইট
চীফ জষ্টিস।
লুইস এস, জ্যাকসন সাহেব।
এফ এ গ্লবর সাহেব।
, ডবলিউ এন্সলি সাহেব।
আদালতের জজ।

পঞ্জাবের উচ্চতম আদালত নিম্নলিখিত সরক্যুলর প্রকাশ করিয়াছেন। হাই কোর্টের সাহেবেরাও তাহা প্রকাশ করিয়া তৎপ্রতি বিচারপতিদের সমনোযোগে বিবেচনা করিবার আদেশ করিয়াছেন।

২। কোন ব্যক্তির টাকা কর্জ্জ করিয়া লইতে হইলে কি ভাবগতিকে তাহার এমত করিতে হইয়াছে ইহার প্রতি মনোযোগ না হইয়া অনেক স্থলে অতি কষ্টজনক হারে সুদের ডিক্রী হইয়া থাকে, হাই কোর্টের সাহেবেরা ইহা জানিতে পাইয়াছেন।

৩। এইরূপ হওয়াতে আদালত অতিরিক্ত সুদ লওনের ব্যাপার রেজিষ্টরী করিবার স্থান হইয়া উঠে ও মহাজন সেই অতিরিক্ত নিয়মের উপর প্রতিভূস্বরূপ ডিক্রীও পাইয়া থাকেন।

৪। ঋণিরা ইচ্ছাপূর্ব্বক ও বুঝিয়াসুঝিয়া যে চুক্তি করে সেই চুক্তিহইতে এড়াইবার জন্যে তাহারদের সাহায্য করা যাইবে বলিয়া হাই কোর্ট এই বিষয়ে মনোযোগ করিবার আদেশ করিলেন তাহা নয় কিন্তু যাহারা কষ্ট কি অজ্ঞানতা কি পরবশতা হেতুক তদ্রূপ চুক্তি করণবিষয়ে প্রকৃতরূপে স্বাধীন হইয়া কর্ম্ম করিতে অক্ষম আদালতে তাহারা আশ্রয় পাইবে বলিয়া এই আদেশ হইল।

৫। পঞ্জাবের সরকুলারের শেষ দফায় বিশেষ মনোযোগ করিবার আদেশ হইল।

ডবলিউ এম স্টর
একটিং রেজিষ্ট্রার।

বহীর সরকুল্যর। ন ৩—১৫৩।

• "পঞ্জাবের সকল কমিশ্যনর ও ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট পঞ্জাবের উচ্চতম আদালতের একটিং রেজিষ্ট্রার শ্রীযুত হ এফ হারিসন সাহেবের পত্র।—লাহোর। ৮৭৩ সাল ৮ জানুআরি।

পঞ্জাবের উচ্চতম আদালত।
উপস্থিত।
শ্রীযুত সি বুলময়স সাহেব।
সি আর লিন্ডসি সাহেব।
জে এস কাম্বেল সাহেব।
জজ।

১। কৃষিজীবী ভূম্যধিকারিরা ও কৃষকেরা অতিরিক্ত সুদের হারে কর্জ লইলে এই প্রদেশের অনেক আদালতে বিশেষত কৃষিপ্রধান দেশের আদালতে অনেকবার তাহারদের সেই সুদ দিতে হইবে বলিয় ডিক্রী হইয়া থাকে। ইহা উচ্চতম আদালতের জজ সাহেবরা জানিতে পাইযাছেন।

২। গ্রামের মহাজন যেং মোকদ্দমা দেনদারের নামে নালিশ করে সেইং মোকদ্দমা প্রায়ই অল্প টাকার অর্থাৎ ৫০০৲ টাকার কম। সুতরাং ৮৬ সালের ২৩ আইনের ২৭ ধারার বিধান প্রযুক্ত সেই প্রকারের মোকদ্দমা উচ্চতম আদালতে প্রায় কখন আসিতে পারে না। ঐ ধারার কথা এই ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে প্রকারের মোকদ্দম গ্রাহ্য হয় তাহার উপর খাস আপীল হইতে পারে না।

৩। ঐই বিষয়ের প্রতি যুক্তিসঙ্গত যে সাধারণ নিয়ম বর্ত্তে উচচতম আদালত বিচারক্রমে নিষ্পত্তি করিয়া সেই নিয়ম ব্যাখ্যা করিবার সুযোগ পান নাই। ইতি মধ্যে দেশের অনেক স্থানের আদালত বিশেষত ক্ষুদ্র মোকদ্দমার আদালত উপযুক্তমতে বিবেচনা না করিয়া সুদের ডিক্রী করিয়াছেন। সম্প্রতি নানা মোকদ্দমার কাগজপত্র দেখিয়া ইহা দৃষ্ট হইল।

৪। এই বিষয়ে উচ্চতম আদালত অত্যন্ত আক্ষেপ করিয়াছেন। এবং আইনের প্রকৃত ভাব না বুঝাপ্রযুক্ত পূর্ব্বোক্ত শ্রেণীর দেনদারদের ক্ষতি না হয় এই নিমিত্ত বিচারপতিদের কার্য্যপদ্ধতি দেখাইবার জন্যে উচচতম আদালতের বিবেচনায় সেই আইনের অর্থ করিয়া দেওয়া আবশ্যক।

৫। অধিক সুদ লইবার আইন রদ করণ বিষয়ক ৮৫৫ সালের ২৮ আইনের ২ ধারার কথা এই, যে কোন মোকদ্দমায় সুদ পাওয়া যাইতে পারে তাহাতে যদি উভয় পক্ষ সুদের কোন করার করিয়া থাকে, তবে তাহারদের মধ্যে সুদের যে করার হইয়াছে আদালত সেই করারানুসারে সুদের টাকা দিবার হুকুম কি ডিক্রী করিবেন।" এইং কথার কৃত্রিম অর্থ কোন কারণেই না ধরিয়া স্পষ্ট ও সামান্য অর্থ করিয়া তাহা উচিত মতে প্রবল করিতেই হইবে সন্দেহ নাই।

৬। ইতিপূর্ব্বে এই প্রদেশে যেং মোকদ্দমা উপস্থিত করা যাইত তাহার অনেক মোকদ্দমায়, ব্যবস্থার মূল নিয়ম ব্যক্ত করণার্থ পঞ্জাবের সিবিল কোড নামক যে আইন ছিল তাহার চতুর্থ খণ্ডের ৯ ধারার বিধান প্রবল মানিয়া, পূর্ব্বোক্ত আইন অনুযায়ি কার্য্য করা যাইত। ঐ ধারার মধ্যে এইং কথা। 'আদালত অধিক সুদ বিষয়ক কোন বিধিতে সঙ্কুচিত নহেন। খাতকেরা ও মহাজনেরা যেং নিয়ম ও বিধান আপনারদের উপকারজনক জ্ঞান করে সেইং নিয়মানুসারে সুদ ধরিতে পারিবে। আর উভয় পক্ষ প্রকৃত প্রস্তাবে সুদের যে হারের বিধান করে আদালত সেই হারের ডিক্রী করিবেন। পরন্তু

[গবর্ণমেন্ট গেজেট। ৮৭৩। ২৪ জুন।]

may have been agreed upon, *bonâ fide*, between the parties If no special rate shall have been agreed upon then the Court will fix what may appear an equitable amount with reference to the custom of the locality the usage of trade or the merits of the transaction It will be remembered that the rates of interest vary for different classes and in different places

* * * * *

" The debtor need not be compelled by the Court to pay the entire amount of interest, if there be reason to believe that the bond was executed through fear or ignorance "

7 The compilation from which these words are taken has no force of law in itself but the general law of contract is equally with those words against our Courts considering themselves absolved from the responsibility of regarding the circumstances under which an engagement to pay exorbitant interest has been entered into and omission by the Courts to give due weight to such circumstances is likely to give rise to serious injustice, and to such evils as are discussed in the Minute on interest by Mr Melvill, which has been recently circulated among Judicial Officers of the province

8 The Indian Contract Act of 1872, in Chapter II, gives the principles on which the law annexes an enforceable obligation to stated engagements requiring free consent and in Sections 16 and 17 a general and at the same time an equitable, rule is indicated where a person who holds a real or apparent authority over another, or in whom confidence is reposed by that other obtains an advantage which but for such confidence or authority, he would not have obtained The law also points out the result where concealment of facts may have taken place or acts fitted to deceive, or acts or omissions may have occurred in violation of what is regarded as the legal duty of the person obtaining a promise from another to explain facts *likely to affect the willingness*" of that other to enter into a contract

9 Reference may also be made to Section 6 of Act IV of 1872 (the Punjab Laws Act) where it is declared that justice, equity, and good conscience, shall be the rule of decision and it may be safely affirmed that the equity governing this matter is to give their true and full effect to the words of the Indian Contract Act

10 The repeal of the usury laws by Act XXVIII of 1855, and the abolition of any force of law which the paragraph above quoted from the so called Punjab Civil Code may have had before the passing of Act IV of 1872, have left untouched the doctrines of equity both as to the protection of debtors who, for any real reason, are not fully competent to protect themselves, and as to the power of courts to relieve against what are called unconscionable bargains with such persons

11 No doubt any one who contracts with another is entitled to assume, *prima facie* that the latter is competent to look after his own interests, but no strict rule defines or can define where comparative incapacity ceases and where extreme ignorance and helplessness call for the protection of the equitable rules prescribed by law

12 No doubt also, as a general rule, the debtor is bound to go or send to his creditor and pay him In many contracts however, for the loan of grain for a particular sowing (which indeed may reasonably be for the return of grain after the harvest at a very high rate of interest) where the cultivator fails to make payment after the harvest, a distinction may clearly be taken Neither party originally contemplates a rate of interest intended only for a particular period running on from the time of the transaction indefinitely, and in such cases the real intention of the parties with due regard to the position of the cultivator must be considered

13 The existence of undue influence may in many cases be inferred (according to the general rules of equity jurisprudence) from the extreme imprudence of the act done, when coupled with other circumstances, and in this country the relations existing between the professional money lender and indebted peasant are such that this rule should be borne in mind by our courts

14 In no case should exorbitant interest be decreed in favor of a money lender suing a peasant proprietor or cultivator or any person similarly situated (where the right to recover it is disputed), unless the court trying the case is satisfied that the stated engagement on which the plaintiff seeks to recover has been entered into by the debtor with knowledge of all the circumstances attending his position, and his liability in regard to his creditor,

Government Gazette, 24th June 1873]

কোন বিশেষ হারের নিয়ম করা না গেলে, আদালত দেশাচার ও ব্যবসায়ের রীতি কিম্বা ব্যাপারটির দোষগুণ বিবেচনায় ন্যায়মতে সুদ ধার্য্য করিবেন। নানা স্থানে ও নানা শ্রেণীর লোকদের মধ্যে নানাপ্রকারের হারে সুদ লওয়ার রীতি আছে ইহ, মনে রাখিতে হইবে।

* * * * * * * * * * * * * *

খাতক যদি ভয় কিম্বা অজ্ঞানতাপ্রযুক্ত খতে সহী করিয়া থাকে তবে আদালত সুদের সমুদয় টাকা জোর করিয়া দেওয়াইবেন না।'

৭। উক্ত কথা যে বিধিসংগ্রহহইতে লওয়া গিয়াছে তাহা আপনিই আইনের তুল্য বলবৎ নয়। কিন্তু যে ভাবগতিকে কোন ব্যক্তি অতিরিক্ত হারে সুদ দিবার করার করিয়া থাকে আদালত সেই ভাব গতিক বিবেচনা করিবার দায়হইতে যে মুক্ত হন উক্ত কথা অনুসারে চুক্তি বিষয়ক সাধারণ আইনও তাহার বিপক্ষ। আর আদালত সেই ভাবগতিকের গুরুত্বানুসারে উপযুক্ত বিবেচনা না করিলে ভারি অন্যায় হইতে পারে এবং মেলবিল সাহেব সম্প্রতি সুদ বিষয়ক যে মন্তব্য কথা প্রচার করিয়া এই প্রদেশের বিচারপতিদের মধ্যে বিলি করিয়া দিলেন তন্মধ্যে যে অনিষ্ট বিষয়ের তর্ক করিয়াছেন সেই অনিষ্ট ঘটিতে পারে।

৮। যে প্রকারের নিয়মে কোন ব্যক্তির স্বাধীন হইয়া সম্মত হওয়া আবশ্যক সেই প্রকারের নিয়ম জোর করিয়া প্রবল করিতেই হইবে যে বিধিক্রমে আইনের এই আজ্ঞা হইল তাহা ভারতবর্ষীয় চুক্তিবিষয়ক ৮৭২ সালের আইনের ২ অধ্যায়ে ব্যক্ত হইয়াছে। কিন্তু কোন ব্যক্তি যথার্থই কি দৃষ্টতে পরাধীন কি অন্যের বিশ্বাসপাত্র হইলে সেই পরাধীনতা কি বিশ্বস্ততা না থাকিলে যে লাভ না হইত পরাধীন কি বিশ্বাসপাত্র হওয়াপ্রযুক্ত এমত লাভ উৎপন্ন হইলে ৬ ও ৭ ধারায় সেই স্থলের সাধারণ ও ন্যায়ানুযায়ি বিধি লক্ষিত হইয়াছে। আরো কোন ব্যক্তি কোন বৃত্তান্ত জানিলে পর যদি তাহার চুক্তি করিয়া লইবার ইচ্ছার অন্যথা হইতে পারে তবে সেই বৃত্তান্ত জানাইবার অঙ্গীকার করা কিম্বা লওয়া আইনমত কর্ত্তব্য কর্ম্ম বলিয়া জ্ঞান হয় সেই কর্ত্তব্য না করিয়া কোন বৃত্তান্ত গোপন রাখা গেলে কিম্বা প্রতারণার উপযুক্ত কর্ম্ম করা গেলে কিম্বা অকর্ত্তব্য কর্ম্ম করা গেলে কি কর্ত্তব্য কর্ম্ম করা না গেলে যে ফল হয় উক্ত আইনে তাহাও ব্যক্ত হইয়াছে।

৯। এই স্থলে পঞ্জাবের ব্যবস্থা বিষয়ক আইনের অর্থাৎ ১৮৭২ সালের ৪ আইনের ৬ ধারারও উল্লেখ হইতে পারে। তন্মধ্যে এই আজ্ঞা আছে, নিষ্পত্তি করিবার বিধি এই, যথার্থ ও ন্যায় ও ধর্ম্ম সঙ্গত বিচার। আর উপস্থিত বিষয়ে ভারতবর্ষীয় চুক্তি বিষয়ক আইনের কথা যথার্থ ও সম্পূর্ণরূপে সফল করাই ন্যায় ইহা নিরাপত্তারূপে কহা যাইতে পারে।

১০। খাতকেরা যথার্থ কোন কারণে আত্মরক্ষা করিতে সম্পূর্ণ সক্ষম না হইলে তাহাদের রক্ষা করা যাইবে এবং যুক্তি শূন্য করার বলিয়া যে করার করা যায় তাহাহইতে সেই খাতকদিগকে বাঁচাইবার নিমিত্ত আদালতের ক্ষমতা থাকিবে ইহাই ন্যায় বিচারের সার। ১৮৫৫ সালের ২৮ আইন দ্বারা অধিক সুদ লওনবিষয়ক আইন রহিত করা গেলেও এবং ১৮৭২ সালের ৪ আইন প্রচলিত হইবার পূর্ব্বে পঞ্জাব সিভিল কোড নামে খ্যাত আইনহইতে পূর্ব্বোক্ত যে ধারা গৃহীত হয় সেই ধারার আইন তুল্য প্রবলতা উঠাইয়া দেওয়া গেলেও ন্যায় বিচারের সেই সারটি অবিকল থাকিল।

১১। কোন ব্যক্তি অন্যের সঙ্গে করার করিতে উদ্যত হইলে সেই অন্য ব্যক্তি আপনার স্বার্থপক্ষে সতর্ক থাকিতে সক্ষম তাহাতে তাহার এমত অনুমান করিবার অধিকার থাকিতে পারে। কিন্তু ব্যক্তিবিশেষের অক্ষমতা কোথায় বর্তিত হয় এবং আইনে যে ন্যায় বিধি নির্দ্দিষ্ট হইল কোন ব্যক্তির অত্যন্ত অজ্ঞানতা ও নিঃসহায়তাপ্রযুক্ত সেই ন্যায় বিধিমতে তাহাকে কোথায় বা রক্ষা করা কর্ত্তব্য কোন দৃঢ় বিধিক্রমে তাহা নির্ণয় হয় নাই হইতেও পারে না।

১২। মহাজনের নিকট খাতকের গিয়া কি লোক পাঠাইয়া ঋণশোধ করা কর্ত্তব্য এই সাধারণ বিধি সন্দেহ নাই। কিন্তু কালবিশেষের ফসলের নিমিত্ত ধান্যাদি ঋণ লইয়া (ফসল কাটিলে পর অতি উচ্চ হারের সুদ ধরিয়া ঐ শস্য ফিরিয়া দেওয়া যাইবে এমত নিয়ম যুক্তিমতে হইতেও পারে) তথাপি অনেক স্থলে কৃষক ফসল কাটিলে পর ঐ ঋণ শোধ করে না। এমন স্থলে সুদের কিছু বিভেদ মানিতে হইবে। কেবল নির্দ্দিষ্ট কালের নিমিত্ত সুদের যে হার ধার্য্য হয় ঋণ গ্রহণের সময়াবধি অনিশ্চিত কালপর্য্যন্ত সেই সুদ চলিবে প্রায় সেই কোন পক্ষের এমত অভিপ্রায় থাকে না। আর কৃষকের অবস্থা উপযুক্তমতে বিবেচনা করিয়া উভয় পক্ষের প্রকৃত অভিপ্রায় বিবেচনা করিতে হইবে।

১৩। স্থলান্তরে অন্যান্য ভাবগতিকের সঙ্গে ঋণগ্রহণের অত্যন্ত অবিবেচনাও দেখা গেলে অনুপযুক্ত প্রতিপত্তির বলপ্রয়োগ হইয়াছে ন্যায় বিচারের সাধারণ বিধিমতে ইহার অনুভব হইতে পারে। এই দেশে মহাজনী ব্যবসায়ীদের ও দেনদার কৃষকের পরস্পর যে সম্বন্ধ থাকে তাহা জানিয়া আদালতের উক্ত বিধি মনে রাখা উচিত।

১৪। মহাজন কৃষিজীবি ভূম্যধিকারির কি কৃষকের কিম্বা তাহাদের সমান অবস্থার কোন ব্যক্তির নামে নালিশ করিলে যদি সেই অতিরিক্ত সুদ পাইবার স্বত্বের বিষয়ে বিবাদ হয় তবে ফরিয়াদী যে করারনামামতে ঐ সুদ পাইতে চেষ্টা করে খাতক আপনার অবস্থা সম্পর্কীয় সমস্ত ভাবগতিক ও মহাজনের পক্ষে তাহার দায় জানিয়া ও তাহার পক্ষে অন্যায়মতে জোর না করা গেলেও সে আপনার সম্পূর্ণ ইচ্ছামতে সেই করার স্বীকার করিয়াছে আদালত ইহা সুবোধমতে না জানিলে

and of his entire free will without inequitable pressure of any kind The courts may consider whether or not the contract was a prudent one,—not with a view to setting it aside if imprudent for that of course is entirely beside the court's duty, but with a view to determining whether extreme imprudence from which along with other circumstances, the existence of undue influence might be inferred has or has not been manifested Reference on this point may be made to the custom of the locality the usage of parties similarly situated, and the rates for loans prevailing so that the character of the transaction may be tested

The debtor need not be compelled by the court to pay the entire amount of interest whether agreed upon in cash or in grain if there be reason to believe that the engagement whether evidenced by bond or by signing or marking the money lender's book or completed in any other mode has been entered into through fear or ignorance and if in any case the amount of interest shall appear to have been agreed upon under circumstances which would render the awarding it contrary to the principles above referred to, the court will only decree as much interest as may appear just under the circumstances

15 In conclusion the Chief Court repeats the injunction conveyed in Book Circular XXIX of 1867 that in awarding interest subsequent to the date of the decree, the courts should not allow it to approach in amount that which may be obtainable by persons who have not the security of a decree and that no inducement should be afforded to decree holders to allow their decrees to remain unexecuted Further the courts are reminded that where a large portion of the amount decreed consists of interest it is not compulsory on them to decree interest upon the amount decreed inasmuch as the courts may fitly exercise the discretion allowed them by Act XXIII of 1861 section 10 and not award any such interest at all

By order &c

T H HARRISON
Officiating Registrar

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

LEAVE OF ABSENCE

The 3rd June 1873 —Baboo Mohesh Chunder Chuckerbutty Moonsiff of Bolepore, District Beerbhoom for one month, under Section 18 Chapter VI of the Civil Leave Code

The 6th June 1873 —Baboo Nobogopal Bose Moonsiff of Doobrajpore District Beerbhoom for 8 days without pay under Section 9, Supplement F of the Civil Leave Code The Moonsiff's Sheristadar to be placed in charge of the current duties of the office

The 11th June 1873 —Syud Abdool Hossein, Moonsiff of Tajpore District Tirhoot for one month from the date of his delivering over charge, under Section 18, Chapter VI of the Civil Leave Code

The 1 *th June* 1873 —Baboo Roodrakant Biswas, Moonsiff of Dukhin Shahbazpore District Backergunge for 3 months on private affairs, under Section 5 Supplement F of the Civil Leave Code

The 16th June 187 —Baboo Krishna Behari Mookerjee First Additional Sudder Moonsiff of Jessore for three months under Section 18 Chapter VI of the Civil Leave Code

By order, &c

W M SOUTTAR,
Registrar

[*Calcutta Gazette* 2*5th June* 1873]

কোন প্রকারে মহাজনের পক্ষে অতিরিক্ত সুদের ডিক্রী করিবেন না। ঐ চুক্তি বিবেচনা সিদ্ধ কি না আদালতও তাহাও বিবেচনা করিতে পারিবেন। বিবেচনা সিদ্ধ না হইলে যে তাহা ব্যর্থ করিয়া ফেলেন এই অভিপ্রায় নয় কেননা তদ্রূপ করা আদালতের কর্ত্তব্যের অতিরিক্ত। কিন্তু অত্যন্ত অবিবেচনা প্রকাশ হওয়াতে ও তৎসঙ্গে অন২ ভাবগতিক প্রযুক্ত, অনুপযুক্ত প্রতিপত্তির বলপ্রয়োগ হইয়াছে কি না ইহা নির্ণয় করিবার অভিপ্রায়ে উক্ত কথা বিবেচনা করিবেন এই স্থলে ঐ ব্যাপারের ভাব পরীক্ষা করিয়া জানিবার জন্যে দেশাচার ও তদ্রূপ অবস্থাপন্ন ব্যক্তিদের রীতি এবং সুদের প্রচলিত যে হারে কর্জ লওয়া গিয়া থাকে এই সকল কথা বিবেচ্য।

খত লিখিয়া দেওন কি মহাজনের খাতায় সহী করণ কি ঢেরা সহী করণদ্বারা কবারের প্রমাণ হইলেও খাতক ভয় কি অজ্ঞানতা প্রযুক্ত ঐ কবার করিয়াছে এমত অনুভব থাকার কারণ জানা গেলে নগদ কি শস্যাদি দ্বারা সুদ দিবার কবার হইলেও খাতকের সেই সমুদয় সুদ দিতে হইবে আদালতের এমত আজ্ঞা করিবার প্রয়োজন নাই। এবং যে ভাবগতিকে ঐ কবার করা যায় তদ্বিবেচনায় যদি তত টাকা সুদ দেওয়ার করার পূর্ব্বোক্ত ন্যায়বিধির বিপক্ষ হইয়া থাকে তবে ভাবগতিক বিবেচনায় যত টাকা সুদ ন্যায্য বোধ হয় আদালত কেবল তত টাকার ডিক্রী করিবেন।

১৫। উপসংহার কালে উচ্চতম আদালতের সাহেবেরা ১৮৫৭ সালের ২৯ সরকুলরের নির্দ্দিষ্ট আজ্ঞা পুনঃ প্রকাশ করিতেছেন। তাহা এই। কোন ব্যক্তি ডিক্রীরূপ জামীন না পাইয়া যত টাকা সুদ পাইতে পারে আদালত ডিক্রীর তারিখের পর সুদের আজ্ঞা করিলে তত কি তদপেক্ষা কম সুদের আজ্ঞা দিবেন না এবং ডিক্রীদারেরা আপনং ডিক্রী জারী না করিয়া রাখে এমত প্রবৃত্তিও তাহাদিগকে না দেওয়া যায়। আর যত টাকার ডিক্রী হইল তাহার অধিকাংশ সুদ হইলে আদালত যত টাকা ডিক্রী করেন তাহার উপর সুদের ডিক্রী করা তাহারদের আবশ্যক নাই যেহেতুক ১৮৬১ সালের ২৩ আইনের ১০ ধারায় স্ববিবেচনামতে কর্ম্ম করিবার যে অনুমতি আছে আদালত উচিতমতে সেই বিবেচনাসিদ্ধ কর্ম্ম করিয়া এরূপ সুদের আজ্ঞা দিবেন না আদালতের এই কথা মনে রাখা উচিত।

ই এচ হারিসন
একটিং রেজিষ্ট্রার।

JOHN ROBINSON *Bengalee Translator*

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

ছুটী।

১৮৭৩ সাল ৩ জুন।—বীরভূম জিলার অন্তর্গত বোলপুরের মুনসেফ শ্রীযুত বাবু মহেশচন্দ্র চক্রবর্ত্তী সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ৬ জুন।—বীরভূমের অন্তর্গত দুবরাজপুরের মুনসেফ শ্রীযুত বাবু নবগোপাল বসু সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে বিনা বেতনে আট দিন ছুটী পাইয়াছেন। মুনসেফের সেরিশতাদারের প্রতি কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার অর্পণ থাকিবে।

১৮৭৩ সাল ১১ জুন।—ত্রিহুত জিলার অন্তর্গত তাজপুরের মুনসেফ শ্রীযুত সৈয়দ আবুল হুসেন অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করণের তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ১৩ জুন।—বাকরগঞ্জ জিলার অন্তর্গত দক্ষিণ সাবাজপুরের মুনসেফ শ্রীযুত বাবু কণ্ঠ বিশ্বাস স্বীয় প্রয়োজনের নিমিত্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর চিহ্নিত পরিশিষ্ট বিধির ৫ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ১৬ জুন।—যশোহরের প্রথম অডিশ্যনল সদর মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণবিহারি মুখোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

আজ্ঞাক্রমে,
ডবলিউ এম সুটর
রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৪ জুন।]

CIRCULAR ORDER BY THE BOARD OF REVENUE, L P

JUNE 1873

HON BLE V H SCHALCH

No 1

THE following N B should be inserted at the foot of the Table in Clause 12, page 43 of the Board s Rules—

N B —The Statement should include stamp fees in pauper suits '

No 2

IN the li t of returns at page 262 of the Board Rules for No ' 14, Irrigation Statistics among the annual ones to be furnished by all District Officers substitute 14A Report on Wards Estates Due 20th May under Government Circular No 8 of 6th March 1873

In the annual returns to be furnished by Commissioners to the Board after Commissioners Administration Report add Due 30th May under Government Circular No 8 of 6th March 1873 and insert as the last entry under this heading A Report on Ward Estates Due 20th June under Government Circular No 8 of 6th March 187

No 3

THE heading of column of Return No XXIV as originally prescribed by the Accountant General was Amount of probable cost of land for each *work* but in the edition of the Return now in use the word year has been substituted for work in column 2 This has occurred through a typographical error and should be corrected at on

No 4

IN estimating the figures to be entered in column 8 of the Statement prescribed by Circular Order No 2 for July 1872 and as a general rule in calculating a Ward s net income Commissioners and District Officers are directed to take as assets of the estate all that would properly appear under headings II to V of Table VI of Return No XXXI and as charges those which would appear under headings VI to X and XII to XIV of the same Table

[*Government Gazette* 24*th June* 1873]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৩ সাল জুন মাস।

মান্যবর বি এচ লক সাহেব।

১ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৭০ পৃষ্ঠার (১৮৭১ সালের গবর্ণমেণ্ট গেজেটের ৪০৮ পৃষ্ঠার) ১২ ধারার যে টেবিল সংযুক্ত আছে তাহার নিম্নভাগে এই নোট দিতে হইবে।

নোট।—পাপরের মোকদ্দমায় যে ইষ্টাম্প ফী লাগে উক্ত বর্ণনাপত্রে তাহাও ধরিতে হইবে।

২ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৫০৫ পৃষ্ঠায় (১৮৭১ সালের গবর্ণমেণ্ট গেজেটের ১৪৭৮ পৃষ্ঠায়) রিটর্ণের যে নির্ঘণ্টপত্র প্রকাশ করা গিয়াছে তন্মধ্যে জিলার কর্তৃপক্ষ বৎসরং যে রিটর্ণ দিবেন তাহার ১৪ নং। অন সেচনকারাস ক্রস্ত স্থিতিস্থিতির রিটর্ণের” পরিবর্ত্তে এই কথা দিতে হইবে। ‘১৪ A।—রাজানুপালিত ব্যক্তিদের সম্পত্তির বিবরণ। গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের ৬ মার্চের ৮ নং সরক্যুলরমতে এই রিটর্ণ মে মাসের ২০ তারিখে পাওয়া যায়।’

কমিশ্যনর সাহেবেরা বোর্ডের নিকট যে বার্ষিক রিটর্ণ পাঠাইবেন তাহার মধ্যে কমিশ্যনরদের রাজকার্য্য নির্ব্বাহ করণ বিষয়ক রিপোর্ট যে কথা আছে তাহার পর এই কথা দিতে হইবে গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের ৬ মার্চের ৮ নং সরক্যুলর মতে এই রিটর্ণ মে মাসের ৩০ তারিখে পাওয়া যায়। এবং ঐ শীর্ষকের নীচে শেষ পদ বলিয়া এই পদ দিতে হইবে রাজানুপালিত দের সম্পত্তি বিষয়ক রিপোর্ট। গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের ৬ মার্চের ৮ নং সরক্যুলর মতে এই রিপোর্ট জুন মাসের ২০ তারিখে পাওয়া যায়।

৩ নম্বর।

আকৌণ্টেণ্ট জেনরল সাহেব ২৪ নং রিটর্ণের দ্বিতীয় ঘরের শীর্ষকের এই কথা প্রথমে লিখিয়াছিলেন প্রত্যেক কর্ম্মের নিমিত্তে ভূমির অনুমান যত খরচ লাগে কিন্তু এইক্ষণে উক্ত যে রিটর্ণের ব্যবহার হইয়া থাকে তাহার ২ ঘরে ‘কর্ম্মের এই শব্দের স্থানে “বৎসর’ শব্দ দেওয়া গিয়াছে। ছাপাইবার সময়ে এই ভুল হইয়াছে তাহা একেবারে সংশোধন করা উচিত।

৪ নম্বর।

১৮৭২ সালের জুলাই মাসের ২ নং সরক্যুলর অর্ডরে যে বর্ণনাপত্র লিখিবার আজ্ঞা হইল তাহার ৮ ঘরে যে অঙ্ক লিখিতে হইবে তাহার হিসাব করিতে হইলে এবং রাজানুপালিত ব্যক্তির প্রকৃত আয়ের হিসাব করিতে গেলে কমিশ্যনর সাহেবদের ও জিলার কর্তৃপক্ষদের প্রতি এই সাধারণ বিধি মানিতে আদেশ করা গেল। ৩১ নং রিটর্ণের ৬ নং টেবিলের ২ অবধি ৫ পর্য্যন্ত শীর্ষকের নীচে যে সকল কথা লেখা কর্ত্তব্য তাহা সম্পত্তির স্থিত বলিয়া ধরিতে হইবে। এবং ঐ টেবিলের ৬ অবধি ১০ পর্য্যন্ত এবং ১২ অবধি ১৪ পর্য্যন্ত শীর্ষকের নীচে যে কথা লেখা কর্ত্তব্য তাহা খরচ বলিয়া ধরা যাইতে পারিবে।

JOHN ROBINSON, *Bengalee Translator*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNF 24, 1873

মঙ্গলবার ১৮৭৩ সাল ২৪ জুন।

PART VIII

ADVERTISEMENTS

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

নীলামের ইশ্‌তেহার।

জিলা বৰ্দ্ধমান।

এস্ত হারনামা কাছারি কালেক্‌টরি মহকুমা কালনা সন ১৮৭৩ সাল।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে বৰ্দ্ধমান জিলার মধ্যবৰ্ত্তী পশ্চাল্লিখিত মহাল গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব সন ৮৭৩।৭৪ সালহইতে সন ৯০০। ৯০ সাল পর্য্যন্ত সন ১৮৭৩ সালের ২ জুলাই মোতাবক সন ১২৮০ সালের ১৯ আষাঢ় তারিখে জিলা বৰ্দ্ধমানের অধীন মোকাম কালনার ডেপুটী কালেক্‌টরের কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহালের খরিদদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়মাধীন হইবেন।

১। এই মহাল সাংবৎসরিক ৸০ বার আনা জমায় যে ব্যক্তি নিলামে প্রথম ডাকের উপর সর্ব্ব অপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবেক।

২। বৰ্ত্তমান পাট্টা এবং বন্দবস্তের কার্য্য কি প্রচল আইন হইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইযত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪। এক শত টাকার অধিক হইলে ডাকপণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখীল করিতে হইবে, বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনের মধ্যাহ্নকালে যদি অবশিষ্ট টাকা দাখীল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ঐ ত্রুটীকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫। মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন, তাহারা যে দিবসাবধি ক্রীত মহাল দখল করেন সেই দিবস পর্য্যন্ত সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকি রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

তাজকীর মহালের নম্বর।	জিলার বহীর নম্বর।	মহালের এবং পরগনার নাম।	পরিমাণ খণ্ড একর	সদর জমা। মালেকের রাজস্ব	সদর জমা। রাস্তার টেক্স।	সদর জমা। সর্ব্বশুদ্ধ।	নিলামের প্রথম ডাকের মূল্য।	মন্তব্য।
			এ রু পো					
০	৫৯৭৭ন	এদলাকপুর পরগনে জাহাঙ্গিরাবাদ।	১ ১ ১১	৬/০	০	৬/০	।০	গবর্ণমেন্টের মালিকী স্বত্ব অত্র মহালের ৮৭।৭৪সাল হইতে ৯০০। ৯০ সাল পর্য্যন্ত বিক্রয় হইবেক।

CULNA
The 23rd May 1873

RAMKOOMAR BOSE
Deputy Collect r

LAND ADVERTISEMENT

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জেলা চট্টগ্রাম।

ইস্তাহার নামা কাছারি কালেকটুরি।

হকার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ৮৬৮ সালের ৭ আইনের ১ ধারা ও ৮৫৯ সালের আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত তালুকাদির গত ২৫ মেই শেষ তারিখের পূর্ব্বান্ত পর্য্যন্তের বাকি পড়া রাজস্ব আদায়ের নিমিত্তে সন ৮৭৩ ইংরেজির ৮ আগস্ট মোতাবেক ১২৮০ বাঙ্গলার ৩ ভাদ্র রোজ সোমবার জিলার কালেকটুরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে বেচা যাইবে। ইতি সন ১৮৭৩ ইংরেজি তারিখ ৮ জুন।

মহাল নওয়াবাদ বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রি হইবেক।

মৌজে হুদগাও থানে রামু।

১৮১ ন। তালুক শিবচরণ চৌ মালীক নাগরদাস চৌধুরি সদর জমা সদর জমা ৪৫৭৯। ৶

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রি হইবেক।

মৌজে মাছুয়খালী থানে রামু।

১৭৫ ন। তালুক আমান জামান মালিক নাগরদাস চৌধুরী সদর জমা ১ ৮৯/৬

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রী হইবেক।

মৌজে খালছরা থানা রামু

৭৬ ন। তালুক নাগরদাস চৌধুরি মলীক নাগর দাস চৌধুরি সদর জমা, ১২৯৫॥৵৮

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রী হইবেক।

মৌজে হারবাঙ্গ থানে চকরিয়া

২৯৭ ন তালুক লাল মাহাম্মদ দারগা মালীক লাল মাহাম্মদ দারগা সদর জমা ৯৪১/৯

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রী হইবেক।

মৌজে চাম্বল থানে সাতকানিয়া।

৩০৭ ন। তালুক শ্রীমতী তাজনিছাচৌং বাং তালুক আমীন ওল্লা করিম ওল্লা মালীক শ্রীমতী তাজনিছাচৌং সদর জমা ১ ৯৷।০

[গবর্ণমেন্ট গেজেট ৮৭৩। ২৪ জুন।]

বাকি রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রি হইবেক।

মৌজে দক্ষিণাঙ্কিলা থানে টেকনাপ।

৪৬০ নং। তালুক খোযামেচৌ ও শ্রীমতী উমারি চৌধুরিআ ওহ্লাত চৌ ও হ্লাপা চৌ ও হ্লাপচু চৌ ও শ্রীমতী চাইত্রা ও চৌধুরিআ বাং তালুক কাম্দো মালা খোদ হায় সদর জমা　৬৭০৸৶০
রোডফণ্ড　৬৸০

৬৭৭৷৶০

J C VEASAY,
For Offj Collecto

জিলা চট্টগ্রাম।

বাকী খাজনার জ্ঞাপন পত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ দারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তী নিম্ন লখিত মহাল সকল ১৮৭৩ সালের ২৫ মেই তারিখে প্রাপ্য বাকী মা~গুজারি এব অন্যান্য দাওয়া চলিত আইন এব আক্টের অনুসারে বাকী বাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৩ সালের ৮ আগস্ট তারিখ ঐ জিলার কালেক্টার সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধার যাইব। ইতি সন ৮৭৩ ই তারিখ ১৮ জুন।

প্রথম শ্রেণীর কাইমি মহাল।

বাকি রাজস্ব আদায়ের নিমত্তে বিক্রী হইবেক।

মহাল মোছালেহা।

৩৮৮০ নম্বর ত ফ ওবেদুল্লা ও সেখ মহামদ ওছি ও সেখ আহামদযালি মালিক আএমনা বিবি ও আছাদযালি ও বল্লিজান ও আবদুল। খা সমুদয় মহাল নিলাম হইবেক সদর জমা ৬৭৮৷৶০

J C VEASAY,
For Offg Collector

জিলা নওয়াখালি।

এস্তাহারনামা আপীস কালেক্টরি জিলা নোয়াখালি

চর বদু	৫০২৮৷৷৷৭
চর লক্ষ্মী	১৩৩২৶১১
	১৮৭২১৷৷৶৬

যেহেতু অত্র জিলার খাস মহাল চরবদু ও চর লক্ষ্মী যাহার মপস্বলি স্থিত মবলগ ৮৭২ ৷৷৶৬ পাট বটে তাহার মপস্বল উসুল তহসিল আদি কর্ম্ম কার্য্য নির্ব্বাহার্থে উসুল টাকার উপর শতকরা ০ দশ টাকা তহসিল খরচ আদি দিয়া একজন উপযুক্ত বিশ্বাসি তহসিলদার মবলগ ৫০০০ পাঁচ হাজার টাকার পরিমাণ মাল জামিন লইয়া নিযুক্ত করা আবশ্যক অতএব ইহার দ্বারা জানান যাইতেছে যে উক্ত কর্ম্মের জন্য যে কেহ প্রার্থিত থাকে তাহার উচিত আপনকৃত কার্য্যের দাখলাদিসহ আগামি ১০ জুলাই তারিখের পূর্ব্বে আফিসে দরখাস্ত করে ইতি সন ৮৭৩। ৪ জুন।

I B B KING
Offg Collector

NOAKHALLY
Collector s Office

Wanted

A GOOD English Clerk Salary R 50 rising to R 70 Application with copies of testimonials to be forwarded to the undersigned not later than July 5th ensuing None need apply who has not had at least five years' experience in a Magistrate s or in a Collector Office or on a Sub Divisional establishment

SREE NATH GHOSE *Personal Assistant to the Commissioner*

COMMR s OFFICE, PRESY DIVN June 14th 1873

[*Government Gazette, 24th June* 1873]

NOTICE

Bengalee Edition of the Acts of Government

The Acts of the Government of India and those of the Government of Bengal will after publication in the *Bengalee Government Gazette* be printed in pamphlet form for sale to the public at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper The first of the series will be the Criminal Procedure Act now *ready* the price of which is Rs 1 4 per copy —Postage 5 annas

---

বিজ্ঞাপন।

গবর্ণমেন্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেন্টের আইন বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইয়াছে। মূল্য ১।০ মাত্র।—ডাকে পাঠাইতে হইলে ডাকমাসুল।/০ আনা লাগিবে।

বিজ্ঞাপন।

সটীক ১৮৭২ সালের ১ আইন অর্থাৎ নিদর্শন তত্ত্বের মূলসূত্র ও নানাবিধ নজীর ও ১৮৫০ সালের ৫ আইন ১৮৭২ সালের ৬ আইন মনোনীত কমিটীর রিপোর্ট ইত্যাদি। মূল্য ৩ টাকা। বেণিমাধব দে কোম্পানির কালিকাতার চিতপুর রোডের ৩১৮ নং পুস্তকালয়ে প্রাপ্তব্য। (23—4)

Rates of Subscription to the Bengali Government Gazette

FROM 1st JANUARY 1872

Payable in advance

	Rs		
For one year without postage	10	0	0
Ditto with postage	12	8	0

When postage stamps are remitted in payment of subscription half an anna in the rupee should be added for discount

---

১৮৭২ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাসুল বিনা, এক বৎসরের	৩৲
ডাকমাসুল সুদ্ধ ঐ	২।।০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি আধ আনা মূল্যের একর খান ডাকের টিকিট ডিস্কোণ্ট দিবার জন্য পাঠাইতে হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ২৪ জুন।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুক্ত এডউইন নরিস লুইস সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

